
ন কেবলমুক্তমাত্রমেব সর্ব্বং পশ্যেঃ অপি তু অপরমপি সর্ব্বমিত্যাহ—ইহেতি। হে গুড়াকেশ! পূর্ব্ববদ্ব্যাখ্যানাজ্জিতনিদ্র! সর্ব্বকর্ম্মণি সতর্ক! অর্জ্জুন! অদ্য ইদানীমেব, ইহ মম দেহে, একস্মিন্নেব অংশে তিষ্ঠতীতি একস্থম্, "বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ" ইত্যুক্তত্বাৎ, চরৈর্জ্জঙ্গমৈঃ অচরৈঃ স্থাবরৈশ্চ সহেতি সচরাচরম্, কৃৎস্নং সর্ব্বং জগৎ পশ্য। কিঞ্চ "যদ্বা জয়েম যদি বা নো জয়েয়ুঃ" ইত্যুক্ত্যা সন্দিগ্ধং জয়পরাজয়াদিকম্ অন্যদ্‌যদপি দ্রষ্টুমিচ্ছসি, তদপি পশ্য ॥৭॥

নয়নেনৈব ভাবেন পশ্যামি ভাবান্তরেণ বেত্যাহ—নতি। অনেনৈব চর্ম্মময়েনৈব স্বচক্ষুষা স্বাভাবিকনয়নেন, মাং দ্রষ্টুং ন তু শক্যসে, মদীয়তত্ত্বরূপস্যালৌকিকত্বাৎ। শক্যস ইতি "শক বিভাষিতো মর্ষণে" ইতি দৈবাদিকোভয়পদিনঃ শকে রূপম্। কিং তর্হি ময়া কর্ত্তব্যমিত্যাহ—দিব্যমিতি। তে তব, দিব্যম্ অলৌকিকবস্তুদর্শনযোগ্যং চক্ষুর্দদামি; তেন চ মে ঐশ্বরমীশ্বর-সম্বন্ধিনম্, যুজ্যত ইতি যোগং রূপং পশ্য ॥৮॥

ভারতভাবদীপঃ

জিতনিদ্র! ইহ মম দেহে একস্থমেকস্মিন্নেবাবয়বে নখাগ্রমাত্রে স্থিতং কৃৎস্নং বর্ত্তমানং জগৎ পশ্য, যচ্চান্যৎ অতীতমনাগতং বিপ্রকৃষ্টং ব্যবহিতং স্থূলং সূক্ষ্মং বা তৎ সর্ব্বমিহ পশ্য ॥৭॥ যত্তু ত্বং মন্যসে যদি তচ্ছক্যং ময়া দ্রষ্টুমিতি তত্রাহ—ন ত্বিতি। শক্যসে শক্নোষি পদবিকরণ-ব্যত্যয় আর্ষঃ। অনেন প্রাকৃতেন দিব্যমপ্রাকৃতম্। ঐশ্বরমীশ্বরসম্বন্ধিনং যোগং বিশ্বাশ্রয়ত্ব-

---

অর্জ্জুন! তুমি এখনই আমার এই শরীরের এক অংশে স্থিত সমস্ত স্থাবর-জঙ্গম-সমন্বিত সমগ্র জগৎ দর্শন কর এবং অন্য যাহা কিছু দর্শন করিতে ইচ্ছা কর, তাহাও দর্শন কর ॥৭॥

তাৎপর্য্য—কৃষ্ণ পূর্ব্বে বলিয়াছেন যে, "আমি আমার এক অংশদ্বারা এই জগৎ ব্যাপিয়া রহিয়াছি;" সুতরাং এখানেও তাহা স্মরণ করিয়াই বলিলেন—'আমার এই শরীরে এক অংশে স্থিত সমগ্র জগৎ'। তা'র পর অর্জ্জুন পূর্ব্বে সন্দেহ করিয়া বলিয়াছিলেন—"আমরা কৌরবদিগকে জয় করি, কিংবা তাহারা আমাদিগকে জয় করে" এই জয়-পরাজয়ের নির্ণয়ও বিশ্বরূপের মধ্যে দেখা যাইবে বলিয়া ইঙ্গিত করিলেন। কেন না, ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান সমস্তই বিশ্বরূপের অন্তর্গত ॥৭॥

কিন্তু অর্জ্জুন! তুমি তোমার এই স্বাভাবিক চর্ম্মচক্ষুদ্বারা আমার রূপ দেখিতে সমর্থ হইবে না; সুতরাং তোমাকে আমি দিব্য চক্ষু দিতেছি, তাহাদ্বারাই তুমি আমার ঐশ্বরিক রূপ দর্শন কর" ॥৮॥

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা ততো রাজন্। মহাযোগেশ্বরো হরিঃ।
দর্শয়ামাস পার্থায় পরমং রূপমৈশ্বরম্ ॥৯॥
অনেকবক্ত্রনয়নমনেকাদ্ভুতদর্শনম্।
অনেকদিব্যাভরণং দিব্যানেকোদ্যতায়ুধম্ ॥১০॥

ভারতকৌমুদী

অথ ত্রিভির্বিশেষকেণ বিশ্বরূপদর্শনং তদ্বর্ণনঞ্চ সঞ্জয় উবাচ। এবমিতি। হে রাজন্! ধৃতরাষ্ট্র! মহাংশ্চাসৌ যোগেশ্বরো যোগনিয়ন্তা চেতি মহাযোগেশ্বরঃ। এতেন বিশ্বরূপ-প্রদর্শনযোগ্যতা সূচিতা। হরিঃ কৃষ্ণঃ, এবমুক্ত্বা ততোঽনন্তরম্, পার্থায় অর্জ্জুনায, ঐশ্বরম ঈশ্বরসম্বন্ধি, পরমং রূপং বিশ্বরূপং দর্শয়ামাস। অথ কীদৃশং তদ্বিশ্বরূপমিত্যাহ দ্বাভ্যাম্। সর্ব্বমেতৎ রূপবিশেষণম্। অনেকানি বক্ত্রাণি নয়নানি চ যস্মিন্ তৎ, অনেকেষামদ্ভুতানাং দর্শনং যস্মিন্ তৎ, অনেকানি দিব্যানি অলৌকিকানি আভরণানি যস্মিন্ তৎ, দিব্যানি অনেকানি উদ্যতানি উত্তোলিতানি আয়ুধানি যস্মিন্ তৎ, দিব্যানি মাল্যানি অম্বরাণি

ভারতভাবদীপঃ

লক্ষণং সামর্থ্যম্ ॥৮॥ এবমুক্ত্বা ভগবানর্জ্জুনায় দিব্যং রূপং দর্শিতবান্ স চ দৃষ্ট্বা বিস্ময়াবিষ্টো ভগবন্তং বিজ্ঞাপিতবানিতীমং বৃত্তান্তমেবমুক্ত্বেত্যাদিষড্‌ভিঃ শ্লোকৈর্ধৃতরাষ্ট্রং প্রতি সঞ্জয় উবাচ—এবমুক্ত্বেত্যাদি। ততঃ দিব্যচক্ষুঃপ্রদানানন্তরং রাজন্! হে ধৃতরাষ্ট্র! মহাংশ্চাসৌ যোগেশ্বরশ্চেতি বিগ্রহঃ, মহতো যোগস্য বা ঈশ্বরঃ। পরমং দিব্যং রূপম্ ঐশ্বরং মায়াবিসম্বন্ধি ন তু মায়াতীতং দর্শয়ামাস ॥৯॥ তদেব রূপং বিশিনষ্টি দ্বাভ্যাম্—অনেকেত্যাদিনা। অনেকান্যনন্তানি বক্ত্রাণি নয়নানি চ যস্মিন্ তদনেকবক্ত্রনয়নম্। অনেকান্যদ্ভুতানি দর্শনানি যস্মিংস্তদনেকাদ্ভুতদর্শনম্। অনেকানি দিব্যান্যাভরণানি যস্মিন্। দিব্যান্যনেকানি চ উদ্যতানি

তাৎপর্য্য—লৌকিক চক্ষুদ্বারা অলৌকিক বস্তু দেখা যায় না; সুতরাং অলৌকিক বিশ্বরূপ দেখিবার জন্য তোমাকে অলৌকিক চক্ষু (শক্তি) দিতেছি ॥৮॥

সঞ্জয় বলিলেন—"রাজা! (ধৃতরাষ্ট্র!) মহাযোগেশ্বর কৃষ্ণ এইরূপ বলিয়া তাহার পর অর্জ্জুনকে ঐশ্বরিক বিশ্বরূপ দর্শন করাইলেন। সে বিশ্বরূপে বহুতর মুখ, অসংখ্য নয়ন, অনেক অদ্ভুত দৃশ্য, অলৌকিক অসংখ্য অলঙ্কার এবং উত্তোলিত বহুতর অস্ত্র ছিল; আর সে রূপের গলদেশে দিব্য মাল্য, পরিধানে সুন্দর বস্ত্র এবং অঙ্গে অলৌকিক গন্ধদ্রব্যের অনুলেপন ছিল;

তাৎপর্য্য—সাধারণ যোগেই অণিমাদি ঐশ্বর্য্য জন্মে; সুতরাং মহাযোগে অণিমাদি ঐশ্বর্য্যের পরাকাষ্ঠা উৎপন্ন হয, অতএব এ স্থানে 'মহাযোগেশ্বর' বিশেষণদ্বারা বিশ্বরূপ দেখাইবার যোগ্যতা দেখান হইয়াছে। অণিমাদি ঐশ্বর্য্যের বিবরণ পাতঞ্জলদর্শন ও সাংখ্য-তত্ত্বকৌমুদীপ্রভৃতি গ্রন্থে বিস্তৃতভাবে লিখিত আছে। ভগবান্ বিশেষ বিশেষ প্রয়োজনে

দিব্যমাল্যাম্বরধরং দিব্যগন্ধানুলেপনম্।
সর্বাশ্চর্য্যময়ং দেবমনন্তং বিশ্বতোমুখম্ ॥১১॥ (বিশেষকম্)
দিবি সূর্য্যসহস্রস্য ভবেদ্যুগপদুত্থিতা।
যদি ভাঃ সদৃশী সা স্যাদ্ভাসস্তস্য মহাত্মনঃ ॥১২॥
তত্রৈকস্থং জগৎ কৃৎস্নং প্রবিভক্তমনেকধা।
অপশ্যদ্দেবদেবস্য শরীরে পাণ্ডবস্তদা ॥১৩॥

ভারতকৌমুদী

বস্ত্রাণি চ ধরতীতি তৎ, দিব্যা গন্ধা যত্র তদ্দিব্যগন্ধম্ অনুলেপনং যত্র তৎ, সর্ব্বাশ্চর্য্যময়ম্, দেবং দ্যুতিশীলম্, অনন্তম্ অসীমম্, বিশ্বতঃ সর্ব্বতঃ সর্বাসু দিক্ষু মুখানি যস্য তচ্চ, দর্শয়ামাসেতি সম্বন্ধঃ ॥৯—১১॥

দ্যুতিশীলত্বরূপং দেবং বিশিনষ্টি দিবীতি। দিবি আকাশে, যদি, সূর্য্যসহস্রস্য, ভা দীপ্তিঃ, যুগপদুত্থিতা ভবেৎ, তদা সা ভাঃ, তস্য মহাত্মনো বিষ্ণোঃ, ভাসস্তস্যা দীপ্তেঃ সদৃশী স্যাৎ, অন্যা তু নেত্যর্থঃ। অত্র দিবি সূর্য্যসহস্রস্য ভাসো যুগপদুত্থানাসম্বন্ধেঽপি তৎসম্বন্ধোক্তেরতিশয়োক্তি-রলঙ্কারঃ, "যদি স্যান্মণ্ডলে সক্তমিন্দোরিন্দীবরদ্বয়ম্। তদোপমীয়তে তস্যা বদনং চারুলোচনম্॥" ইতি সাহিত্যদর্পণোদাহরণবৎ ॥১২॥

"ইহৈকস্থং জগৎ কৃৎস্নং পশ্যাদ্য সচরাচরম্" ইতি ভগবদুক্তরূপমপি তত্র রূপে অর্জ্জুনো-ঽপশ্যদিত্যাহ—তত্রেতি। তদা বিশ্বরূপদর্শনকালে, পাণ্ডবোঽর্জ্জুনঃ, তত্র দেবদেবস্য হরেঃ শরীরে একস্মিন্নংশে তিষ্ঠতীতি একস্থম্, অনেকধা দেবদানবপিতৃমানুষাদিনানারূপেণ, প্রবিভক্তং তত্তদ্বি-ভাগেনাবস্থিতম্, কৃৎস্নং সর্ব্বং জগদপশ্যৎ ॥১৩॥

ভারতভাবদীপঃ

আয়ুধানি চক্রাদীনি যস্মিন্ ॥১০॥ বিশ্বতোমুখমিতি পূর্ব্বোক্তস্য একত্বেন পৃথক্ত্বেন বহুধা বিশ্বতোমুখমিত্যস্যায়ং পরামর্শঃ। অনন্তং সর্ব্বতঃ পরিচ্ছেদরহিতম্ ॥১১॥ দিবি অন্তরিক্ষে ভাঃ দীপ্তিঃ, ভাসঃ দীপ্তেঃ, অভূতোপমেয়ং নিরুপমতামেব তস্য দীপ্তের্দর্শয়তি, "উভৌ যদি ব্যোম্নি পৃথক্প্রবাহা"বিত্যাদিবৎ ॥১২॥ ইহৈকস্থং জগৎ কৃৎস্নং পশ্যেতি যৎ প্রাক্ ভগবতা উক্তং তদপ্যপশ্যদিত্যাহ—তত্রেতি। অনেকধা প্রবিভক্তমিত্যেতৎ বর্ষাসূত্থিততিন্তিড়ীবীজে

বিশেষতঃ সেরূপ সর্ব্বাশ্চর্য্যময়, অসাধারণ দীপ্তিশালী, অসীম ও সকল দিকেই মুখযুক্ত ছিল ॥৯—১১॥

আকৃতি ধারণ করিয়া থাকেন। তাই এখানে ভক্তশিরোমণি অর্জ্জুনকে দেখাইবার জন্য সর্ব্বাশ্চর্য্যময় ঐশ্বরিক আকৃতি ধারণ করিয়াছেন; সঞ্জয় তাহারই বর্ণনা করিয়াছেন ॥৯—১১॥

আকাশে একদা যদি সহস্র সূর্য্যের প্রভা প্রকাশ পায়, তাহা হইলেই সেই প্রভা সেই মহাত্মার সেই প্রভার তুল্য হইতে পারে ॥১২॥

তাৎপর্য্য—আকাশে একদা সহস্র সূর্য্যের প্রভাও প্রকাশ পায় না; সুতরাং তৎকালীন হরির সে প্রভার তুলনাস্থলও হইতে পারে না ॥১২॥

ততঃ স বিস্ময়াবিষ্টো হৃষ্টরোমা ধনঞ্জয়ঃ।
প্রণম্য শিরসা দেবং কৃতাঞ্জলিরভাষত ॥১৪॥

অর্জ্জুন উবাচ।

পশ্যামি দেবাংস্তব দেব! দেহে সর্বাংস্তথা ভূতবিশেষসংঘান্।
ব্রহ্মাণমীশং কমলাসনস্থমৃষীংশ্চ সর্বানুরগাংশ্চ দিব্যান্ ॥১৫॥

ভারতকৌমুদী

নম্ন তাদৃগ্‌দর্শনানন্তরমর্জ্জুনঃ কিমকরোদিত্যাহ—তত ইতি। ততঃ স ধনঞ্জয়ঃ, বিস্ময়েন তাদৃগ্‌দর্শনাশ্চর্য্যেণাবিষ্টঃ, অতএব হৃষ্টরোমা রোমাঞ্চিতশরীরঃ সন্, শিরসা, দেবং দ্যুতিশীলং নারায়ণম্, প্রণম্য, কৃতাঞ্জলিঃ সন্নভাষত। অত্রাস্মৎপূর্বৈকাদশপুরুষযাদবানন্দন্যায়াচার্য্যানুজেন মহাত্মনা পরমহংসপরিব্রাজকেন শ্রীমন্মধুসূদনেন সবিশেষমদ্ভুতরসং নিবেশ্যালঙ্কারশাস্ত্রেঽপি পারদর্শিতা পরিদর্শিতা। স রসশ্চাস্মৎপ্রণীতসাহিত্যদর্পণটীকায়াং তন্নিরূপণাবসরে সাদ্ভুতো দ্রষ্টব্যঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

সূক্ষ্মরূপেণ তত্রদৃশ্যতে তদন্যা ভূদিতি দর্শয়িতুং সাবকাশম্ অনেকধা বিভাগযুক্তং বিবিক্তম্ অপশ্যৎ একস্থম্ একাবয়বস্থম্। অয়মর্থঃ—যদা ভগবতশ্চতুর্ভুজং রূপং চিন্ত্যতে তত্র চ চেতসি লব্ধপদে সতি ক্রমশস্তদীয়াবয়বাংস্ত্যক্ত্বা মুখে স্মিতে বা পদনখে বা চিত্তং ধ্রিয়তে তত্রাপি লব্ধপদে তস্মিংস্তদপি ত্যক্ত্বা বিশ্বরূপমারোহতি দিব্যং চক্ষুরপি এবং সূক্ষ্মতামাপাদিতং মন এব। "মনোঽস্য দৈবং চক্ষুঃ স এতেন দৈবেন চক্ষুষা মনসৈতান্ কামান্ পশ্যন্ রমত" ইতি শ্রুতেঃ। কামান্ বিষয়ান্ এতান্ হার্দাকাশাখ্যসগুণব্রহ্মগতানিতি শ্রুতিপদয়োরর্থঃ। যথোক্তং শ্রীভাগবতে—"তত্র লব্ধপদং চিত্তমাকৃষ্যৈকত্র ধারয়েৎ। নান্যানি চিন্তয়েদ্ভূয়ঃ সুস্মিতং ভাবয়েন্মুখম্॥ তত্র লব্ধপদং চিত্তমাকৃষ্য ব্যোম্নি ধারয়েৎ। তচ্চ ত্যক্ত্বা মদারোহো ন কিঞ্চিদপি চিন্তয়ে"দিতি। তত্র মূর্ত্তৌ একত্র অঙ্গে ব্যোম্নি কারণে মদারোহো নির্বিকল্পে ব্রহ্মণ্যারূঢ়ঃ তদিদমুক্তং দেবদেবস্য শরীরে কৃৎস্নং জগদেকস্থং পাণ্ডবোঽপশ্যদিতি ॥১৩॥

তখন অর্জ্জুন দেবদেব নারায়ণের সেই শরীরের এক অংশে নানাভাগে বিভক্ত সমগ্র জগৎ দেখিতে পাইলেন ॥১৩॥

তাৎপর্য্য—কৃষ্ণ পূর্ব্বে বলিয়াছেন যে, "অর্জ্জুন! তুমি আমার এই শরীরের এক অংশে স্থিত সমস্ত-স্থাবর-জঙ্গম-সমন্বিত সমগ্র জগৎ দর্শন কর" সেই অনুসারেই অর্জ্জুন তখন তাহা দর্শন করিলেন ॥১৩॥

তাহার পর অর্জ্জুন বিস্ময়াবিষ্ট ও রোমাঞ্চিতদেহ হইয়া অবনত মস্তকে ভগবান্‌কে নমস্কার করিয়া কৃতাঞ্জলিপুটে বলিতে লাগিলেন ॥১৪॥

তাৎপর্য্য—অর্জ্জুন যাহা কখনও দেখেন নাই, ধারণাও করেন নাই, সেই বিশ্বরূপ দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন, তাঁহার দেহ রোমাঞ্চিত হইল, অসাধারণ ভক্তি জন্মিল; তাই তিনি অবনতমস্তকে নমস্কার করিয়া কৃতাঞ্জলি হইয়া ভক্তিগদ্গদস্বরে সবিস্ময়ে বলিতে লাগিলেন ॥১৪॥

অনেকবাহূদরবক্ত্রনেত্রং পশ্যামি ত্বাং সর্ব্বতোঽনন্তরূপম্ ।
নান্তং ন মধ্যং ন পুনস্তবাদিং পশ্যামি বিশ্বেশ্বর ! বিশ্বরূপ ! ॥১৬॥
কিরীটিনং গদিনং চক্রিণঞ্চ তেজোরাশিং সর্ব্বতো দীপ্তিমন্তম্ ।
পশ্যামি ত্বাং দুর্নিরীক্ষ্যং সমন্তাদ্দীপ্তানলার্কদ্যুতিমপ্রমেয়ম্ ॥১৭॥

ভারতকৌমুদী

অথ ভগবৎপ্রসাদাল্লব্ধদিব্যচক্ষুরর্জ্জুনঃ স্বানুভবমাবিষ্কুর্ব্বন্নুবাচ পশ্যামীতি। হে দেব! তব দেহে অস্মিন্, বিশ্বরূপে, সর্ব্বান্ ইন্দ্রাদীন্ দেবান্, তথা ভূতবিশেষাণাং মানুষাদিপ্রাণিনাং সংঘান্ সমূহান্, ঈশং প্রজাপতিম্, কমলাসনস্থং তবৈব নাভিপদ্মাসনস্থিতং ব্রহ্মাণম্, মরীচ্যাদীন্ ঋষীন্, দিব্যান্ অলৌকিকান্ সর্ব্বান্ উরগান্ বাসুকিপ্রভৃতীন্ সর্পাংশ্চ পশ্যামি ॥১৫॥

তদানীন্তনং ভগবন্তং বিশিনষ্টি অনেকেতি। হে বিশ্বেশ্বর! হে বিশ্বরূপ! সম্বোধনদ্বয়ং বিশেষবিস্ময়গৌরবে দ্যোতয়তি। ত্বাম্, অনেকানি বাহূদরবক্ত্রনেত্রাণি যস্য তম্, তথা সর্ব্বতঃ সর্ব্বাস্বেব দিক্ষু, অনন্তানি অসীমানি রূপাণি যস্য তং তাদৃশঞ্চ পশ্যামি। কিন্তু অনন্তরূপত্বাদেব তব অন্তং শেষং ন, মধ্যং ন, পুনরাদিঞ্চ ন পশ্যামি ॥১৬॥

ভারতভাবদীপঃ

হৃষ্টরোমা রোমাঞ্চিতগাত্রঃ ॥১৪॥ দেবানাদিত্যাদীন্ ভূতবিশেষাশ্চতুর্ব্বিধা জরায়ুজাদয়স্তেষাং সঙ্ঘান্ সমূহান্ ব্রহ্মাণং চতুর্ম্মুখম্ ঈশম্ ঈশিতারং কমলাসনস্থমিত্যনেন দূরদর্শনমুক্তম্। উরগান্ পাতালস্থাননন্তাদীন্ দিব্যান্ কৈলাসাদৌ স্থিতান্ বাসুকিপ্রমুখান্। এতেন ব্যবহিতদর্শনমুক্তম্ ॥১৫॥ অনেকে অনন্তাঃ বাহবঃ উদরাণি বক্ত্রাণি নেত্রাণি চ যস্মিংস্তদনেকবাহূদরবক্ত্রনেত্রম্, সর্ব্বতশ্চতুর্দিক্ষু উপর্য্যধশ্চ অনন্তমপরিচ্ছিন্নং রূপমস্য তম্। অনন্তত্বমেবাহ—নান্তমিতি। দীর্ঘরজ্জ্বা

অর্জ্জুন বলিলেন—"দেব! আমি আপনার শরীরে সমস্ত দেবতা, সকল প্রাণী, আপনারই নাভিপদ্মস্থিত প্রজাপতি ব্রহ্মা, মরীচিপ্রভৃতি ঋষি এবং সমস্ত দিব্য সর্পগণকে দেখিতেছি। ॥১৫॥

তাৎপর্য্য—বিশ্বরূপশব্দের অর্থ—সর্ব্বময়াকৃতি, অতএব তাহাতে দেবতাপ্রভৃতি জগতের সকল পদার্থই থাকিবে; সুতরাং অর্জ্জুনের উক্তি সকল সত্য ॥১৫॥

বিশ্বরূপ! বিশ্বনাথ! আমি আপনার অনেক বাহু, বহুতর উদর, অসংখ্য মুখ ও অনেক নয়ন দেখিতেছি এবং সকল দিকেই অসীম রূপ দর্শন করিতেছি; তাই আপনার আদি, মধ্য ও অন্ত দেখিতেছি না ॥১৬॥

তাৎপর্য্য—ভগবানের এটা সগুণ বা সোপাধিক বিশ্বরূপ; সুতরাং জগতে যত প্রকার প্রাণী আছে, তাহার বাহু, উদর, মুখ ও নয়ন এইরূপে থাকিবে; অথচ সাধারণ মানুষ ইহার ইয়ত্তা করিতে পারিবে না। তাই অর্জ্জুন এইরূপ বর্ণনা করিলেন ॥১৬॥

---

(১৬)…পশ্যামি ত্বা—ইতি শঙ্করধৃতঃ পাঠঃ। (১৭)…দুর্নিরীক্ষ্যম্—ইতি শঙ্করনীলকণ্ঠধৃতঃ সযকারঃ পাঠঃ।

ত্বমক্ষরং পরমং বেদিতব্যং ত্বমস্য বিশ্বস্য পরং নিধানম্।
ত্বমব্যয়ঃ শাশ্বতধর্ম্মগোপ্তা সনাতনস্ত্বং পুরুষো মতো মে ॥১৮॥

ভারতকৌমুদী

বিষ্ণুরূপেণ বর্ণয়তি কিরীটিনমিতি। কিরীটিনং শিরসি মুকুটযুক্তম্, গদিনং দক্ষিণহস্তেন গদাধারিণম্, চক্রিণং বামহস্তেন চক্রধারিণঞ্চ, তেজোরাশিম্, অতএব সর্ব্বতঃ সর্ব্বাসু দিক্ষু দীপ্তিমন্তম্। অতএব চোপমামাহ—সমন্তাদিতি। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু দীপ্তয়োঃ অনলার্কয়োঃ অগ্নিসূর্য্যয়োরিব দ্যুতির্দীপ্তির্যস্য তম্, অপ্রমেয়ম্ ইয়ত্তয়া প্রমাতুমশক্যম্, অতএব চ দুষ্করা নিরীক্ষা দর্শনং যস্য তং চর্ম্মচক্ষুষা দ্রষ্টুমশক্যমপি দিব্যচক্ষুষা তাং পশ্যামি ॥১৭॥

ঈদৃগ্‌দর্শনাদ্ব্রহ্মরূপেণানুমিনোতি ত্বমিতি। ত্বম্, মুমুক্ষুভির্ব্বেদিতব্যম্, পরমম্ অক্ষরং পরং ব্রহ্ম; ত্বম্, অস্য বিশ্বস্য জগতঃ, পরং শ্রেষ্ঠম্, নিধীয়তে অস্মিন্নিতি নিধানমাধারঃ, "তস্মিঁল্লোকাঃ শ্রিতাঃ সর্ব্বে" ইতি শ্রুতেঃ, ত্বম্ অব্যয়ঃ অবিনশ্বরঃ শাশ্বতস্য চিরন্তনস্য ধর্ম্মস্য গোপ্তা পালয়িতা; ত্বম্, সনাতনো নিত্যঃ পুরুষশ্চ মে মতঃ অভিমতঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

ইব তবাত্যন্তো দৈশিকো ন স্ত ইত্যর্থঃ ॥১৬॥ কিরীটগদাচক্রধারিণং দীপ্তিমত্ত্বাদেব দুর্নিরীক্ষ্যং দ্রষ্টুমশক্যং সমন্তাৎ সর্ব্বতো যে দীপ্তা অনলা অর্কাশ্চ তদ্বৎ দ্যুতির্যস্য তং সমন্তাদ্দীপ্তানলার্কদ্যুতিমিত্যেকং পদম্, অতএবাপ্রমেয়ং দ্রষ্টুমশক্যপরিচ্ছেদম্ ॥১৭॥ এবং তব যোগৈশ্বর্য্যদর্শনাত্ত্বামেবমবৈমীতি বদন্নপ্রমেয়ত্বমেব বিবৃণোতি—ত্বমিতি। পরমমক্ষরমস্থূলাদিলক্ষণম অক্ষরং ব্রহ্মপরমমিত্যত্র প্রাগুক্তং নিষ্কলং ব্রহ্ম তদেব ত্বমসি, এতেন সগুণরূপস্য নির্গুণজ্ঞাপকত্বমুক্তং শাখাগ্রস্যেব চন্দ্রজ্ঞাপকত্বম্ অতএব বেদিতব্যং বেদান্তপ্রমাণেন জ্ঞাতুং যোগ্যং ন তূপাসনীয়ম্। সগুণং ব্রহ্মাপি ত্বমেবেত্যাহ—ত্বমস্যেতি। নিধানং লয়স্থানম্ এতেন কারণত্বমুক্তম্, অব্যয়ঃ অমৃতঃ দেবত্বাৎ শাশ্বতস্য বৈদিকস্য ধর্ম্মস্য গোপ্তেত্যনেন কার্য্যব্রহ্মভূতহিরণ্যগর্ভরূপত্বমুক্তম্। সনাতনশ্চিরন্তনোঽনাদিপুরুষো জীবাত্মা সোঽপি ত্বমেব মে মম মতঃ। এবং বিশ্বরূপদর্শনে জীবব্রহ্মণোরৈক্যং শাখয়া চন্দ্র ইবাধিগম্যত ইত্যুক্তম্ ॥১৮॥

ভগবন্! আমি দেখিতেছি—আপনি মস্তকে মুকুট, দক্ষিণ হস্তে গদা ও বাম হস্তে চক্র ধারণ করিয়াছেন; সকল দিকেই দীপ্তিশালী তেজঃপুঞ্জ; অতএব সকল দিকেই প্রজ্বলিত অগ্নি ও সূর্য্যের ন্যায় দ্যুতিযুক্ত। এই সকল কারণে চর্ম্মচক্ষুদ্বারা আপনাকে দেখা দুষ্কর ॥১৭॥

তাৎপর্য্য—আপনার তেজে চর্ম্মচক্ষু বিকল হইয়া পড়ে বলিয়া তাহাদ্বারা আপনার এরূপ দেখা যায় না; কিন্তু আমি ভবৎপ্রদত্ত দিব্যচক্ষুদ্বারা দেখিতেছি ॥১৭॥

আপনি মোক্ষার্থিগণের জ্ঞাতব্য পরব্রহ্ম, আপনি এই জগতের পরম আশ্রয়, আপনি অবিনশ্বর ও চিরস্থায়ী ধর্ম্মের রক্ষক এবং আমার মতে আপনিই সনাতন পুরুষ ॥১৮॥

তাৎপর্য্য—যাঁহার ক্ষরণ—অর্থাৎ বিনাশ বা বিকার নাই, তিনি অক্ষর পরব্রহ্ম। আকাশে যেমন অসংখ্য নক্ষত্র থাকে, আপনাতে তেমন অনন্তকোটি ব্রহ্মাণ্ড রহিয়াছে।

অনাদিমধ্যান্তমনন্তবীর্য্যমনন্তবাহুং শশিসূর্য্যনেত্রম্ ।
পশ্যামি ত্বাং দীপ্তহুতাশবক্ত্রং স্বতেজসা বিশ্বমিদং তপন্তম্ ॥১৯॥
দ্যাবাপৃথিব্যোরিদমন্তরং হি ব্যাপ্তং ত্বয়ৈকেন দিশশ্চ সর্ব্বাঃ ।
দৃষ্ট্বাদ্ভুতং রূপমিদং তবোগ্রং লোকত্রয়ং প্রব্যথিতং মহাত্মন্ ! ॥২০॥

ভারতকৌমুদী

উক্তমপি বিস্ময়মগ্নত্বাৎ পুনর্বক্তি অনাদীতি। ন বিদ্যন্তে আদিমধ্যান্তা যস্য তম্, অনন্তবীর্য্যম্ অসীমবলম্, শশিসূর্য্যাবিব উজ্জ্বলে নেত্রে যস্য তম্, দীপ্তহুতাশ ইব প্রজ্বলিতবহ্নিরিব বক্ত্রং যস্য তম্, স্বতেজসা ইদং বিশ্বং জগৎ তপন্তং সন্তাপয়ন্তঞ্চ ত্বাং পশ্যামি ॥১৯॥

বিশ্বরূপেণ গগনব্যাপ্তিমাহ—দ্যাবেতি। হে মহাত্মন্। বিশালদেহ ! ত্বয়া একেন হি একেনৈব বিশ্বরূপধরেণ, ইদং দ্যাবাপৃথিব্যোঃ স্বর্গমর্ত্ত্যয়োঃ অন্তরমাকাশম্, ব্যাপ্তম্, সর্ব্বা দিশশ্চ ব্যাপ্তাঃ। ইদং তব উগ্রমদ্ভুতঞ্চ রূপং দৃষ্ট্বা, লোকত্রয়ং যুদ্ধদর্শনায়াগতাস্ত্রিভুবনলোকাঃ, প্রব্যথিতং ভয়েন পীড়িতম্ ॥২০॥

ভাবভাবদীপঃ

এতদেবাহ—অনাদীতি। দেশতঃ কালতশ্চাদিমধ্যান্তহীনত্বাদনাদিমধ্যান্তম্। দীপ্তো হুতাশো বক্ত্রে যস্যেতি ভাস্বরদন্তত্বং ব্যজ্যতে। স্বতেজসা চৈতন্যজ্যোতিষা ইদং বিশ্বং বিশ্বরূপং তপন্তং প্রকাশয়ন্তম্। অনাদিত্বাদিসর্ব্ববিশেষণবিশিষ্টং বিশ্বং তপিকর্ম্মীভূতং তাপয়ন্তং ত্বাং পরজ্যোতীরূপং পশ্যামি জানামি। চিত্রপটস্থানীয়ং বিশ্বরূপং সকলকারকাত্মকধীবাসনোপেতং যেন জ্যোতিষা প্রকাশতে তদেব ত্বমসীতি জানামীতি ভাবঃ ॥১৯॥ এবং স্বয়ঙ্কৃতবিশ্বরূপদর্শনেন কৃতকৃত্যো ভূত্বা তদুপসংহারমিচ্ছন্ স্তৌতি—দ্যাবাপৃথিব্যোরিতি। হে মহাত্মন্! হি প্রত্যক্ষং ত্বয়া একেন ইদং দ্যাবাপৃথিব্যোরন্তরং মধ্যং সর্ব্বাঃ দিশশ্চ ব্যাপ্তাঃ অতস্তাবদম্ অদ্ভুতম্ উগ্রং রূপং দৃষ্ট্বা লোকত্রয়ং প্রকর্ষেণ ব্যথিতম্ অতঃ পরমিদমুপসংহরেত্যভিপ্রায়ঃ ॥২০॥

আপনি বেদের বিধানে এবং নিজের শাসনে চিরকালই ধর্ম্ম রক্ষা করিতেছেন ; আর আপনি সাংখ্যমতের সনাতন পুরুষ ॥১৮॥

আপনার আদি নাই, মধ্য নাই এবং অন্ত নাই, তাঁর পর শক্তিরও সীমা নাই, বাহুরও সংখ্যা নাই ; আর নয়ন দুইটা চন্দ্র ও সূর্য্যের ন্যায় জ্বলিতেছে এবং মুখখানা প্রজ্বলিত অগ্নির ন্যায় উজ্জ্বল রহিয়াছে ; বিশেষতঃ, আপনি আপনার তেজে এই জগৎটাকে সন্তপ্ত করিতেছেন ॥১৯॥

তাৎপর্য্য—চন্দ্রতুল্য শীতল চক্ষু ধার্ম্মিক ভক্তের উপরে এবং সূর্য্যতুল্য তীক্ষ্ণ চক্ষু অধার্ম্মিক বিদ্বেষীর উপরে পতিত হয় ॥১৯॥

মহাত্মন্! বিশ্বরূপধারী একমাত্র আপনিই এই স্বর্গ ও মর্ত্ত্যের অভ্যন্তর দেশ (আকাশ) এবং সমস্ত দিক্ ব্যাপ্ত করিয়াছেন। যুদ্ধদর্শনের নিমিত্ত আগত ত্রিভুবনের লোক আপনার এই অদ্ভুত ও ভয়ঙ্কর রূপ দেখিয়া ভয়ে পীড়িত হইয়া পড়িয়াছে ॥২০॥

অমী হি ত্বাঽসুরসংঘা বিশন্তি কেচিদ্ভীতাঃ প্রাঞ্জলয়ো গৃণন্তি।
স্বস্তীত্যুক্ত্বা মহর্ষিসিদ্ধসংঘা বীক্ষন্তেঽত্বাং স্তুতিভিঃ পুষ্কলাভিঃ ॥২১॥
রুদ্রাদিত্যা বসবো যে চ সাধ্যা বিশ্বেঽশ্বিনৌ মরুতশ্চোষ্মপাশ্চ।
গন্ধর্ব্বযক্ষাসুরসিদ্ধসংঘা বীক্ষন্তে ত্বাং বিস্মিতাশ্চৈব সর্বে ॥২২॥

ভারতকৌমুদী

ভাবিনং বিপক্ষবিজয়ং ভগবৎপ্রসাদাৎ পশ্যন্নাহ—অমী ইতি। অমী দৃশ্যমানাঃ, অসুরসংঘা অসুরগণাবতাররূপা দুর্য্যোধনাদয়ঃ, ত্বা হি ত্বামেব, বিশন্তি যুদ্ধনিহতাঃ সন্তঃ প্রবিশন্তি। কেচিচ্চ বিপক্ষাঃ, ভীতাঃ পলায়নেঽপ্যশক্তাঃ, অতএব প্রাঞ্জলয়ঃ কৃতাঞ্জলয়ঃ সন্তঃ, গৃণন্তি স্তুবন্তি। মহর্ষীণাং মরীচ্যাদীনাং সিদ্ধানাং কপিলাদীনাঞ্চ সংঘাঃ, স্বস্তি জগতো মঙ্গলমস্তু ইত্যুক্ত্বা, পুষ্কলাভিঃ পূর্ণাঙ্গাভিঃ, স্তুতিভিঃ স্তুতিবাক্যৈঃ স্তুবন্ত ইতি শেষঃ, ত্বাং বীক্ষন্তে পশ্যন্তি ॥২১॥

কিঞ্চ রুদ্রেতি। একাদশ রুদ্রাশ্চ দ্বাদশাদিত্যাশ্চ তে রুদ্রাদিত্যাঃ, অষ্টৌ বসবঃ, যে সাধ্যা দেবতাবিশেষাস্তে চ, বিশ্বে দেবাঃ, অশ্বিনৌ অশ্বিনীকুমারৌ, মরুত্ উনপঞ্চাশদ্বায়বশ্চ, উষ্মপাঃ পিতরশ্চ গন্ধর্ব্বযক্ষাসুরসিদ্ধানাং সংঘাশ্চ, এতে সর্ব্বে, বিস্মিতা অপূর্ব্বরূপদর্শনাদাশ্চর্য্যান্বিতাঃ সন্তঃ, ত্বাং বীক্ষন্তে ॥২২॥

ভারতভাবদীপঃ

ঘ্যথামেবাহ—অমীতি। হি যতঃ অমী ত্বা ত্বাম্ অসুরসঙ্ঘাঃ অসুরাংশাঃ দুর্য্যোধনাদয়ঃ ত্বাং পতঙ্গাঃ পাবকমিব অদৃষ্টপ্রেরিতাঃ বিশন্তি মরণায়েত্যর্থঃ। কেচিদ্ভীতাঃ প্রাঞ্জলয়ো বদ্ধাঞ্জলয়ো গৃণন্তি স্তুবন্তি ॥২১॥ কিঞ্চ যে ত্বদনুগৃহীতাঃ রুদ্রাদয়স্তেঽপি বিস্মিতাঃ সন্তঃ সর্ব্বে ত্বাং বীক্ষন্ত ইত্যাহ—রুদ্রাদিত্যা ইতি। সাধ্যাঃ বিশ্বে চ দেবগণবিশেষৌ রুদ্রাদিত্যবজ্‌-জ্ঞেয়ৌ, উষ্মপাঃ পিতরঃ, গন্ধর্ব্বাণাং যক্ষাণামসুরাণাং সিদ্ধানাং জাতিভেদানাং সঙ্ঘাঃ সমূহাঃ।

তাৎপর্য্য—পুণ্যবান্ ব্যতীত অন্য লোক ভগবান্‌কে দেখিতে পারে না; সুতরাং স্বর্গের দেবতারা, মর্ত্ত্যের মহর্ষিরা এবং পাতালের ধার্ম্মিক নাগেরা ভগবানের সেই ভয়ঙ্কর রূপ দেখিয়া ভয়ে আকুল হইয়াছিলেন ॥২০॥

অসুরাবতার এই দুর্য্যোধনপ্রভৃতি আপনার ভিতরে প্রবেশ করিতেছে, কতকগুলি অসুরাবতার ভীত ও পলায়নে অসমর্থ হইয়া কৃতাঞ্জলিপুটে আপনার স্তব করিতেছে; আর মহর্ষিগণ ও সিদ্ধগণ 'জগতের মঙ্গল হউক' এই কথা বলিয়া পূর্ণাঙ্গ স্তুতিবাক্যদ্বারা স্তব করিতে থাকিয়া আপনাকে নিরীক্ষণ করিতেছেন ॥২১॥

তাৎপর্য্য—অসুরগণ আসিয়া যে দুর্য্যোধনপ্রভৃতিরূপে অবতীর্ণ হইয়াছিল, তাহা আদিপর্ব্বে লিখিত আছে। যুদ্ধে দুর্য্যোধনপ্রভৃতির যে মৃত্যু হইবে, তাহা প্রথম চরণদ্বারা সূচিত হইল ॥২১॥

---

(২১) অমী হি ত্বাং সুরসংঘাঃ'—ইতি মধুসূদনধৃতঃ পাঠঃ।

রূপং মহত্তে বহুবক্ত্রনেত্রং মহাবাহো ! বহুবাহূরুপাদম্ ।
বহূদরং বহুদংষ্ট্রাকরালং দৃষ্ট্বা লোকাঃ প্রব্যথিতাস্তথাহম্ ॥২৩॥
নভঃস্পৃশং দীপ্তমনেকবর্ণং ব্যাত্তাননং দীপ্তবিশালনেত্রম্ ।
দৃষ্ট্বা হি ত্বাং প্রব্যথিতান্তরাত্মা ধৃতিং ন বিন্দামি শমঞ্চ বিষ্ণো ! ॥২৪॥

ভারতকৌমুদী

তদ্রূপোপসংহারার্থমাত্মনোঽপি প্রব্যথামাহ—রূপমিতি । হে মহাবাহো ! মহৎ অতিবিশালম্, বহূনি বক্ত্রাণি নেত্রাণি চ যত্র তৎ, বহবো বাহব উরবঃ পাদাশ্চ যত্র তৎ, বহূনি উদরাণি যত্র তৎ, বহ্বীভির্দংষ্ট্রাভির্দন্তৈঃ করালং ভয়ঙ্করঞ্চ, তে তব রূপং দৃষ্ট্বা, লোকা যুদ্ধদর্শনায়াগতা ধার্ম্মিকা জনাঃ, প্রব্যথিতা ভয়েনাতীবব্যথাং প্রাপ্তাঃ, তথা অহঞ্চ প্রব্যথিতঃ ॥২৩॥

ন কেবলমহং প্রব্যথিতঃ অপি তু অধীরঃ শান্তিশূন্যশ্চ জাত ইত্যাহ—নভ ইতি । হে বিষ্ণো ! নভো গগনং স্পৃশতীতি তম্, অতিদীর্ঘম্, দীপ্তমুজ্জ্বলম্, অনেকে নীলপীতাদয়ো বর্ণা যত্র তম্, ব্যাত্তানি প্রকটিতানি আননানি যেন তম্, দীপ্তানি জ্বলিতানি নেত্রাণি যস্য তঞ্চ ত্বাম্, দৃষ্ট্বা হি, প্রব্যথিতঃ অন্তরাত্মা মনো যস্য স তাদৃশোঽহম্, ধৃতিং ধৈর্য্যম্, শমং শান্তিঞ্চ, ন বিন্দামি ন লভে ॥২৪॥

ভারতভাবদীপঃ

শেষং স্পষ্টম্ ॥২২॥ পুনর্লোকানামাত্মনশ্চ ব্যথামাহ—রূপমিতি । মহৎ আদিমধ্যান্তহীনং হে মহাবাহো ! তে তব করালং মহারূপং দৃষ্ট্বা লোকা ব্যথিতাস্তথাহঞ্চ ব্যথিত ইতি যোজনা ॥২৩॥ করালত্বপ্রপঞ্চনেন স্বব্যথামেবাহ—নভ ইতি । নভঃস্পৃশং ব্যোমব্যাপিনং দীপ্তমগ্নিবজ্জাজ্বল্যমানং ব্যাত্তাননং বিস্তারিতমুখং দীপ্তবিশালনেত্রং রক্তনেত্রমিত্যর্থঃ । হি প্রত্যক্ষং ত্বা ত্বাং দৃষ্ট্বা প্রব্যথিতান্তরাত্মা প্রকর্ষেণ ব্যথিতচিত্তো ধৃতিং ধৈর্য্যং ন বিন্দামি ন লভে শমঞ্চ শান্তিং স্বাস্থ্যঞ্চ ন লভে, হে বিষ্ণো ! ব্যাপক ! ভয়ানকং ত্বদাক্রান্তং দেশং ত্যক্ত্বান্যত্র

একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য, অষ্ট বসু, সাধ্যগণ, বিশ্বেদেবগণ, অশ্বিনী-কুমারদ্বয়, ঊনপঞ্চাশৎ বায়ু, পিতৃলোকগণ, গন্ধর্ব্বগণ, যক্ষগণ, অসুরগণ ও সিদ্ধগণ—ইঁহারা সকলে বিস্মিত হইয়া আপনাকে দেখিতেছেন ॥২২॥

তাৎপর্য্য—দেবতাপ্রভৃতিরা নারায়ণ মূর্ত্তিতে ভগবান্‌কে সর্ব্বদা দেখিতে পাইতেন ; কিন্তু এই বিশ্বরূপে দেখিতে পাইতেন না, তাই তখন তাঁহারাও বিস্মিত হইয়াছিলেন ॥২২॥

মহাবাহু ! সমাগত ধার্ম্মিক লোকগণ আপনার এই বিশাল রূপ দেখিয়া ভয়ে আকুল হইয়াছেন এবং আমিও অস্থির হইয়াছি । কারণ, আপনার এই রূপে বহুতর মুখ, নয়ন, বাহু, ঊরু, চরণ ও উদর রহিয়াছে এবং অসংখ্য বিশাল দন্ত থাকায় অতিভীষণ হইয়াছে ॥২৩॥

তাৎপর্য্য—ভয় বা বিস্ময়প্রভৃতিস্থলে একই কথা বার বার বলিলেও কোন দোষ হয় না ; সুতরাং এ স্থলে অর্জ্জুনও ভয়ে এবং বিস্ময়ে আকুল হইয়া 'বহুবক্ত্রনেত্রম্' এইরূপ অনেক কথা বার বার বলিয়াছেন ॥২৩॥

দংষ্ট্রাকরালানি চ তে মুখানি দৃষ্ট্বৈব কালানলসন্নিভানি।
দিশো ন জানে ন লভে চ শর্ম্ম প্রসীদ দেবেশ! জগন্নিবাস! ॥২৫॥
অমী চ ত্বাং ধৃতরাষ্ট্রস্য পুত্রাঃ সর্বে সহৈবাবনিপালসংঘৈঃ।
ভীষ্মো দ্রোণঃ সূতপুত্রস্তথাসৌ সহাস্মদীয়ৈরপি যোধমুখ্যৈঃ ॥২৬॥

ভারতকৌমুদী

নম্বেতদ্দর্শনেন কীদৃশমধৈর্য্যং তে জাতমিত্যাহ - দংষ্ট্রেতি। হে দেবেশ! দেবাধিপতে! দংষ্ট্রাভির্দন্তৈঃ করালানি ভয়ঙ্করাণি, কালানলসন্নিভানি প্রলয়াগ্নিসদৃশানি চ, তে তব মুখানি, দৃষ্ট্বৈবাহম্, দিশো ন জানে যাথার্থ্যেন জানামি দিগ্‌ভ্রমো মে জাত ইত্যর্থঃ, শর্ম্ম শান্তিসুখঞ্চ ন লভে। অতএব হে জগন্নিবাস! জগদাধার! প্রসীদ! মাং প্রতি প্রসন্নো ভব ॥২৫॥

"মম দেহে গুড়াকেশ! যচ্চান্যদ্দ্রষ্টুমিচ্ছসি" ইতি ভগবতাদিষ্টং ভাবিনং দুর্য্যোধনাদি-বিনাশং পশ্যন্নাহ—অমী ইতি। কিঞ্চেতি চার্থঃ। অমী সর্ব্বে ধৃতরাষ্ট্রস্য পুত্রা দুর্য্যোধনাদয়ঃ, অবনিপালসংঘৈস্তৎপক্ষীয়ৈঃ শল্যাদিভী রাজভিঃ সহৈব, ত্বাং পাপিত্বাত্ত্বদীয়নিকৃষ্টাঙ্গেষু বিশন্তি। তথা অসৌ ভীষ্মো দ্রোণঃ সূতপুত্রঃ কর্ণশ্চ, অস্মদীয়ৈঃ অস্মৎপক্ষীয়ৈঃ যোধমুখ্যৈর্যোদ্ধৃশ্রেষ্ঠৈর্বিরাটাদিভিঃ সহ, ত্বরমাণাঃ সত্বরাঃ সন্তঃ, দংষ্ট্রাভির্দন্তৈঃ করালানি বিকটানি

বিষ্ণু! আপনার রূপ গগনস্পর্শ করিয়াছে, উজ্জ্বল ও অনেকবর্ণ প্রকাশ পাইতেছে এবং বিশাল নয়নগুলি জ্বলিতেছে; এই রূপেও আপনি মুখব্যাদান করিয়া রহিয়াছেন; সুতরাং আপনার এই রূপ দেখিয়া আমার অন্তরাত্মা ভয়ে অত্যন্ত আকুল হইয়া পড়িয়াছে; তাই আমি ধৈর্য্য ও শান্তিলাভ করিতে পারিতেছি না ॥২৪॥

তাৎপর্য্য—এই শ্লোকে 'ব্যাত্তাননম্' অর্থাৎ প্রকটিতমুখ বলায় দন্ত সকল বাহির হইয়া পড়িয়াছিল—এইরূপ বুঝা যাইতেছে, সুতরাং পূর্ব্বশ্লোকে যে 'বহুদংষ্ট্রাকরালম্' বলিয়াছেন এবং পরশ্লোকে যে 'দংষ্ট্রাকরালানি' বলিবেন, তাহাতে কোন অনুপপত্তি নাই ॥২৪॥

দেবেশ্বর! আপনার মুখগুলি প্রলয়কালের অগ্নিরাশির ন্যায় জ্বলিতেছে এবং দন্তসমূহ বাহির হওয়ায় সেগুলিকে ভয়ঙ্কর দেখা যাইতেছে; সুতরাং এই মুখগুলি দেখিয়াই আমি দিগ্‌ভ্রমে পতিত হইয়াছি এবং শান্তি লাভ করিতে পারিতেছি না; অতএব হে জগদাশ্রয়! আপনি প্রসন্ন হউন ॥২৫॥

তাৎপর্য্য—প্রসন্ন হউন—অর্থাৎ এই রূপের উপসংহার করুন ॥২৫॥

ঐ ধৃতরাষ্ট্রের পুত্রেরা সকলে তৎপক্ষীয় রাজগণের সহিতই আপনার শরীরে প্রবেশ করিতেছে; ঐ ভীষ্ম, দ্রোণ ও কর্ণ আমাদের পক্ষবর্ত্তী যোদ্ধৃ-

তাৎপর্য্য—মানুষ আপন আপন কর্ম্ম অনুসারে আয়ুঃশেষে ভগবানের বিভিন্ন অঙ্গে প্রবেশ করিয়া থাকে; সুতরাং ধার্ম্মিকেরা ভগবানের উৎকৃষ্ট অঙ্গে, মাধ্যমিকেরা মধ্যম অঙ্গে এবং পাপীরা নিকৃষ্ট অঙ্গে প্রবেশ করে ও যন্ত্রণা পায়। এখানেও অর্জ্জুন সেইরূপই

বক্ত্রাণি তে ত্বরমাণা বিশন্তি দংষ্ট্রাকরালানি ভয়ানকানি ।
কেচিদ্বিলগ্না দশনান্তরেষু সংদৃশ্যন্তে চূর্ণিতৈরুত্তমাঙ্গৈঃ ॥২৭॥ (যুগ্মকম্‌)
যথা নদীনাং বহবোঽম্বুবেগাঃ সমুদ্রমেবাভিমুখা দ্রবন্তি ।
তথা তবামী নরলোকবীরা বিশন্তি বক্ত্রাণ্যভিতো জ্বলন্তি ॥২৮॥
যথা প্রদীপ্তং জ্বলনং পতঙ্গা বিশন্তি নাশায় সমৃদ্ধবেগাঃ ।
তথৈব নাশায় বিশন্তি লোকাস্তবাপি বক্ত্রাণি সমৃদ্ধবেগাঃ ॥২৯॥

ভাবতকৌমুদী

ত্বতো ভযানকানি চ, তে তব, বক্ত্রাণি উত্তমাঙ্গানি মুখানি বিশন্তি ধার্মিকত্বাৎ। এষু চ কেচিৎ বিশেষপাপিনঃ, দশনান্তরেষু তব দন্তান্তরেষু, বিলগ্নাঃ সংসক্তাঃ সন্তঃ, তদ্দন্তাঘাতেন চূর্ণিতৈঃ, উত্তমাঙ্গৈর্মস্তকৈর্বিশিষ্টাশ্চ সন্তঃ, ময়া সংদৃশ্যন্তে ॥২৬—২৭॥

উক্তমেবার্থং সাদৃশ্যপ্রদর্শনায় পুনরাহ—যথেতি। নদীনাং বহবোঽম্বুবেগাঃ স্রোতাংসি যথা অভিমুখাঃ সন্তঃ, সমুদ্রমেব, দ্রবন্তি বিশন্তি; তথা অমী নরলোকবীরা ভীষ্মাদয়ঃ, অভিতঃ সর্ব্বতঃ, জ্বলন্তি উজ্জ্বলানি, তব বক্ত্রাণি বিশন্তি ॥২৮॥

ভাবতভাবদীপঃ

গন্তমশক্যং তব ব্যাপকত্বাদিতি ভাবঃ ॥২৪॥ কালানলঃ প্রলয়াগ্নিস্তত্তুল্যানি, প্রসীদ প্রসন্নঃ সুখদো ভবেত্যর্থঃ ॥২৫॥ অমী ত্বাং বিশন্তীত্যগ্রিমশ্লোকাদপকৃষ্যতে ॥২৬॥ তে ভীষ্মাদয়ঃ উত্তমাঙ্গৈঃ শিরোভিঃ। অয়ং ভাবঃ—ধৃতরাষ্ট্রস্য পুত্রা পাপিষ্ঠাঃ ভবন্তমেব ত্রৈলোক্যশরীরং বিশন্তি পাপানুরূপং তস্য পায়ুস্থানস্থিতান্‌ নরকানেব গচ্ছন্তীতি তত্র ত্বাং বিশন্তীত্যেবোক্তম্‌। ভীষ্মাদয়স্তু ভক্তা যতোঽগ্নির্ব্রাহ্মণা বেদাশ্চ প্রসূতাস্তদ্ভগবতো মুখং প্রবিশন্তীতি বৈষম্যগতি-সূচনার্থং ত্বাং ধৃতরাষ্ট্রস্য পুত্রা বিশন্তি ভীষ্মাদয়স্তে বক্ত্রাণি বিশন্তীতি বিভাগদর্শনং যুক্তমিতি ॥২৭॥ ইদমেব সদৃষ্টান্তমাহ—যথেতি। তব বক্ত্রাণি বিশন্তীতি সম্বন্ধঃ। অভিবিজ্বলন্তি

শ্রেষ্ঠগণের সহিত, আপনার দন্তবিকট ভয়ঙ্কর মুখমধ্যে সত্বর প্রবেশ করিতেছেন এবং ইঁহাদের মধ্যেই কতকগুলি বীর আপনার দন্তান্তরে সংলগ্ন হইয়া চূর্ণিত মস্তকে রহিয়াছেন দেখা যাইতেছে ॥২৬—২৭॥

দেখিলেন—ধার্ম্মিক ভীষ্ম, দ্রোণ ও কর্ণ ভগবানের মুখমধ্যে প্রবেশ করিতেছেন; মাধ্যমিক শল্য প্রভৃতি মধ্যম অঙ্গের ভিতর যাইতেছেন; আর পাপী দুর্য্যোধন ও শকুনি প্রভৃতি নিকৃষ্ট অঙ্গে প্রবেশ করিতেছেন এবং গুরুতর পাপীদের মস্তকগুলি ভগবানের দন্তমর্দ্দনে চূর্ণ-বিচূর্ণ হইতেছে ॥২৬—২৭॥

নদীসমূহের বহুতর স্রোত যেমন অভিমুখে যাইয়া সমুদ্রেই পতিত হয়, তেমন ঐ মনুষ্যবীরেরা আপনার উজ্জ্বল মুখসমূহমধ্যে প্রবেশ করিতেছেন ॥২৮॥

তাৎপর্য্য—এ কথা পূর্ব্বে বলা হইয়াছে, তথাপি সাদৃশ্য দেখাইবার জন্য পুনরায় বলিলেন ॥২৮॥

লেলিহ্যসে গ্রসমানঃ সমন্তাল্লোকান্ সমগ্রান্ বদনৈর্জ্বলদ্ভিঃ।
তেজোভিরাপূর্য্য জগৎ সমগ্রং ভাসস্তবোগ্রাঃ প্রতপন্তি বিষ্ণো!॥৩০॥

ভারতকৌমুদী

ভীষ্মাদীনামনিচ্ছাপূর্ব্বকপ্রবেশে নদীবেগসাদৃশ্যমভিধায় দুর্য্যোধনাদীনামিচ্ছাপূর্ব্বকপ্রবেশে সাদৃশ্যমভিধত্তে যথেতি। সমৃদ্ধঃ প্রবেশায় সম্যগ্‌বৃদ্ধিমাপন্নো বেগো যেষাং তে তাদৃশাঃ, পতঙ্গাঃ শলভাঃ, যথা নাশায় আত্মবিনাশায়, প্রদীপ্তং প্রজ্বলিতম্, জ্বলনমগ্নিম্, বিশন্তি; তথৈব সমৃদ্ধঃ প্রবেশায় সম্যগ্‌বৃদ্ধিং প্রাপ্তো বেগো যেষাং তে তাদৃশাঃ, লোকা দুর্য্যোধনাদয়ঃ, নাশায় তব বক্ত্রাণ্যপি বিশন্তি॥২৯॥

নন্বু তেষাং প্রবেশানন্তরং কিং ভবতীত্যাহ—লেলিহ্যস ইতি। হে বিষ্ণো! জগদ্ব্যাপক! জ্বলদ্ভিরুজ্জ্বলৈঃ, বদনৈর্মুখৈঃ, সমন্তাৎ সর্ব্বাভ্য এব দিগ্‌ভ্যঃ, সমগ্রান্ সর্ব্বান্ লোকান্ দুর্য্যোধনাদীন্, গ্রসমানঃ বদনাভ্যন্তরে আদদানঃ সন্, লেলিহ্যসে পুনঃ পুনরাস্বদসে ভক্ষয়সি। অপি চ তব উগ্রা ভাসঃ প্রভাঃ, তেজোভিঃ সমগ্রং জগৎ, আপূর্য্য ব্যাপ্য, প্রতপন্তি সমগ্রং জগদেব প্রকর্ষেণ তাপয়ন্তি॥৩০॥

ভারতভাবদীপঃ

সর্ব্বতঃ জাজ্বল্যমানানি॥২৮॥ বুদ্ধিপূর্ব্বকমেব তে ত্বদ্বক্ত্রাণি প্রবিশন্তীতি সদৃষ্টান্তমাহ—যথা প্রদীপ্তমিতি॥২৯॥ যে চ পতঙ্গস্থানীয়াংস্ত্বং করুণাবানপি ন বারয়সি প্রত্যুত গ্রসিতুমিচ্ছস্যে-বেত্যাহ—লেলিহ্যসে ভূয়ো ভূয়োঽতিশয়েন বাস্বাদয়সি। কীদৃশস্ত্বং সমন্তাজ্জ্বলদ্ভির্বদনৈর্লোকান্ সমগ্রান্ গ্রসমানঃ। এবং নির্ঘৃণস্যাপি তব তেজো ন হীয়তে প্রত্যুত বর্দ্ধত এবেত্যাহ—তেজোভিরিতি। হে বিষ্ণো। ব্যাপনশীল! সমগ্রং জগৎ তেজোভিরাপূর্য্য তব উগ্রাঃ প্রষ্টুমশক্যা ভাসো দীপ্তয়ঃ প্রতপন্তীতি যোজনা। পদার্থঃ স্পষ্টঃ॥৩০॥ এবং দীপ্ত্যাকুলী-

বেগবান্ পতঙ্গ (ফড়িং) সকল যেমন আপনাদের মৃত্যুর জন্য প্রজ্বলিত অগ্নির মধ্যে প্রবেশ করে, সেইরূপই এই বেগবান্ লোকগুলি মৃত্যুর জন্যই আপনারও মুখের ভিতর প্রবেশ করিতেছে॥২৯॥

তাৎপর্য্য—অনিচ্ছাপূর্ব্বক প্রবেশবিষয়ে দৃষ্টান্তের জন্য পূর্ব্বশ্লোক বলিয়াছেন; আর ইচ্ছাপূর্ব্বক প্রবেশবিষয়ে দৃষ্টান্তের জন্য এই শ্লোক বলিলেন। যথা—অচেতন নদীর স্রোত যেমন অনিচ্ছাপূর্ব্বক সমুদ্রে প্রবেশ করে, সেইরূপ পরাধীন ভীষ্ম, দ্রোণ প্রভৃতি অনিচ্ছাপূর্ব্বকই আপনার মুখের ভিতর প্রবেশ করিতেছেন। আর ফড়িংগুলি যেমন মৃত্যুর জন্য ইচ্ছাপূর্ব্বক আগুনের ভিতর পড়ে, দুর্য্যোধনপ্রভৃতিও তেমন মৃত্যুর জন্য ইচ্ছাপূর্ব্বকই আপনার মুখের ভিতরে প্রবেশ করিতেছে॥২৯॥

নারায়ণ! আপনিও উজ্জ্বল মুখসমূহদ্বারা সকল দিকের সেই সকল লোককে গ্রাস করিয়া ভক্ষণ করিতেছেন এবং আপনার ভয়ঙ্কর কিরণগুলি তেজদ্বারা সমগ্র জগৎটাকে পরিপূর্ণ করিয়া সন্তপ্ত করিতেছে॥৩০॥

তাৎপর্য্য—কাল পূর্ণ হইয়াছে বলিয়া আপনিও সেই মুখপ্রবিষ্ট লোকগুলিকে আত্মসাৎ করিতেছেন॥৩০॥

আখ্যাহি মে কো ভবানুগ্ররূপো নমোহস্তু তে দেববর ! প্রসীদ ।
বিজ্ঞাতুমিচ্ছামি ভবন্তমাদ্যং নহি প্রজানামি তব প্রবৃত্তিম্‌ ॥৩১॥

শ্রীভগবানুবাচ ।

কালোহস্মি লোকক্ষয়কৃৎ প্রবৃদ্ধো লোকান্‌ সমাহর্ত্তুমিহ প্রবৃত্তঃ ।
ঋতেহপি ত্বাং ন ভবিষ্যন্তি সর্বে যেহবস্থিতাঃ প্রত্যনীকেষু যোধাঃ ॥৩২॥

ভারতকৌমুদী

তাদৃশস্যাদৃষ্টপূর্ব্বত্বাৎ পরিচয়ং প্রার্থয়তে আখ্যাহীতি। হে দেববর! ঈদৃগুগ্ররূপো ভবান্‌ কঃ, ইতি মে মহ্যম্‌, আখ্যাহি ব্রূহি; আদ্যং স্বরূপদর্শনেনৈবানুমিতং জগৎকারণং ভবন্তম্‌, বিজ্ঞাতুং পরিচেতুমিচ্ছামি। তব প্রবৃত্তিং কিংবিষয়কং যত্নঞ্চ নহি প্রজানামি। তে তুভ্যং মে নমোহস্তু, ত্বঞ্চ জগতীং প্রতি প্রসীদ ॥৩১॥

এবং প্রার্থিতঃ শ্রীভগবানাত্মপরিচয়ং প্রবৃত্তিঞ্চোবাচ কাল ইতি। হে অর্জ্জুন! অহং লোকানাং ক্ষয়কৃৎ বিনাশকারী, প্রবৃদ্ধঃ প্রকর্ষেণ বৃদ্ধিং প্রাপ্তঃ চিরমেবাপ্রতিবিধেয়শক্তিশালী-ত্যর্থঃ, কালঃ সময়াত্মকঃ পরমেশ্বরোহস্মি, ইহ ইদানীঞ্চ, লোকান্‌ ইমান্‌ দুর্য্যোধনাদীন্‌, সমাহর্ত্তুং সংহর্ত্তুং প্রবৃত্তঃ, এষামায়ুঃক্ষয়াৎ। অতএব প্রত্যনীকেষু প্রতিপক্ষসৈন্যেষু, যে যোধা যোদ্ধারঃ, অবস্থিতাঃ, তে সর্ব্বে, ত্বাম্‌ ঋতে বিনাপি তব প্রহারং বিনাপীত্যর্থঃ, ন ভবিষ্যন্তি ন স্থাস্যন্তি মরিষ্যন্ত্যেব ॥৩২॥

ভারতভাবদীপঃ

ভূতোঽর্জ্জুনো ভগবানয়মিতি বিস্মত্যাহ—আখ্যাহীতি। এবমুগ্ররূপঃ ক্রূরকর্ম্মা ভবান্‌ কোহসীত্যাখ্যাহি অমুকোহস্মীতি কথয় প্রসীদ শান্তো ভব ত্বামহং বিজ্ঞাতুমিচ্ছামি যতস্তব প্রবৃত্তিং চেষ্টাং ন জানামি ॥৩১॥ এবমর্জ্জুনেন প্রার্থিতো ভগবানুবাচ—কাল ইতি। ইহাস্মিন্‌ সংগ্রামে লোকান্‌ সমাহর্ত্তুং ভক্ষিতুং প্রবৃত্তং প্রবৃদ্ধো মহান্‌ লোকক্ষয়কৃৎ কালো নাম পরমেশ্বরোহস্মি, যস্মাদেবং তস্মাৎ ঋতেহপি ত্বা ত্বাং বিনাপি সর্ব্বে ন ভবিষ্যন্তি মরিষ্যন্তি।

দেবশ্রেষ্ঠ। এই ভয়ঙ্করমূর্ত্তি আপনি কে? আমাকে বলুন, জগতের আদি-কারণ আপনাকে আমি জানিতে ইচ্ছা করি এবং আপনার অভিপ্রায়ও আমি বুঝিতেছি না। সে যাহা হউক, আপনাকে আমি নমস্কাব কবি, আপনি প্রসন্ন হউন" ॥৩১॥

তাৎপর্য্য—অর্জ্জুন কৃষ্ণকে চিনিতেন, কিন্তু ঐ মূর্ত্তিকে চিনিতেন না, তাই তাঁহাকে চিনিতে চাহিলেন; তবে তাঁহাকে জগতের কারণ বলিয়া অনুমান করিয়াছিলেন, সেই জন্যই 'আদ্যং' বলিলেন ॥৩১॥

কৃষ্ণ বলিলেন—"অর্জ্জুন। আমি লোকক্ষয়কারী অসাধারণশক্তিশালী কাল, এখন এই লোকগুলিকে সংহাব করিতে প্রবৃত্ত হইয়াছি; সুতরাং বিপক্ষসৈন্যমধ্যে যে সকল যোদ্ধা রহিয়াছেন, তাঁহারা সকলে তোমা ব্যতীতও জীবিত থাকিবেন না ॥৩২॥

---

(৩২)…ঋতেহপি ত্বা—শঙ্করাদিধৃতঃ পাঠঃ।

তস্মাত্ত্বমুত্তিষ্ঠ যশো লভস্ব জিত্বা শত্রূন্ ভুঙ্ক্ষ্ব রাজ্যং সমৃদ্ধম্।
ময়ৈবৈতে নিহতাঃ পূর্ব্বমেব নিমিত্তমাত্রং ভব সব্যসাচিন্! ॥৩৩॥
দ্রোণঞ্চ ভীষ্মঞ্চ জয়দ্রথঞ্চ কর্ণং তথান্যানপি যোধবীরান্।
ময়া হতাংস্ত্বং জহি মা ব্যথিষ্ঠা যুধ্যস্ব জেতাসি রণে সপত্নান্ ॥৩৪॥

হিতমুপদিশতি তস্মাদিতি। হে সব্যসাচিন্! অর্জ্জুন!। অস্য ব্যুৎপত্তিস্ত্ব প্রাগেবাভিহিতা। তস্মাৎ এষাগাসন্নমৃত্যুত্বাৎ, ত্বমুত্তিষ্ঠ, যশো জয়নিবন্ধনাং সুখ্যাতিং লভস্ব, শত্রূন্ জিত্বা, সমৃদ্ধং ধনধান্যাদিপূর্ণং রাজ্যং ভুঙ্ক্ষ্ব। নন্বু সৎস্বেতেষু কথং মে রাজ্যভোগঃ স্যাদিত্যাহ—ময়ৈবেতি। কালরূপিণা ময়ৈব, এতদ্‌যুদ্ধাৎ পূর্ব্বমেব, নিহতা আয়ুঃশেষীকরণাৎ নিহতপ্রায়াঃ; অতএব ত্বমেষাং হননে নিমিত্তমাত্রং ভব, মুখ্যবারণমহং স্থিত এব ত্বস্ব গৌণকারণমাত্রং ভবেত্যর্থঃ ॥৩৩॥

নন্বেষাং দিব্যাস্ত্রবিদাং দ্রোণাদীনাং জয়োঽসম্ভব এবেত্যাহ—দ্রোণমিতি। হে অর্জ্জুন! ত্বম্, কালরূপেণ ময়া হতান্ দ্রোণঞ্চ ভীষ্মঞ্চ জয়দ্রথঞ্চ কর্ণং তথা অন্যান্ যোধবীরানপি, জহি বিনাশয়, মা ব্যথিষ্ঠা শোকেন ব্যথাং নানুভব, যুধ্যস্ব, রণে সপত্নান্ দুর্য্যোধনাদীন্ শত্রূন্, জেতাসি জেষ্যসি, তথৈব নিয়তিস্থিতেরিতি ভাবঃ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

কে তে সর্ব্বে যে প্রত্যনীকেষু শত্রুসৈন্যেষু যোধাঃ শূরা ভীষ্মাদয়োঽবস্থিতাস্তে ॥৩২॥ তস্মাদিতি। যস্মাত্ত্বাং বিনাপ্যেতে মরিষ্যন্তি তস্মাত্ত্বমুত্তিষ্ঠ যুদ্ধায়। শেষং স্পষ্টম্ ॥৩৩॥ মা ব্যথিষ্ঠাঃ এতে মহাত্মঃ কথং হন্তং শক্যা ইত্যাকুলীভাবং মা গা ইত্যর্থঃ। জেতাসি জেষ্যসি

তাৎপর্য্য—অর্জ্জুন! তুমি আমার পরিচয় জানিতে চাহিয়াছ, আমি লোকক্ষয়কারী কাল; কেহই আমার শক্তি প্রতিহত করিতে পারে না; সুতরাং আমি ইহাদের আয়ুঃশেষ করিয়া রাখিয়াছি; অতএব তুমি প্রহার না করিলেও ইহারা রোগে বা অন্য কারণে মরিবে ॥৩২॥

অতএব অর্জ্জুন! তুমি উঠিয়া দাঁড়াও, যশ লাভ কর, শত্রুদিগকে জয় করিয়া সমৃদ্ধিশালী রাজ্য ভোগ কর। আমিই পূর্ব্বেই ইহাদিগকে নিহত করিয়াছি, তুমি এখন কেবল নিমিত্ত হও ॥৩৩॥

তাৎপর্য্য—প্রথম অধ্যায়ে বলা হইয়াছে—"রথোপস্থ উপাবিশৎ" অর্জ্জুন রথের উপরে বসিয়া পড়িলেন, অতএব যেখানে যেখানে 'উত্তিষ্ঠ' বলা হইয়াছে, সেইখানে সেইখানেই 'উঠিয়া দাঁড়াও' এইরূপ অর্থ হইবে। আর এখানে 'নিহত' শব্দের অর্থ—আয়ুঃশেষ করিয়া রাখা ॥৩৩॥

ভীষ্ম, দ্রোণ, কর্ণ, জয়দ্রথ এবং অন্যান্য বীরগণকে আমিই নিহত করিয়া রাখিয়াছি; তুমি কেবল প্রহার কর, শোকবেদনা অনুভব করিও না, যুদ্ধ কর, যুদ্ধে শত্রুদিগকে জয় কবিতে পারিবে" ॥৩৪॥

সঞ্জয় উবাচ ।

এতচ্ছ্রুত্বা বচনং কেশবস্য কৃতাঞ্জলির্বেপমানঃ কিরীটী ।
নমস্কৃত্য ভূয় এবাহ কৃষ্ণং সগদ্গদং ভীতভীতঃ প্রণম্য ॥৩৫॥

অর্জ্জুন উবাচ ।

স্থানে হৃষীকেশ ! তব প্রকীর্ত্ত্যা জগৎ প্রহৃষ্যত্যনুরজ্যতে চ ।
রক্ষাংসি ভীতানি দিশো দ্রবন্তি সর্ব্বে নমস্যন্তি চ সিদ্ধসংঘাঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

অনন্তরবৃত্তান্তং সঞ্জয় উবাচ—এতদিতি। এতৎ কেশবস্য কালরূপস্য কৃষ্ণস্য বচনং শ্রুত্বা, ভীতভীতঃ লোকক্ষয়করণশ্রবণাদতিশয়েন ভীতঃ, অতএব বেপমানঃ কম্পমানঃ, কিরীটী অর্জ্জুনঃ, প্রণম্য প্রকর্ষেণ নতো ভূত্বা নমস্কৃত্য, কৃতাঞ্জলিঃ সন্, ভূয় এব পুনরপি, গদ্গদেন ভয়-ভক্তিভ্যাং বাষ্পাবরুদ্ধকণ্ঠতয়া অস্পষ্টস্বরেণ সহেতি সগদ্গদম্, যথা স্যাত্তথা, কৃষ্ণম্, আহ ব্রবীতি স্ম ॥৩৫॥

স্থান ইতি। হে হৃষীকেশ। মায়ানিয়ন্তঃ। তব পরমেশ্বরস্য, প্রকীর্ত্ত্যা প্রকৃষ্টতয়া কীর্ত্তনেন, জগদেব যৎ প্রহৃষ্যতি, তৎ স্থানে যুক্তম্। এবমন্যত্র। "যুক্তে দ্বে সাম্প্রতং স্থানে" ইত্যমরঃ। যচ্চ জগদনুরজ্যতে, তৎ স্থানে। রক্ষাংসি রাক্ষসাঃ, ভীতানি সন্তি, দিশো দ্রবন্তি যৎ পলায়ন্তে, তৎ স্থানে। সর্ব্বে, কপিলাদীনাং সিদ্ধানাং সংঘা যন্নমস্যন্তি, তচ্চ স্থানে, মহিমাতিশয়াদিতি সর্ব্বত্র ভাবঃ। "অয়ং শ্লোকো রক্ষোঘ্নমন্ত্রত্বেন মন্ত্রশাস্ত্রে প্রসিদ্ধঃ" ইতি মধুসূদনঃ ॥৩৬॥

ভাবভাবদীপঃ

সপত্নান্ শত্রূন্ ॥৩৪॥ ভগবতৈবমুক্তে সতি পশ্চাৎ কিং বৃত্তমিত্যপেক্ষায়াং সঞ্জয় উবাচ। অত্র কৃতাঞ্জলিত্বাদিনা চিহ্নেন ভগবদ্বাক্যোল্লঙ্ঘনং কিরীটী ন করিষ্যতীতি সূচ্যতে। সগদ্গদং ভয়হর্ষাদ্যাবেশেন গদ্গদেন কণ্ঠকম্পনেন সহ বর্ত্তত ইতি সগদ্গদং যথা ভবতি তথা আহ উক্তবান্। ভীতভীতোঽত্যন্তং ভীতঃ সন্নাহেতি সম্বন্ধঃ। অত্র আহেতি পদচ্ছেদে পুনরর্জ্জুন উবাচেতি পুনরুক্তং স্যাৎ অতঃ প্রণম্য অর্জ্জুন উবাচেত্যেব সম্বন্ধো ন তু প্রণম্য আহেতি। কা তর্হি আহেতি ক্রিয়ায়া গতিঃ নেয়ং ক্রিয়া কিন্তু আহেতি প্রসিদ্ধ্যর্থমব্যয়মিত্যদোষঃ ॥৩৫॥ একাদশভিঃ শ্লোকৈরর্জ্জুন উবাচ—স্থানে ইতি। হে হৃষীকেশ! সর্ব্বেন্দ্রিয়প্রবর্ত্তক

তাৎপর্য্য—তুমি কেবল মরা মারিবে, সুতরাং কোন কষ্টও হইবে না ॥৩৪॥

সঞ্জয় বলিলেন—"কৃষ্ণের এই কথাগুলি শুনিয়া অর্জ্জুন অত্যন্ত ভীত, কম্পিত ও অবনত হইয়া নমস্কার করিয়া কৃতাঞ্জলিপুটে ও গদ্গদস্বরে পুনর্বার কৃষ্ণকে বলিতে লাগিলেন" ॥৩৫॥

তাৎপর্য্য—কৃষ্ণ সেই কালমূর্ত্তিতে লোকক্ষয় করিবেন শুনিয়া অর্জ্জুনের গুরুতর ভয় ও কম্প উপস্থিত হইয়াছিল ॥৩৫॥

কস্মাচ্চ তে ন নমেরন্ মহাত্মন্। গরীয়সে ব্রহ্মণোঽপ্যাদিকর্ত্রে।
অনন্ত! দেবেশ! জগন্নিবাস! ত্বমক্ষরং সদসত্তৎপরং যৎ ॥৩৭॥

ভারতকৌমুদী

সিদ্ধসঙ্ঘানাং নমস্কারে কারণমাহ—কস্মাদিতি। হে মহাত্মন্! বিশালমূর্ত্তে! হে কপিলাদিসিদ্ধসঙ্ঘাশ্চ, ব্রহ্মণো বিরিঞ্চেরপি, আদিকর্ত্রে সৃষ্টিকারণায়, অতএব গরীয়সে জগতি গুরুতরায় তুভ্যম্, কস্মাৎ, ন নমেরন্ নমস্যেয়ুঃ, অপি তু ব্রহ্মণোঽপ্যাদিকর্ত্তৃত্বয়া গরীয়স্ত্বান্নমস্যেয়ুরেব। হে অনন্ত! অসীম!, হে দেবেশ! হে জগন্নিবাস! জগদাধার! সৎ সৎ ব্যক্তং কার্য্যম্, অসৎ অব্যক্তং কারণং, তাভ্যাং পরমুৎকৃষ্টং যৎ, তৎ অক্ষরং ব্রহ্ম, ত্বমেব ॥৩৭॥

ভারতভাবদীপঃ

অন্তর্যামিন্! তব কীর্ত্ত্যা নামসংকীর্ত্তনেন জগৎ প্রহৃষ্যতি যত্তৎ স্থানে যুক্তম্। স্থানে ইত্যব্যয়ং যুক্তমিত্যর্থে। যচ্চ প্রকীর্ত্ত্যা জগদনুরজ্যতে তদপি স্থানে যুক্তম্। যচ্চ প্রকীর্ত্ত্যা রক্ষাংসি ভীতানি সন্তি দিশো দ্রবন্তি পলায়ন্তে তদপি স্থানে যুক্তম্। যচ্চ ত্বাং সর্ব্বে সিদ্ধসঙ্ঘাঃ কপিলাদীনাং সমুদায়া নমস্যন্তি তদপি স্থানে। অয়ং শ্লোকো রক্ষোঘ্নমন্ত্রত্বেন মন্ত্রশাস্ত্রে প্রসিদ্ধঃ, স চ নারায়ণাষ্টাক্ষরসুদর্শনাস্ত্রমন্ত্রাভ্যাং সংপুটিতো জপ্য ইতি রহস্যম্ ॥৩৬॥ কুতো মাং সিদ্ধসঙ্ঘা নমস্যন্তি যতস্তেঽপ্যহমিব ব্রহ্মাণ্ডশতানি স্রষ্টুমীশতে তত আহ—কস্মাদিতি। হে মহাত্মন্! কস্মাদ্ধেতোস্তে ত্বাং ন নমেয়ুরপি তু নমেয়ুরেব। তত্র হেতুঃ—গরীয়সে তেঽপি গুরবস্তথাপি ত্বমতিশয়িতো গুরুরিত্যর্থঃ। কুতো মহৈশ্বর্য্যবত্তেষাং মধ্যে চ সমানেঽপি সত্যসংকল্পত্বাদৌ সত্যতশ্চাহ—ব্রহ্মণো হিরণ্যগর্ভস্যাপি আদিকর্ত্রে পিতামহায় পঞ্চমহাভূতসৃষ্টিদ্বারা ব্রহ্মাণং সৃজতে ইত্যর্থঃ। জগদ্ব্যাপারবর্জ্জং প্রকরণাদসন্নিহিতত্বাচ্চেতি ন্যায়েন নিত্যসিদ্ধেশ্বরস্য তবাজ্ঞয়া তে সর্ব্বেঽপ্যৈশ্বর্য্যভাজো ভবন্তি ন তু স্বতন্ত্রাঃ অতএব হে অনন্ত! হে দেবানাম্ ঈশ! জগন্নিবাস! জগতামাশ্রয়ভূত! অক্ষরং শুদ্ধং ব্রহ্ম কীদৃশমক্ষরং যৎ সদসত্তৎপরং সচ্চ অসচ্চ সদসতী তাভ্যাং পরঞ্চ সদসত্তৎপরং কার্য্যং কারণং তচ্চ

অর্জ্জুন বলিলেন—"হৃষীকেশ! আপনার গুণকীর্ত্তনে জগতের লোক যে আনন্দিত ও অনুরক্ত হয়, রাক্ষসেরা ভীত হইয়া যে দিগ্‌বিদিকে পলায়ন করে এবং সিদ্ধপুরুষেরা যে নমস্কার করেন, সে সমস্তই সঙ্গত ॥৩৬॥

তাৎপর্য্য—আপনার গুণকীর্ত্তন শুনিয়া জগতের সৎ লোকেরা আনন্দিত ও অনুরক্ত হন এবং সিদ্ধপুরুষেরা নমস্কার করেন, আর অসৎ লোকেরা এবং রাক্ষসেরা আপনার ভয়ে (আপনি দুষ্টনিগ্রহ করেন বলিয়া) পলায়ন করে ॥৩৬॥

মহাত্মন্! আপনি ব্রহ্মারও সৃষ্টিকর্ত্তা; সুতরাং জগতের মধ্যে প্রধান গৌরবের পাত্র; অতএব সেই সিদ্ধপুরুষেরা আপনাকে নমস্কার করিবেন না কেন? হে অনন্ত! হে দেবেশ্বর! হে জগদাশ্রয়! কার্য্য-মহত্তত্ত্বপ্রভৃতি এবং কারণ—মূলপ্রকৃতি, সেই উভয় হইতেই যাহা উৎকৃষ্ট, সেই ব্রহ্মই আপনি ॥৩৭॥

ত্বমাদিদেবঃ পুরুষঃ পুরাণস্ত্বমস্য বিশ্বস্য পরং নিধানম্ ।
বেত্তাসি বেদ্যঞ্চ পরঞ্চ ধাম ত্বয়া ততং বিশ্বমনন্তরূপ ! ॥৩৮॥
বায়ুর্যমোঽগ্নির্বরুণঃ শশাঙ্কঃ প্রজাপতিস্ত্বং প্রপিতামহশ্চ ।
নমো নমস্তেঽস্তু সহস্রকৃত্বঃ পুনশ্চ ভূয়োঽপি নমো নমস্তে ॥৩৯॥

ভারতকৌমুদী

ভক্তিভূয়োদ্রেকাৎ স্তৌতি—ত্বমিতি। হে অনন্তরূপ! অশেষমূর্ত্তে! ত্বম্, আদিদেবঃ প্রথমো দ্যোতনশীলঃ, পুরুষো জীবঃ, পুরাণঃ সর্ব্বাপেক্ষয়া প্রাচীনঃ, ত্বম্, অস্য বিশ্বস্য জগতঃ, পরং প্রধানম্, নিধীয়তে অস্মিন্নিতি নিধানমাধারঃ, বেত্তা জ্ঞাতা, বেদ্যং জ্ঞেয়ং ব্রহ্ম, পরম্ অন্যৈরপ্রতিহতম্, ধাম তেজশ্চাসি, তথা ত্বয়া বিশ্বং জগৎ, ততং ব্যাপ্তম্ ॥৩৮॥

বায়ুরিতি। ত্বম্, বায়ুঃ, যমঃ, অগ্নিঃ, বরুণঃ, শশাঙ্কশ্চন্দ্রঃ। এতৎ সর্ব্বং দেবতান্তরাণামুপলক্ষণম্। প্রজাপতিঃ কশ্যপপ্রভৃতিঃ, প্রপিতামহঃ পিতামহস্যাপি পিতা। তথা চ কশ্যপঃ প্রজাপতিঃ, তস্য পিতা মরীচিঃ, মরীচেঃ পিতা ব্রহ্মা, ত্বন্তু তস্য ব্রহ্মণোঽপি পিতা, স্বনাভিকমলে উৎপাদনাৎ। অতএব তে, সহস্রকৃত্বঃ সহস্রবারং নমো নমঃ অস্তু। পুনশ্চ ভূয়োঽপি বহুলমেব তে নমো নমঃ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

ভয়াতীতং চেতি ত্রিবিধমিত্যর্থঃ ॥৩৭॥ পুনরপি স্তৌতি—ত্বমিতি। আদিদেবো জগতঃ স্রষ্টৃত্বাৎ পুরুষঃ সর্ব্বশরীরশায়ী পুরাণঃ শরীরনাশাদিনাপ্যবিনশ্যন্ বিশ্বস্যাস্য ত্বং পরং নিধানং নিধীয়তেঽস্মিন্নিতি লয়স্থানম্। সাংখ্যানাং জডাং প্রকৃতিং বারয়তি—বেত্তা জ্ঞাতা বেদ্যং তদ্দৃশ্যঞ্চ ত্বমেব, পরং বেত্তৃবেদ্যাভ্যামন্যৎ ধাম চৈতন্যম্। ত্বয়া বিশ্বং ততং ব্যাপ্তং স্বসত্তাস্ফূর্ত্তিভ্যাং হে অনন্তরূপ! ত্রিবিধপরিচ্ছেদশূন্যস্বরূপ! ॥৩৮॥ সর্ব্বদেবতাত্মত্বেন স্তৌতি—

তাৎপর্য্য—মহত্তত্ত্ব ও মূলপ্রকৃতির বিস্তৃত বিবরণ সাংখ্যদর্শনে দ্রষ্টব্য ॥৩৭॥

হে অনন্তরূপ! আপনি আদিদেব, আপনি পুরুষ, আপনি প্রাচীন, আপনি এই জগতের পরম আশ্রয়, আপনি জ্ঞাতা, আপনি জ্ঞেয়, আপনি মহাতেজ এবং আপনি জগৎ ব্যাপিয়া রহিয়াছেন ॥৩৮॥

তাৎপর্য্য—নিরতিশয় ভক্তি উৎপন্ন হওয়ায় অর্জ্জুন ব্রহ্মরূপে কৃষ্ণের স্তব করিলেন। আদিদেব—ব্রহ্মাদিদেবগণেরও পূর্ব্বে দ্যোতনশীল তেজোময়। পুরুশব্দের অর্থ—দেহ, দেহে যিনি অবস্থান করেন তিনি, অর্থাৎ জীব। পুরাণ সর্ব্বাপেক্ষা প্রাচীন। আকাশ যেমন গ্রহনক্ষত্রাদির আশ্রয়, আপনিও সেইরূপ জগতের আশ্রয়। বেত্তা জ্ঞাতা নৈয়ায়িকের মতে জ্ঞানের আশ্রয় আত্মা। বেদ্য মুমুক্ষুগণের জ্ঞেয় পরব্রহ্ম। পরম ধাম মহাতেজ এবং আপনি সৎ ও চিৎ রূপে জগৎ ব্যাপিয়া রহিয়াছেন ॥৩৮॥

আপনি বায়ু, আপনি যম, আপনি অগ্নি, আপনি বরুণ, আপনি চন্দ্র, আপনি প্রজাপতি এবং আপনি প্রপিতামহ, অতএব সহস্রবার আপনাকে নমস্কার করি আবার বহুবার আপনাকে নমস্কার করি ॥৩৯॥

নমঃ পুরস্তাদথ পৃষ্ঠতস্তে নমোঽস্তু তে সর্ব্বত এব সর্ব্ব ।
অনন্তবীর্য্যামিতবিক্রমস্ত্বং সর্ব্বং সমাপ্নোষি ততোঽসি সর্ব্বঃ ॥৪০॥
সখেতি মত্বা প্রসভং যদুক্তং হে কৃষ্ণ ! হে যাদব ! হে সখেতি ।
অজানতা মহিমানং তবেদং ময়া প্রমাদাৎ প্রণয়েন বাপি ॥৪১॥

ভারতকৌমুদী

নম ইতি। হে সর্ব্ব সর্ব্বময়! তে তুভ্যম্, পুরস্তাদগ্রতো নমঃ, অথ অনন্তরম্, পৃষ্ঠতো নমঃ, অথ সর্ব্বতঃ সর্ব্বাস্বেব দিক্ষু, তে তুভ্যং নমোঽস্তু। হে অনন্তবীর্য্য! অসীমশক্তে! ত্বমমিতবিক্রমঃ, তথা সর্ব্বং জগৎ, সমাপ্নোষি সম্যগ্ব্যাপ্নোষি, ততঃ কারণাদেব সর্ব্বোঽসি সর্ব্ব ইত্যুচ্যসে ॥৪০॥

ইদানীং স্বাগমনং কৃতপূর্ব্বমপরাধং ক্ষময়তি দ্বাভ্যাং যুগ্মকেন। সখেতি। হে অচ্যুত! স্বভাবাদভ্রষ্ট! তব মহিমানম্ ইদং বিশ্বরূপঞ্চ, অজানতা ময়া, প্রমাদাৎ অনবধানতাবশাৎ, প্রণয়েন সৌহার্দ্দেন বাপি, ত্বং মে সখা ইতি মত্বা, প্রসভং বলেন, 'হে কৃষ্ণ! হে যাদব! হে সখে!' ইতি ইত্থং যদুক্তম্, বিহারো ভ্রমণং শয্যা শয়নম্ আসনমুপবেশনং ভোজনঞ্চ তেষু,

ভারতভাবদীপঃ

বায়ুরিতি। প্রজাপতির্দক্ষাদিশ্চতুর্ম্মুখো বা, প্রপিতামহশ্চতুর্ম্মুখপিতা ॥৩৯॥ হে অনন্তবীর্য্য! যতঃ সর্ব্বং সমাপ্নোষি একীভাবেনাসম্যগ্ব্যাপ্নোষি ততো হেতোঃ সর্ব্ব ইতি তব নাম। পুরস্তাৎ কর্ম্মণামাদৌ। পৃষ্ঠতস্তেষাং সমাপ্তৌ। সর্ব্বতো মধ্যেঽপি তে নমোঽস্তু ॥৪০॥

তাৎপর্য্য—এখানে বায়ুপ্রভৃতি শব্দ সকল দেবতার উপলক্ষণ। প্রজাপতি—কশ্যপ, তাঁহার পিতা—মরীচি, মরীচির পিতা—ব্রহ্মা এবং ব্রহ্মার পিতা—নারায়ণ; সুতরাং নারায়ণ কশ্যপের প্রপিতামহ ॥৩৯॥

হে সর্ব্বস্বরূপ! সম্মুখে আপনাকে নমস্কার, পৃষ্ঠে আপনাকে নমস্কার এবং সকল দিকেই আপনাকে নমস্কার করি। হে অনন্তবীর্য্য! আপনার বিক্রমও অপরিমিত; আর আপনি সকল ব্যাপিয়া রহিয়াছেন, সেই জন্যই 'সর্ব্ব' হইয়াছেন ॥৪০॥

তাৎপর্য্য—এস্থানে অর্জ্জুন নিরতিশয় ভক্তিনিবন্ধন বিহ্বল হইয়া এইরূপ বলিতেছেন ॥৪০॥

ভগবন্! আমি আপনার মহিমা কিংবা এই বিশ্বরূপের বিষয় জানিতাম না, তাই অনবধানতানিবন্ধন বা সৌহার্দ্দবশতঃ সখা মনে করিয়া বলপূর্ব্বক (আপনার প্রতি) 'হে কৃষ্ণ! হে যাদব! হে সখে!' এইরূপ যে সকল কথা বলিয়াছি; অথবা ভ্রমণ, শয়ন, উপবেশন এবং ভোজনের সময়ে একাকী

তাৎপর্য্য—নাম ধরিয়া ডাকা, কিংবা সখা বলিয়া সম্বোধন করা, অথবা পরিহাস ও অনাদর করা—এগুলি নিম্ন লোক বা সমান লোকের উপরেই হইতে পারে; কিন্তু মহাগৌরবের

---

(৪১)... মহিমানং তবেমং—ইতি শঙ্করসম্ভাবিতঃ পাঠঃ।

যচ্চাবহাসার্থমসৎকৃতোঽসি বিহারশয্যাসনভোজনেষু ।
একোঽথবাপ্যচ্যুত । তৎসমক্ষং তৎ ক্ষাময়ে ত্বামহমপ্রমেযম্ ॥৪২॥
(যুগ্মকম্)

পিতাসি লোকস্য চরাচরস্য ত্বমস্য পূজ্যশ্চ গুরুর্গরীযান্ ।
ন ত্বৎসমোঽস্ত্যভ্যধিকঃ কুতোঽন্যো লোকত্রয়েঽপ্যপ্রতিমপ্রভাব ! ॥৪৩॥

ভাবতকৌমুদী

একঃ ত্বমেকঃ, অথবাপি তেষাং সখ্যন্তরাণাং সমক্ষম্, অবহাসার্থং পরিহাসার্থম্, যচ্চ, অসৎকৃতঃ সাধারণবয়স্যজ্ঞানেন অবজ্ঞাতোঽসি, অহমিদানীম্, অপ্রমেযম্ ইদন্তযা প্রমাতুং জ্ঞাতুমশক্যং ত্বাম্, তৎ সর্ব্বম্, ক্ষাময়ে মর্ষয়ামি। পূর্ব্বত্র সখেতি সন্ধিরার্ষঃ, অত্র চ ক্ষাময ইতি দীর্ঘত্বমার্ষম্ ॥৪১—৪২॥

নম্ন বস্তুতঃ সখ্যাবেব ময়ি তাদৃশব্যবহারে কো দোষঃ, যেন ক্ষমাং প্রার্থযসীত্যাহ—পিতেতি। অপ্রতিমো নিরুপমঃ প্রভাবো মহিমা যস্য সঃ অপ্রতিমপ্রভাবঃ। হে অপ্রতিমপ্রভাব! ত্বম্, অস্য চরাচরস্য জঙ্গমস্থাবরাত্মকস্য, লোকস্য জগতঃ, পিতা জনকোঽসি, অতএব পূজ্যঃ সর্ব্বেষামেব পূজনীয়োঽসি, গুরুঃ উপদেষ্টাসি, গরীয়ান্ সর্ব্বৈরেব প্রকারৈঃ সর্ব্বেভ্য এব জনেভ্যো গুরুতরশ্চাসি। তেন চ লোকত্রয়েঽপি ত্বৎসম এব জনো নাস্তি, কুতঃ

এব জনেভ্যো গুরুতরশ্চাসি। তেন চ লোকত্রয়েঽপি ত্বৎসম এব জনো নাস্তি ; কুতঃ

অন্যো জনঃ, ত্বত্তঃ অভ্যধিকঃ স্যাৎ কুতোঽপি নেত্যর্থঃ। অতএব ত্বয়ি মে বয়স্যবদ্ব্যবহারো দোষ এবেতি ভাবঃ ॥৪৩॥

ভাবতভাবদীপঃ

এবং স্তুত্বা স্বাপরাধান্ ক্ষমাপযতে—সখেতীতি। অযং মম সখা ইতি মত্বা প্রসভং স্বোৎকর্ষাবিষ্করণপূর্ব্বকং যন্ময়া উক্তং হে কৃষ্ণ! হে যাদব। হে সখে! ইতি ইতিশব্দেন সন্ধিরার্ষঃ। কৃত উক্তং তবেদমেবংবিধং মহিমানং মাহাত্ম্যম্ অজানতা কদাচিৎ প্রমাদাচ্চিত্তবিক্ষেপাৎ কদাচিৎ প্রণয়েন স্নেহেন চ ॥৪১॥ তথা যচ্চ অবহাসার্থং বিহারাদিষসৎকৃতোঽসি পরিভূতোঽসি। একো বা সখীনাং নিয়োগকালে বা তৎসমক্ষং সখিজনসমক্ষং বাসৎকৃতোঽসি তৎ ক্ষাময়ে ক্ষমাপযে যতস্ত্বমপ্রমেয়োঽচিন্ত্যস্বভাবঃ করুণাপরঃ। যতঃ শত্রুভ্যোঽপি শিশুপালাদিভ্য উত্তমাং গতিং দত্তবানসীত্যর্থঃ ॥৪২॥ অপ্রমেযত্বমেবাহ—পিতাসীতি। যতস্ত্বমস্মাকং পিতাসি অতোঽস্মাভিঃ শিশুভিঃ কৃতা অপরাধাস্ত্বযা ক্ষন্তব্যা এবেতি ভাবঃ ॥৪৩॥

আপনার প্রতি কিংবা অন্যান্য সখাদের সমক্ষে আপনাকে পরিহাস করিবার জন্য যে অবজ্ঞা করিযাছি, এখন আমি আপনার নিকট সেই সকল অপরাধের নিমিত্ত ক্ষমা প্রার্থনা করিতেছি। কেন না, আপনার মহিমা অজ্ঞেয ॥৪১—৪২॥

পাত্রের উপরে কখনও হইতে পারে না ; তথাপি সেইরূপ ব্যবহার করায় আমার গুরুতর অপরাধ হইয়াছে, সেই জন্যই ক্ষমা প্রার্থনা করিতেছি ॥৪১—৪২॥

হে নিরুপমপ্রভাব! নারাযণ! আপনি এই চরাচর জগতের পিতা, সকলেরই পূজনীয ও উপদেষ্টা এবং সর্ব্বাপেক্ষাই অধিক গৌরবের পাত্র ; সুত-

ন বেদযজ্ঞাধ্যয়নৈর্ন দানৈর্ন চ ক্রিয়াভির্ন তপোভিরুগ্রৈঃ।
এবংরূপঃ শক্য অহং নৃলোকে দ্রষ্টুং ত্বদন্যেন কুরুপ্রবীর! ॥৪৮॥
মা তে ব্যথা মা চ বিমূঢ়ভাবো দৃষ্ট্বা রূপং ঘোরমীদৃঙ্‌মমেদম্।
ব্যপেতভীঃ প্রীতমনাঃ পুনস্ত্বং তদেব মে রূপমিদং প্রপশ্য ॥৪৯॥

ভারতকৌমুদী

নেতি। হে কুরুপ্রবীর। কৌরবগণমধ্যে প্রধানবীর! নৃলোকে মনুষ্যলোকে, ত্বদন্যেন জনেন, এবংরূপ ঈদৃগ্বিশ্বরূপধারী অহম্, বেদা উপনিষদঃ যজ্ঞা যজ্ঞাদিক্রিয়াবোধকাঃ "অগ্নিহোত্রং জুহোতি" ইত্যাদয়ো বেদভাগাশ্চ তেষামধ্যয়নৈর্ন, তুলাপুরুষাদীনাং দানৈর্ন, অগ্নিহোত্রাদিভিঃ ক্রিয়াভির্ন, উগ্রৈর্ভয়ঙ্করৈঃ পরাকাদিভিস্তপোভিরপি ন দ্রষ্টুং শক্যঃ। অত্র শক্য অহমিতি বিসর্গলোপ আর্ষঃ ॥৪৮॥

মেতি। হে অর্জ্জুন! ঈদৃগ্‌ঘোরম্ ইদং মম রূপং দৃষ্ট্বা স্থিতস্য তে তব, ব্যথা ভয়পীড়া মা ভূৎ, বিমূঢ়ভাবো মোহশ্চ মা ভূৎ। কিন্তু ত্বম্, ব্যপেতভীঃ অপগতভয়ঃ, প্রীতমনাশ্চ সন্, পুনরপি, তদেবেদং মে রূপং কৃষ্ণমূর্ত্তিম্, প্রপশ্য প্রকর্ষেণাবলোকয় ॥৪৯॥

ভারতভাবদীপঃ

পরং রূপং দর্শিতম্ আত্মযোগাৎ স্বসামর্থ্যাৎ করুণয়া ন তু তব দর্শনেঽধিকারোঽস্তি। তথা চ প্রাগুক্তম্ "কর্ম্মণ্যেবাধিকারস্তে" ইতি। তেজোময়ং চিদ্রূপং দিব্যং বিশ্বং বিশ্বাত্মকম্ আদ্যমনাদি অনন্তঞ্চ যৎ রূপং ত্বদন্যেন কদাচিদপি ন পূর্ব্বং দৃষ্টং দৃষ্টপূর্ব্বম্ ॥৪৭॥ যোগৈকগম্যমেতৎ কর্ম্মিণাং দুষ্প্রাপমিত্যাহ—ন বেদেতি। বেদানাং যজ্ঞানাং চাধ্যয়নৈরধিগমৈঃ ন চ দানৈর্ন চ ক্রিয়াভিঃ শ্বত্যুক্তাভিবাপূর্ত্তাদিভির্বাপীকূপারামাদিভিস্তপোভিঃ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদ্যৈঃ উগ্রৈর্মাসোপবাসাদ্যৈঃ নৃলোকে এবংরূপোঽহং দ্রষ্টুং ন শক্যঃ, রোরুত্বাভাব আর্ষঃ। ত্বদন্যেন কুরুপ্রবীর! ॥৪৮॥ ইদমতিদুর্লভদর্শনং রূপং দৃষ্ট্বাপি চেদ্ব্যথসে তর্হি উপসংহরামীদমিত্যা-

---

কৃষ্ণ বলিলেন—"অর্জ্জুন! আমি তোমার প্রতি প্রসন্ন হইয়া নিজের অণিমা-প্রভৃতি ঐশ্বর্য্যের প্রভাবে এই তেজোময়, অবিনশ্বর ও আদিম উত্তম বিশ্বরূপ তোমাকে দেখাইলাম, আমার যে বিশ্বরূপ তুমি ভিন্ন অপর কেহই পূর্ব্বে দেখিতে পায় নাই ॥৪৭॥

তাৎপর্য্য—অর্জ্জুন! তুমি অত্যন্ত পুণ্যবান্ বলিয়া আমার এই বিশ্বরূপ দেখিতে পাইলে। কেন না, এই রূপ পাঞ্চভৌতিক নহে—তেজোময়, ইহার নাশ নাই এবং এইরূপ সৃষ্টির পূর্ব্বেও ছিল; সুতরাং ইহাই আমার বাস্তবিক রূপ ॥৪৭॥

কুরুপ্রবীর! মনুষ্যলোকে তুমি ভিন্ন অন্য কেহই বেদপাঠ, যজ্ঞশাস্ত্রাধ্যয়ন, দান, ক্রিয়া এবং ভয়ঙ্কর তপস্যাদ্বারাও এই বিশ্বরূপধারী আমাকে দেখিতে সমর্থ হয় না ॥৪৮॥

তাৎপর্য্য—আমার উপরে যাহার অচলা ভক্তি থাকে, সেই ব্যক্তিই আমার এই রূপ দেখিতে পারে; সুতরাং তোমারও অচলা ভক্তি আছে বলিয়াই তুমি দেখিতে পাইলে ॥৪৮॥

সঞ্জয় উবাচ ।

ইত্যর্জ্জুনং বাসুদেবস্তথোক্ত্বা স্বকং রূপং দর্শয়ামাস ভূয়ঃ ।
আশ্বাসয়ামাস চ ভীতমেনং ভূত্বা পুনঃ সৌম্যবপুর্মহাত্মা ॥৫০॥

অর্জ্জুন উবাচ ।

দৃষ্ট্বেদং মানুষং রূপং তব সৌম্যং জনার্দ্দন ! ।
ইদানীমস্মি সংবৃত্তঃ সচেতনাঃ প্রকৃতিং গতঃ ॥৫১॥

ভাবতকৌমুদী

ইতীতি। মহাত্মা পরমকারুণিকঃ, বাসুদেবঃ কৃষ্ণঃ, অর্জ্জুনম্, ইতি পূর্ব্বোক্তপ্রকারমুক্ত্বা, ভূয়ঃ পুনরপি, তথা পূর্ব্ববৎ, স্বকং স্বকীযম, রূপং কৃষ্ণমূর্ত্তিম্, দর্শয়ামাস। পুনস্তথা সৌম্যবপুঃ শান্তমূর্ত্তিঃ কৃষ্ণো ভূত্বা চ, ভীতমেনমর্জ্জুনম্, আশ্বাসযামাস মধুরবচনেন নির্ভযং চকার ॥৫০॥

দৃষ্ট্বেতি। হে জনার্দ্দন। ইদং তব সৌম্যং শান্তম্, মানুষম্ভেদং মানুষম্, রূপং প্রাচীনাং কৃষ্ণমূর্ত্তিম্, দৃষ্ট্বা, ইদানীম্, সচেতাঃ প্রাপ্তচিত্তস্থৈর্য্যঃ, অতএব প্রকৃতিং গতঃ স্বাভাবিকাবস্থাং প্রাপ্তঃ, সংবৃত্তঃ সংজাতোঽস্মি ॥৫১॥

ভাবতভাবদীপঃ

শয়েনাহ—মা তে ইতি। মমেদম্ ঈদৃক্ ঘোরং রূপং দৃষ্ট্বা তে তব ব্যথা মা ভূদিতি শেষঃ। বিমূঢ়ভাবো মোহশ্চ তে মা ভূৎ ব্যপেতভীর্নির্ভয়ঃ প্রীতমনাশ্চ পুনস্ত্বং ভূত্বা তদেব যত্তয়া দ্রষ্টুং প্রার্থিতং মে মমেদং রূপং প্রপশ্য ॥৪৯॥ সঞ্জয় উবাচ—ইতীতি। বাসুদেবোঽর্জ্জুনং প্রতি ইতি পূর্ব্বোক্তরীত্যা উক্ত্বা যথা পূর্ব্বমাসীত্তথা স্বকং মানুষং রূপং ভূয়ঃ পুনর্দর্শযামাস। যদর্জ্জুনেন প্রার্থিতং চতুর্ভুজং ধারণাবিষযং রূপং তদপি তিরোদধে ইত্যর্থঃ। তথা মহাত্মা ব্যাপকোঽপি সন্ সৌম্যবপুরনুগ্রদেহো ভূত্বা ভীতমেনমাশ্বাসযামাস চ ॥৫০॥ ততো নির্ভযঃ সন্নর্জ্জুন উবাচ—দৃষ্ট্বেতি। সচেতা অব্যাকুলঃ প্রকৃতিং গতঃ স্বাস্থ্যং প্রাপ্তঃ সংবৃত্তো

অর্জ্জুন। আমার এইরূপ ভযঙ্কর এই মূর্ত্তি দেখিযা তোমার যেন কোন বেদনা বা মোহ হয় না। তুমি এখন নির্ভয় ও সন্তুষ্টচিত্ত হইযা পুনরায আমার সেই কৃষ্ণ-রূপই এই দর্শন কর” ॥৪৯॥

তাৎপর্য্য—অর্জ্জুন! তুমি মহাবীর; সুতরাং আমার এই ভীষণ মূর্ত্তি দেখিয়া তোমার ভয় বা মোহ হওয়া সঙ্গত নহে ॥৪৯॥

সঞ্জয় বলিলেন—“মহাদয়ালু কৃষ্ণ অর্জ্জুনকে এইরূপ বলিয়া পুনরায় পূর্ব্বের ন্যায স্বকীয় রূপ দেখাইলেন এবং তিনি পুনরায শান্তমূর্ত্তি (কৃষ্ণ) হইয়া ভীত অর্জ্জুনকে আশ্বস্ত করিলেন” ॥৫০॥

তাৎপর্য্য—ভগবান্ যেমন অত্যন্ত দয়ালু, তেমন ভক্তের অধীন; সুতরাং অসাধারণ ভক্ত অর্জ্জুন ভীত হইয়াছেন এবং আবার কৃষ্ণমূর্ত্তি দেখিতে চাহিযাছেন, তাই ভগবান্ দয়া করিয়া অর্জ্জুনকে কৃষ্ণমূর্ত্তি দেখাইলেন এবং আশ্বাস দিলেন ॥৫০॥

শ্রীভগবানুবাচ।

সুদুর্দ্দর্শমিদং রূপং দৃষ্টবানসি যন্মম।
দেবা অপ্যস্য রূপস্য নিত্যং দর্শনকাঙ্ক্ষিণঃ ॥৫২॥
নাহং বেদৈর্ন তপসা ন দানেন ন চেজ্যয়া।
শক্য এবংবিধো দ্রষ্টুং দৃষ্টবানসি মাং যথা ॥৫৩॥

ভারতকৌমুদী

সুদুর্দ্দর্শমিতি। হে অর্জ্জুন! ত্বং মম যৎ রূপং দৃষ্টবানসি, ইদং রূপং সুদুর্দ্দর্শম্ অত্যায়াসেনাপি দ্রষ্টুমশক্যম্। যেন হি, দেবা অপি, নিত্যং সর্ব্বদৈব, অস্য রূপস্য দর্শনকাঙ্ক্ষিণো বর্ত্তন্তে, ন তু দদৃশুঃ ন পশ্যন্তি ন বা দ্রক্ষ্যন্তি চ, তবেব তেষাং পুণ্যাভাবাদিতি ভাবঃ ॥৫২॥

উক্তমপ্যর্থং বিশ্বরূপদর্শনস্য পরমদুর্লভত্বজ্ঞাপনায় পুনরপ্যাহ—নেতি। হে অর্জ্জুন! ত্বং যথা বিশ্বরূপবিশিষ্টং মাং দৃষ্টবানসি, এবংবিধঃ অহম্ বেদৈর্বেদপাঠৈর্ন, তপসা চান্দ্রায়ণাদ্যনুষ্ঠানাত্মকবৈধক্লেশেন ন, ভূহিরণ্যাদীনাং দানেন ন, ইজ্যয়া অগ্নিহোত্রাদিনা যজ্ঞেন চ ন দ্রষ্টুং কেনাপি শক্যঃ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

জাতোঽস্মি ॥৫১॥ অস্য বিশ্বরূপদর্শনস্য দৌর্লভ্যং দর্শয়ন্ শ্রীভগবানুবাচ—সুদুর্দ্দর্শমিতি। দর্শনকাঙ্ক্ষিণঃ দর্শনং কাঙ্ক্ষন্তে এব ন তু লভন্তে ॥৫২॥ নাহমিতি। ন বেদযজ্ঞাধ্যয়নৈরিত্যনেনোক্ত এবার্থঃ পুনরুচ্যতে বিশ্বরূপদর্শনস্যাতিদৌর্লভ্যসূচনায়। স্পষ্টার্থশ্চ শ্লোকঃ

অর্জ্জুন বলিলেন—"কৃষ্ণ! আমি তোমার এই সৌম্য মানুষমূর্ত্তি দেখিয়া এখন প্রাপ্তচিত্ত ও প্রকৃতিস্থ হইযাছি" ॥৫১॥

তাৎপর্য্য—ভগবান্ যেই কৃষ্ণমূর্ত্তি হইলেন, অমনি তাঁহার মায়ায় অর্জ্জুনের সেই সখিভাব উপস্থিত হইল, তাই তিনি আবার 'তুমি' 'তোমার' ইত্যাদি বয়স্যোচিত ভাষা ব্যবহার করিতে লাগিলেন। সচেতাঃ—পূর্ব্বে আমার মন ভয়ে উড়িয়া গিয়াছিল, এখন আশ্বস্ত হওয়ায় আবার তাহা পাইয়াছি ॥৫১॥

কৃষ্ণ বলিলেন—"অর্জ্জুন! তুমি আমার যে রূপ দেখিলে, তাহা দর্শন করা অন্য মানুষের পক্ষে অতি দুষ্কর। কারণ, দেবতারাও সর্ব্বদাই এই রূপ দর্শন করিবার আকাঙ্ক্ষা করিয়া থাকেন ॥৫২॥

তাৎপর্য্য—'দর্শনকাঙ্ক্ষিণঃ' ইহাতে ইহাই বুঝা গেল যে, দেবতারাও পূর্ব্বে এরূপ দেখেন নাই, এখন দেখিতে পাইতেছেন না, ভবিষ্যতেও দেখিতে পাইবেন না। কারণ, সেরূপ পুণ্য তাঁহাদেরও নাই ॥৫২॥

অর্জ্জুন! তুমি আমাকে যে রূপে দেখিলে, এ রূপে অন্য কেহই বেদপাঠ, তপস্যা, দান বা যজ্ঞদ্বারা আমাকে দেখিতে সমর্থ হয় না ॥৫৩॥

তাৎপর্য্য—এই বিশ্বরূপ দর্শন করা অতিদুর্লভ—ইহা বুঝাইবার জন্যই উক্ত বিষয় আবার বলা হইল ॥৫৩॥

ভক্ত্যা ত্বনন্যয়া শক্য অহমেবংবিধোঽর্জ্জুন ! ।
জ্ঞাতুং দ্রষ্টুঞ্চ তত্ত্বেন প্রবেষ্টুঞ্চ পরন্তপ ! ॥৫৪॥
মৎকর্ম্মকৃন্মৎপরমো মদ্ভক্তঃ সঙ্গবর্জ্জিতঃ ।
নির্বৈরঃ সর্ব্বভূতেষু যঃ স মামেতি পাণ্ডব ! ॥৫৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতাপর্ব্বণি পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥
গীতাযাস্তু একাদশোঽধ্যাযঃ ॥০॥

—ঃ*ঃ—

ভাবতকৌমুদী

তর্হি কেনোপায়েন ত্বমেবংবিধো দ্রষ্টুং শক্য ইত্যাহ—ভক্ত্যেতি। তুশব্দঃ পূর্ব্বোক্তোপায়ভেদদ্যোতনার্থঃ। হে পরন্তপ! কামাদিশত্রুতাপন! অর্জ্জুন! ন বিদ্যতে অন্যো বিষয়ো যস্যাস্তযা অনন্যগামিন্যেত্যর্থঃ, ভক্ত্যা অনুরক্ত্যা, এবংবিধো বিশ্বরূপবান্ অহম্, তত্ত্বেন যাথার্থ্যেন, জ্ঞাতুং শাস্ত্রশ্রবণাদিনা বোদ্ধুম্, দ্রষ্টুং মননিদিধ্যাসনাভ্যাং সাক্ষাৎ কর্ত্তুঞ্চ, প্রবেষ্টুং জ্ঞানেন মৎসাযুজ্যং লব্ধুঞ্চ শক্যঃ। অত্রাপি শক্য অহমিতি বিসর্গলোপ আর্ষঃ ॥৫৪॥

অহং যোৎস্যামি মিষতঃ সংযুগে ধৃতবাষ্ট্রজান্ ।
যুষ্মদর্থং মহাবাজ ! যদি মাং বৃণুষেঽনঘ ! ॥৯১॥

ভারতকৌমুদী

নেতি। ত্যক্তাস্ত্যাগাযোগ্যমিতাঃ প্রাণা যেন তম্, বিদ্ধি জানীহি ॥৮৭॥
তদিতি। যুধিষ্ঠিবপুবোগৈর্যুধিষ্ঠিবপ্রভৃতিভিঃ। সঙ্গতো মিলিতঃ ॥৮৮॥
অথেতি। প্রাক্রোশৎ উচ্চৈরুক্তবান্। সাহ্যকাবণাৎ মৎসাহায্যার্থম্ ॥৮৯॥
অথেতি। যুযুৎসুর্নাম কশ্চিদ্ধৃতবাষ্ট্রস্য অসবর্ণায়াং স্ত্রিযাং জাতঃ পুত্রঃ ॥৯০॥
অহমিতি। মিষতঃ পশ্যতঃ, সংযুগে যুদ্ধে ॥৯১॥

কর্ণ। আপনি যদি উভয় পক্ষকেই সমান দেখেন, কিংবা যদি দুর্য্যোধনের সাহায্য করা কর্ত্তব্য মনে করেন, তবে ভীষ্ম নিহত হইলে আবার দুর্য্যোধনের পক্ষে যুদ্ধে আসিবেন” ॥৮৬॥

কর্ণ বলিলেন—“কৃষ্ণ ! আমি দুর্য্যোধনের অপ্রিয় কার্য্য করিব না। কারণ, আমি দুর্য্যোধনের হিতৈষী; সুতরাং আপনি জানিয়া রাখুন যে, আমি দুর্য্যোধনের জন্যই প্রাণত্যাগে উদ্যত রহিয়াছি” ॥৮৭॥

সঞ্জয় বলিলেন—“ভরতনন্দন ! কৃষ্ণ কর্ণের সেই কথা শুনিয়া ফিরিয়া আসিলেন এবং যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবগণের সহিত মিলিত হইলেন ॥৮৮॥

তাহার পর যুধিষ্ঠির সৈন্যগণের মধ্যে উচ্চস্বরে বলিলেন—“যিনি আমাদিগকে গ্রহণ করিবেন, আমার সাহায্যের জন্য আমি তাহাকে গ্রহণ করিব” ॥৮৯॥

তৎপরে যুযুৎসু সন্তুষ্ট হইয়া পাণ্ডবগণের প্রতি দৃষ্টিপাত করিয়া কুন্তীনন্দন ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥৯০॥

---

(৯১) অহং যোৎস্যামি ভবতঃ—বা ব বা নি।

যুধিষ্ঠির উবাচ।

এহেহি সর্ব্বে যোৎস্যামস্তব ভ্রাতৄনপণ্ডিতান্।
যুযুৎসো! বাসুদেবশ্চ বয়ঞ্চ ক্রম সর্ব্বশঃ ॥৯২॥
বৃণোমি ত্বাং মহাবাহো! যুধ্যস্ব মম কারণাৎ।
ত্বয়ি পিণ্ডশ্চ তন্তুশ্চ ধৃতরাষ্ট্রস্য দৃশ্যতে ॥৯৩॥
ভজস্বাস্মান্ রাজপুত্র! ভজমানান্ মহাদ্যুতে!।
ন ভবিষ্যতি দুর্বুদ্ধির্ধার্ত্তরাষ্ট্রোঽত্যমর্ষণঃ ॥৯৪॥

সঞ্জয় উবাচ।

ততো যুযুৎসুঃ কৌরব্যান্ পরিত্যজ্য সুতাংস্তব।
জগাম পাণ্ডুপুত্ত্রাণাং সেনাং বিশ্রাব্য দুন্দুভিম্ ॥৯৫॥

ভারতকৌমুদী

এহীতি। ক্রম ইতি বিসর্গলোপ আর্ষঃ, সর্ব্বশঃ সর্ব্বে ॥৯২॥

বৃণোমীতি। পিণ্ডঃ শ্রাদ্ধম্, তন্তুর্বংশসূত্রম্, অন্যেষাং মরণাবশ্যম্ভাবাৎ ॥৯৩॥

ভজস্বেতি। ন ভবিষ্যতি ন স্থাস্যতি মরিষ্যতীত্যর্থঃ, ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ ॥৯৪॥

তত ইতি। কৌরবপক্ষস্থিতৌ অসৎপক্ষাশ্রয়ণং মৃত্যুরবশ্যম্ভাবী জীবনেঽপ্যসবর্ণাপুত্ত্রতয়া রাজ্যাপ্রাপ্তিরবজ্ঞা চ, পাণ্ডবপক্ষগতৌ তু সৎপক্ষাশ্রয়ণং জীবনসম্ভাবনা চিরসম্মানঞ্চেতি

ভারতভাবদীপঃ

প্রবৃষ্টান্ ॥৭৩—৮৯॥ ইদং বক্ষ্যমাণবচনং যুধিষ্ঠিরং প্রত্যব্রবীৎ ॥৯০॥ ভবতঃ ভবৎসম্বন্ধী। মিরত ইতি পাঠে পশ্যতস্তবেতি শেষঃ ॥৯১—৯২॥ তন্তুঃ সন্ততিঃ পিণ্ডঃ পিতৃবজ্ঞঃ, অন্যে সর্ব্বে মরিষ্যন্তীতি ভাবঃ ॥৯৩॥ ভজস্বেতি অভজমানঃ সর্ব্বোঽপি ধৃতরাষ্ট্রপুত্ত্রো ন ভবিষ্যতি

"নিষ্পাপ মহারাজ। আপনি যদি আমাকে গ্রহণ করেন, তবে আমি আপনাদের জন্য সমরাঙ্গনে দর্শনকারী ধার্ত্তরাষ্ট্রগণের সহিত যুদ্ধ করিব" ॥৯১॥

যুধিষ্ঠির বলিলেন—'যুযুৎসু! এস এস, আমরা সকলে তোমার মূর্খ ভ্রাতৃগণের সহিত যুদ্ধ করিব। কৃষ্ণ ও আমরা সকলে মিলিত হইয়াই একথা বলিতেছি ॥৯২॥

মহাবাহু! আমি তোমাকে গ্রহণ করিলাম, তুমি আমার জন্য যুদ্ধ কর; ধৃতরাষ্ট্রের পিণ্ড ও বংশরক্ষা তোমাতেই দেখা যাইতেছে ॥৯৩॥

মহাতেজা রাজপুত্র! আমরা তোমাকে অবলম্বন করিলাম, তুমিও আমাদিগকে অবলম্বন কর; অত্যন্ত অসহিষ্ণু ও দুর্বুদ্ধি দুর্য্যোধন থাকিবে না" ॥৯৪॥

---

(৯৩)…ত্বয়ি তন্তুশ্চ পিণ্ডশ্চ ·পি।

ততো যুধিষ্ঠিরো রাজা সম্প্রহৃষ্টঃ সহানুজঃ।
জগ্রাহ কবচং ভূয়ো দীপ্তিমৎ কনকোজ্জ্বলম্ ॥৯৬॥
প্রত্যপদ্যন্ত তে সর্ব্বে স্বরথান্ পুরুষর্ষভাঃ।
ততো ব্যূহং যথাপূর্ব্বং প্রত্যব্যূহন্ত তে পুনঃ ॥৯৭॥
অবাদয়ন্ দুন্দুভীংশ্চ শতশশ্চৈব পুষ্করান্।
সিংহনাদাংশ্চ বিবিধান্ বিনেদুঃ পুরুষর্ষভাঃ ॥৯৮॥
রথস্থান্ পুরুষব্যাঘ্রান্ পাণ্ডবান্ প্রেক্ষ্য পার্থিবাঃ।
ধৃষ্টদ্যুম্নাদয়ঃ সর্ব্বে পুনর্জহৃষিরে তদা ॥৯৯॥
গৌরবং পাণ্ডুপুত্রাণাং মান্যান্ মানয়তাঞ্চ তান্।
দৃষ্ট্বা মহীক্ষিতস্তত্র পূজয়াঞ্চক্রিরে ভৃশম্ ॥১০০॥

ভারতকৌমুদী

পর্য্যালোচ্য যুযুৎসুঃ পাণ্ডবপক্ষং গত ইতি। দুন্দুভিং দুন্দুভিধ্বনিম্, বিশ্রাব্য কৌরব্যানেব বিশেষেণ শ্রাবয়িত্বা ॥৯৫॥

তত ইতি। সম্প্রহৃষ্টঃ, যুযুৎসোঃ প্রাপ্তেরেব ॥৯৬॥

প্রতীতি। প্রত্যপদ্যন্ত প্রাপ্নুবন্ত, তে পাণ্ডবাঃ কৃষ্ণশ্চ ॥৯৭॥

অবাদয়ন্নিতি। পুষ্করান্ তদানীন্তনান্ বাদ্যবিশেষান্। বিনেদুশ্চক্রুঃ ॥৯৮॥

রথস্থানিতি পার্থিবা বিরাটাদয়ঃ। জহৃষিরে আনন্দুঃ ॥৯৯॥

গৌরবমিতি। তান্ ভীষ্মাদীন্। পূজয়াঞ্চক্রিরে পাণ্ডুপুত্রানেব প্রশশংসুঃ ॥১০০॥

সঞ্জয় বলিলেন—"মহারাজ! তাহার পর যুযুৎসু আপনার পুত্রগণকে পরিত্যাগ করিয়া এবং তাঁহাদিগকে দুন্দুভিধ্বনি শুনাইয়া পাণ্ডবসৈন্যমধ্যে গমন করিলেন ॥৯৫॥

তদনন্তর। রাজা যুধিষ্ঠির ভ্রাতৃগণের সহিত আনন্দিত হইয়া পুনরায় স্বর্ণখচিত উজ্জ্বল কবচ সকল ধারণ করিলেন ॥৯৬॥

তৎপরে সেই পুরুষশ্রেষ্ঠেরা সকলে আপন আপন রথে আরোহণ করিলেন এবং তাঁহারা পুনরায় পূর্ব্বের ন্যায় ব্যূহ সজ্জিত করিলেন ॥৯৭॥

বাদ্যকারেরা শত শত দুন্দুভি ও পুষ্কর বাজাইতে লাগিল এবং পুরুষশ্রেষ্ঠ বীরেরা নানাবিধ সিংহনাদ করিলেন ॥৯৮॥

তৎকালে রাজারা ও ধৃষ্টদ্যুম্ন প্রভৃতি বীরেরা সকলে পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবগণকে রথারূঢ় দেখিয়া পুনরায় আনন্দিত হইলেন ॥৯৯॥

পাণ্ডবেরা মাননীয় ভীষ্মপ্রভৃতির সম্মান করিলেন দেখিয়া রাজারা তখন তাঁহাদের শিষ্টাচারের বিশেষ প্রশংসা করিতে লাগিলেন ॥১০০॥

---

(৯৬)· রাজা সুসংহৃষ্টো মহাভুজঃ—পি।

সৌহৃদঞ্চ কৃপাঞ্চৈব প্রাপ্তকালং মহাত্মনাম্ ।
দয়াঞ্চ জ্ঞাতিষু পরাং কথয়াঞ্চক্রিরে নৃপাঃ ॥১০১॥
সাধু সাধ্বিতি সর্ব্বত্র নিশ্চেরুঃ স্তুতিসংহিতাঃ ।
বাচঃ পুণ্যাঃ কীর্ত্তিমতাং মনোহৃদয়হর্ষণাঃ ॥১০২॥
ম্লেচ্ছাশ্চার্য্যাশ্চ যে তত্র দদৃশুঃ শুশ্রুবুস্তথা ।
বৃত্তং তৎ পাণ্ডুপুত্রাণাং রুরুদুস্তে সগদ্গদাঃ ॥১০৩॥
ততো জঘ্নুর্মহাভেরীঃ শতশশ্চ সহস্রশঃ ।
শঙ্খাংশ্চ গোক্ষীরনিভান্ দধ্মুর্হৃষ্টা মনস্বিনঃ ॥১০৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ভীষ্মাভ্যভিগমনে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

সৌহৃদমিতি। প্রাপ্তকালং কালোচিতং ব্যবহারম্। কথয়াঞ্চক্রিরে পরস্পরম্ ॥১০১॥

সাধ্বিতি। স্তুতিসংহিতাঃ প্রশংসাযুক্তাঃ। কীর্ত্তিমতাং পাণ্ডবানামেব। মনঃ সঙ্কল্প-বিকল্পাত্মকমন্তঃকরণং হৃদয়ঞ্চ নিশ্চয়বৃত্তিকমন্তঃকরণং তে হর্ষয়ন্তীতি তাঃ ॥১০২॥

ম্লেচ্ছা ইতি। বৃত্তং চরিত্রম্। রুরুদুঃ আনন্দাশ্রূণি মুমুচুঃ॥১০৩॥

তত ইতি। গোক্ষীরনিভান্ গোদুগ্ধতুল্যশুভ্রবর্ণান্ ॥১০৪॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশ ভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

মরিষ্যতীত্যর্থঃ ॥৯৪—৯৭॥ পুষ্করান্ দীর্ঘকাহলান্। একপুষ্করানিতি পাঠে মুরজান্ ॥৯৮—৯৯॥ গৌরবং মান্যত্বম্ ॥১০০॥ সৌহৃদং মৈত্রীং কৃপাং স্নেহং দয়াং পরদুঃখ-প্রহাণেচ্ছাম্ ॥১০১॥ কীর্ত্তিমতাং পাণ্ডবানাং স্তুতিসংহিতা বাচ ইতি সম্বন্ধঃ ॥১০২॥ আর্য্যাঃ কুলীনাঃ, বৃত্তং চরিতম্। "মদপ্রমদপীডাদের্বাগ্ ভঙ্গং গদ্গদং বিদুঃ" ॥১০৩—১০৪॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৩॥

মহাত্মা পাণ্ডবগণের সৌহার্দ্দ, সাধারণের উপরে কৃপা, কালোচিত ব্যবহার এবং জ্ঞাতিবর্গের উপরে পরম দয়ার বিষয় লইয়া রাজারা পরস্পর আলোচনা করিতে থাকিলেন ॥১০১॥

যশস্বী পাণ্ডবগণসম্বন্ধে 'সাধু সাধু' ইত্যাকার প্রশংসাযুক্ত আনন্দজনক বাক্য, সকল দিকেই নির্গত হইতে লাগিল ॥১০২॥

যে সকল আর্য্য ও ম্লেচ্ছ সেইখানে থাকিয়া পাণ্ডবগণের সেই চরিত্র দর্শন এবং শ্রবণ করিলেন, তাঁহারা গদ্গদস্বরে আলোচনা করিতে থাকিয়া আনন্দাশ্রু মোচন করিতে থাকিলেন ॥১০৩॥

চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ধৃতরাষ্ট্র উবাচ।

এবং ব্যূঢেষ্বনীকেষু মামকেষ্বিতরেষু চ।
কে পূর্ব্বং প্রাহরংস্তত্র কুরবঃ পাণ্ডবা নু কিম্ ॥১॥

সঞ্জয় উবাচ।

ভ্রাতুস্তদ্বচনং শ্রুত্বা পুত্রো দুঃশাসনস্তব।
ভীষ্মং প্রমুখতঃ কৃত্বা প্রযযৌ সেনযা সহ ॥২॥
তথৈব পাণ্ডবাঃ সর্ব্বে ভীমসেনপুরোগমাঃ।
ভীষ্মেণ যুদ্ধমিচ্ছন্তঃ প্রযযুর্হৃষ্টমানসাঃ ॥৩॥
ক্ষ্বেড়াঃ কিলকিলাশব্দাঃ ক্রকচা গোবিষাণিকাঃ।
ভেরীমৃদঙ্গমুরজা হয়কুঞ্জরনিস্বনাঃ ॥৪॥

ভারতকৌমুদী

এবমিতি। ব্যূঢেষু ব্যূহরূপেণ সন্নিবেশিতেষু, অনীকেষু সৈন্যেষু ॥১॥

ভ্রাতুরিতি। ভ্রাতুর্দুর্য্যোধনস্য, তদ্বচনম্ অগ্রেসরীভবনাদেশম্ ॥২॥

তথেতি। ভীমসেনঃ পুরোগমঃ অগ্রবর্ত্তী যেষাং তে। ভীষ্মেণ সহ ॥৩॥

তাহার পর শত শত ও সহস্র সহস্র মহাভেরী বাদিত হইতে লাগিল এবং আনন্দিত মনস্বীরা গোদুগ্ধতুল্য শুভ্রবর্ণ শঙ্খসমূহ বাজাইতে লাগিলেন” ॥১০৪॥

—ঃ০ঃ—

ধৃতরাষ্ট্র বলিলেন—“সঞ্জয়! আমার সৈন্য ও পাণ্ডবদের সৈন্য এইরূপে ব্যূহভাবে সন্নিবেশিত হইলে তখন প্রথমে কাহারা প্রহার করিয়াছিল? কৌরবেরা না পাণ্ডবেরা?” ॥১॥

সঞ্জয় বলিলেন—“মহারাজ! আপনার পুত্র দুঃশাসন, ভ্রাতা দুর্য্যোধনের সেইরূপ আদেশবাক্য শুনিয়া ভীষ্মকে অগ্রবর্ত্তী করিয়া সৈন্যগণের সহিত গমন করিতে লাগিলেন ॥২॥

সেইরূপই পাণ্ডবেরা সকলেও ভীমসেনকে অগ্রবর্ত্তী করিয়া ভীষ্মের সহিত যুদ্ধ করিবার ইচ্ছায় আনন্দিতচিত্তে অগ্রসর হইতে থাকিলেন ॥৩॥

(১) কুরবঃ পাণ্ডবাস্তদা—পি,...কুরবঃ পাণ্ডবাস্তথা—বা। (২) ভ্রাতৃভিঃ সহিতে রাজন্। পুত্রঃ...সহ সেনযা—নি বা। (৪) কুঞ্জরনিঃস্বনাঃ—নি বা।

উভয়োঃ সেনয়োর্হর্ষসংস্থতস্তেঽস্মান্ সমাদ্রবন্।
বয়ং তান্ প্রতি নর্দ্দন্তস্তদাসীত্তুমুলং মহৎ ॥৫॥ (যুগ্মকম্)
মহান্ত্যনীকানি মহাসমুচ্ছ্রয়ে সমাগমে পাণ্ডবধার্ত্তরাষ্ট্রয়োঃ।
চকম্পিরে শঙ্খমৃদঙ্গনিস্বনৈঃ প্রকম্পিতানীব বনানি বায়ুনা ॥৬॥
নরেন্দ্রনাগাশ্বরথাকুলানামভ্যাগতানামশিবে মুহূর্ত্তে।
বভূব ঘোষস্তুমুলশ্চমূনাং বাতোদ্ধুতানামিব সাগরাণাম্ ॥৭॥

ভারতকৌমুদী

ক্ষ্বেড়া ইতি। ক্ষ্বেড়াঃ সিংহনাদাঃ। ক্রকচাদয়ো বাদ্যবিশেষাঃ। হয়া অশ্বাঃ। তে পাণ্ডবাঃ, সমাদ্রবন্ অধাবন্। বয়মপি নর্দ্দন্তো গর্জ্জন্তস্তান্ প্রতি সমাদ্রবাম ॥৪—৫॥

মহান্তীতি। মহান্ সমুচ্ছ্রয়ো ধ্বজাদীনামুচ্চতা যস্মিন্ তাদৃশে, সমাগমে সম্মেলনে, পাণ্ডবধার্ত্তরাষ্ট্রয়োর্যুধিষ্ঠিরদুর্য্যোধনয়োঃ, মহান্তি বিশালানি, অনীকানি সৈন্যানি, শঙ্খমৃদঙ্গানাং নিস্বনৈঃ শব্দৈঃ, বায়ুনা প্রকম্পিতানি বনানীব, চকম্পিরে চেলুঃ ॥৬॥

নরেন্দ্রেতি। নরেন্দ্রৈ রাজভিঃ নাগৈর্হস্তিভিঃ অশ্বৈ রথৈশ্চ আকুলানাং ব্যাপ্তানাম্, অভ্যাগতানাং পরস্পরমভিমুখমাগতানাম্, চমূনাম্ উভয়াসাং সেনানাম্, বাতোদ্ধুতানাং বায়ুচালিতানাং সাগরাণামিব, অশিবে অমঙ্গলকরে তস্মিন্ মুহূর্ত্তে, তুমুলো ঘোষো রবো বভূব ॥৭॥

ভারতভাবদীপঃ

এবমিতি। এবং ব্যূঢেষ্বিত্যাদের্দৃষ্ট্বা। ভীষ্মস্য বিক্রমমিত্যন্তস্য সর্ব্বাতিশায়ী ভীষ্মস্য পরাক্রম ইতি তাৎপর্য্যার্থঃ ॥১—৩॥ ক্ষ্বেড়াঃ সিংহনাদাঃ, মৃদঙ্গাঃ মর্দ্দলাঃ, মুরজাঃ ক্ষুদ্রমর্দ্দলাঃ ॥৪॥ সমাদ্রবন্ অন্যোন্যং সঙ্গতা অভূবন্ ॥৭॥ মহান সমুচ্ছ্রয়ঃ সম্প্রহারো যত্র ॥ ৬—৭॥

তখন উভয় সৈন্যেরই সিংহনাদ ও কিলকিলশব্দ হইতে লাগিল; ক্রকচ, গোবিষাণ, ভেরী, মৃদঙ্গ ও মুরজবাদ্য বাজিতে থাকিল এবং হস্তী ও অশ্ব সকল স্ব স্ব রব করিতে লাগিল। তাহার পর পাণ্ডবেরা আমাদের দিকে ধাবিত হইলেন, আমরাও গর্জ্জন করিতে থাকিয়া তাঁহাদের প্রতি ধাবিত হইলাম। তখন তুমুল মহাকোলাহল হইতে লাগিল ॥৪—৫॥

সেই মহাসম্মেলনের সময়ে বায়ুকম্পিত বনের ন্যায় যুধিষ্ঠির ও দুর্য্যোধনের উন্নত ও বিশাল সৈন্যসমূহ শঙ্খ ও মৃদঙ্গের শব্দে কম্পিত হইতে লাগিল ॥৬॥

রাজগণ, হস্তিগণ, অশ্বগণ, ও রথসমূহে পরিপূর্ণ উভয় সৈন্য যখন পরস্পর সম্মুখবর্ত্তী হইল, সেই অমঙ্গলময় মুহূর্ত্তে। বায়ুসঞ্চালিত সমুদ্রের ন্যায় তাহাদের তুমুল কোলাহল হইতে লাগিল ॥৭॥

---

(৫) উভয়োঃ সেনয়ো রাজংস্ততঃ·· পি বা,· ·তে স্ম···বা।

তস্মিন্ সমুত্থিতে শব্দে তুমুলে রোমহর্ষণে।
ভীমসেনো মহাবাহুঃ প্রাণদদ্‌গোবৃষো যথা ॥৮॥
শঙ্খদুন্দুভিনির্ঘোষং বারণানাঞ্চ বৃংহিতম্।
সিংহনাদঞ্চ সৈন্যানাং ভীমসেনরবোঽভ্যভূৎ ॥৯॥
হয়ানাং হেষমাণানামনীকেষু সহস্রশঃ।
সর্ব্বানভ্যভবচ্ছব্দান্ ভীমস্য নদতঃ স্বনঃ ॥১০॥
তং শ্রুত্বা নিনদং তস্য সৈন্যাস্তব বিতত্রসুঃ।
জীমূতস্যেব নদতঃ শক্রাশনিসমস্বনম্ ॥১১॥
বাহনানি চ সর্ব্বাণি শকৃন্মূত্রং প্রসুস্রুবুঃ।
শব্দেন তস্য বীরস্য সিংহস্যেবেতরে মৃগাঃ ॥১২॥
দর্শয়ন্ ঘোরমাত্মানং মহাভ্রমিব নাদয়ন্।
বিভীষয়ংস্তব সুতান্ ভীমসেনঃ সমভ্যযাৎ ॥১৩॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। গোষু বৃষঃ শ্রেষ্ঠো বলীবর্দ্দঃ ॥৮॥
শঙ্খেতি। বারণানাং হস্তিনাম, বৃংহিতং ধ্বনিম্। অভ্যভূৎ অভিভূতবান্ ॥৯॥
হয়ানামিতি। হয়ানামশ্বানাম্, হেষমাণানাং গর্জ্জতাম্। নদতো গর্জ্জতঃ ॥১০॥
তমিতি। বিতত্রসুর্ভীতাঃ। জীমূতস্য মেঘস্য। শক্রাশনিসমস্বনং যথা তথা নদতঃ ॥১১॥
বাহনানীতি। বাহনানি হস্ত্যশ্বাদীনি, শকৃদ্বিষ্ঠাম্। মৃগাঃ পশবঃ ॥১২॥

সেই রোমহর্ষণ তুমুল শব্দ উত্থিত হইলে মহাবাহু ভীমসেন বলীবর্দ্দের ন্যায় গর্জ্জন করিতে লাগিলেন ॥৮॥

ভীমসেনের সেই গর্জ্জনধ্বনি—শঙ্খ ও দুন্দুভির শব্দ, হস্তিগণের বৃংহিতরব ও সৈন্যগণের সিংহনাদকে অভিভূত করিল ॥৯॥

এবং গর্জ্জনকারী ভীমসেনের সেই কণ্ঠধ্বনি, সৈন্যস্থিত শব্দকারী সহস্র সহস্র অশ্বের সকল শব্দকে অভিভূত করিল ॥১০॥

ভীমসেন মেঘের ন্যায় গর্জ্জন করিতে লাগিলেন; তখন আপনার সৈন্যেরা ইন্দ্রের বজ্রপাতশব্দের তুল্য সেই শব্দ শ্রবণ করিয়া বিশেষ ভীত হইয়া পড়িল ॥১১॥

সিংহের গর্জ্জনে অন্যান্য পশুগণের ন্যায় সেই বীর ভীমসেনের গর্জ্জনে হস্তী ও অশ্বপ্রভৃতি বাহন সকল বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিতে লাগিল ॥১২॥

৯ শঙ্খদুন্দুভিনির্ঘোষান্—পি। (১০)· ·ভীমসেনস্য নিঃস্বনঃ—পি। (১৩)··· ভীষয়ংস্তে সুতাংস্তত্র তত্র এতান্ সমভ্যযাৎ—পি বা।

তমায়ান্তং মহেষ্বাসং সোদর্য্যাঃ পর্য্যবারয়ন্।
ছাদয়ন্তঃ শরব্রাতৈর্মেঘা ইব দিবাকরম্ ॥১৪॥
দুর্য্যোধনশ্চ পুত্রস্তে দুর্ম্মুখো দুঃসহঃ শলঃ।
দুঃশাসনশ্চাতিরথস্তথা দুর্ম্মর্ষণো নৃপ। ॥১৫॥
বিবিংশতিশ্চিত্রসেনো বিকর্ণশ্চ মহারথঃ।
পুরুমিত্রো জয়ো ভোজঃ সোমদত্তিশ্চ বীর্য্যবান্ ॥১৬॥
মহাচাপানি ধুন্বন্তো মেঘা ইব সবিদ্যুতঃ।
আদদানাশ্চ নারাচান্ নির্ম্মুক্তাশীবিষোপমান্ ॥১৭॥ (কলাপকম্)
অথ তে দ্রৌপদীপুত্রাঃ সৌভদ্রশ্চ মহারথঃ।
নকুলঃ সহদেবশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥১৮॥

ভারতকৌমুদী

দর্শয়ন্নিতি। মহাভ্রং মহামেঘ ইব, নাদয়ন্ নাদং কুর্ব্বন্নিতি নাদশব্দাদিন্ ॥১৩॥

চতুর্ভিঃ কলাপকেন ধার্ত্তরাষ্ট্রাণামপ্যভিযানমাহ—তমিতি। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্, সোদর্য্যা দুর্য্যোধনাদয়ঃ সহোদরাঃ। শরব্রাতৈর্বাণসমূহৈঃ। তে তব পুত্র ইতি সৌমদত্তিং বিনা সর্ব্বত্র সম্বধ্যতে। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ। ধুন্বন্তঃ কম্পয়ন্তঃ। সবিদ্যুত ইতি স্বর্ণখচিত-চাপসাম্যার্থমুক্তম্। নির্ম্মুক্তা নির্ম্মুক্তকঞ্চুকা আশীবিষাঃ সর্পা উপমা যেষাং তান্ ॥১৪—১৭॥

ভারতভাবদীপঃ

গোবৃষো বলীবর্দ্দশ্রেষ্ঠঃ ॥৮॥ অভ্যভূৎ অভিভূতবান্ ॥৯—১০॥ সৈন্যাঃ সেনামুখ্যাঃ ॥১১—১২॥ নাদযন্ নাদং কুর্ব্বন্ ॥১৩॥ সোদর্য্যাঃ রাজানুজাঃ ॥১৪—১৬॥ নির্ম্মুক্তাঃ মুক্তকঞ্চুকাশ্চাশী-

---

ক্রমে ভীমসেন নিজের ভয়ঙ্কর মূর্ত্তি দর্শন করাইয়া, মহামেঘের ন্যায় গর্জ্জন করিয়া এবং আপনার পুত্রগণকে ভীত করিতে থাকিয়া ধাবিত হইলেন ॥১৩॥

রাজা। মহাধনুর্দ্ধর ভীমসেন আসিতে লাগিলে, আপনার পুত্র দুর্য্যোধন, দুর্ম্মুখ, দুঃসহ, শল, অতিরথ দুঃশাসন, দুর্ম্মর্ষণ, বিবিংশতি, চিত্রসেন, মহারথ বিকর্ণ, পুরুমিত্র, জয় ও ভোজ—এই বার জন সহোদর এবং বলবান্ ভূরিশ্রবা ইঁহারা সকলে—মেঘ যেমন বিদ্যুৎ কম্পিত করে, সেইরূপ স্বর্ণখচিত মহাধনু কম্পিত করিয়া, নির্ম্মুক্তকঞ্চুক (খোলসশূন্য) সর্পের তুল্য নারাচ সকল গ্রহণ করিতে থাকিয়া—মেঘ যেমন বারিবর্ষণদ্বারা সূর্য্যকে আবরণ করে, সেইরূপ বাণসমূহদ্বারা ভীমসেনকে আবরণ করিয়া তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥১৪—১৭॥

---

(১৫)...দুর্ম্মর্ষণো নৃপঃ—বা নি।

ধার্ত্তরাষ্ট্রান্ প্রতি যযুর্বর্দ্দয়ন্তঃ শিতৈঃ শরৈঃ।
বজ্রৈরিব মহাবেগৈঃ শিখরাণি ধরাভৃতাম্ ॥১৯॥ (যুগ্মকম্)
তস্মিন্ প্রথমসংগ্রামে ভীমজ্যাতলনিস্বনৈঃ।
তাবকানাং পরেষাঞ্চ নাসীৎ কশ্চিৎ পরাঙ্মুখঃ ॥২০॥
লাঘবং দ্রোণশিষ্যাণামপশ্যং ভরতর্ষভ।।
নিমিত্তবেধিনাঞ্চৈব শরানুৎসৃজতাং ভৃশম্ ॥২১॥
নোপশাম্যতি নির্ঘোষো ধনুষাং কূজতাং তদা।
বিনিশ্চেরুঃ শরা দীপ্তা জ্যোতীংষীব নভস্তলাৎ ॥২২॥
সর্ব্বে ত্বন্যে মহীপালাঃ প্রেক্ষকা ইব ভারত।।
দদৃশুর্দর্শনীয়ং তং ভীমং জ্ঞাতিসমাগমম্ ॥২৩॥

ভারতকৌমুদী

দ্বাভ্যাং যুগ্মকেন পাণ্ডবপক্ষীয়াণামভিযানমাহ—অথেতি। সৌভদ্রঃ অভিমন্যুঃ। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। শিখরাণি শৃঙ্গাণি, ধরাভৃতাং পর্ব্বতানাম্ ॥১৮—১৯॥

তস্মিন্নিতি। ভীমা ভয়ঙ্করা যে জ্যানাং ধনুর্গুণানাং তলানাং তলবারণানাঞ্চ নিস্বনাঃ শব্দাস্তৈঃ। তাবকানাং তব সৈন্যানাম্, পরেষাং পরসৈন্যানাঞ্চ মধ্যে ॥২০॥

লাঘবমিতি। লাঘবং ক্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্। নিমিত্তবেধিনাং লক্ষ্যবিদারিণাম্ ॥২১॥

নেতি। কূজতাম্ অব্যক্তং শব্দং কুর্ব্বতাম্। জ্যোতীংষি নক্ষত্রাণীব ॥২২॥

সর্ব্ব ইতি। ভীমং ভয়ঙ্করম্, জ্ঞাতীনাং সমাগমং যুদ্ধে সম্মেলনম্ ॥২৩॥

তাহার পর দ্রৌপদীর পুত্রগণ, অভিমন্যু, নকুল, সহদেব ও পৃষতবংশীয় ধৃষ্টদ্যুম্ন, ইঁহারা—মহাবেগ বজ্র যেমন পর্ব্বতশৃঙ্গ নিপীড়িত করে, সেইরূপ নিশিত বাণদ্বারা ধার্ত্তরাষ্ট্রগণকে নিপীড়িত করিতে থাকিয়া তাঁহাদের অভিমুখে আগমন করিলেন ॥১৮—১৯॥

সেই প্রথম যুদ্ধে আপনার সৈন্য ও বিপক্ষসৈন্যের মধ্যে কোন লোকই ভয়ঙ্কর জ্যাশব্দ এবং তলবারণশব্দেও পরাঙ্মুখ হয় নাই ॥২০॥

ভরতশ্রেষ্ঠ! তৎকালে বাণক্ষেপকারী ও লক্ষ্যবেধী দ্রোণশিষ্যগণের অত্যন্ত লঘুহস্ততা আমি দেখিয়াছিলাম ॥২১॥

তখন অনবরত শব্দকারী ধনুগুলির টঙ্কার বিরত হয় নাই এবং আকাশ হইতে নক্ষত্রসমূহের ন্যায় উজ্জ্বল বাণ সকল নির্গত হইতেছিল ॥২২॥

ভরতনন্দন! অন্য রাজারা সকলে দর্শকগণের ন্যায় সুদৃশ্য অথচ ভীষণ সেই জ্ঞাতিসম্মেলন দেখিতে লাগিলেন ॥২৩॥

---

(২০)...ভীমজ্যাতলনিঃস্বনে—বা নি। (২২) ·কূজতাং তথা—বা নি।

ততস্তে জাতসংরম্ভাঃ পরস্পরকৃতাগসঃ।
অন্যোন্যস্পর্দ্ধয়া রাজন্! ব্যায়চ্ছন্ত মহারথাঃ ॥২৪॥
কুরুপাণ্ডবসেনে তে হস্ত্যশ্বরথসঙ্কুলে।
শুশুভাতে রণেঽতীব পটে চিত্রার্পিতে ইব ॥২৫॥
ততস্তে পার্থিবাঃ সর্ব্বে প্রগৃহীতশরাসনাঃ।
সহসৈন্যাঃ সমাপেতুঃ পুত্রস্য তব শাসনাৎ ॥২৬॥
তেষামাধাবতাং তত্র গজাশ্বকলিলো মহান্।
সিংহনাদরবোন্মিশ্রঃ শঙ্খভেরীসমাকুলঃ।
ব্যাবল্গিতপুরোবাত আসীৎ ক্ষুব্ধাব্ধিবৎ স্বনঃ ॥২৭॥

ভারতকৌমুদী

তত ইতি। জাতসংরম্ভা উৎপন্নক্রোধাঃ, যেন হি পরস্পরমেব কৃতানি আগাংসি অপরাধা যৈস্তে। ভীমোঽপি বাল্যে প্রহৃত্য কৃতাপরাধ আসীৎ। ব্যায়চ্ছন্ত যুদ্ধেন ব্যায়াম-মকুর্ব্বন্ ॥২৪॥

কুর্ব্বিতি। পটে চিত্রাঙ্কনবস্ত্রে, চিত্রার্পিতে চিত্রিতে, সেনয়োর্নিস্পন্দত্বাৎ ॥২৫॥

তত ইতি। পার্থিবাঃ কুরুপক্ষীয়া রাজানঃ। শাসনাদাদেশাৎ ॥২৬॥

তেষামিতি। গজাশ্বেন তত্তচ্ছব্দেন কলিলো গহনো বর্দ্ধিত ইত্যর্থঃ। ব্যাবল্গিতঃ প্রবলীভূতঃ পুরোবাতঃ সম্মুখবর্ত্তী বায়ুর্যস্মিন্ সঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

বিষা উপমা যেষাং তান্ ॥১৭ ১৯॥ ভীমা ভয়ঙ্করাঃ জ্যানাং তলানাঞ্চ নিঃস্বনা যত্র ॥২০॥ লাঘবং ক্ষিপ্রহস্ততাম্, নিমিত্তং লক্ষ্যম্ ॥২১—২২॥ ভীমং ভয়ঙ্করম্ ॥২৩॥ জাতসংরম্ভাশ্চির-সম্ভৃতকোপাঃ। কৃতাগসঃ কৃতাপরাধাঃ, ভীমোঽপি বাল্যে ধার্ত্তরাষ্ট্রান্ মর্দ্দয়ন্ কৃতাপরাধো-ঽভূদিত্যুক্তম্—পরস্পরেতি। ব্যায়চ্ছন্ত ব্যায়ামং চক্রুঃ ॥২৪॥ পটে ইতি সপ্তম্যন্তম্ ॥২৫—২৭॥

রাজা। তাহার পর জাতক্রোধ ও পরস্পর অপরাধকারী সেই মহারথেরা পরস্পর স্পর্দ্ধাবশতঃ ব্যায়াম করিতে লাগিলেন ॥২৪॥

হস্তী, অশ্ব ও রথে পরিপূর্ণ সেই কুরুসৈন্য ও পাণ্ডবসৈন্য তৎকালে পটে অঙ্কিত দুইটী সৈন্যচিত্রের ন্যায় সমরাঙ্গনে অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥২৫॥

তাহার পর আপনার পুত্র দুর্য্যোধনের আদেশে কুরুপক্ষীয় সেই রাজারা সকলে ধনু ধারণ করিয়া সৈন্যগণের সহিত ধাবিত হইলেন ॥২৬॥

সেই রাজারা যখন ধাবিত হইলেন, তখন হস্তী ও অশ্বের গর্জ্জনে পরিপূর্ণ, সিংহনাদমিশ্রিত এবং শঙ্খ ও ভেরীর শব্দে ব্যাপ্ত মহাকোলাহল হইতে

---

(২৭) অয়ং শ্লোকঃ বা নি নাস্তি।

যুধিষ্ঠিরেণ চাদিষ্টাঃ পার্থিবাস্তে সহস্রশঃ।
বিনদন্তঃ সমাপেতুঃ পুত্রস্য তব বাহিনীম্ ॥২৮॥
উভযোঃ সেনয়োস্তীব্রঃ সৈন্যানাং স সমাগমঃ।
অন্তর্দ্ধীযত চাদিত্যঃ সৈন্যেন রজসা বৃতঃ ॥২৯॥
প্রযুদ্ধানাং প্রভগ্নানাং পুনরাবর্ত্তিনামপি।
নাত্র স্বেষাং পরেষাং বা বিশেষঃ সমদৃশ্যত ॥৩০॥
তস্মিন্ সুতুমুলে যুদ্ধে বর্ত্তমানে মহাভযে।
অতি সর্ব্বাণ্যনীকানি পিতা তেঽভিব্যরোচত ॥৩১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে যুদ্ধারম্ভে চতুশ্চত্বারিংশোঽধ্যাযঃ ॥০॥

ভারতকৌমুদী

যুধীতি। পার্থিবাঃ পাণ্ডবপক্ষীয়াঃ। বাহিনীং সেনাম্ ॥২৮॥
উভয়োরিতি। অন্তর্দ্ধীযতেতি অডাগমাভাব আর্ষঃ। সৈন্যেন সৈন্যোত্থাপিতেন ॥২৯॥
প্রেতি। প্রযুদ্ধানাং প্রকর্ষেণ যুধ্যমানানাম্, প্রভগ্নানাং পলাযিতানাম্ ॥৩০॥
তস্মিন্নিতি। অতি অতিক্রম্য, তে পিতা ভীষ্মঃ, অভিব্যরোচত রীবশ্রিয়া ॥৩১॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অন্তর্ধীয়ত অন্তর্হিতঃ, অডভাব আর্ষঃ। সৈন্যেন সেনাভাবেন ॥২৯—৩০॥ অতি অতিক্রম্য ॥৩১॥
ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে চতুশ্চত্বারিংশোঽধ্যাযঃ ॥৪৪॥

লাগিল; স্রোতের প্রতিকূলে বায়ু বহিত হইতে থাকিলে উদ্বেলিত সমুদ্রের গর্জ্জনের ন্যায় সেই কোলাহল শুনা যাইতে থাকিল ॥২৭॥

ওদিকে যুধিষ্ঠিরের আদেশে পাণ্ডবপক্ষীয় সহস্র সহস্র রাজারা গর্জ্জন করিতে করিতে আপনার পুত্রের সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥২৮॥

তখন উভয় সেনার সৈন্যগণের তীব্র সম্মেলন হইল এবং সৈন্যগণের উত্তোলিত ধূলিতে আবৃত হইয়া সূর্য্য যেন অন্তর্হিত হইলেন ॥২৯॥

তৎকালে কতকগুলি সৈন্য তুমুল যুদ্ধ করিতে লাগিল, অনেকে পলায়ন করিল, আবার বহু সৈন্য ফিরিয়া আসিতে থাকিল; সুতরাং স্বপক্ষ বা পরপক্ষের কোন বিশেষ দেখা গেল না ॥৩০॥

(৩১) তস্মিংস্তু তুমুলে যুদ্ধে···বা নি।

পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ।

—०:*:०—

সঞ্জয় উবাচ।

পূর্ব্বাহ্নে তস্য রৌদ্রস্য যুদ্ধমহ্নো বিশাংপতে ! ।
প্রাবর্ত্তত মহাঘোরং রাজ্ঞাং দেহাবকর্ত্তনম্ ॥১॥
কুরূণাং সৃঞ্জয়ানাঞ্চ জিগীষূণাং পরস্পরম্ ।
সিংহানামিব সংহ্রাদো দিবমুর্ব্বীঞ্চ নাদয়ন্ ॥২॥
আসীৎ কিলকিলাশব্দস্তলশঙ্খরবৈঃ সহ ।
জজ্ঞিরে সিংহনাদাশ্চ শূরাণাং প্রতিগর্জ্জতাম্ ॥৩॥ (যুগ্মকম্)
তলত্রাভিহতশ্চৈব জ্যাশব্দো ভরতর্ষভ ! ।
পত্তীনাং পদশব্দশ্চ বাজিনাঞ্চ মহাস্বনঃ ॥৪॥

ভারতকৌমুদী

পূর্ব্বাহ্ন ইতি। রৌদ্রস্য ভয়ঙ্করস্য, মহামারীসংশ্রয়ত্বাৎ। দেহস্য অবকর্ত্তনং ছেদকম্ ॥১॥
কুরূণামিতি। সংহ্রাদো গর্জ্জনম্। তলং জ্যাঘাতবারণম্ ॥২—৩॥

সেই মহাভয়ঙ্কর অতিতুমুল যুদ্ধ চলিতে থাকিলে আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম সকল সৈন্যকে অতিক্রম করিয়া বীরশোভায় শোভা পাইতে থাকিলেন" ॥৩১॥

—:*:—

সঞ্জয় বলিলেন—"নরনাথ! সেই ভয়ঙ্কর দিবসের পূর্ব্বাহ্নে রাজগণের দেহচ্ছেদের কারণ অতিদারুণ যুদ্ধ হইতে লাগিল ॥১॥

সিংহের ন্যায় পরস্পর জয়াভিলাষী কৌরবগণ ও সৃঞ্জয়গণের গর্জ্জনশব্দ আকাশ ও পৃথিবী শব্দিত করিয়া বিচরণ করিতে লাগিল, সৈন্যগণের কিলকিল-শব্দ হইতে থাকিল এবং তলত্র (ধনুর গুণের আঘাত বারণ করিবার জন্য বাহুতে ধৃত চামড়ার ঠুসির নাম—'তলত্র') ও শঙ্খরবের সহিত প্রতিগর্জ্জনকারী বীরগণের সিংহনাদ চলিতে লাগিল ॥২—৩॥

---

(২)…সৃঞ্জয়ানাঞ্চ সংগ্রামে বিজিগীষতাম্—পি বা। (৪) তলত্রাভিহতাশ্চৈব জ্যাশব্দাঃ পাদশব্দাশ্চ—বা নি।

তোত্রাঙ্কুশনিপাতশ্চ আয়ুধানাঞ্চ নিস্বনঃ।
ঘণ্টাশব্দশ্চ নাগানামন্যোন্যমভিধাবতাম্ ॥৫॥
তস্মিন্ সমুদিতে শব্দে তুমুলে রোমহর্ষণে।
বভূব রথনির্ঘোষঃ পর্জ্জন্যনিনদোপমঃ ॥৬॥ (বিশেষকম্)
তে মনঃ ক্রূরমাধায় সমভিত্যক্তজীবিতাঃ।
পাণ্ডবানভ্যবর্ত্তন্ত সর্ব্ব এবোচ্ছ্রিতধ্বজাঃ ॥৭॥
স্বয়ং শান্তনবো রাজন্নভ্যধাবদ্ধনঞ্জয়ম্।
প্রগৃহ্য কার্ম্মুকং ঘোরং কালদণ্ডোপমং রণে ॥৮॥
অর্জ্জুনোঽপি ধনুর্গৃহ্য গাণ্ডীবং লোকবিশ্রুতম্।
অভ্যধাবত তেজস্বী গাঙ্গেয়ং রণমূর্দ্ধনি ॥৯॥

ভারতকৌমুদী

তলত্রেতি। তলত্রাভিহতো জ্যাঘাতবারণাভিঘাতোৎপন্নঃ। পত্তীনাং পদাতীনাম্। তোত্রং কশা অঙ্কুশশ্চ তয়োর্নিপাত আঘাতোত্থিতঃ। নাগানাং হস্তিনাম্। সমুদিতে সম্মিলিতে। পর্জ্জন্যনিনদোপমো মেঘগর্জ্জনতুল্যঃ ॥৪—৬॥

ত ইতি। তে কৌরবাঃ, আধায় বিধায়, সমভিত্যক্তজীবিতা জীবনত্যাগোদ্যতাঃ ॥৭॥

স্বয়মিতি। শান্তনবো ভীষ্মঃ। কালদণ্ডোপমং যমদণ্ডতুল্যম্ ॥৮॥

অর্জ্জুন ইতি। গৃহ্য গৃহীত্বা। গাঙ্গেয়ং ভীষ্মম্, রণমূর্দ্ধনি সমরাঙ্গনে ॥৯॥

ভারতভাবদীপঃ

পূর্ব্বাহ্নে ইতি। তস্যাহ্নঃ পূর্ব্বার্দ্ধে পূর্ব্বভাগে ॥১॥ সৃঞ্জয়ানাং পাঞ্চালভেদানাম্ ॥২॥ তলং জ্যাঘাতবারণম্ ॥৩—৪॥ তোত্রং গজদমনং বেণুকাখ্যং বেণুবুধ্নসমাকারম্ ॥৫—৮॥ রণ-

ভরতশ্রেষ্ঠ! তলত্রাঘাতনিবন্ধন জ্যাশব্দ, পদাতিগণের পদশব্দ, অশ্বগণের বিশাল হেষারব (অশ্বের গর্জ্জনের নাম—'হেষারব'), কশা ও অঙ্কুশ আঘাতের শব্দ, অস্ত্রের শব্দ এবং পরস্পর অভিমুখধাবিত হস্তিগণের শব্দ, এই তুমুল ও রোমহর্ষণ শব্দ সকল সম্মিলিত হইলে, মেঘগর্জ্জনের ন্যায় গম্ভীর রথনির্ঘোষও হইতে থাকিল ॥৪—৬॥

কৌরবেরা সকলেই আপন আপন মনকে কঠিন করিয়া জীবনত্যাগে উদ্যত হইয়া ধ্বজ উত্তোলনপূর্ব্বক পাণ্ডবগণের প্রতি ধাবিত হইলেন ॥৭॥

রাজা। স্বয়ং ভীষ্ম যমদণ্ডের তুল্য ভয়ঙ্কর ধনু ধারণ করিয়া যুদ্ধে অর্জ্জুনের অভিমুখে ধাবিত হইলেন ॥৮॥

(৬) তস্মিন্ সমুদিতঃ শব্দস্তুমুলো লোমহর্ষণঃ—পি বা। (৭)…ক্রূরমাস্থায়—পি বা।
(৮) অথ শান্তনবঃ—বা নি।

তাবুভৌ কুরুশার্দ্দূলৌ পরস্পরবধৈষিণৌ।
গাঙ্গেয়স্তু রণে পার্থং বিদ্ধা নাকম্পয়দ্বলী ॥১০॥
তথৈব পাণ্ডবো রাজন্। ভীষ্মং নাকম্পয়দ্‌যুধি।
সাত্যকিস্তু মহেষ্বাসঃ কৃতবর্ম্মাণমভ্যযাৎ ॥১১॥
তযোঃ সমভবদ্‌যুদ্ধং তুমুলং রোমহর্ষণম্।
সাত্যকিঃ কৃতবর্ম্মাণং কৃতবর্ম্মা চ সাত্যকিম্ ॥১২॥
আনর্চ্ছতুঃ শরৈর্ঘোরৈস্তক্ষমাণৌ পরস্পরম্।
তৌ শরাচিতসর্ব্বাঙ্গৌ শুশুভাতে মহাবলৌ ॥১৩॥
বসন্তে পুষ্পশবলৌ পুষ্পিতাবিব কিংশুকৌ।
অভিমন্যুর্মহেষ্বাসং বৃহদ্বলমযোধয়ৎ ॥১৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তাবিতি। পরস্পরবধৈষিণৌ অভবতামিতি শেষঃ। নাকম্পযৎ পার্থস্যাতিদৃঢত্বাৎ ॥১০॥

তথেতি। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বাসো ধনুঃ, মহানিষ্বাসো যস্য সঃ ॥১১॥

তয়োরিতি। তুমুলং সাতিশয়ম্। আনর্চ্ছতুঃ আচ্ছাদযামাসতুঃ তক্ষমাণৌ তনূকুর্ব্বন্তৌ। শরাচিতসর্ব্বাঙ্গৌ বাণব্যাপ্তসর্ব্বগাত্রৌ। পুষ্পৈঃ শবলৌ বিচিত্রৌ ॥১২—১৪॥

তেজস্বী অর্জ্জুনও জগদ্বিখ্যাত গাণ্ডীবধনু ধারণ করিয়া সমরাঙ্গনে ভীষ্মের দিকে ধাবিত হইলেন ॥৯॥

সেই কৌরবশ্রেষ্ঠেরা দুই জনেই পরস্পরের বধাভিলাষী হইলেন এবং বলবান্ ভীষ্ম বাণদ্বারা যুদ্ধে অর্জ্জুনকে বিদ্ধ করিয়াও কম্পিত করিতে পারিলেন না ॥১০॥

রাজা! অর্জ্জুনও সেইরূপই ভীষ্মকে বিদ্ধ করিয়া যুদ্ধে বিচলিত করিতে সমর্থ হইলেন না। আর মহাধনুর্দ্ধর সাত্যকি কৃতবর্ম্মার প্রতি ধাবিত হইলেন ॥১১॥

তখন সাত্যকি ও কৃতবর্ম্মার তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল; সাত্যকি কৃতবর্ম্মাকে ও কৃতবর্ম্মা সাত্যকিকে ভয়ঙ্কর বাণদ্বারা পরস্পর তাড়ন করিতে থাকিয়া একেবারে আবৃত করিয়া ফেলিলেন। তখন সেই মহাবল বীরেরা দুই জনে শরব্যাপ্ত দেহ হইয়া, বসন্তকালে পুষ্পবিচিত্র দুইটা কিংশুক-বৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিলেন। ওদিকে অভিমন্যু মহাধনুর্দ্ধর বৃহদ্বলরাজার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥১২—১৪॥

ততঃ কোশলকো রাজা সৌভদ্রস্থ বিশাংপতে ! ।
ধ্বজং চিচ্ছেদ সমরে সারথিঞ্চাভ্যপাতয়ৎ ॥১৫॥
সৌভদ্রস্তু ততঃ ক্রুদ্ধঃ পাতিতে রথসারথৌ ।
বৃহদ্বলং মহারাজ । বিব্যাধ নবভিঃ শরৈঃ ॥১৬॥
তথাপরাভ্যাং ভল্লাভ্যাং শিতাভ্যামরিমর্দ্দনঃ ।
ধ্বজমেকেন চিচ্ছেদ পার্ষ্ণিমেকেন সারথিম্ ॥১৭॥
অন্যোন্যঞ্চ শরৈঃ ক্রুদ্ধৌ ততক্ষাতে পরস্পরম্ ।
মানিনং সমরে দৃপ্তং কৃতবৈরং মহারথম্ ॥১৮॥
ভীমসেনস্তব সুতং দুর্য্যোধনময়োধয়ৎ ।
তাবুভৌ নরশার্দ্দূলৌ কুরুমুখ্যৌ মহাবলৌ ॥১৯॥
অন্যোন্যং শরবর্ষাভ্যাং ববৃষাতে রণাজিরে ।
তৌ বীক্ষ্য তু মহাত্মানৌ কৃতিনৌ চিত্ররোধিনৌ ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। কোশলকঃ কোশলদেশাধিপতির্বৃহদ্বলঃ, সৌভদ্রস্থ অভিমন্যোঃ ॥১৫॥
সৌভদ্র ইতি। বিব্যাধ তাড়য়ামাস ॥১৬॥
তথেতি। অরিমর্দ্দনঃ সৌভদ্রঃ। পার্ষ্ণিং পৃষ্ঠরক্ষকং সারথিমিত্যেকম্ ॥১৭॥
অন্যোন্যমিতি। ক্রুদ্ধৌ সৌভদ্রবৃহদ্বলৌ, ততক্ষাতে তনূচক্রাতে। কৃতবৈরং বিবদানাদিনা।

ভারতভাবদীপঃ

মূর্দ্ধনি সমরাঙ্গনে ॥৯—১০॥ মহেম্বাসঃ মহানিশ্বাসো ধনুর্যস্থ ॥১১—১২॥ আনর্চ্ছতুঃ পীড়িত-বন্তৌ তক্ষমাণৌ তনূকুর্ব্বাণৌ ॥১৩॥ পুষ্পৈঃ শবলৌ বিচিত্রৌ কিংশুকৌ পলাশৌ ॥১৪—১৬॥ শিতাভ্যাং তীক্ষ্ণাভ্যাং ধ্বজং চিচ্ছেদেত্যন্বয়ঃ। একেন পার্ষ্ণিং পৃষ্ঠগোপম্ একেন সারথিমিতি

নরনাথ ! তাহার পর কোশলদেশের রাজা বৃহদ্বল যুদ্ধে অভিমন্যুর ধ্বজ ছিন্ন ও সারথিকে নিপাতিত করিলেন ॥১৫॥

মহারাজ ! রথের সারথি নিপাতিত হইলে অভিমন্যু ক্রুদ্ধ হইয়া নয়টা বাণদ্বারা বৃহদ্বলকে তাড়ন করিলেন ॥১৬॥

এবং শত্রুমর্দ্দন অভিমন্যু নিশিত দুইটা ভল্লের একটাদ্বারা বৃহদ্বলের ধ্বজ ও একটাদ্বারা তাঁহার পৃষ্ঠরক্ষক সারথিকে ছেদন করিলেন ॥১৭॥

এইভাবে তাঁহারা পরস্পর ক্রুদ্ধ হইয়া পরস্পরকে আঘাত করিতে লাগিলেন। এদিকে ভীমসেন—অভিমানী, যুদ্ধে দর্পশালী ও নানাভাবে শত্রুতা-

(১৫) ততঃ কোসলরাজাঽসাবভিমন্যোর্বিশাংপতে। •বা নি,• ন্যপাতয়ৎ বা,••• ,যপাতয়ৎ—নি। (১৮) অন্যোন্যঞ্চ শরৈস্তীক্ষ্ণৈস্ততক্ষতুররিন্দমৌ—পি বা।

বিস্ময়ঃ সর্ব্বভূতানাং সমপশ্যত ভারত ।।

দুঃশাসনস্তু নকুলং প্রত্যুদ্যায় মহাবলম্ ॥২১॥

অবিধ্যন্নিশিতৈর্বাণৈর্বহুভির্মর্ম্মভেদিভিঃ ।

তস্য মাদ্রীসুতঃ কেতুং সশরঞ্চ শরাসনম্ ॥২২॥

চিচ্ছেদ নিশিতৈর্বাণৈঃ প্রহসন্নিব ভারত ।।

অথৈনং পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমর্পয়ৎ ॥২৩॥ (কুলকম্)

পুত্রস্তু তব দুর্দ্ধর্ষো নকুলস্য মহাহবে ।

তুরঙ্গাংশ্চৈব চিচ্ছেদ ধ্বজঞ্চৈব ন্যপাতয়ৎ ॥২৪॥

দুর্ম্মুখঃ সহদেবঞ্চ প্রত্যুদ্যায় মহাবলম্ ।

বিব্যাধ শরবর্ষেণ যতমানং মহাহবে ॥২৫॥

ভারতকৌমুদী

কুরুমুখ্যৌ কৌরবশ্রেষ্ঠৌ। কৃতিনৌ যুদ্ধনিপুণৌ। সমপশ্যত সমভবৎ। কেতুং ধ্বজম্। এনং দুঃশাসনম্, ক্ষুদ্রকাণাং তদাখ্যানাং বাণানাম্, সমার্পয়ৎ অপীড়য়ৎ ॥১৮—২৩॥

পুত্র ইতি। দুর্দ্ধর্ষো যুদ্ধদুর্ম্মদো দুঃশাসন এব প্রস্তাবাৎ ॥২৪॥

দুর্ম্মুখ ইতি। যতমানং যত্নবন্তম্, মহাহবে মহাযুদ্ধে ॥২৫॥

কারী মহারথ দুর্য্যোধনের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন। নরশ্রেষ্ঠ, কৌরবপ্রধান ও মহাবল ভীম এবং দুর্য্যোধন বাণ বর্ষণ করিয়া সমরাঙ্গনে পরস্পর বিদ্ধ করিতে লাগিলেন। ভরতনন্দন! মহাবল, যুদ্ধনিপুণ ও বিচিত্রযোধী সেই দুই জনকে দেখিয়া তত্রত্য সকল লোকের বিস্ময় জন্মিল। তৎপরে দুঃশাসন মহাবল নকুলের দিকে যাইয়া মর্ম্মভেদী বহুতর নিশিত বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন। ভরতনন্দন! এই সময়ে নকুল হাসিতে হাসিতেই যেন নিশিত বাণদ্বারা দুঃশাসনের ধ্বজ, ধনু ও বাণ ছেদন করিয়া ফেলিলেন এবং পঞ্চবিংশতি ক্ষুদ্রক (বাণবিশেষ) দ্বারা দুঃশাসনকে পীড়ন করিলেন ॥১৮—২৩॥

তৎপরে আপনার পুত্র দুর্দ্ধর্ষ দুঃশাসনও মহাযুদ্ধে নকুলের অশ্বগুলিকে ছেদন করিলেন এবং ধ্বজটাকেও কাটিয়া ফেলিলেন ॥২৪॥

ওদিকে আপনার পুত্র দুর্ম্মুখ মহাবল সহদেবের অভিমুখে গমন করিয়া বাণবর্ষণদ্বারা মহাযুদ্ধে যত্নশীল সহদেবকে বিদ্ধ করিলেন ॥২৫॥

---

(২২)···বাণৈরবিধ্যন্নিশিতৈর্দশভির্মর্ম্মভেদিভিঃ—পি বা। (২৪) তুরঙ্গাংশ্চিচ্ছিদে বাণৈর্ধ্বজঞ্চৈবাভ্যপাতয়ং—বা নি।

সহদেবস্ততো বীরো দুর্ম্মুখস্য মহামৃধে।
শরেণ ভৃশতীক্ষ্ণেন পাতয়ামাস সারথিম্ ॥২৬॥
তাবন্যোন্যং সমাসাদ্য সমরে যুদ্ধদুর্ম্মদৌ।
ত্রাসয়েতাং শরৈর্ঘোরৈঃ কৃতপ্রতিকৃতৈষিণৌ ॥২৭॥
যুধিষ্ঠিরঃ স্বয়ং রাজা মদ্ররাজানমভ্যযাৎ।
তস্য মদ্রাধিপশ্চাপং দ্বিধা চিচ্ছেদ মারিষ। ॥২৮॥
তদপাস্য ধনুশ্ছিন্নং কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
অন্যৎ কার্ম্মুকমাদত্ত বেগবদ্বলবত্তরম্ ॥২৯॥
ততো মদ্রেশ্বরং রাজা শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
ছাদয়ামাস সংক্রুদ্ধস্তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৩০॥
ধৃষ্টদ্যুম্নস্ততো দ্রোণমভ্যদ্রবত ভারত।।
তস্য দ্রোণঃ সুসংক্রুদ্ধঃ পরাসুকরণং দৃঢ়ম্ ॥৩১॥

ভারতকৌমুদী

সহেতি। মহামৃধে মহাযুদ্ধে। ভৃশতীক্ষ্ণেন অতিসুধারেণ ॥২৬॥
তাবিতি। কৃতস্য অপরাধস্য প্রতিকৃতৈষিণৌ প্রতীকারাভিলাষিণৌ ॥২৭॥
যুধীতি। মদ্ররাজানমিত্যদন্তত্বাভাব আর্ষঃ। হে মারিষ। আর্য্য। ॥২৮॥
তদিতি। আদত্ত গৃহীতবান, বেগবৎ বেগেন বাণক্ষেপযোগ্যম্, বলবত্তরং সুদৃঢ়ম্ ॥২৯॥
তত ইতি। রাজা যুধিষ্ঠিরঃ, সন্নতানি ঈষদ্বক্রাণি পর্ব্বাণি উপান্ত্যদেশা যেষাং তৈঃ ॥৩০॥

তাহার পর বীর সহদেব একটা অতিসুধার বাণদ্বারা মহাযুদ্ধে দুর্ম্মুখের সারথিকে রথ হইতে নিপাতিত করিলেন ॥২৬॥

ক্রমে যুদ্ধদুর্দ্ধর্ষ দুর্ম্মুখ ও সহদেব পূর্ব্বকৃত অপরাধের প্রতীকার করিবার ইচ্ছা করিয়া যুদ্ধে পরস্পর পরস্পরকে পাইয়া ভীষণ বাণসমূহদ্বারা সকলেরই ভয় জন্মাইতে লাগিলেন ॥২৭॥

মাননীয় মহারাজ! তৎপরে রাজা স্বয়ং যুধিষ্ঠির মদ্ররাজ শল্যের দিকে ধাবিত হইলেন; তখন শল্য তাঁহার ধনুখানাকে দুই খণ্ডে ছেদন করিলেন ॥২৮॥

পরে কুন্তীনন্দন যুধিষ্ঠির সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া বেগে বাণক্ষেপ করিবার যোগ্য ও সুদৃঢ় অন্য একখানা ধনু গ্রহণ করিলেন ॥২৯॥

তাহার পর অত্যন্ত ক্রুদ্ধ রাজা যুধিষ্ঠির অবনতপর্ব্ব বহুতর বাণদ্বারা মদ্ররাজ শল্যকে আবৃত করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥৩০॥

(২৮) তস্য মদ্রপতিশ্চাপং দ্বিধা চিচ্ছেদ পত্রতঃ—পি বা। (২৯) অন্যৎ কার্ম্মুকমাদায় —রা নি।

ধনুশ্চিচ্ছেদ সমরে পাঞ্চাল্যস্য মহাত্মনঃ।
শরঞ্চৈব মহাঘোরং কালদণ্ডমিবাপরম্ ॥৩২॥
প্রেষয়ামাস সমরে সোঽস্য কায়ে ন্যমজ্জত।
অথান্যদ্ধনুরাদায় সায়কাংশ্চ চতুর্দ্দশ ॥৩৩॥
দ্রোণং দ্রুপদপুত্রস্তু প্রতিবিব্যাধ সংযুগে।
তাবন্যোন্যং সুসংক্রুদ্ধৌ চক্রতুঃ সুভৃশং রণম্ ॥৩৪॥ (কলাপকম্)
সৌমদত্তিং রণে শঙ্খো রভসং রভসো যুধি।
প্রত্যুদ্যযৌ মহারাজ। তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৩৫॥
তস্য বৈ দক্ষিণং বীরো নির্বিভেদ রণে ভুজম্।
সৌমদত্তিস্তথা শঙ্খং জত্রুদেশে সমাহনৎ ॥৩৬॥

ভারতকৌমুদী

ধৃষ্টেতি। অভ্যদ্রবত অভ্যধাবৎ। পরাসুকরণং মৃত্যুজনকম্। পাঞ্চাল্যস্য পাঞ্চালরাজপুত্রস্য। স শরঃ, অস্য ধৃষ্টদ্যুম্নস্য। সায়কান্ বাণান্ নিক্ষিপ্যেতি শেষঃ। সংযুগে যুদ্ধে। তৌ দ্রোণধৃষ্টদ্যুম্নৌ। সুভৃশং সাতিশয়ম্ ॥৩১—৩৪॥

সৌমেতি। সৌমদত্তিং ভূরিশ্রবসম্, রভসং বেগবন্তম্, রভসো বেগবান্ ॥৩৫॥

তস্যেতি। জত্রুদেশে স্কন্ধসন্ধৌ, সমাহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

চ ॥১৭—১৯॥ কৃতিনৌ যুদ্ধকুশলৌ ॥২০—২২॥ ক্ষুদ্রকাণাং বাণবিশেষাণাম্ ॥২৩—৩০॥ পরাসুকরণং মারণসাধনম্ ॥৩১—৩৪॥ রভসং সত্বরম্ ॥৩৫॥ বীরঃ শঙ্খঃ, জত্রুদেশে

ভরতনন্দন! তৎপরে ধৃষ্টদ্যুম্ন দ্রোণের দিকে ধাবিত হইলেন; তখন দ্রোণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া মহাবল ধৃষ্টদ্যুম্নের শত্রুমৃত্যুজনক ও দৃঢ় ধনুখানাকে ছেদন করিলেন এবং অপর যমদণ্ডের ন্যায় মহাভয়ঙ্কর একটা বাণ নিক্ষেপ করিলেন; সেই বাণটা যাইয়া ধৃষ্টদ্যুম্নের শরীরে প্রবেশ করিল। তাহার পর ধৃষ্টদ্যুম্ন অন্য ধনু লইয়া চৌদ্দটা বাণ নিক্ষেপ করিয়া যুদ্ধে দ্রোণকে প্রতিবিদ্ধ করিলেন। এইভাবে তাঁহারা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পরস্পর অতিভয়ঙ্কর যুদ্ধ করিতে লাগিলেন ॥৩১—৩৪॥

মহারাজ! এদিকে যুদ্ধে বেগবান্ শঙ্খ যুদ্ধে বেগবান্ ভূরিশ্রবার দিকে ধাবিত হইলেন এবং 'থাক্ থাক্' এই কথা বলিলেন ॥৩৫॥

বীর শঙ্খ যুদ্ধে বাণদ্বারা ভূরিশ্রবার দক্ষিণ বাহু বিদারণ করিলেন এবং ভূরিশ্রবাও বাণদ্বারা শঙ্খের স্কন্ধসন্ধিস্থানে আঘাত করিলেন ॥৩৬॥

(৩২) ত্রিধা চিচ্ছেদ সমরে পাঞ্চাল্যস্য তু কার্ম্মুকম্—বা নি।

তয়োস্তদভবদ্যুদ্ধং ঘোররূপং বিশাংপতে।
দৃপ্তয়োঃ সমরে পূর্ব্বং বৃত্রবাসবয়োরিব ॥৩৭॥
বাহ্লীকস্তু রণে ক্রুদ্ধং ক্রুদ্ধরূপো বিশাংপতে।
অভ্যদ্রবদমেয়াত্মা ধৃষ্টকেতুর্মহারথঃ ॥৩৮॥
বাহ্লীকস্তু মহারাজ। ধৃষ্টকেতুমমর্ষণম্।
শরৈর্বহুভিরানর্চ্ছৎ সিংহনাদমথানদৎ ॥৩৯॥
চেদিরাজস্তু সংক্রুদ্ধো বাহ্লীকং নবভিঃ শরৈঃ।
বিব্যাধ সমরে তূর্ণং মত্তো মত্তমিব দ্বিপম্ ॥৪০॥
তৌ তত্র সমরে ক্রুদ্ধৌ নর্দ্দন্তৌ চ পুনঃ পুনঃ।
সমীয়তুঃ সুসংক্রুদ্ধাবঙ্গারকবুধাবিব ॥৪১॥
রাক্ষসং ক্রূরকর্ম্মাণং ক্রূরকর্ম্মা ঘটোৎকচঃ।
অলম্বুষং প্রত্যুদিয়াদ্বলং শক্র ইবাহবে ॥৪২॥

ভারতকৌমুদী

তয়োরিতি। দৃপ্তয়োর্গর্বিতয়োঃ। বৃত্রবাসবয়োঃ বৃত্রাসুরেন্দ্রয়োরিব ॥৩৭॥
বাহ্লীকমিতি। অমেয়াত্মা অসাধারণবুদ্ধিঃ, ধৃষ্টকেতুঃ শিশুপালপুত্রঃ ॥৩৮॥
বাহ্লীক ইতি। আনর্চ্ছৎ অপীডয়ৎ, সিংহস্য নাদ ইব নাদো যস্মিন্ কর্ম্মণি তৎ ॥৩৯॥
চেদীতি। চেদিরাজো ধৃষ্টকেতুঃ। মত্তো দ্বিপঃ। দ্বিপং হস্তিনম্ ॥৪০॥
তাবিতি। সমীয়তুঃ সম্মিলিতৌ বভূবতুঃ, অঙ্গারকো মঙ্গলগ্রহঃ ॥৪১॥
রাক্ষসমিতি। ক্রূরকর্ম্মাণং হিংস্রকার্য্যম্। বলং নাম অসুরম্ ॥৪২॥

নরনাথ। গর্ব্বিত শল্য ও ভূরিশ্রবার সেই যুদ্ধ পূর্ব্বকালে বৃত্রাসুর ও ইন্দ্রের যুদ্ধের ন্যায় ভয়ঙ্করভাবে হইতে লাগিল ॥৩৭॥

রাজা। অসাধারণ বুদ্ধিমান্ ও মহারথ ধৃষ্টকেতু ক্রুদ্ধ হইয়া ক্রুদ্ধ বাহ্লীকের প্রতি ধাবিত হইলেন ॥৩৮॥

মহারাজ। তখন বাহ্লীক বহুতর বাণদ্বারা ক্রুদ্ধ ধৃষ্টকেতুকে পীড়ন করিয়া সিংহনাদ করিলেন ॥৩৯॥

পরে মত্তহস্তী যেমন দন্তদ্বারা অপর মত্তহস্তীকে বিদ্ধ করে, সেইরূপ ধৃষ্টকেতু নয়টা বাণদ্বারা যুদ্ধে সত্বর বাহ্লীককে বিদ্ধ করিলেন ॥৪০॥

ক্রমে বাহ্লীক ও ধৃষ্টকেতু অত্যন্ত ক্রুদ্ধ হইয়া বার বার গর্জন করিয়া অতিক্রুদ্ধ মঙ্গলগ্রহ ও বুধগ্রহের ন্যায় সম্মিলিত হইলেন ॥৪১॥

---

(৩৭) তয়োঃ সমভবৎ তূর্ণং দেবদানবয়োরিব—পি বা। (৩৯) বাহ্লীকস্তু রণে রাজন্। ধৃষ্টকেতুমমর্ষণঃ—বা নি।

ঘটোৎকচস্ততঃ ক্রুদ্ধো রাক্ষসং তং মহাবলম্।
নবত্যা সায়কৈস্তীক্ষ্ণৈর্দারয়ামাস ভারত! ॥৪৩॥
অলম্বুষস্তু সমরে ভৈমসেনিং মহাবলম্।
বহুধা দারয়ামাস শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৪৪॥
ব্যভ্রাজেতাং ততস্তৌ তু সংযুগে শরবিক্ষতৌ।
যথা দেবাসুরে যুদ্ধে বলশক্রৌ মহাবলৌ ॥৪৫॥
শিখণ্ডী সমরে রাজন্! দ্রৌণিমভ্যুদ্যযৌ বলী।
অশ্বত্থামা ততঃ ক্রুদ্ধঃ শিখণ্ডিনমুপস্থিতম্ ॥৪৬॥
নারাচেন সুতীক্ষ্ণেন ভৃশং বিদ্ধা হ্যকম্পয়ৎ।
শিখণ্ড্যপি ততো রাজন্! দ্রোণপুত্রমতাড়য়ৎ ॥৪৭॥
সায়কেন সুপীতেন তীক্ষ্ণেন নিশিতেন চ।
তৌ জঘ্নতুস্তদান্যোন্যং শরৈর্ব্বহুবিধৈর্ম্মৃধে ॥৪৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ঘটোৎকচ ইতি। তমলম্বুষম্। নবত্যা নবতিসংখ্যকৈঃ সায়কৈর্বাণৈঃ ॥৪৩॥
অলম্বুষ ইতি। ভৈমসেনিং ভীমসেনপুত্রং ঘটোৎকচম্ ॥৪৪॥
ব্যভ্রাজেতামিতি। ব্যভ্রাজেতাম্ অশোভেতাম। বলশক্রৌ বলাসুরেন্দ্রৌ ॥৪৫॥
শিখণ্ডীতি। দ্রৌণিম্ অশ্বত্থামানম্। নারাচেন বাণবিশেষেণ। সুষ্ঠু সম্যক্ পীতং পবরক্তং যেন তেন সুপীতেন, নিশিতেন শাণঘর্ষিতেন। মৃধে যুদ্ধে ॥৪৬—৪৮॥

পূর্ব্বে ইন্দ্র যেমন যুদ্ধে বলাসুরের প্রতি ধাবিত হইয়াছিলেন, সেইরূপ ক্রূরকর্ম্মা রাক্ষস ঘটোৎকচ, ক্রূরকর্ম্মা রাক্ষস অলম্বুষের প্রতি ধাবিত হইল ॥৪২॥

ভরতনন্দন! তাহার পর ঘটোৎকচ ক্রুদ্ধ হইয়া নবতিসংখ্যক তীক্ষ্ণবাণদ্বারা সেই মহাবল রাক্ষস অলম্বুষকে বিদীর্ণ করিল ॥৪৩॥

অলম্বুষও যুদ্ধে অবনতপর্ব্ব বহুসংখ্যক বাণদ্বারা মহাবল ঘটোৎকচকে বহুস্থানে বিদীর্ণ করিল ॥৪৪॥

পূর্ব্বে দেবাসুরযুদ্ধে মহাবল বলনামক অসুর ও দেবরাজ ইন্দ্র যেমন শোভা পাইয়াছিলেন, সেইরূপ শরবিক্ষত ঘটোৎকচ ও অলম্বুষ যুদ্ধে শোভা পাইতে লাগিল ॥৪৫॥

রাজা! ওদিকে বলবান্ শিখণ্ডী যুদ্ধে অশ্বত্থামার দিকে ধাবিত হইলেন। তাহার পর অশ্বত্থামা ক্রুদ্ধ হইয়া একটা সুতীক্ষ্ণ নারাচদ্বারা উপস্থিত শিখণ্ডীকে

(৪৩) ঘটোৎকচস্ত সংক্রুদ্ধঃ···পি বা। (৪৬)···শিখণ্ডিনমবস্থিতম্—পি বা। (৪৭)··· বিদ্ধা ব্যকম্পয়ৎ—পি বা।

ভগদত্তং রণে শূরং বিরাটো বাহিনীপতিঃ।
অভ্যযাত্ত্বরিতো রাজংস্ততো যুদ্ধমবর্ত্তত ॥৪৯॥
বিরাটো ভগদত্তস্তু শরবর্ষেণ ভারত।।
অভ্যবর্ষৎ সুসংক্রুদ্ধো মেঘো বৃষ্ট্যা ইবাচলম্ ॥৫০॥
ভগদত্তস্ততস্তূর্ণং বিরাটং পৃথিবীপতিম্।
ছাদয়ামাস সমরে মেঘঃ সূর্য্যমিবোদিতম্ ॥৫১॥
বৃহৎক্ষত্রঞ্চ কৈকেয়ং কৃপঃ শারদ্বতো যযৌ।
তং কৃপঃ শরবর্ষেণ চ্ছাদযামাস ভারত! ॥৫২॥

ভারতকৌমুদী

ভগেতি। ভগদত্তং প্রাগ্‌জ্যোতিষেশ্বরম্। অভ্যযাৎ অভ্যগচ্ছৎ ॥৪৯॥
বিরাট ইতি। বৃষ্ট্যা ইবেতি ভিন্নপদতযা বৈকল্পিকত্বান্ন সন্ধিঃ ॥৫০॥
ভগেতি। উদিতমিত্যনেন বিরাটোঽপি প্রথমাগত ইতি সূচ্যতে ॥৫১॥
বৃহদিতি। বৃহৎক্ষত্রং নাম, কৈকেযং কেকযদেশীযম্, শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ ॥৫২॥

ভারতভাবদীপঃ

অংসসন্ধৌ ॥৩৬—৩৭॥ ধৃষ্টকেতুঃ শিশুপালসুতঃ ॥৩৮—৪০॥ সমীযতুঃ অন্যোন্যস্পর্দ্ধযা সম্মিলিতৌ ॥৪১—৪৩॥ সন্নতপর্ব্বভিঃ অলক্ষিতগ্রন্থিভিঃ ॥৪৪—৪৭॥ সুপীতেন সুষ্ঠু পাযিতেন তীক্ষ্ণেন সূক্ষ্মধারেণ যতো নিশিতেন শাণোল্লীঢেন, মৃধে সংগ্রামে ॥৪৮—৪৯॥ বৃষ্ট্যা

অত্যন্ত বিদ্ধ করিয়া বিচলিত করিলেন। রাজা! তৎপরে শিখণ্ডীও শিলা-শাণিত তীক্ষ্ণ ও পররক্তপায়ী একটা বাণদ্বারা অশ্বত্থামাকে তাড়ন করিলেন। এইভাবে তাঁহারা নানাবিধ বাণদ্বারা যুদ্ধে তখন পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৪৬—৪৮॥

রাজা! ওদিকে সেনাপতি বিরাটরাজা যুদ্ধে সত্বর বীর ভগদত্তের প্রতি ধাবিত হইলেন; তাহার পর তাঁহাদের যুদ্ধ আরম্ভ হইল ॥৪৯॥

ভরতনন্দন! মেঘ যেমন জলবর্ষণদ্বারা পর্ব্বতকে আবৃত করে, সেইরূপ বিরাটরাজা অতিশয় ক্রুদ্ধ হইয়া বাণবর্ষণদ্বারা ভগদত্তকে আবৃত করিলেন ॥৫০॥

তাহার পর মেঘ যেমন উদিত সূর্য্যকে আচ্ছাদন করে, সেইরূপ ভগদত্ত সত্বর বাণবর্ষণ করিয়া সমরাঙ্গনে বিরাটরাজাকে আচ্ছাদন করিলেন ॥৫১॥

ভরতনন্দন! তৎপরে শরদ্বানের পুত্র কৃপাচার্য্য কেকয়রাজ বৃহৎক্ষত্রের প্রতি গমন করিলেন এবং শর বর্ষণ করিয়া তাহাকে আবৃত করিলেন ॥৫২॥

---

(৫১) ভগদত্তস্ত তং তূর্ণং বিরাটং পৃথিবীপতে।...পি বা। (৫২) বৃহৎক্ষত্রস্ত... রা নি।

গৌতমঞ্চ সুসংক্রুদ্ধঃ শরবৃষ্ট্যাভ্যপূরয়ৎ ।
তাবন্যোন্যং হয়ান্ হত্বা ধনুষী চিত্বা চ ভারত ! ॥৫৩॥
বিরথাবসিযুদ্ধায় সমীয়তুরমর্ষণৌ ।
তয়োস্তদভবদ্যুদ্ধং ঘোররূপং দুরাসদম্ ॥৫৪॥ (যুগ্মকম্)
দ্রুপদস্তু ততো রাজা সৈন্ধবং বৈ জয়দ্রথম্ ।
অভ্যুদ্যযৌ সুসংরব্ধো হৃষ্টরূপং পরন্তপঃ ॥৫৫॥
ততঃ সৈন্ধবকো রাজা দ্রুপদং বিশিখৈস্ত্রিভিঃ ।
তাড়য়ামাস সমরে স চ তং প্রত্যবিধ্যত ॥৫৬॥
তয়োঃ সমভবদ্যুদ্ধং ঘোররূপং সুদারুণম্ ।
ঈক্ষণপ্রীতিজননং শুক্রাঙ্গারকয়োরিব ॥৫৭॥
বিকর্ণস্তু সুতস্তুভ্যং সুতসোমং মহাবলম্ ।
অভ্যয়াজ্জবনৈরশ্বৈস্ততো যুদ্ধমবর্ত্তত ॥৫৮॥

ভারতকৌমুদী

গৌতমমিতি। গৌতমং কৃপম্। হয়ান্ রথাশ্বান্। সমীযতুর্মিলিতৌ বভূবতুঃ ॥৫৩—৫৪॥
দ্রুপদ ইতি। সৈন্ধবং সিন্ধুরাজম্। সুসংরব্ধঃ অতীবক্রুদ্ধঃ ॥৫৫॥
তত ইতি। সৈন্ধবকঃ সিন্ধুদেশাধিপতিঃ। বিশিখৈর্বাণৈঃ ॥৫৬॥
তয়োরিতি। দৃষ্টিতোহপি ঘোররূপম্, বস্তুতোহপি সুদারুণম্। ঈক্ষণং চক্ষুঃ ॥৫৭॥
বিকর্ণ ইতি। তুভ্যং তব, সুতসোমং তন্নাম্নং ভীমসেনপুত্ত্রম্। জবনৈর্বেগবদ্ভিঃ ॥৫৮॥

ভরতবংশীয়রাজা! বৃহৎক্ষত্রও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া বাণ বর্ষণ করিয়া কৃপের সমস্ত অঙ্গ পূর্ণ করিলেন। এইভাবে তাঁহারা পরস্পরের অশ্ববধ ও ধনুশ্ছেদন করিয়া রথবিহীন হইয়া নামিয়া অসিযুদ্ধ করিবার জন্য ক্রোধে সম্মিলিত হইলেন। ক্রমে তাঁহাদের সেই যুদ্ধ ভয়ঙ্কর ও দুর্দ্ধর্ষরূপে চলিতে লাগিল ॥৫৩—৫৪॥

তাহার পর শত্রুতাপনকারী ও অতিকোপনস্বভাব দ্রুপদরাজা আনন্দিতচিত্ত সিন্ধুরাজ জয়দ্রথের অভিমুখে ধাবিত হইলেন ॥৫৫॥

তৎপরে জয়দ্রথ তিনটা বাণদ্বারা দ্রুপদরাজাকে তাড়ন করিলেন এবং দ্রুপদরাজাও তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৫৬॥

শুক্রগ্রহ ও মঙ্গলগ্রহের ন্যায় দ্রুপদ ও জয়দ্রথের সেই যুদ্ধটা দৃষ্টিতে ভয়ঙ্কর, বস্তুতও ভয়ঙ্কর এবং নয়নের প্রীতিজনকভাবে হইতে লাগিল ॥৫৭॥

(৫৩) গৌতমং কৈকয়ঃ ক্রুদ্ধঃ···বা নি। (৫২) ঘোররূপং সুদারুণম্···বা নি। (৫৫) ···অভ্যুদ্যযৌ হৃষ্টরূপঃ···বা নি। (৫০) তয়োস্তদভবদ্যুদ্ধম্···বা নি।

বিকর্ণঃ সুতসোমন্তু বিদ্ধা নাকম্পয়চ্ছরৈঃ।
সুতসোমো বিকর্ণঞ্চ তদদ্ভুতমিবাভবৎ ॥৫৯॥
সুশর্ম্মাণং নরব্যাঘ্রং চেকিতানো মহারথঃ।
অভ্যদ্রবৎ সুসংক্রুদ্ধঃ পাণ্ডবার্থে পরাক্রমী ॥৬০॥
সুশর্ম্মা তু মহারাজ! চেকিতানং মহারথম্।
মহতা শরবর্ষেণ বারয়ামাস সংযুগে ॥৬১॥
চেকিতানোঽপি সংরব্ধঃ সুশর্ম্মাণং মহাহবে।
ববর্ষ শরবর্ষেণ মহামেঘ ইবাচলম্ ॥৬২॥
শকুনিঃ প্রতিবিন্ধ্যন্তু শরাক্রান্তং পরাক্রমী।
অভ্যদ্রবত রাজেন্দ্র! মত্তং সিংহ ইব দ্বিপম্ ॥৬৩॥

ভারতকৌমুদী

বিকর্ণ ইতি। বিকর্ণঞ্চ বিদ্ধা নাকম্পয়দিতি সম্বন্ধঃ, তদকম্পনম্ ॥৫৯॥
সুশর্ম্মাণমিতি। নরব্যাঘ্রং বীরত্বাদিনা নরশ্রেষ্ঠম্ ॥৬০॥
সুশর্ম্মেতি। বারয়ামাস আগমনে প্রতিববন্ধ ॥৬১॥
চেকিতান ইতি। সংরব্ধঃ ক্রুদ্ধঃ। মহাহবে মহাযুদ্ধে। অচলং পর্ব্বতম ॥৬২॥
শকুনিরিতি। প্রতিবিন্ধ্যং যুধিষ্ঠিরপুত্রম্। অভ্যদ্রবত অভ্যধাবৎ ॥৬৩॥

এদিকে আপনার পুত্র বিকর্ণ বেগবান্ অশ্বগুলির দ্রুতগমনে সত্বরই ভীমের পুত্র সুতসোমের প্রতি গমন করিলেন, তাহার পর তাঁহাদের যুদ্ধ আরম্ভ হইল ॥৫৮॥

বিকর্ণ বাণদ্বারা সুতসোমকে বিদ্ধ করিয়াও কম্পিত করিতে পারিলেন না, আবার সুতসোমও বিকর্ণকে বিদ্ধ করিয়া বিচলিত করিতে সমর্থ হইলেন না; সেই ঘটনা অদ্ভুতের মতই হইল ॥৫৯॥

মহারথ ও পরাক্রমশালী চেকিতান অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পাণ্ডবগণের জন্য নরশ্রেষ্ঠ সুশর্ম্মার দিকে ধাবিত হইলেন ॥৬০॥

মহারাজ! সুশর্ম্মা বিশাল শরবর্ষণ করিয়া যুদ্ধে মহারথ চেকিতানকে বারণ করিলেন ॥৬১॥

মহামেঘ যেমন পর্ব্বতের উপরে জল বর্ষণ করে, সেইরূপ চেকিতানও ক্রুদ্ধ হইয়া মহাযুদ্ধে সুশর্ম্মার উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৬২॥

---

(৬০)...নরব্যাঘ্রশ্চেকিতানঃ—বা নি। (৬২) প্রাচ্ছাদয়ত্তমিষুভির্মহামেঘঃ...রা নি।
(৬৩).. মত্তঃ সিংহ ইব দ্বিপম্—বা নি।

যৌধিষ্ঠিবস্তু সংক্রুদ্ধঃ সৌবলং নিশিতৈঃ শবৈঃ।
ব্যদারয়ত সংগ্রামে মঘবানিব দানবম্ ॥৬৪॥
শকুনিঃ প্রতিবিন্ধ্যন্তু প্রতিবিধ্যন্তমাহবে।
ব্যদাবয়ন্মহাপ্রাজ্ঞঃ শবৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৬৫॥
সুদক্ষিণন্তু বাজেন্দ্র! কাম্বোজানাং মহাবথম্।
শ্রুতকর্ম্মা পবাক্রান্তমভ্যদ্রবত সংযুগে ॥৬৬॥
সুদক্ষিণস্তু সমবে সাহদেবিং মহাবথম্।
বিদ্ধা নাকম্পয়ত বৈ মৈনাকমিব পর্ব্বতম্ ॥৬৭॥

ভারতকৌমুদী

যৌধীতি। যৌধিষ্ঠিবঃ প্রতিবিন্ধ্যঃ, সৌবলং শকুনিম্। মঘবান্ ইন্দ্রঃ ॥৬৪॥

শকুনিরিতি। প্রতিবিধ্যন্তং প্রত্যেকাঙ্গে বাণং প্রবেশযন্তম্। মহাপ্রাজ্ঞো মহাকূটবুদ্ধিঃ ॥৬৫॥

সুদক্ষিণমিতি। শ্রুতকর্ম্মা তদাখ্যঃ অর্জ্জুনপুত্র আদিপর্ব্বোক্তঃ ॥৬৬॥

সুদক্ষিণ ইতি। সাহদেবিং সহদেবপুত্রং শ্রুতসেনম্। এতেন সোঽপি শ্রুতকর্ম্মণা সহ মিলিত্বা সুদক্ষিণমযোধযদিতি বোধ্যম্। অন্যথা শ্রুতকর্ম্মণঃ সহদেবপুত্রত্বে আদিপর্ব্ববিরোধঃ স্যাৎ ॥৬৭॥

রাজশ্রেষ্ঠ! সিংহ যেমন মত্তহস্তীর দিকে ধাবিত হয়, সেইরূপ পরাক্রমশালী শকুনি পরাক্রান্ত প্রতিবিন্ধ্যের দিকেই ধাবিত হইলেন ॥৬৩॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন বিপক্ষ দানবকে বিদীর্ণ করিতেন, সেইরূপ তৎকালে প্রতিবিন্ধ্য অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধে নিশিত বাণসমূহদ্বারা শকুনিকে বিদীর্ণ করিলেন ॥৬৪॥

প্রতিবিন্ধ্য যুদ্ধে শকুনির প্রত্যেক অঙ্গ বাণবিদ্ধ করিলে, মহাকূটবুদ্ধি শকুনিও নতপর্ব্ব বাণসমূহদ্বারা প্রতিবিন্ধ্যকে বিদীর্ণ করিলেন ॥৬৫॥

রাজশ্রেষ্ঠ! অর্জ্জুনপুত্র শ্রুতকর্ম্মা সহদেবপুত্র শ্রুতসেনের সহিত মিলিত হইয়া যুদ্ধে পরাক্রমশালী কাম্বোজদেশীয় মহারথ সুদক্ষিণের প্রতি ধাবিত হইলেন ॥৬৬॥

তখন সুদক্ষিণ যুদ্ধে সহদেবপুত্র মহারথ শ্রুতসেনকে বিদ্ধ করিয়াও মৈনাক-পর্ব্বতের ন্যায় তাঁহাকে বিচলিত করিতে পারিলেন না ॥৬৭॥

---

(৬৪) মঘবা ইব দানবম্—পি বা। (৬৫) প্রতিবিন্ধ্যস্ত পরাক্রম্য পবাক্রমী…পি, প্রতিবিধ্যন্ মহাহবে—বা।

শ্রুতকর্ম্মা ততঃ ক্রুদ্ধঃ কাম্বোজানাং মহারথম্।
শরৈর্বহুভিরানর্চ্ছ দারয়ন্নিব সর্ব্বশঃ ॥৬৮॥
ইরাবানথ সংক্রুদ্ধঃ শ্রুতায়ুষমরিন্দমম্।
প্রত্যুদ্যযৌ রণে যত্তো যত্তরূপং পরন্তপঃ ॥৬৯॥
আর্জ্জুনিস্তস্য সমরে হয়ান্ হত্বা মহারথঃ।
ননাদ বলবন্নাদং তৎ সৈন্যং প্রত্যপূরয়ৎ ॥৭০॥
শ্রুতায়ুস্তু সুসংক্রুদ্ধঃ ফাল্গুনেঃ সমরে হয়ান্।
নিজঘান গদাগ্রেণ ততো যুদ্ধমবর্ত্তত ॥৭১॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কুন্তিভোজং মহারথম্।
সসৈন্যং সসুতং বীরং সংসসজ্জতুরাহবে ॥৭২॥

ভারতকৌমুদী

শ্রুতকর্ম্মেতি। মহারথং সুদক্ষিণম্। আনর্চ্ছৎ আবৃতবান্ ॥৬৮॥
ইরাবানিতি। ইরাবান্ অর্জ্জুনপুত্রঃ। যত্তো যত্নবান্, যত্তরূপং যত্নবন্তম্ ॥৬৯॥
আর্জ্জুনিরিতি। আর্জ্জুনিঃ ইরাবান্। বলবৎ সাতিশয়ম্, তৎ নদনং কর্ত্তৃ ॥৭০॥
শ্রুতায়ুরিতি। ফাল্গুনেরর্জ্জুনপুত্রস্য ইরাবতঃ। গদায়া অগ্রেণ অগ্রদেশেন ॥৭১॥
বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। সংসসজ্জতুঃ সম্মিলিতৌ বভূবতুঃ ॥৭২॥

ভারতভাবদীপঃ

ইবেত্যসন্ধিরার্ষঃ ॥৫০—৫৭॥ তুভ্যং তব, সুতসোমং ভৈমসেনিম্ ॥৫৮—৫৯॥ চেকিতানো যাদবঃ ॥৬০—৬৮॥ ইরাবানর্জ্জুনপুত্রঃ ॥৬৯—৭০॥ গদাগ্রেণ গদামুখেন ॥৭১॥ সংসসজ্জতুঃ

তাহার পর শ্রুতকর্ম্মা ক্রুদ্ধ হইয়া বহুতর বাণদ্বারা কাম্বোজদেশীয় মহারথ সুদক্ষিণের সমস্ত অঙ্গ বিদীর্ণ করিতে থাকিয়াই যেন তাঁহাকে আবৃত করিলেন ॥৬৮॥

তৎপরে অর্জ্জুনপুত্র শত্রুতাপনকারী ইরাবান্ যত্নশীল ও ক্রুদ্ধ হইয়া যুদ্ধে যত্নশীল ও শত্রুদমনকারী শ্রুতায়ুর প্রতি ধাবিত হইলেন ॥৬৯॥

ক্রমে মহারথ ইরাবান্ যুদ্ধে শ্রুতায়ুর অশ্বগুলিকে বধ করিয়া বিশাল সিংহনাদ করিলেন, সেই সিংহনাদ সমস্ত সৈন্য পূর্ণ করিল ॥৭০॥

তখন শ্রুতায়ু অত্যন্ত ক্রুদ্ধ হইযা গদার অগ্রদেশদ্বারা যুদ্ধে ইরাবানের অশ্বগুলিকে বধ করিলেন, তাহার পর তাঁহাদের যুদ্ধ চলিতে লাগিল ॥৭১॥

---

(৭০) ·তৎ সৈন্যং প্রত্যপূজয়ৎ—পি। (৭১) শ্রুতায়ুস্তু ততঃ ক্রুদ্ধঃ—বা নি। (৭২) ·· সসেনং সসুতম্ ·বা নি।

তত্রাদ্ভুতমপশ্যাম তয়োর্ঘোরং পরাক্রমম্ ।
অযুধ্যেতাং স্থিরৌ ভূত্বা মহত্যা সেনয়া সহ ॥৭৩॥
অনুবিন্দস্তু গদয়া কুন্তিভোজমতাড়য়ৎ ।
কুন্তিভোজশ্চ তং তূর্ণং শরব্রাতৈরবাকিরৎ ॥৭৪॥
কুন্তিভোজসুতশ্চাপি বিন্দং বিব্যাধ সায়কৈঃ ।
স চ তং প্রতিবিব্যাধ তদদ্ভুতমিবাভবৎ ॥৭৫॥
কৈকেয়াঃ ভ্রাতরঃ পঞ্চ গান্ধারান্ পঞ্চ মারিষ ! ।
সসৈন্যাঃ সহসৈন্যাংস্তু যোধয়ামাসুরাহবে ॥৭৬॥
বীরবাহুশ্চ তে পুত্রো বৈরাটিং রথসত্তমম্ ।
উত্তরং যোধয়ামাস বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥৭৭॥

ভারতকৌমুদী

তত্রেতি । মহারথেন কুন্তিভোজেন সহ যুদ্ধে স্থৈর্য্যমেবাদ্ভুতকারণমিতি ভাবঃ ॥৭৩॥
অনুবিন্দ ইতি । শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, অবাকিরৎ আবৃণোৎ ॥৭৪॥
কুন্তীতি । ব্যাধানন্তরমেব প্রতিব্যাধঃ অদ্ভুতহেতুরিত্যাশয়ঃ ॥৭৫॥
কৈকেয়া ইতি । কৈকেয়াঃ কেকয়দেশীয়াঃ । হে মারিষ ! আর্য্য ! ॥৭৬॥
বীরেতি । বৈরাটিং বিরাটরাজপুত্রম্, রথসত্তমং রথযোধিশ্রেষ্ঠম্ ॥৭৭॥

এদিকে অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, সৈন্য ও পুত্রসমন্বিত বীর ও মহারথ কুন্তিভোজের সহিত যুদ্ধে মিলিত হইলেন ॥৭২॥

তখন তাঁহাদের অত্যন্ত ও ভয়ঙ্কর পরাক্রম দেখিতে পাইলাম। যেহেতু, তাঁহারা বিশাল সৈন্যের সহিত স্থির হইয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৭৩॥

ক্রমে অনুবিন্দ গদাদ্বারা কুন্তিভোজকে তাড়ন করিলেন ; কুন্তিভোজও সত্বরই বাণসমূহদ্বারা তাঁহাকে আবৃত করিয়া ফেলিলেন ॥৭৪॥

কুন্তিভোজের পুত্রও বাণদ্বারা বিন্দকে বিদ্ধ করিলেন, বিন্দও তাঁহাকে প্রতিবিদ্ধ করিলেন, তাহা যেন আশ্চর্য্য বলিয়া বোধ হইল ॥৭৫॥

মাননীয় রাজা ! কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা আপন সৈন্যগণের সহিত মিলিত হইয়া সৈন্যসমন্বিত গান্ধারদেশীয় পাঁচ জন বীরের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৭৬॥

এবং আপনার পুত্র বীরবাহু বিরাটরাজার পুত্র রথিশ্রেষ্ঠ উত্তরের সহিত যুদ্ধ আরম্ভ করিলেন এবং নিশিত বাণসমূহদ্বারা উত্তরকে বিদ্ধ করিলেন ॥৭৭॥

(৭৬) কেকয়া ভ্রাতরঃ···সসৈন্যান্তে সসৈন্যাংশ্চ—বা নি ।

উত্তরশ্চাপি তং বীরো বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ।
চেদিরাট্ সমরে রাজন্নুলূকং সমভিদ্রবৎ ॥৭৮॥
তথৈব শরবর্ষেণ উলূকং সমবিধ্যত।
উলূকশ্চাপি তং বাণৈর্নিশিতৈর্লোমবাহিভিঃ ॥৭৯॥
তয়োর্যুদ্ধং সমভবদ্‌ঘোররূপং বিশাংপতে।।
দারয়েতাং সুসংক্রুদ্ধাবন্যোন্যমপরাজিতৌ ॥৮০॥
এবং দ্বন্দ্বসহস্রাণি রথবারণবাজিনাম্।
পদাতীনাঞ্চ সমরে তব তেষাঞ্চ সঙ্কুলে ॥৮১॥
মুহূর্ত্তমিব তদ্‌যুদ্ধমাসীন্মধুরদর্শনম্।
তত উন্মত্তবদ্রাজন্। ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৮২॥
গজো গজেন সমরে রথী চ রথিনং যযৌ।
অশ্বোঽশ্বং সমভিপ্রায়াৎ পদাতিশ্চ পদাতিনম্ ॥৮৩॥

ভারতকৌমুদী

উত্তর ইতি। তং বীরবাহুম্। চেদিরাট্ ধৃষ্টকেতুঃ, উলূকং শকুনিপুত্রম্ ॥৭৮॥
তথেতি। সমবিধ্যত চেদিরাডিত্যনুবৃত্তিঃ। তং চেদিরাজং সমবিধ্যতেত্যনুষঙ্গঃ ॥৭৯॥
তয়োরিতি। দারয়েতাং বিদারিতবন্তৌ। অডাগমাভাব আর্ষঃ ॥৮০॥
এবমিতি। দ্বন্দ্বসহস্রাণি অসংখ্যানি যুগ্মযুদ্ধানি আসন্। তেষাং পাণ্ডবানাম্ ॥৮১॥
মুহূর্ত্তমিতি। মধুরদর্শনং সুশৃঙ্খলাযুক্তত্বাৎ। উন্মত্তবৎ উন্মত্তানামিব বিশৃঙ্খলম্ ॥৮২॥

বীর উত্তরও নিশিত বাণদ্বারা বীরবাহুকে বিদ্ধ করিলেন। রাজা! তৎপরে চেদিরাজ ধৃষ্টকেতু সমরাঙ্গনে উলূকের প্রতি ধাবিত হইলেন ॥৭৮॥

এবং ধৃষ্টকেতু বাণ বর্ষণ করিয়া উলূককে বিদ্ধ করিলেন, আবার উলূকও লোমবাহী নিশিত বাণদ্বারা ধৃষ্টকেতুকে তাড়ন করিলেন ॥৭৯॥

নরনাথ! এইভাবে তাঁহাদের ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল। ক্রমে অপরাজিত সেই দুই বীর অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পরস্পর বিদারণ করিতে লাগিলেন ॥৮০॥

রাজা! এইভাবে আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের রথ, হস্তী, অশ্ব ও পদাতিগণের সেই সঙ্কুল সমরাঙ্গনে সহস্র সহস্র দ্বন্দ্বযুদ্ধ হইতে লাগিল ॥৮১॥

রাজা! সেই যুদ্ধ মুহূর্ত্তকালমাত্র মধুরদর্শন ছিল; তাহার পর উন্মত্তের ন্যায় তাহাদের যুদ্ধ চলিতে লাগিল, তাহার কিছুই জানা গেল না ॥৮২॥

(৭৮)…তং বীরম্—বা নি। (৮১) সঙ্কুলম্—পি।

ততো যুদ্ধং সুদুর্দ্ধর্ষং ব্যাকুলং সমপদ্যত।
শূরাণাং সমরে তত্র সমাসাদ্যেতরেতরম্ ॥৮৪॥
তত্র দেবর্ষয়ঃ সিদ্ধাশ্চারণাশ্চ সমাগতাঃ।
প্রৈক্ষন্ত তদ্রণং ঘোরং দেবাসুরসমং ভুবি ॥৮৫॥
ততো দন্তিসহস্রাণি রথানাঞ্চাপি মারিষ!।
অশ্বৌঘাঃ পুরুষৌঘাশ্চ বিপরীতং সমাবয়ুঃ ॥৮৬॥
তত্র তত্র প্রদৃশ্যন্তে রথবারণপত্তয়ঃ।
সাদিনশ্চ নরব্যাঘ্র! যুধ্যমানা মুহুর্মুহুঃ ॥৮৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দ্বন্দ্বযুদ্ধে পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

গজ ইতি। গজেন সহ যোদ্ধুমিতি শেষঃ ॥৮৩॥
তত ইতি। ব্যাকুলং সঙ্কুলম্। সমাসাদ্য প্রাপ্য, ইতরেতরং পরস্পরম্ ॥৮৪॥
তত্রেতি। প্রৈক্ষন্ত অপশ্যন্। দেবাসুরসমং দেবাসুররণতুল্যম্ ॥৮৫॥
তত ইতি। রথানাঞ্চাপি সহস্রাণি। বিপরীতং পূর্ব্বক্রমবৈপরীত্যম্ ॥৮৬॥
তত্রেতি। রথশ্চ বারণো হস্তী চ পত্তিঃ পদাতিশ্চ তে। সাদিনঃ অশ্বারোহিণশ্চ ॥৮৭॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

সংসক্তাবভূতাম্ ॥৭২॥ তয়োর্দ্বন্দ্বয়োঃ ॥৭৩॥ তে এব দ্বন্দ্বে দ্বাভ্যামাহ—অনুবিন্দ ইতি ॥৭৪—৮০॥ দ্বন্দ্বং দ্বয়োর্দ্বয়োর্যুদ্ধম্ ॥৮১—৮৫॥ বিপরীতম্ অতীতক্রমম্ ॥৮৬—৮৭॥
ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৫॥

সেই সমরাঙ্গনে হস্তী হস্তীর দিকে ও রথী রথীর দিকে গমন করিতে লাগিল এবং অশ্ব অশ্বের প্রতি ও পদাতি পদাতির প্রতি ধাবিত হইল ॥৮৩॥

তদনন্তর সেই সমরাঙ্গনে বীরগণ পরস্পর পরস্পরকে পাইলে পর তাঁহাদের অতিদুর্দ্ধর্ষ সঙ্কুল যুদ্ধ হইতে লাগিল ॥৮৪॥

সেই স্থানে সমাগত দেবর্ষিগণ, সিদ্ধগণ ও চারণগণ পৃথিবীতে দেবাসুর-যুদ্ধের তুল্য সেই ভয়ঙ্কর যুদ্ধ দর্শন করিতে লাগিলেন ॥৮৫॥

মাননীয় রাজা! তাহার পর সহস্র সহস্র হস্তী, সহস্র সহস্র রথী, অশ্বারোহিসমূহ ও পদাতিসমূহ—পূর্ব্বে যে ক্রমে মিলিত হইয়াছিল, তাহার বিপরীত ক্রমে মিলিত হইল ॥৮৬॥

ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ।

—:॰:—

সঞ্জয় উবাচ।

রাজন্! শতসহস্রাণি তত্র তত্র পদাতিনাম্।
নির্ম্মর্য্যাদং প্রযুদ্ধানি তত্তে বক্ষ্যামি ভারত! ॥১॥
ন পুত্রঃ পিতরং জজ্ঞে ন পিতা পুত্রমৌরসম্।
ন ভ্রাতা ভ্রাতরং তত্র স্বস্রীয়ো ন চ মাতুলম্ ॥২॥
ন মাতুলশ্চ স্বস্রীয়ং ন সখায়ং সখা তদা।
আবিষ্টা ইব যুধ্যন্তে পাণ্ডবাঃ কুরুভিঃ সহ ॥৩॥ (যুগ্মকম্)
রথানীকং নরব্যাঘ্রাঃ কেচিদভ্যপতন্ রথৈঃ।
অভজ্যন্ত যুগৈরেব যুগানি ভরতর্ষভ! ॥৪॥

ভারতকৌমুদী

রাজন্নিতি। নির্ম্মর্য্যাদং শৃঙ্খলারহিতং যথা স্যাত্তথা প্রযুদ্ধানি প্রকর্ষেণ যুদ্ধং চক্রুঃ ॥১॥
নেতি। জজ্ঞে জ্ঞাতবান্। স্বস্রীয়ো ভাগিনেয়ঃ। আবিষ্টা ভূতাধিষ্ঠিতাঃ ॥২—৩॥
রথেতি। রথানীকং রথারোহি সৈন্যম্। যুগানি রথস্থতির্য্যগ্‌দারূণি ॥৪॥

ভারতভাবদীপঃ

রাজন্নিতি। নির্ম্মর্য্যাদম্ অপেতব্যবহারম্, প্রযুদ্ধানি যুদ্ধং কৃতবন্তি ॥১॥ জজ্ঞে জ্ঞাতবান্ তত্র কালে, স্বস্রীয়ো ভাগিনেয়ঃ ॥২॥ আবিষ্টা ইব ভূতাদিনা গৃহীতা ইব ॥৩॥ যুগানি

নরশ্রেষ্ঠ! তৎপরে রথী, হস্তী, পদাতি ও অশ্বারোহীদিগকে সেই সেই স্থানে মুহুর্মুহু যুদ্ধ করিতে দেখা গেল" ॥৮৭॥

—:॰:—

সঞ্জয় বলিলেন—"ভরতনন্দন রাজা! শতসহস্র পদাতি সেই সেই স্থানে যে যে রূপ যুদ্ধ করিতে লাগিল, তাহা আমি আপনার নিকট বলিব ॥১॥

তৎকালে পুত্র পিতাকে, পিতা ঔরস পুত্রকে, ভ্রাতা ভ্রাতাকে, ভাগিনেয় মাতুলকে, মাতুল ভাগিনেয়কে এবং সখা সখাকে চিনিতে পারিল না; আর তখন পাণ্ডবেরা যেন ভূতাবিষ্ট হইয়া কৌরবদের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥২—৩॥

---

(২)…পিতা বা পুত্রমৌরসম্ স্বস্রীয়ং ন চ মাতুলঃ—রা নি। (৩)…সখা তথা—রা নি।

রথেশাশ্চ রথেশাভিঃ কূবরা রথকূবরৈঃ।
সংহতৈঃ সংহতাঃ কেচিৎ পরস্পরজিগীষবঃ ॥৫॥
ন শেকুশ্চলিতুং কেচিৎ সন্নিপত্য রথা রথৈঃ।
প্রভিন্নাস্তু মহাকায়াঃ সন্নিপত্য গজা গজৈঃ ॥৬॥
বহুধা দারয়ন্ ক্রুদ্ধা বিষাণৈরিতরেতরম্।
সতোরণপতাকৈশ্চ বারণা বরবারণৈঃ ॥৭॥
অভিসৃত্য মহারাজ! বেগবদ্ভির্মহাগজৈঃ।
দন্তৈরভিহতাস্তত্র চুক্রুশুঃ পরমাতুরাঃ ॥৮॥ (বিশেষকম্)
অভিনীতাশ্চ শিক্ষাভিস্তোত্রাঙ্কুশসমাহতাঃ।
অপ্রভিন্নাঃ প্রভিন্নানাং সম্মুখাভিমুখা যযুঃ ॥৯॥

ভারতকৌমুদী

রথেশা ইতি। ঈশাঃ কূবরাশ্চ দারুবিশেষাঃ। সংহতৈর্মিলিতৈঃ, সংহতা মিলিতাঃ ॥৫॥ নেতি। সন্নিপত্য মিলিত্বা। প্রভিন্না মদস্রাবিণঃ। অদারয়ন্ অভিন্দন্। বিষাণৈর্দন্তৈঃ। বারণাঃ সাধারণহস্তিনঃ, বরবারণৈঃ প্রধানহস্তিভিঃ। মহাগজৈর্গন্ধহস্তিভিঃ ॥৬—৮॥

ভারতভাবদীপঃ

অশ্বস্কন্ধার্পিতানি দারূণি ॥৪॥ রথেষা রথদণ্ডঃ, কূবরো যুগকীলঃ, সঙ্গতৈঃ সম্মুখাগতৈঃ, সহিতা মিলিতাঃ ॥৫॥ সন্নিপত্য মিলিত্বা প্রভিন্নাশ্চ্যোতন্মদাঃ ॥৬॥ বিষাণৈর্দন্তৈঃ, তোরণানি চতুঃস্তম্ভমণ্ডপাকারস্য গজপল্যাণস্য 'অম্বারী' ইতি ভাষয়া প্রসিদ্ধস্য দ্বারাণি পতাকাশ্চ তত্রৈব

ভরতশ্রেষ্ঠ! কতকগুলি প্রধান লোক রথে আরোহণ করিয়া রথিসৈন্যের দিকে ধাবিত হইল; তখন যুগকাষ্ঠদ্বারাই যুগকাষ্ঠ সকল ভগ্ন হইতে থাকিল ॥৪॥

রথদণ্ড রথদণ্ডদ্বারা এবং রথকূবর রথকূবরদ্বারা খণ্ড খণ্ড হইতে লাগিল। এই সময়ে পরস্পর জয়াভিলাষী কতকগুলি সৈন্য যাইযা, মিলিত অপর সৈন্যদের সহিত মিলিত হইল ॥৫॥

কতকগুলি রথ অপর রথসমূহের উপরে যাইয়া পতিত হইয়া আর চলিতে পারিল না। ক্রুদ্ধ, মদস্রাবী ও বিশালদেহ হস্তী সকল অপর হস্তিসমূহের সহিত মিলিত হইয়া দন্তদ্বারা বহুপ্রকারে পরস্পরকে বিদীর্ণ করিতে লাগিল এবং মহারাজ! সাধারণ হস্তিসমূহ যাইয়া উপস্থিত হইলে, তোরণ ও পতাকাযুক্ত বিশালহস্তীরা ও গন্ধহস্তীরা সেগুলিকে আঘাত করিলে, সেগুলি তখন চীৎকার করিতে থাকিল ॥৬—৮॥

(৫) রথেষাশ্চ রথেষাভিঃ সঙ্গতৈঃ সঙ্গতাঃ কেচিৎ পরস্পরজিঘাংসবঃ—বা, রথেষাশ্চ রথেষাভিঃ…সঙ্গতৈঃ সহিতাঃ কেচিৎ পরস্পরজিঘাংসবঃ—রা নি।

প্রভিন্নৈরপি সংসক্তাঃ কেচিত্তত্র মহাগজাঃ।
ক্রৌঞ্চবন্নিনদং কৃত্বা দুদ্রুবুঃ সর্ব্বতো দিশম্ ॥১০॥
সম্যক্ প্রণীতা নাগাশ্চ প্রভিন্নকরটামুখাঃ।
ঋষ্টিতোমরনারাচৈর্নির্ব্বিদ্ধা বরবারণাঃ ॥১১॥
বিনেদুর্ভিন্নমর্ম্মাণো নিপেতুশ্চ গতাসবঃ।
প্রাদ্রবন্ত দিশঃ কেচিন্নদন্তো ভৈরবান্ রবান্ ॥১২॥ (যুগ্মকম্)
গজানাং পাদরক্ষাশ্চ ব্যূঢোরস্কাঃ প্রহারিণঃ।
ঋষ্টিভিশ্চ ধনুর্ভিশ্চ বিমলৈশ্চ পরশ্বধৈঃ ॥১৩॥
গদাভির্মুসলৈশ্চৈব ভিন্দিপালৈঃ সতোমরৈঃ।
আয়সৈঃ পরিঘৈশ্চৈব নিস্ত্রিংশৈর্বিমলৈঃ শিতৈঃ ॥১৪॥

ভারতকৌমুদী

অভীতি। শিক্ষাভিঃ শিক্ষাদানৈঃ, অভিনীতা সর্ব্বতোভাবেন শিক্ষাং প্রাপিতাঃ, তোত্ত্রৈ-লৌহমুখদণ্ডৈঃ অঙ্কুশৈশ্চ সমাহতাঃ, অপ্রভিন্না অমদস্রাবিণো গজাঃ, প্রভিন্নানাং মদস্রাবিণাং গজানাম্, সম্মুখে অভিমুখাঃ সন্তো যযুঃ ॥৯॥

প্রেতি। প্রভিন্নৈর্মদস্রাবিভিঃ। ক্রৌঞ্চবৎ ক্রৌঞ্চপক্ষিবৎ। দুদ্রুবুঃ পলায়াঞ্চক্রিরে ॥১০॥

সম্যগিতি। প্রণীতাঃ শিক্ষিতাঃ, নাগা হস্তিনঃ, প্রভিন্নানি মদস্রাবীণি করটামুখানি গণ্ডোপবিভাগা যেষাং তে। ঋষ্ট্যাদীনি তদানীন্তনান্যস্ত্রাণি। গতাসবো মৃতাঃ ॥১১—১২॥

ভারতভাবদীপঃ

তত্তশেখরস্থাঃ ॥৭—৮॥ অভিনীতাঃ সুশিক্ষিতাঃ, অপ্রভিন্নাঃ অনুদ্ভিন্নমদাঃ, সম্মুখাভিমুখাঃ অন্যোন্যসম্মুখা ইত্যর্থঃ ॥৯—১০॥ প্রণীতাঃ প্রযুক্তাঃ ঋষ্টয়ো হস্তক্ষেপ্যাঃ ক্ষুদ্রভল্লাঃ বিন্ধ্যাটব্যাং "কর্কাভী" ইতি প্রসিদ্ধাঃ, তোমরা দীর্ঘদণ্ডা ভল্লাঃ, নারাচা মহাশল্যা বিস্তীর্ণফলকাঃ

শিক্ষিত অমদস্রাবী হস্তিগণ দণ্ড ও অঙ্কুশদ্বারা তাড়িত হইয়া সম্মুখবর্ত্তী মদস্রাবী হস্তিগণের অভিমুখে যাইতে লাগিল ॥ ॥

কতকগুলি মহাহস্তীও মদস্রাবী হস্তিগণের সহিত মিলিত হইয়া সেখানে ক্রৌঞ্চপক্ষীর ন্যায় শব্দ করিয়া সকল দিকে পলায়ন করিতে থাকিল ॥১০॥

মদস্রাবী ও সুশিক্ষিত হস্তিগণ এবং মহাহস্তিগণ ঋষ্টি, তোমর ও নারাচে বিদ্ধ ও বিদীর্ণহৃদয় হইয়া নিনাদ করিতে লাগিল, কতকগুলি প্রাণ ত্যাগ করিয়া পতিত হইতে থাকিল, আর কতকগুলি ভয়ঙ্কর গর্জ্জন করিয়া নানাদিকে পলায়ন করিতে লাগিল ॥১১ ২॥

(১১) সম্যক্ প্রণীতাশ্চ তথা—পি। (১২) প্রণেদুর্ভিন্নমর্ম্মাণঃ—বা নি, প্রধাবন্তি দিশঃ কেচিৎ—পি।

প্রগৃহীতৈঃ সুসংবদ্ধা দ্রবমাণাস্ততস্ততঃ।
ব্যদৃশ্যন্ত মহারাজ! পরস্পরজিঘাংসবঃ ॥১৫॥ (বিশেষকম্)
ভ্রাজমানাশ্চ নিস্ত্রিংশাঃ সংসিক্তা নরশোণিতৈঃ।
প্রত্যদৃশ্যন্ত শূরাণামন্যোন্যমভিধাবতাম্ ॥১৬॥
অবক্ষিপ্তাবধূতানামসীনাং বীরবাহুভিঃ।
সংজজ্ঞে তুমুলঃ শব্দঃ পততাং পরমর্ম্মসু ॥১৭॥
গদামুষলভগ্নানাং ভিন্নানাঞ্চ বরাসিভিঃ।
দন্তিদন্তাবভিন্নানামর্দ্দিতানাঞ্চ দন্তিভিঃ ॥১৮॥

ভারতকৌমুদী

গজানামিতি। পাদরক্ষাঃ পাদরক্ষকাঃ, ব্যূঢোরস্কা বিশালবক্ষসঃ, প্রহারিণো যোদ্ধারঃ। আয়সৈর্লৌহময়ৈঃ, নিস্ত্রিংশৈরসিভিঃ, প্রগৃহীতৈর্ধৃতৈঃ, সুসংবদ্ধা অতীবক্রুদ্ধাঃ ॥১৩—১৫॥

ভ্রাজেতি। ভ্রাজমানা উজ্জ্বলাঃ, নিস্ত্রিংশা অসয়ঃ ॥১৬॥

অবেতি। অবক্ষিপ্তা নিক্ষিপ্তাশ্চ অবধূতাঃ সঞ্চালিতাশ্চ তেষাম্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

শরাঃ ॥১১—১২॥ পরশ্বধৈঃ কুঠারৈঃ ॥১৩॥ ভিন্দিপালৈঃ পরশবৈঃ মহারাষ্ট্রাণাং 'গোফণ' ইতি প্রসিদ্ধৈঃ, পরিঘৈর্দণ্ডৈঃ, নিস্ত্রিংশৈঃ খড়্গৈঃ ॥১৪॥ দ্রবমাণা ধাবন্তঃ ॥১৫—১৬॥ অবক্ষিপ্তাবধূতানাম্ অধোমুখং পতিতানাং পরেষাং মর্ম্মসু পততামসীনামিতি সম্বন্ধঃ ॥১৭॥

মহারাজ! হস্তিগণের পাদরক্ষক বিশালবক্ষা যোদ্ধারা ঋষ্টি, ধনু, নির্ম্মল পরশু, গদা, মুষল, ভিন্দিপাল, তোমর, লৌহপরিঘ এবং শিলাশাণিত নির্ম্মল তরবারি ধারণ করিয়া অত্যন্ত ক্রুদ্ধ ও পরস্পরজিঘাংসু হইয়া নানাদিকে ধাবিত হইতে থাকিল—দেখিলাম ॥১৩—১৫॥

পরস্পরের প্রতি ধাবিত বীরগণের তরবারিগুলিকে উজ্জ্বল ও মানুষরক্তে সংসিক্ত অবস্থায় দেখা যাইতে লাগিল ॥১৬॥

বীরগণ যে সকল তরবারি নিক্ষেপ ও সঞ্চালন করিতেছিলেন, সেগুলি যাইয়া বিপক্ষগণের মর্ম্মদেশে পতিত হইতে থাকিলে, তুমুল শব্দ হইতে লাগিল ॥১৭॥

ভরতনন্দন! কোন কোন স্থানে সৈন্যগণ বিপক্ষগণের গদা ও মুষলের আঘাতে চূর্ণবিচূর্ণ হইতে লাগিল, কোথাও বিশাল তরবারির প্রহারে বিদীর্ণ হইতে থাকিল, অন্যান্য স্থানে হস্তীর দন্তাঘাতে ক্ষত-বিক্ষত হইতে লাগিল

---

(১৬) বাজমানাশ্চ নিস্ত্রিংশাঃ—বা নি। (১৮)…মৃদিতানাঞ্চ দন্তিভিঃ—বা ব বা নি।

তত্র তত্র নবোঘানাং ক্রোশতামিতবেতবম্‌।
শুশ্রুবুর্দারুণা বাচঃ প্রেতানামিব ভাবত। ॥১৯॥ (যুগ্মকম্‌)
হয়ৈবপি হয়াবোহাশ্চামবাপীড়ধারিভিঃ।
হংসৈবিব মহাবেগৈবন্যোন্যমভিবিদ্রুতাঃ ॥২০॥
তৈর্বিমুক্তা মহাপ্রাসা জাম্বূনদবিভূষণাঃ।
আশুগা বিমলাস্তীক্ষ্ণা সংপেতুর্ভুজগোপমাঃ ॥২১॥
অশ্বৈবগ্র্যজবৈঃ কেচিদাপ্লুত্য মহতো রথাৎ।
শিবাংস্যাদদিবে বীবা বথিনামশ্বসাদিনঃ ॥২২॥
বহূনপি হয়াবোহান্‌ ভল্লৈঃ সন্নতপর্ব্বভিঃ।
বথী জঘান সংপ্রাপ্য বাণগোচবমাগতান্‌ ॥২৩॥

ভারতকৌমুদী

গদেতি। ভগ্নাশ্চূর্ণিতাঃ, ভিন্না বিদারিতাঃ, অবভিন্নাঃ ক্ষতাঃ, অর্দ্দিতা মর্দ্দিতাঃ। ক্রোশতাং গালিং দদতাম্‌। প্রেতানাং বীভৎসদেবযোনিবিশেষাণাম্‌ ॥১৮—১৯॥

হয়ৈরিতি। হয়ৈবশ্বৈঃ, চামবাপীডধাবিভিঃ স্বলোম্নামেব চামবশেখবযুক্তৈঃ ॥২০॥

তৈরিতি। তৈর্হয়াবোহৈঃ, মহাপ্রাসা বিশালকুন্তাঃ। আশুগা দ্রুতগামিনঃ ॥২১॥

অশ্বৈরিতি। অগ্র্যজবৈর্মহাবেগৈঃ। অশ্বসাদিনঃ অশ্বাবোহিণঃ সন্তঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

রুগ্‌ণস্তীব্রাঘাতার্ত্তঃ, ভিন্নো নিকৃত্তাঙ্গঃ, অবভিন্নঃ ক্ষতাঙ্গঃ ॥১৮॥ প্রেতানাং নারকাণাম্‌ ॥১৯॥ হয়ৈঃ কবণভূতৈঃ চামবাপীডাশ্চামবকলাপাস্তদ্ধাবিভিঃ অতএব হংসৈবিব অভিবিদ্রুতাঃ সম্মুখমুপাগতাঃ ॥২০॥ প্রাসা হস্তক্ষেপ্যা ভল্লাঃ 'সৈন্তী'তি প্রসিদ্ধাঃ, কুন্তা ইত্যপরে।

এবং কোন কোন স্থানে হস্তিগণের চরণের নিষ্পেষণে মর্দ্দিত হইতে থাকিল; তখন তাহারা পরস্পরের প্রতি গালি দিতে লাগিল; সুতরাং প্রেতের উক্তির ন্যায় সেই দারুণ উক্তিগুলি শুনা যাইতে থাকিল ॥১৮—১৯॥

অশ্বারোহী সৈন্যেরা আপন আপন লোমেরই চামর ও শেখরধারী, মহাবেগশালী ও হংসের ন্যায় শুভ্রবর্ণ অশ্বে আরোহণ করিয়া পরস্পরের প্রতি ধাবিত হইল ॥২০॥

ক্রমে তাহারা সর্পের তুল্য দীর্ঘ, স্বর্ণভূষণে ভূষিত, নির্ম্মল, তীক্ষ্ণ ও দ্রুতগামী কুন্তসমূহ নিক্ষেপ করিতে থাকিলে, সেগুলি যাইয়া বিপক্ষদের উপরে পতিত হইতে লাগিল ॥২১॥

কতকগুলি বীর আপনাদের বিশাল রথ হইতে লাফাইয়া পড়িয়া বেগবান্‌ অশ্বে আরোহণ করিয়া দ্রুত যাইয়া রথারোহী বীরগণের মস্তক ছেদন করিয়া লইতে লাগিল ॥২২॥

নবমেঘপ্রতীকাশাশ্চাক্ষিপ্য তুরগান্ গজাঃ।
পাদৈরেব বিমৃদ্নন্তি মত্তাঃ কনকভূষণাঃ ॥২৪॥
পাট্যমানেষু কুম্ভেষু পার্শ্বেষ্বপি চ বারণাঃ।
প্রাসৈর্বিমথিতাঃ কেচিদ্বিনেদুঃ পরমাতুরাঃ ॥২৫॥
সাশ্বারোহান্ হয়ান্ কেচিদুন্মথ্য বরবারণাঃ।
সহসা চিক্ষিপুস্তত্র সঙ্কুলে ভৈরবে সতি ॥২৬॥
সাশ্বারোহান্ বিষাণাগ্রৈরুৎক্ষিপ্য তুরগান্ গজাঃ।
রথৌঘানভিমৃদ্নন্তঃ সধ্বজানভিচক্রমুঃ ॥২৭॥

ভারতকৌমুদী

বহূনিতি। হয়ারোহান্ অশ্বারোহিণঃ। বাণগোচরং বাণপাতস্থানম্ ॥২৩॥
নবেতি। আক্ষিপ্য উত্তোল্য ভূমৌ পাতয়িত্বা। বিমৃদ্নন্তি মর্দ্দয়ন্তি স্ম ॥২৪॥
পাট্যমানেষ্বিতি। বারণা হস্তিনঃ। প্রাসৈঃ কুন্তৈঃ। বিনেদুশ্চীৎকারং চক্রুঃ ॥২৫॥
সাশ্বেতি। উন্মথ্য নিষ্পিষ্য। তত্র সমরে, সতি প্রবর্ত্তমানে ॥২৬॥
সাশ্বেতি। বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ। অভিচক্রমুর্বিচেরুঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

আশুগাঃ শীঘ্রগাঃ ॥২১॥ অগ্র্যজবৈরুত্তমবেগৈঃ ॥২২॥ ভল্লৈর্দীর্ঘফলকৈর্ব্বাণৈঃ ॥২৩—২৫॥ সহসা বলেন অতর্কিতং বা সতি বিদ্যমানে ॥২৬॥ অভিচক্রমুঃ অভিতো বভ্রমুঃ ॥২৭॥

রথীরা নতপর্ব্ব ভল্লদ্বারা বাণপতনস্থানে আগত বহুতর অশ্বারোহীকে বধ করিতে লাগিল ॥২৩॥

নূতন মেঘের ন্যায় নীলবর্ণ ও স্বর্ণভূষণে ভূষিত মত্ত হস্তিগণ শুণ্ডদ্বারা অশ্বগুলিকে উত্তোলনপূর্ব্বক ভূতলে নিক্ষেপ করিয়া চরণদ্বারা নিষ্পেষণ করিতে থাকিল ॥২৪॥

আবার বীরেরা কুন্তদ্বারা কুম্ভদেশ ও পার্শ্বদেশ বিদারণ করিলে কতকগুলি হস্তী অত্যন্ত পীড়িত হইয়া চীৎকার করিতে লাগিল ॥২৫॥

সেই ভয়ঙ্কর সঙ্কুল যুদ্ধ চলিতে থাকিলে কতকগুলি বিশাল হস্তী, আরোহীর সহিত অশ্বগুলিকে উত্তোলন করিয়া তৎক্ষণাৎ নিক্ষেপ করিতে থাকিল ॥২৬॥

অনেক হস্তী, আরোহীর সহিত অশ্বগুলিকে দন্তাগ্রে তুলিয়া লইয়া ধ্বজের সহিত বহুতর রথ মর্দ্দন করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিল ॥২৭॥

---

(২৪)… স্বপাদৈরবমৃদ্নন্তো মত্তাঃ—পি, স্বপাদৈরবমৃদ্নন্তি—বা। (২৫)…প্রাসৈর্বিনিহতাঃ—বা নি। (২৬)…কাংশ্চিদুন্মথ্য—বা নি।

পুংস্ত্বাদতিমদত্বাচ্চ কেচিত্তত্র মহাগজাঃ।
সাশ্বারোহান্ হয়ান্ জঘ্নুঃ করৈঃ সচরণৈস্তথা ॥২৮॥
প্রতিমানেষু গাত্রেষু পার্শ্বেষ্বপি চ বারণান্।
আশুগা বিমলাস্তীক্ষ্ণাঃ সংপেতুর্ভুজগোপমাঃ ॥২৯॥
নরাশ্বকায়ান্ নির্ভিদ্য লৌহানি কবচানি চ।
নিপেতুর্বিমলাঃ শক্ত্যো বীরবাহুভিরর্পিতাঃ।
মহোল্কাপ্রতিমা ঘোরাস্তত্র তত্র বিশাংপতে! ॥৩০॥
দ্বীপিচর্ম্মাবনদ্ধৈশ্চ ব্যাঘ্রচর্ম্মচ্ছদৈরপি।
বিকোষৈর্বিমলৈঃ খড়্গৈরভিজঘ্নুঃ পরান্ রণে ॥৩১॥

ভারতকৌমুদী

পুংস্ত্বাদিতি। পুংস্ত্বাৎ পুংস্ত্বেন মহাবলত্বাৎ। করৈঃ শুণ্ডাভিঃ ॥২৮॥

প্রতীতি। প্রতিমানেষু ললাটেষু, "প্রতিমানমধোঽস্য যৎ" ইত্যমরঃ। আশুগা বাণাঃ ॥২৯॥

নরেতি। শক্ত্যঃ শক্তয়ঃ। অর্পিতা নিক্ষিপ্তাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

দ্বীপীতি। দ্বীপিনো বিচিত্রা ব্যাঘ্রবিশেষাঃ। ব্যাঘ্রচর্ম্মাণ্যেব ছদা আবরণানি যেষাং তৈঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

পুংস্ত্বাদ্বীর্য্যবত্ত্বাৎ অতিমদত্বাদ্ভিন্নমদত্বাৎ ॥২৮॥ প্রতিমানেষু ললাটেষু গাত্রেষু অঙ্গেষু বারণানভি গজানামভিতঃ, ষষ্ঠ্যর্থে দ্বিতীয়া, আশুগা বাণাঃ অশ্বারোহাদিভিঃ প্রক্ষিপ্তা ইতি শেষঃ ॥২৯॥ শক্ত্যঃ শক্তয়ঃ কৃৎস্না লোহদণ্ডাস্ত এব মহোল্কাপ্রতিমা ইত্যুত্তরেণ সম্বন্ধঃ ॥৩০॥ দ্বীপী চিত্রব্যাঘ্রঃ। বিকোশৈঃ প্রয়োগকালে। অভীতস্যাভিমুখ্যেন সর্পণং স্যাদভিপ্লুতম্।

কতকগুলি মহাহস্তী পুরুষত্বনিবন্ধন মহাবল ও অত্যন্ত মত্ত বলিয়া শুণ্ড ও চরণদ্বারা আরোহীর সহিত অশ্বগুলিকে বধ করিতে থাকিল ॥২৮॥

আবার নির্ম্মল, তীক্ষ্ণ ও সর্পের তুল্য দীর্ঘ বাণ সকল যাইয়া হস্তিগণের ললাটে, গাত্রে ও পার্শ্বে পতিত হইতে লাগিল ॥২৯॥

নরনাথ। বিশাল উল্কার ন্যায় দীর্ঘ, নির্ম্মল ও ভয়ঙ্কর শক্তিসমূহ বীরগণের হস্তনিক্ষিপ্ত হইয়া মানুষ ও অশ্বের দেহ এবং লৌহকবচ ভেদ করিয়া সমরাঙ্গনের নানাস্থানে পতিত হইতে থাকিল ॥৩০॥

পূর্ব্বে যে সকল তরবারি বিচিত্র ব্যাঘ্রচর্ম্ম ও সাধারণ ব্যাঘ্রচর্ম্মের কোষের ভিতরে থাকিত, তৎকালে সেগুলিকে বাহির করিয়া তাহাদ্বারা বীরেরা যুদ্ধে বিপক্ষগণকে বধ করিতে লাগিলেন ॥৩১॥

(২৯) 'অশ্বারোহৈশ্চ সমরে হস্তিসাদিভিরেব চ' ইতি পাদদ্বয়ং পূর্ব্বমধিকম্—বা নি।

অভিপ্লুতমভিক্রুদ্ধমেকপার্শ্বাবদারিতম্ ।
বিদর্শয়ন্তঃ সংপেতুঃ খড়্গচর্ম্মপরশ্বধৈঃ ॥৩২॥
কেচিদাক্ষিপ্য করিণঃ সাশ্বানপি রথান্ করৈঃ ।
বিকর্ষন্তো দিশঃ সর্ব্বাঃ সংপেতুঃ সর্ব্বশব্দগাঃ ॥৩৩॥
শঙ্কুভির্দারিতাঃ কেচিৎ সংভিন্নাশ্চ পরশ্বধৈঃ ।
হস্তিভির্ম্মর্দিতাঃ কেচিৎ ক্ষুণ্ণাশ্চান্যে তুরঙ্গমৈঃ ॥৩৪॥
রথনেমিনিকৃত্তাশ্চ নিকৃত্তাশ্চ পরশ্বধৈঃ ।
ব্যাক্রোশন্ত নরা রাজন্ ! তত্র তত্র স্ম বান্ধবান্ ॥৩৫॥
পুত্রানন্যে পিতৄনন্যে ভ্রাতৄংশ্চ সহ বন্ধুভিঃ ।
মাতুলান্ ভাগিনেয়াংশ্চ পরানপি চ সংযুগে ॥৩৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অভীতি । আভিমুখ্যেন গমনমভিপ্লুতম্, ওষ্ঠদংশনপূর্ব্বকং ধাবনমভিক্রুদ্ধম্, বামপার্শ্বে ধাবনমেকপার্শ্বাবদারিতম্, বিদর্শয়ন্তো বীরাঃ, সংপেতুঃ আচক্রমুঃ ॥৩২॥

কেচিদিতি । করৈঃ শুণ্ডাভিঃ । সর্বান্ শব্দান্ রীবনাদান্ গচ্ছন্তি অনুসরন্তীতি তে ॥৩৩॥

শঙ্কুভিরিতি । শঙ্কুভির্লৌহকীলৈঃ । রথানাং নেমিভিশ্চক্রপ্রান্তৈঃ নিকৃত্তাশ্ছিন্নাঃ, নিকৃত্তাশ্ছিন্নাঃ । ব্যাক্রোশন্ত আর্ত্তনাদমকুর্ব্বন্ । স্মশব্দঃ পাদপূরণে । সংযুগে যুদ্ধে ॥৩৪—৩৬॥

ভারতভাবদীপঃ

তদেব স্যাদভিক্রুদ্ধমোষ্ঠদংশাদিসংযুতম্ । বামপক্ষাশ্রিতং যানমেকপার্শ্বাবদারিতম্ । চর্ম্ম প্রহারবারণং 'ঢাল' ইতি প্রসিদ্ধং ভাষায়াম্ ॥৩১—৩২॥ আক্ষিপ্যাকৃষ্য । সর্ব্বশব্দগাঃ সর্ব্বেষামাক্ষেপ্তৄণাং শব্দমনুগচ্ছন্তি তে তথা, শঙ্কুভিঃ কীলৈঃ কণ্টকদণ্ডাদিগতৈঃ ॥৩৩—৩৪॥ ব্যাক্রোশন্ত ব্যাক্রোশং কৃতবন্তঃ, বন্ধুভিঃ সখিভিঃ ॥৩৫—৩৬॥ ভগ্নসক্থা ভগ্নোরবঃ ॥৩৭॥

অনেক বীর তরবারী, ঢাল ও পরশু লইয়া সম্মুখে গমন, ওষ্ঠদংশনপূর্ব্বক গমন ও পার্শ্বে গমন দেখাইতে থাকিয়া বিপক্ষদিগকে আক্রমণ করিতে থাকিলেন ॥৩২॥

সিংহনাদপ্রভৃতি সকল শব্দের অনুসরণকারী কতকগুলি হস্তী শুণ্ডদ্বারা অশ্বের সহিতই রথগুলিকে ধারণ করিয়া আকর্ষণ করতঃ সকল দিকে ধাবিত হইতে লাগিল ॥৩৩॥

রাজা ! কেহ কেহ লৌহশঙ্কুদ্বারা বিদীর্ণ, কেহ কেহ পরশুদ্বারা খণ্ডিত, কেহ কেহ হস্তিচরণে মর্দ্দিত, কেহ কেহ অশ্বের খুরে ক্ষত-বিক্ষত, কেহ কেহ রথচক্রের আঘাতে ছিন্ন এবং কেহ কেহ পরশুদ্বারা আহত হইয়া সেই সেই

---

(৩৪) শক্তিভির্দারিতাঃ—পি । (৩৫)…বিক্রোশন্তি নরাঃ—পি ।

বিকীর্ণান্ত্রাঃ সুবহবো ভগ্নসক্‌থাশ্চ ভারত!।
বাহুভিশ্চাপরে চ্ছিন্নৈঃ পার্শ্বেষু চ বিদারিতাঃ।
ক্রন্দন্তঃ সমদৃশ্যন্ত সুভৃশং জীবিতেপ্সবঃ ॥৩৭॥
তৃষা পরিগতাঃ কেচিদল্পসত্ত্বা বিশাংপতে!।
ভূমৌ নিপতিতাঃ সংখ্যে মৃগয়াঞ্চক্রিরে জলম্ ॥৩৮॥
রুধিরৌঘপরিক্লিন্নাঃ ক্লিশ্যমানাশ্চ ভারত!।
ব্যনিন্দন্ ভৃশমাত্মানং তব পুত্রাংশ্চ সঙ্গতান্ ॥৩৯॥
অপরে ক্ষত্রিয়াঃ শূরাঃ কৃতবৈরাঃ পরস্পরম্।
নৈব শস্ত্রং বিমুঞ্চন্তি নৈব ক্রন্দন্তি মারিষ! ॥৪০॥
তর্জ্জয়ন্তি চ সংহৃষ্টাস্তত্র তত্র পরস্পরম্।
আদশ্য দশনৈশ্চাপি ক্রোধাৎ স্বং দশনচ্ছদম্ ॥৪১॥
ভ্রূকুটীকুটিলৈর্বক্ত্রৈঃ প্রেক্ষন্তি চ পরস্পরম্।
অপরে ক্লিশ্যমানাস্তু শরার্ত্তা ব্রণপীড়িতাঃ ॥৪২॥

ভারতকৌমুদী

বিকীর্ণেতি। বিকীর্ণান্ত্রা বিক্ষিপ্তনাড়ীবিশেষাঃ, ভগ্নসক্‌থা ভগ্নোরবঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

তৃষেতি। তৃষা তৃষ্ণয়া, পরিগতা আক্রান্তাঃ, অল্পসত্ত্বা দুর্ব্বলীভূতাঃ ॥৩৮॥

রুধিরেতি। আত্মানং ব্যনিন্দন্ যুদ্ধাগমনাৎ, তব পুত্রান্ যুদ্ধঘটনাৎ ॥৩৯॥

অপর ইতি। নৈব ক্রন্দন্তি ভৃশং প্রহৃতা অপি সত্ত্বাতিরেকাৎ। দশনৈর্দন্তৈঃ, দশন-

---

স্থানে বান্ধবগণকে, পুত্রগণকে, ভ্রাতৃগণকে, আত্মীয়গণকে, মাতুলগণকে, ভাগিনেয়গণকে এবং অন্যান্য লোকদিগকে আহ্বান করিতে থাকিয়া আর্ত্তনাদ করিতে লাগিল ॥৩৪—৩৬॥

ভরতনন্দন! আঁৎড়ী বিক্ষিপ্ত, উরু ভগ্ন, বাহু ছিন্ন এবং পার্শ্ব বিদীর্ণ হইলেও জীবনার্থী বহুতর সৈন্যকে অতিশয় ক্রন্দন করিতে দেখা গেল ॥৩৭॥

নরনাথ! সমরাঙ্গনে নিপতিত কতকগুলি দুর্ব্বল সৈন্য তৃষ্ণার্ত্ত হইয়া জলের অন্বেষণ করিতে লাগিল ॥৩৮॥

ভরতনন্দন! অত্যন্ত পীড়িত ও রক্তাক্তদেহ বহুতর সৈন্য নিজেকে এবং আপনার (ধৃতরাষ্ট্রের) পুত্রদিগকে বিশেষ নিন্দা করিতে থাকিল ॥৩৯॥

মাননীয় মহারাজ! পরস্পর শত্রুতাকারী অপর বীর ক্ষত্রিয়েরা গুরুতর প্রহৃত হইয়াও অস্ত্রত্যাগ বা রোদন করিলেন না, বরং ক্রোধে দন্তদ্বারা ওষ্ঠ

---

(৩৭)···তৃষিতা জীবিতেপ্সবঃ—বা নি। (৪১)···ক্রোধাৎ স্ববদনচ্ছদম্—রা নি।

নিষ্কূজাঃ সমপদ্যন্ত দৃঢ়সত্ত্বা মহাবলাঃ।
অন্যে চ বিরথাঃ শূরা রথমন্যস্য সংযুগে ॥৪৩॥
প্রার্থয়ানা নিপতিতাঃ সংক্ষুণ্ণা বরবারণৈঃ।
অশোভন্ত মহারাজ! সপুষ্পা ইব কিংশুকাঃ ॥৪৪॥ (কুলকম্)
সংবভূবুরনীকেষু বহবো ভৈরবস্বনাঃ।
বর্ত্তমানে মহাভীমে তস্মিন্ বীরবরক্ষয়ে ॥৪৫॥
নিজঘান পিতা পুত্রং পুত্রশ্চ পিতরং রণে।
স্বস্ত্রীয়ো মাতুলঞ্চাপি স্বস্ত্রীয়ঞ্চাপি মাতুলঃ ॥৪৬॥
সখা সখায়ঞ্চ তথা সম্বন্ধী বান্ধবং তথা।
এবং যুযুধিরে তত্র কুরবঃ পাণ্ডবৈঃ সহ ॥৪৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ছন্দম্ ওষ্ঠম্। প্রেঙ্খন্তি প্রেঙ্খন্তে স্ম। নিষ্কূজাঃ নিঃশব্দাঃ, সমপদ্যন্ত সঞ্জাতাঃ, দৃঢ়সত্ত্বাঃ সাতিশয়বুদ্ধ্যধ্যবসায়াঃ। প্রার্থয়ানাঃ প্রার্থয়ন্তঃ, সংক্ষুণ্ণা ভগ্নাবয়বাঃ ॥৪০—৪৪॥

সংবভূবুরিতি। অনীকেষু সৈন্যেষু। বীরবরাণাং ক্ষয়ো যস্মিন্ তস্মিন্ ॥৪৫॥

নিজঘানেতি। স্বস্ত্রীয়ো ভাগিনেয়ঃ। সম্বন্ধী শ্যালকাদিঃ ॥৪৬—৪৭॥

দংশন করিয়া হৃষ্ট হইয়া সেই সেই স্থানে থাকিয়া পরস্পর তর্জ্জন করিতেই লাগিলেন এবং ভ্রূকুটীকুটিল মুখে পরস্পর দর্শন করিতে থাকিলেন। দৃঢ় অধ্যবসায় ও মহাবলশালী অপর বীরেরা বাণপীড়িত, ক্ষতবিক্ষতদেহ ও ক্লিষ্ট হইয়া নিঃশব্দ অবস্থায় রহিলেন। আর, মহারাজ! রথশূন্য অন্য বীরেরা মহাহস্তীর আক্রমণে ভগ্নগাত্র, রক্তাক্তদেহ ও সমরাঙ্গনপতিত হইয়া অপরের রথ চাহিতে থাকিয়া পুষ্পসমন্বিত কিংশুকবৃক্ষসমূহের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৪০—৪৪॥

প্রধান প্রধান বীরনাশক সেই মহাভয়ঙ্কর যুদ্ধ চলিতে লাগিলে, উভয়পক্ষের সৈন্যের মধ্যেই বহুতর ভীষণ শব্দ হইতে লাগিল ॥৪৫॥

সেই যুদ্ধে পিতা পুত্রকে, পুত্র পিতাকে, ভাগিনেয় মাতুলকে, মাতুল ভাগিনেয়কে, সখা সখাকে এবং সম্বন্ধী অপর সম্বন্ধীকে বধ করিতে লাগিল। এইভাবে কৌরবেরা পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৪৬—৪৭॥

(৪৩)...অন্যে তু বিরথাঃ শূরাঃ—পি বা। (৪৬) অহনস্তু পিতা পুত্রম্—পি বা।
(৪৭)...এবমেব ক্ষয়ো বৃত্তঃ কুরবঃ—পি বা।

বৰ্ত্তমানে তথা তস্মিন্ নির্ম্মর্য্যাদে ভয়ানকে।
ভীষ্মমাসাদ্য পার্থানাং বাহিনী সমকম্পত ॥৪৮॥
কেতুনা পঞ্চতারেণ তালেন ভরতর্ষভ।।
রাজতেন মহাবাহুরুচ্ছ্রিতেন মহারথে।
রবৌ ভীষ্মস্তদা রাজন্। চন্দ্রমা ইব মেরুণা ॥৪৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে প্রথমদিবসযুদ্ধে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতকৌমুদী

বর্ত্তমান ইতি। তস্মিন্ যুদ্ধে, নির্ম্মর্য্যাদে সঙ্কুলে। পার্থানাং পাণ্ডবানাম্ ॥৪৮॥

কেতুনেতি। কেতুনা ধ্বজেন, পঞ্চ তারাস্তারাকারাণি স্বর্ণপট্টচিহ্নানি যত্র তেন, তালেন তালতরুপ্রমাণেন। রাজতেন রৌপ্যনির্ম্মিতেন, উচ্ছ্রিতেন উত্তোলিতেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

তৃষা পিপাসয়া অল্পসত্ত্বা ধৈর্য্যবর্জ্জিতাঃ মৃগযাঞ্চক্রিরে যাচন্তে ॥৩৮—৪১॥ রদনচ্ছদমোষ্ঠং নিষ্ক্রূজা নিঃশব্দাঃ রথমন্যস্য গন্তুং প্রার্থয়ানা মধ্যেমার্গং নিপতিতা ইতি যোজ্যম্ ॥৪২—৪৮॥ কেতুনেতি সার্দ্ধঃ, অত্র চন্দ্রকেত্বোর্মেরুরথভীষ্মযোশ্চোপমেয়োপমেয়ভাবঃ ভীষ্মস্য রুক্মরথত্বাৎ ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৬॥

—:*:—

সঙ্কুল ও ভয়ানক সেই যুদ্ধ চলিতে থাকিলে, পাণ্ডববাহিনী ভীষ্মকে পাইয়া কম্পিত হইতে লাগিল ॥৪৮॥

ভরতশ্রেষ্ঠ রাজা। চন্দ্র যেমন সুমেরুপর্ব্বতদ্বারা শোভা পান, সেইরূপ তৎকালে মহাবাহু ভীষ্ম আপন মহারথে থাকিয়া পঞ্চস্বর্ণতারাযুক্ত, তালতরু-প্রমাণ, রৌপ্যনির্ম্মিত ও উত্তোলিত ধ্বজদ্বারা শোভা পাইতে লাগিলেন" ॥৪৯॥

—:*:—

(৪৮) বর্ত্তমানে ভযে তস্মিন্ নির্ম্মর্য্যাদে মহাহবে পি নির্ম্মর্য্যাদে মহাভযে—বা।

সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

গতপূর্ব্বাহ্নভূয়িষ্ঠে তস্মিন্নহনি দারুণে।
বর্ত্তমানে তথা রৌদ্রে রাজন্! নরবরক্ষয়ে ॥১॥
দুর্ম্মুখঃ কৃতবর্ম্মা চ কৃপঃ শল্যো বিবিংশতিঃ।
ভীষ্মং জুগুপুরাসাদ্য তব পুত্রেণ চোদিতাঃ ॥২॥ (যুগ্মকম্)
এতৈরতিরথৈর্গুপ্তঃ পঞ্চভির্ভরতর্ষভঃ।
পাণ্ডবানামনীকানি বিজগাহে মহারথঃ ॥৩॥
চেদিকাশিকরূষেষু পাঞ্চালেষু চ ভারত!।
ভীষ্মস্য বহুধা তালশ্চলকেতুরদৃশ্যত ॥৪॥
স শিরাংসি রণেঽরীণাং রথাংশ্চ সযুগধ্বজান্।
নিচকর্ত্ত মহাবেগৈর্ভল্লৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৫॥

ভারতকৌমুদী

গতেতি। গতঃ অতিক্রান্তঃ পূর্ব্বাহ্নস্য দ্বিধাবিভক্তদিনপূর্ব্বভাগস্য ভূয়িষ্ঠো বহুলঃ অংশো যস্য তস্মিন্। নরবরাণাং ক্ষযো বিনাশো যস্মিন্ তাদৃশে রণে। জুগুপুঃ ররক্ষুঃ, আসাদ্য প্রাপ্য, তব পুত্রেণ দুর্য্যোধনেন, চোদিতাঃ প্রেরিতাঃ ॥১—২॥

এতৈরিতি। গুপ্তো রক্ষিতঃ। বিজগাহে প্রবিবেশ, মহারথো ভীষ্মঃ ॥৩॥

চেদীতি। চেদ্যাদিদেশীয়সৈন্যেম্বিত্যর্থঃ। চলকেতুশ্চঞ্চলধ্বজঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—"রাজা! সেই ভয়ঙ্কর দিনের পূর্ব্বাহ্ণের অধিক অংশ অতীত হইলে এবং প্রধান প্রধান সৈন্যনাশক সেইরূপ ভয়ঙ্কর যুদ্ধ চলিতে থাকিলে, আপনার পুত্র দুর্য্যোধনের আদেশে দুর্ম্মুখ, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য, শল্য ও বিবিংশতি—ইঁহারা পাঁচ জন যাইয়া ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন ॥১—২॥

এই পাঁচ জন অতিরথ যাইয়া রক্ষা করিতে থাকিলে, ভরতবংশশ্রেষ্ঠ ও মহারথ ভীষ্ম যাইয়া পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥৩॥

ভরতনন্দন! চেদি, কাশী, করূষ ও পাঞ্চালদেশীয় সৈন্যগণের মধ্যে ভীষ্মের চঞ্চল তালধ্বজ বহুপ্রকারে দেখা যাইতে লাগিল ॥৪॥

(১)…রৌদ্রে মহাবীররথক্ষয়ে—বা নি। (৩)…বিজগাহ মহারথঃ—পি। (৫) স শিরাংসি রণে বীরঃ—পি বা।

নৃত্যতো রথমার্গেষু ভীষ্মস্য ভরতর্ষভ।।
ভৃশমার্ত্তস্বরং চক্রুর্নাগা মর্ম্মণি তাড়িতাঃ ॥৬॥
অভিমন্যুঃ সুসংক্রুদ্ধঃ পিশঙ্গৈস্তুরগোত্তমৈঃ।
সংযুক্তং রথমাস্থায় প্রাযাদ্ভীষ্মরথং প্রতি ॥৭॥
জাম্বূনদবিচিত্রেণ কর্ণিকারেণ কেতুনা।
অভ্যবর্ত্তত ভীষ্মঞ্চ তাংশ্চৈব রথসত্তমান্ ॥৮॥
স তালকেতোস্তীক্ষ্ণেন কেতুমাহত্য পত্রিণা।
ভীষ্মেণ যুযুধে বীরস্তস্য চানুচরৈঃ সহ ॥৯॥
কৃতবর্ম্মাণমেকেন শল্যং পঞ্চভিরাশুগৈঃ।
বিদ্ধা নবভিরানর্চ্ছ চ্ছিতাগ্রৈঃ প্রপিতামহম্ ॥১০॥

ভারতকৌমুদী

স ইতি। স ভীষ্মঃ। যুগৈর্দারুবিশেষৈর্ধ্বজৈশ্চ সহেতি তান্। নিচকর্ত্ত চিচ্ছেদ ॥৫॥
নৃত্যত ইতি। নৃত্যতঃ অনবরতদেহসঞ্চালনান্নৃত্যং কুর্ব্বত ইব। নাগা হস্তিনঃ ॥৬॥
অভীতি। পিশঙ্গৈঃ পিঙ্গলবর্ণৈঃ। আস্থায় আরুহ্য, প্রাযাৎ অগচ্ছৎ ॥৭॥
জাম্বূনদেতি। কর্ণিকারেণ কর্ণিকারতরুনির্ম্মিতেন। তান্ দুর্ম্মুখাদীন্ ॥৮॥
স ইতি। তালকেতোর্ভীষ্মস্য। পত্রিণা বাণেন ॥৯॥

ভারতভাবদীপঃ

গতেতি। গতোঽতীতঃ পূর্ব্বাহ্নস্য ভূযিষ্ঠো ভাগো যস্মিন্নহনি ॥১—৫॥ নৃত্যতো নৃত্যমিব কুর্ব্বতঃ ॥৬॥ পিশঙ্গৈঃ পিঙ্গলৈঃ ॥৭॥ কর্ণিকারেণ কর্ণিকারদ্রুমোপমেন ॥৮॥

ভীষ্ম মহাবেগশালী ও অবনতপর্ব্ব ভল্লদ্বারা যুদ্ধে শত্রুগণের মস্তক এবং যুগকাষ্ঠ ও ধ্বজের সহিত রথগুলিকে ছেদন করিতে থাকিলেন ॥৫॥

ভরতশ্রেষ্ঠ! তৎকালে ভীষ্ম যেন রথে থাকিয়া নৃত্য করিতে লাগিলেন, সেই অবস্থায় তাঁহার রথপথে স্থিত হস্তী সকল মর্ম্মদেশে তাড়িত হইয়া অত্যন্ত আর্ত্তনাদ করিতে লাগিল ॥৬॥

এই সময়ে অভিমন্যু অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পিঙ্গলবর্ণ-ঘোটকযুক্ত রথে আরোহণ করিয়া ভীষ্মের রথের দিকে গমন করিলেন ॥৭॥

স্বর্ণবিচিত্র ও কর্ণিকারবৃক্ষনির্ম্মিত-ধ্বজশালী অভিমন্যু ক্রমে ভীষ্মের এবং দুর্ম্মুখপ্রভৃতি রথিশ্রেষ্ঠগণের অভিমুখবর্ত্তী হইলেন ॥৮॥

তাহার পর বীর অভিমন্যু একটা তীক্ষ্ণ বাণদ্বারা ভীষ্মের ধ্বজে আঘাত করিয়া ভীষ্ম ও তাঁহার অনুচরগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৯॥

(৯)…তস্য চানুরথৈঃ সহ—বা ব বা নি। (১০)…শল্যং পঞ্চভিরাযসৈঃ—পি।

ততস্তেষাং মহাস্ত্রাণি সংবার্য্য শরবৃষ্টিভিঃ।
ননাদ বলবৎ কার্ষ্ণির্ভীষ্মায় বিসৃজন্ শরান্ ॥২১॥
তত্রাস্য সুমহদ্রাজন্! বাহ্বোর্বলমদৃশ্যত।
যতমানস্য সমরে ভীষ্মমর্দ্দয়তঃ শরৈঃ ॥২২॥
পরাক্রান্তস্য তস্যৈবং ভীষ্মোঽপি প্রাহিণোচ্ছরান্।
স তাংশ্চিচ্ছেদ সমরে ভীষ্মচাপচ্যুতান্ শরান্ ॥২৩॥
ততো ধ্বজমমোঘেষুর্ভীষ্মস্য নবভিঃ শরৈঃ।
চিচ্ছেদ সমরে বীরস্তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥২৪॥
স রাজতো মহাস্কন্ধস্তালো হেমবিভূষিতঃ।
সৌভদ্রবিশিখৈশ্ছিন্নঃ পপাত ভুবি ভারত! ॥২৫॥

ভারতকৌমুদী

তত ইতি। বলবৎ অতীব ননাদ, "বলবৎ সুষ্ঠু কিমুত স্বত্যতীব চ নির্ভরে" ইত্যমরঃ ॥২১॥

তত্রেতি। অস্য অভিমন্যোঃ। যতমানস্য যত্নবতঃ ॥২২॥

পরেতি। তস্য অভিমন্যোরুপরি। প্রাহিণোৎ ক্ষিপৎ ॥২৩॥

তত ইতি। অমোঘেষুঃ অব্যর্থবাণোঽভিমন্যুঃ। উচ্চুক্রুশুর্বিস্ময়ান্নেদুঃ ॥২৪॥

স ইতি। রাজতো রৌপ্যময়ঃ। তালঃ তালপ্রমাণো ধ্বজঃ ॥২৫॥

তাহার পর অর্জ্জুননন্দন অভিমন্যু বাণবর্ষণদ্বারা তাঁহাদের ভীষণ অস্ত্র সকল নিবারণ করিয়া ভীষ্মের উপরে বাণক্ষেপ করিতে থাকিয়া বিশাল সিংহনাদ করিলেন ॥২১॥

রাজা! অভিমন্যু যখন যুদ্ধে যত্নবান্ হইয়া বাণদ্বারা ভীষ্মকে পীড়ন করিতে লাগিলেন, তখন উঁহার সাতিশয় বাহুবল দেখা যাইতে লাগিল ॥২২॥

অভিমন্যু এইরূপ পরাক্রম প্রকাশ করিতে থাকিলে, ভীষ্মও তাঁহার উপরে বাণক্ষেপ করিতে থাকিলেন; তখন অভিমন্যুও যুদ্ধে ভীষ্মকার্ম্মুকনির্গত বাণগুলিকে ছেদন করিতে লাগিলেন ॥২৩॥

তৎপরে অব্যর্থবাণ বীর অভিমন্যু নয়টা বাণদ্বারা যুদ্ধে ভীষ্মের ধ্বজটাকে কাটিয়া ফেলিলেন; তাহাতে তত্রত্য লোকেরা বিস্ময়ে মহাকোলাহল করিয়া উঠিল ॥২৪॥

ভরতনন্দন! তখন রৌপ্যময়, মহাস্কন্ধ ও স্বর্ণভূষিত সেই তালধ্বজটা অভিমন্যুর বাণে ছিন্ন হইয়া ভূতলে পতিত হইল ॥২৫॥

(২১)···ননাদ বলবান্ কার্ষ্ণিঃ—বা নি। (২৩)···তস্যৈব—বা নি।

তং তু সৌভদ্রবিশিখৈঃ পাতিতং ভরতর্ষভ ! ।
দৃষ্ট্বা ভীমো ননাদোচ্চৈঃ সৌভদ্রমভিহর্ষয়ন্ ॥২৬॥
অথ ভীষ্মো মহাস্ত্রাণি দিব্যানি চ বহূনি চ।
প্রাদুশ্চক্রে মহারৌদ্রে ক্ষণে তস্মিন্ মহাবলঃ ॥২৭॥
ততঃ শরসহস্রেণ সৌভদ্রং প্রপিতামহঃ।
অবাকিরদমেয়াত্মা তদদ্ভুতমিবাভবৎ ॥২৮॥
ততো দশ মহেষ্বাসাঃ পাণ্ডবানাং মহারথাঃ।
রক্ষার্থমভ্যধাবন্ত সৌভদ্রং ত্বরিতা রথৈঃ ॥২৯॥
বিরাটঃ সহ পুত্রেণ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
ভীমশ্চ কেকয়াশ্চৈব সাত্যকিশ্চ বিশাংপতে। ॥৩০॥

ভারতকৌমুদী

তমিতি। সৌভদ্রবিশিখৈঃ অভিমন্যুবাণৈঃ ॥২৬॥
অথেতি। দিব্যানি স্বর্গীয়াণি ব্রাহ্মাদীনি। প্রাদুশ্চক্রে অভিমন্যোরুপরি ॥২৭॥
তত ইতি। প্রপিতামহঃ সৌভদ্রস্যৈব, স চ ভীষ্মঃ। অমেয়াত্মা অজ্ঞেয়ধৈর্য্যঃ ॥২৮॥
তত ইতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। সৌভদ্রম্ অভি লক্ষ্যীকৃত্য ॥২৯॥
কে তে দশেত্যাহ—বিরাট ইতি। পুত্রেণ উত্তরাখ্যেন। কেকয়াঃ পঞ্চ ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ। সেই ভীষ্মের ধ্বজটাকে অভিমন্যুর বাণে নিপাতিত দেখিয়া ভীমসেন অভিমন্যুকে আনন্দিত করিবার জন্য উচ্চস্বরে সিংহনাদ করিয়া উঠিলেন ॥২৬॥

তাহার পর মহাবল ভীষ্ম সেই মহাভয়ঙ্কর সময়ে অভিমন্যুর উপরে স্বর্গীয় বহুতর মহাস্ত্র নিক্ষেপ করিলেন ॥২৭॥

তৎপরে অসাধারণ ধৈর্য্যশালী ভীষ্ম বহুসংখ্যক বাণদ্বারা অভিমন্যুকে একেবারে আবৃত করিয়া ফেলিলেন; তাহা যেন আশ্চর্য্য বলিয়া বোধ হইল ॥২৮॥

তখন পাণ্ডবপক্ষের দশ জন মহাধনুর্দ্ধর মহারথ রথে আরোহণ করিয়া অভিমন্যুকে রক্ষা করিবার জন্য সত্বর তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২৯॥

নরনাথ। পুত্র উত্তরের সহিত বিরাট, পৃষতপৌত্র ধৃষ্টদ্যুম্ন, ভীমসেন, কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা এবং সাত্যকি (ইহারা সেই দশ জন) ॥৩০॥

(২৬) ধ্বজং সৌভদ্রবিশিখৈঃ পতন্তং ভরতর্ষভ।। দৃষ্ট্বা ভীমোঽনদদ্ধৃষ্টঃ—পি বা। (২৭)…দিব্যানি সুবহূনি চ…রণে তস্মিন্—বা নি। (২৮)…অমেয়াত্মা শরাণাং নতপর্ব্বণাম্—পি।

জবেনাপততাং তেষাং ভীষ্মঃ শান্তনবো রণে।
পাঞ্চাল্যং ত্রিভিরানর্চ্ছৎ সাত্যকিং নবভিঃ শরৈঃ ॥৩১॥
পূর্ণায়তবিসৃষ্টেন ক্ষুরেণ নিশিতেন চ।
ধ্বজমেকেন চিচ্ছেদ ভীমসেনস্য পত্রিণা ॥৩২॥
জাম্বূনদময়ঃ কেতুঃ কেসরী নরসত্তম ।।
পপাত ভীমসেনস্য ভীষ্মেণ মথিতো রথাৎ ॥৩৩॥
ততো ভীমস্ত্রিভির্বিদ্ধা ভীষ্মং শান্তনবং রণে।
কৃপমেকেন বিব্যাধ কৃতবর্ম্মাণমষ্টভিঃ ॥৩৪॥
প্রগৃহীতাগ্রহস্তেন বৈরাটিরপি দন্তিনা।
অভ্যদ্রবত রাজানং মদ্রাধিপতিমুত্তরঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

জবেনেতি। জবেন বেগেন, আপততামাগচ্ছতাম। আনর্চ্ছৎ অপীড়য়ৎ ॥৩১॥
পূর্ণেতি। ক্ষুরেণ ক্ষুরধারেণ। পত্রিণা বাণেন ॥৩২॥
জাম্বূনদেতি। জাম্বূনদময়ঃ স্বর্ণখচিতঃ, কেতুর্ধ্বজঃ, কেসরী সিংহলাঞ্ছিতঃ ॥৩৩॥
তত ইতি। ত্রিভির্বাণৈঃ। শান্তনবপদং ভীষ্মান্তরব্যাবৃত্ত্যর্থম্ ॥৩৪॥
প্রেতি। প্রগৃহীত উত্তোল্য ধৃতঃ অগ্রহস্তঃ শুণ্ডাগ্রং যেন তেন, দন্তিনা হস্তিনা ॥৩৫॥

ভারতভাবদীপঃ

সত্ত্ববন্তং বলবন্তম্ ॥১৫॥ অলাতসদৃশপ্রভং ভ্রাম্যমাণোল্মুকসমং মণ্ডলাকারমিত্যর্থঃ ॥১৬—২৯॥ পুত্রেণোত্তরেণ ॥৩০—৩২॥ কেশরী সিংহঃ ॥৩৩—৩৪॥ প্রগৃহীতাগ্রহস্তেন কুণ্ডলীকৃত-

---

তাঁহারা বেগে আসিতে লাগিলে, শান্তনুনন্দন ভীষ্ম যুদ্ধে তিনটা বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে এবং নয়টা বাণদ্বারা সাত্যকিকে পীড়ন করিলেন ॥৩১॥

আর তিনি আকর্ণাকৃষ্টকার্ম্মুকানক্ষিপ্ত, নিশিত ও ক্ষুরধার একটা বাণদ্বারা ভীমসেনের ধ্বজ ছেদন করিলেন ॥৩২॥

নরশ্রেষ্ঠ! তখন ভীষ্মচ্ছিন্ন, স্বর্ণখচিত ও সিংহচিহ্নিত সেই ভীমসেনের ধ্বজটা তাঁহার রথ হইতে পতিত হইল ॥৩৩॥

তাহার পর ভীমসেন যুদ্ধে তিনটা বাণদ্বারা শান্তনুনন্দন ভীষ্মকে বিদ্ধ করিয়া একটা বাণদ্বারা কৃপাচার্য্যকে এবং আটটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে বিদ্ধ করিলেন ॥৩৪॥

---

(৩১) তেষাং জবেনাপততাম্—বা নি। (৩৩) জাম্বূনদময়ঃ শ্রীমান্ কেসরী স নরোত্তম!—বা নি।

তস্য রাবণরাজস্য বেগেনাপততো বলী।
শল্যো নিবারয়ামাস বেগমপ্রতিমং রণে ॥৩৬॥
তস্য ক্রুদ্ধঃ স নাগেন্দ্রো বৃহতঃ সাধুবাহিনঃ।
পদা যুগমধিষ্ঠায় জঘান চতুরো হয়ান্ ॥৩৭॥
স হতাশ্বে রথে তিষ্ঠন্ মদ্রাধিপতিরায়সীম্।
উত্তরান্তকরীং শক্তিং চিক্ষেপ ভুজগোপমাম্ ॥৩৮॥
তয়া ভিন্নতনুত্রাণঃ প্রবিশ্য বিপুলং তমঃ।
স পপাত গজস্কন্ধাৎ প্রমুক্তাঙ্কুশতোমরঃ ॥৩৯॥
সমাদায চ শল্যোঽসিমবপ্লুত্য রথোত্তমাৎ।
রাবণেন্দ্রস্য বিক্রম্য চিচ্ছেদাথ মহাকরম্ ॥৪০॥

ভারতকৌমুদী

তস্যেতি। রাবণরাজস্য করীন্দ্রস্য নিবারযামাস শরৈরিতি শেষঃ ॥৩৬॥
তস্যেতি। তস্য শল্যস্য। বৃহতো বিশালান্, সাধুবাহিনঃ সম্যগ্‌রথচালকান্ ॥৩৭॥
স ইতি। আয়সীং লৌহময়ীম্। উত্তরস্য অন্তকরীং নাশজনিকাম্ ॥৩৮॥
তয়েতি। ভিন্নতনুত্রাণঃ বিদীর্ণবর্ম্মা। তমো মূর্চ্ছাম্ ॥৩৯॥
সমাদাযেতি। রাবণেন্দ্রস্য করীন্দ্রস্য। মহাকরং বিশালশুণ্ডাম্ ॥৪০॥

এই সময়ে বিরাটরাজার পুত্র উত্তর উত্তোলিতশুণ্ড একটা বিশাল হস্তীতে আরোহণ করিয়া মদ্ররাজ শল্যের দিকে ধাবিত হইলেন ॥৩৫॥

সেই মহাহস্তী বেগে আগমন করিতে লাগিলে, বলবান্ শল্যরাজা বাণদ্বারা যুদ্ধে সেই হস্তীর অতুলনীয় বেগ নিবারণ করিলেন ॥৩৬॥

তথাপি সেই মহাহস্তী আসিয়া পদদ্বারা শল্যরাজার রথের যুগকাষ্ঠের উপরে উঠিয়া তাঁহার রথের বিশাল ও সম্যক্ রথচালক চারিটা অশ্বকে বধ করিল ॥৩৭॥

সেই সময়ে মদ্ররাজ শল্য সেই হতাশ্ব রথে থাকিয়াই উত্তরের বিনাশজনক সর্পতুল্য একটা লৌহনির্ম্মিত শক্তি নিক্ষেপ করিলেন ॥৩৮॥

তখন শক্তিটা যাইয়া উত্তরের বর্ম্ম ভেদ করিয়া তাঁহাকে আঘাত করিল, উত্তর তাহাতে মূর্চ্ছিত হইয়া হস্তীর অঙ্কুশ ও তোমর (অস্ত্রবিশেষ) ত্যাগ করিয়া সেই মহাহস্তীর স্কন্ধ হইতে নিপতিত হইলেন ॥৩৯॥

তৎপরে শল্যরাজা তরবারি ধারণ করিয়া আপন রথ হইতে লাফাইয়া পড়িয়া বিক্রমপ্রকাশপূর্ব্বক সেই মহাহস্তীর মহাশুণ্ড ছেদন করিলেন ॥৪০॥

(৩৬)· ·জবেনাপততো রথে· ·অপ্রতিমং শরৈঃ—বা নি। (৪০) অসিমাদায শল্যোঽপি অবপ্লুত্য···তস্য রাবণরাজস্য চিচ্ছেদাথ—বা নি।

ভিন্নমর্ম্মা শবব্রাতৈশ্ছিন্নহস্তঃ স বাবণঃ।
ভীমমার্ত্তস্ববং কৃত্বা পপাত চ মমাব চ ॥৪১॥
এতদীদৃশকং কৃত্বা মদ্ররাজো নরাধিপ।।
আরুবোহ বথং তূর্ণং ভাস্ববং কৃতবর্ম্মণঃ ॥৪২॥
উত্তরং বৈ হতং দৃষ্ট্বা বৈরাটির্ভ্রাতবং তদা।
কৃতবর্ম্মণা চ সহিতং দৃষ্ট্বা শল্যমবস্থিতম্ ॥৪৩॥
শ্বেতঃ ক্রোধাৎ প্রজজ্বাল হবিষা হব্যবাড়িব।
স বিস্ফার্য্য মহচ্চাপং শক্রচাপোপমং বলী ॥৪৪॥
অভ্যধাবজ্জিঘাংসন্ বৈ শল্যং মদ্রাধিপং বলী।
মহতা বথবংশেন্ সমন্তাৎ পবিবাবিতঃ ॥৪৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ভিন্নেতি। ভিন্নমর্ম্মা পূর্ব্বমেব, শবাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, ছিন্নহস্তশ্ছিন্নশুণ্ডঃ ॥৪১॥

এতদিতি। এতৎ উত্তববধকার্য্যম্। ভাস্ববমুজ্জ্বলম্ ॥৪২॥

উত্তবমিতি। বৈবাটিঃ বিবাটস্যাপবঃ পুত্রঃ শ্বেতো নাম। তৃতীয়পাদে অক্ষরাধিক্য-মার্ষম্। হব্যবাট্ অগ্নিঃ। জিঘাংসন্ হন্তুমিচ্ছন্। বথানাং বংশেন সমূহেন ॥৪৩—৪৫॥

ভারতভাবদীপঃ

শুণ্ডাগ্রেণ ॥৩৫॥ তস্য বেগমিতি সম্বন্ধঃ। বথে বথোপবি ॥৩৬॥ তস্য শল্যস্য বৃহতঃ পুষ্টান্ সাধুবাহিনঃ সম্যগ্‌বহনশীলান্ ॥৩৭—৩৮॥ তমঃ মোহম্, প্রমুক্তং হস্তাদ্‌গলিতমঙ্কুশাদিকং যস্য ॥৩৯—৪২॥ হতং শক্তিপ্রহাবেণ, বৈবাটিঃ শঙ্খঃ ॥৪৩—৬৭॥

ইতি শ্রীমহাভাবতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভাবতভাবদীপে সপ্তচত্বাবিংশোঽধ্যায়ঃ ॥৪৭॥

বহুতর বাণের আঘাতে পূর্ব্বেই সে হস্তীটার মর্ম্ম বিদীর্ণ হইয়াছিল, পরে আবার শুণ্ড ছিন্ন হইল বলিযা সে হস্তী ভযঙ্কর আর্ত্তনাদ করিয়া ভূতলে পতিত হইল এবং প্রাণত্যাগ করিল ॥৪১॥

নরনাথ! মদ্ররাজ শল্য এইরূপ এই কার্য্য করিয়া সত্বর যাইয়া কৃতবর্ম্মার উজ্জ্বলরথে আরোহণ করিলেন ॥৪২॥

তখন বিরাটরাজার অপর পুত্র শ্বেত, ভ্রাতা উত্তরকে নিহত দেখিয়া এবং শল্যকে কৃতবর্ম্মার সহিত অবস্থিত দর্শন করিয়া, ঘৃতদ্বারা অগ্নির ন্যায় ক্রোধে জ্বলিয়া উঠিলেন। তখন বলবান্ সেই শ্বেত, মদ্ররাজ শল্যকে বধ করিবার

---

(৪১)…শবশতৈঃ—বা নি। (৪৪) ইতঃ শ্লোকাৎ প্রভৃত্যূনপঞ্চাশত্তমাধ্যাযপঞ্চবিংশতি-তমশ্লোকপর্য্যন্তো গ্রন্থঃ পিতামহপুস্তকে বর্দ্ধমানবাজপুস্তকে চ ন দৃশ্যতে, অন্যত্র তু সর্ব্বত্রৈব পরিলক্ষ্যতে। সঙ্গচ্ছতে চাসৌ বিবাটস্য বহুপুত্রত্বাৎ।

মুঞ্চন্ বাণময়ং বর্ষং প্রায়াচ্ছল্যরথং প্রতি।
তমাপতন্তং সংপ্রেক্ষ্য মত্তবারণবিক্রমম্ ॥৪৬॥
তাবকানাং রথাঃ সপ্ত সমন্তাৎ পর্য্যবারয়ন্।
মদ্ররাজমভীপ্সন্তো মৃত্যোর্দংষ্ট্রান্তরং গতম্ ॥৪৭॥ (যুগ্মকম্)
বৃহদ্বলশ্চ কৌশল্যো জয়ৎসেনশ্চ মাগধঃ।
তথা রুক্মরথো রাজন্! শল্যপুত্রঃ প্রতাপবান্ ॥৪৮॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
বৃহৎক্ষত্রস্য দায়াদঃ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ ॥৪৯॥ (যুগ্মকম্)
নানাবর্ণবিচিত্রাণি ধনূংষি চ মহাত্মনাম্।
বিস্ফারিতানি দৃশ্যন্তে তোয়দেম্বিব বিদ্যুতঃ ॥৫০॥
তে তু বাণময়ং বর্ষং শ্বেতমূর্দ্ধন্যপাতয়ন্।
নিদাঘান্তেঽনিলোদ্ধূতা মেঘা ইব নগে জলম্ ॥৫১॥

ভারতকৌমুদী

মুঞ্চন্নিতি। মত্তবারণবিক্রমং মত্তহস্তিতুল্যবিক্রমম্। তাবকানাং ত্বৎপক্ষীয়সৈন্যানাং মধ্যে। অভীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥৪৬—৪৭॥

বৃহদ্বল ইতি। কৌশল্যঃ কোশলদেশাধিপতিঃ। সৈন্ধবঃ সিন্ধুরাজঃ ॥৪৮—৪৯॥

নানেতি। মহাত্মনাং বৃহদ্বলাদীনাং সপ্তানাম্। দৃশ্যন্তে স্ম, তোয়দেষু মেঘেষু ॥৫০॥

ত ইতি। নিদাঘান্তে বর্ষাকালাবসানে, অনিলোদ্ধূতা বায়ুচালিতাঃ, নগে পর্ব্বতে ॥৫১॥

ইচ্ছায় ইন্দ্রধনুর তুল্য বিশাল ধনু বিস্ফারিত করিয়া, সকল দিকে বিশাল রথিসমূহে বেষ্টিত হইয়া ধাবিত হইলেন ॥৪৩—৪৫॥

এবং বাণবর্ষণ করিতে থাকিয়া, শল্যের রথের দিকে গমন করিলেন। সেই সময়ে মত্ত হস্তীর তুল্য বিক্রমশালী শ্বেতকে আসিতে দেখিয়া আপনার পক্ষের সাত জন রথী, মৃত্যুর দন্তাভ্যন্তরবর্ত্তী শল্যকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া তাঁহাকে সকল দিকে বেষ্টন করিলেন ॥৪৬—৪৭॥

রাজা! কোশলাধিপতি বৃহদ্বল, মগধরাজ জয়ৎসেন, শল্যের পুত্র প্রতাপশালী রুক্মরথ, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, কাম্বোজাধিপতি সুদক্ষিণ এবং বৃহৎক্ষত্রের পুত্র সিন্ধুরাজ জয়দ্রথ (এই সাত জন শল্যকে পরিবেষ্টন করিলেন) ॥৪৮—৪৯॥

ক্রমে মেঘের উপরে বিদ্যুতের ন্যায় সেই মহাবল সাত জন বীরের হস্তে সাতখানা ধনু বিস্ফারিত হইতে দেখা গেল ॥৫০॥

ততঃ ক্রুদ্ধো মহেষ্বাসঃ সপ্তভল্লৈঃ সুতেজনৈঃ।
ধনূংষি তেষামাচ্ছিদ্য মমর্দ্দ পৃতনাপতিঃ।
নিকৃত্তান্যেব তানি স্ম সমদৃশ্যন্ত ভারত। ॥৫২॥
ততস্তে তু নিমেষার্দ্ধাৎ প্রত্যপদ্যন্ ধনূংষি চ।
সপ্ত চৈব পৃষৎকাংশ্চ শ্বেতস্যোপর্য্যপাতয়ন্ ॥৫৩॥
ততঃ পুনরমেয়াত্মা ভল্লৈঃ সপ্তভিরাশুগৈঃ।
নিচকর্ত্ত মহাবাহুস্তেষাং চাপানি ধন্বিনাম্ ॥৫৪॥
তে নিকৃত্তমহাচাপাস্ত্বরমাণা মহারথাঃ।
রথশক্তীঃ পরামৃশ্য বিনেদুর্ভৈরবান্ রবান্।
অন্বয়ুর্ভরতশ্রেষ্ঠ। সপ্ত শ্বেতরথং প্রতি ॥৫৫॥

ভারতকৌমুদী

তত ইতি। মমর্দ্দ তান্ সপ্তৈব পীডয়ামাস, পৃতনাপতির্ভূতপূর্ব্ববিরাটসেনাপতিঃ শ্বেতঃ। নিকৃত্তান্যেব ছিন্নান্যেব, তানি ধনূংষি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫২॥

তত ইতি। প্রত্যপদ্যন্ অগৃহ্নন্, ধনূংষি অপরাণি। পৃষৎকান্ বাণান্ ॥৫৩॥

তত ইতি। অমেয়াত্মা অজ্ঞেয়ধৈর্য্যঃ শ্বেতঃ। আশুগৈর্দ্রুতগামিভিঃ ॥৫৪॥

ত ইতি। পরামৃশ্য। অন্বয়ুর্জগ্মুঃ, সপ্তরথশক্তয়ঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৫॥

বর্ষাকাল অতীত হইলে বায়ুসঞ্চালিত মেঘ যেমন পর্ব্বতের উপরে জল বর্ষণ করে, সেইরূপ তাঁহারা শ্বেতের মস্তকের উপর বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৫১॥

ভরতনন্দন! তৎপরে মহাধনুর্দ্ধর বিরাটসেনাপতি শ্বেত ক্রুদ্ধ হইয়া অতিসুধার সাতটা ভল্লদ্বারা বৃহদ্বলপ্রভৃতি সাত জনের সাতখানা ধনু ছেদন করিয়া তাঁহাদিগকে পীড়ন করিলেন; আমরা তখন সে ধনুগুলিকে ছিন্নই দেখিলাম ॥৫২॥

তাহার পর তাঁহারা নিমেষার্দ্ধমধ্যে অপর সাতখানা ধনু গ্রহণ করিলেন এবং শ্বেতের উপরে সাতটা বাণ নিক্ষেপ করিলেন ॥৫৩॥

তদনন্তর অসাধারণ ধৈর্য্যশালী ও মহাবাহু শ্বেত পুনরায় দ্রুতগামী সাতটা ভল্লদ্বারা সেই ধনুর্দ্ধরগণের ধনুগুলি ছেদন করিলেন ॥৫৪॥

বিশাল ধনুগুলি ছিন্ন হইলে সেই মহারথেরা সত্বর রথশক্তি নিক্ষেপ করিয়া ভয়ঙ্কর গর্জ্জন করিলেন। ভরতশ্রেষ্ঠ! তখন সেই সাতটা রথশক্তিই শ্বেতের রথের দিকে গমন করিতে লাগিল ॥৫৫॥

ততস্তা জ্বলিতাঃ সপ্ত মহেন্দ্রাশনিনিস্বনাঃ।
অপ্রাপ্তাঃ সপ্তভির্ভল্লৈশ্চিচ্ছেদ পরমাস্ত্রবিৎ ॥৫৬॥
ততঃ সমাদায় শরং সর্ব্বকায়বিদারণম্।
প্রাহিণোদ্ভরতশ্রেষ্ঠ। শ্বেতো রুক্মরথং প্রতি ॥৫৭॥
তস্য দেহে নিপতিতো বাণো বজ্রাতিগো মহান্।
ততো রুক্মরথো রাজন্। সায়কেন দৃঢাহতঃ ॥৫৮॥
নিষসাদ রথোপস্থে কশ্মলং চাবিশন্মহৎ।
তং বিসংজ্ঞং বিমনসং ত্বরমাণস্তু সারথিঃ ॥৫৯॥
অপোবাহ নসংভ্রান্তঃ সর্ব্বলোকস্য পশ্যতঃ।
ততোঽন্যান্ ষট্ সমাদায় শ্বেতো হেমবিভূষিতান্ ॥৬০॥
তেষাং ষণ্ণাং মহাবাহুর্ধ্বজশীর্ষাণ্যপাতয়ৎ।
হয়াংশ্চ তেষাং নির্ভিদ্য সারথীংশ্চ পরন্তপ। ॥৬১॥
শরৈশ্চৈতান্ সমাকীর্য্য প্রায়াচ্ছল্যরথং প্রতি।
ততো হলহলাশব্দস্তব সৈন্যেষু ভারত। ॥৬২॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তত ইতি। তা বৎশক্তীঃ। অপ্রাপ্তা অনাগতা এব। পরমাস্ত্রবিৎ শ্বেতঃ ॥৫৬॥

তত ইতি। প্রাহিণোৎ ন্যক্ষিপৎ। রুক্মরথং তদাখ্যং শল্যপুত্রম্ ॥৫৭॥

তস্যেতি। বজ্রাতিগো বজ্রাধিকবেগঃ। নিষসাদ উপবিবেশ, কশ্মলং মোহম্। আদৌ বিমনসং বিকৃতচিত্তম্, অনন্তরঞ্চ বিসংজ্ঞম্। অপোবাহ শ্বেতসম্মুখাদপসারয়ামাস, নসংভ্রান্তো ধীরচিত্তঃ। নভ্রাজাদিত্বান্নঞঃ প্রকৃতিবদ্ভাবঃ। ষট্ শরান্। ধ্বজশীর্ষাণি ধ্বজোপরিভাগান্। সমাকীর্য্য আচ্ছাদ্য। হলহলাশব্দ আশঙ্কাসূচক আসীৎ ॥৫৮—৬২॥

তখন ইন্দ্রের বজ্রের তুল্য শব্দকারী ও প্রজ্বলিত সেই সাতটা শক্তি না আসিতেই পরমাস্ত্রবিৎ শ্বেত সাতটা ভল্লদ্বারা সেগুলিকে ছেদন করিলেন ॥৫৬॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর শ্বেত সকলের দেহবিদারণক্ষম একটা বাণ গ্রহণ করিয়া সেটাকে রুক্মরথের প্রতি নিক্ষেপ করিলেন ॥৫৭॥

তখন বজ্র অপেক্ষা অধিক বেগবান্ সেই মহাবাণটা যাইয়া রুক্মরথের দেহে নিপতিত হইল। রাজা! তৎপরে রুক্মরথ সেই বাণদ্বারা অত্যন্ত আহত হইয়া রথের উপরে উপবেশন করিলেন এবং অত্যন্ত মোহাপন্ন হইলেন; এই সময়ে তাঁহার সারথি অস্থির না হইয়া সত্বরই বিকৃতচিত্ত ও মূর্চ্ছিতপ্রায় রুক্ম-

(৫৮)...দৃঢং হতঃ—বা। (৬০) অপোবাহ লব্ধসংজ্ঞঃ—বা। (৬২) শরৈশ্চৈনান্... বা।

অভ্যবর্ত্তন্ত ভীষ্মস্য রথং হেমপরিষ্কৃতম্।
জিঘাংসন্তং যুধাং শ্রেষ্ঠং তদাসীত্তুমুলং মহৎ ॥৪॥
ততোঽহং সম্প্রবক্ষ্যামি মহাবৈশসমদ্ভুতম্।
তাবকানাং পরেষাঞ্চ যথা যুদ্ধমবর্ত্তত ॥৫॥
তত্রাকরোদ্রথোপস্থান্ শূন্যান্ শান্তনবো বহূন্।
তত্রাদ্ভুতং মহচ্চক্রে শরৈরাচ্ছ্রদ্রথোত্তমান ॥৬॥
সমাবৃণোচ্ছরৈরর্কমর্কতুল্যপ্রতাপবান্।
নুদন্ সমন্তাৎ সমরে রবিরুত্থন্ যথা তমঃ ॥ ॥
তেনাজৌ প্রেষিতা রাজন্। শরাঃ শতসহস্রশঃ।
ক্ষত্রিয়ান্তকরাঃ সংখ্যে মহাবেগা মহাবলাঃ ॥৮॥

ভারতকৌমুদী

অভীতি। জিঘাংসন্তং যুধাং শ্রেষ্ঠং তব পুত্রঞ্চ অভি লক্ষ্যীকৃত্য। মহৎ যুদ্ধম্ ॥৪॥
তত ইতি। ততস্তৎ। মহৎ বৈশসং হিংসনং যত্র তৎ ॥৫॥
তত্রেতি। রথোপস্থান্ রথোপবিদেশান্। আচ্ছ্রৎ আবৃণোৎ ॥৬॥
সমাবৃণোদিতি। নুদন্ বিপক্ষসৈন্যানপসারযন্, তমঃ অন্ধকারম্ ॥৭॥
তেনেতি। তেন ভীষ্মেণ, আজৌ যুদ্ধে, প্রেষিতা নিক্ষিপ্তাঃ। সংখ্যে যুদ্ধান্তরে ॥৮॥

তাঁহারা ভীষ্মের স্বর্ণালঙ্কৃত রথের এবং বিপক্ষবিনাশাভিলাষী যোদ্ধৃশ্রেষ্ঠ দুর্য্যোধনের অভিমুখে থাকিলেন; তখন মহাতুমুল যুদ্ধ হইতে লাগিল ॥৪॥

তৎকালে আপনার পক্ষীয় সৈন্যগণের ও বিপক্ষীয় সৈন্যদিগের যেরূপ মহামারীজনক ও অদ্ভুত যুদ্ধ হইয়াছিল, তাহা আমি বলিব ॥৫॥

তখন ভীষ্ম বহু রথকে আরোহিশূন্য করিলেন, তাহার মধ্যে আবার এই কার্য্যটা বিশেষ অদ্ভুত করিলেন যে, বাণদ্বারা প্রধান প্রধান রথকে আবৃত করিয়া ফেলিলেন ॥৬॥

সূর্য্য উদিত হইতে থাকিয়া কিরণদ্বারা যেমন অন্ধকার অপসারিত করিতে থাকেন, সেইরূপ সূর্য্যের তুল্য প্রতাপশালী ভীষ্ম যুদ্ধে বিপক্ষসৈন্যদিগকে সকল দিকে অপসারিত করিতে থাকিয়া বাণদ্বারা সূর্য্যকে আবৃত করিয়া ফেলিলেন ॥৭॥

রাজা! ভীষ্ম যুদ্ধে ক্ষত্রিয়নাশক এবং মহাবেগ ও মহাশক্তিশালী শত শত ও সহস্র সহস্র বাণ সমরাঙ্গনে নিক্ষেপ করিতে লাগিলেন ॥৮॥

---

(৫)…মহাবৈশসমচ্যুত।—বা নি। (৬)…শরৈরাচ্ছ্রদ্রথোত্তমঃ—বা।

পাতয়ামাস শূরাণাং শিরাংসি শতশো রণে।
রাজন্! কঙ্কটকাশ্চৈব বীরা বিগতমস্তকাঃ ॥৯॥
রথা রথেষু সংসক্তা ব্যদৃশ্যন্ত বিশাংপতে!।
রথো রথং পর্য্যবর্ত্তত্তুরঙ্গস্তু তুরঙ্গমম্ ॥১০॥
যুবানং নিহতং বীরং লম্বমানং সকার্ম্মুকম্।
উদীর্ণাশ্চ হয়া রাজন্! বহন্তস্তত্র তত্র হ ॥১১॥
বদ্ধখড়্গনিষঙ্গাশ্চ বিধ্বস্তশিরসো হতাঃ।
শতশঃ পতিতা ভূমৌ বীরশয্যাসু শেরতে ॥১২॥
পরস্পরেণ ধাবন্তঃ পতিতাঃ পুনরুত্থিতাঃ।
উত্থায় চ প্রধাবন্তো দ্বন্দ্বযুদ্ধমবাপ্নুবন্ ॥১৩॥

ভারতকৌমুদী

পাতয়েতি। কঙ্কটকাঃ কবচাঃ, "উরচ্ছদঃ কঙ্কটকো জগরঃ কবচোঽস্ত্রিয়াম্" ইত্যমরঃ ॥৯॥
রথা ইতি। সংসক্তাঃ সংলগ্নাঃ। পর্য্যবর্ত্তৎ আরোহৎ ॥১০॥
যুবানমিতি। উদীর্ণা উৎপ্লুতাঃ, হয়া অশ্বাঃ ॥১১॥
বদ্ধেতি। বদ্ধখড়্গনিষঙ্গা ধৃতাসিতূণীরা এব, বিধ্বস্তশিরসশ্ছিন্নমস্তকাঃ ॥১২॥
পরস্পরেণেতি। পরস্পরং প্রতীত্যর্থঃ, ধাবন্তো যোদ্ধারঃ ॥১৩॥

রাজা! ভীষ্ম যুদ্ধে বীরগণের শত শত মস্তক নিপাতিত করিতে থাকিলেন; তাহাতে সেই বীরগণ কবচাবৃতদেহ থাকিয়াও মস্তকবিহীন হইতে লাগিলেন ॥৯॥

নবনাথ! কোন কোন স্থানে দেখা গেল—রথগুলি যাইয়া অন্যান্য রথে লাগিয়াছে এবং কোন রথ অন্য রথের উপরে উঠিয়াছে, আর কোন অশ্ব অপর অশ্বের উপরে আরোহণ করিয়াছে ॥১০॥

রাজা! কোন তরুণ বীর নিহত হইয়া ধনু ধারণ করিয়াই আপন রথে ঝুলিতে লাগিল; তখন তাহার ঘোড়াগুলি লাফাইয়া লাফাইয়া নানাস্থানে তাহাকে বহন করিয়া লইয়া চলিল ॥১১॥

তরবারি ও তূণীরধারী শত শত বীর মস্তক ছিন্ন হওয়ায় নিহত ও ভূতলপতিত হইয়া বীরশয্যায় শয়ন করিতে লাগিলেন ॥১২॥

বহু সৈন্য পরস্পরের প্রতি ধাবিত হইয়া পড়িয়া গেল, আবার উঠিল এবং আবার উঠিয়া দৌড়াইয়া যাইয়া দ্বন্দ্বযুদ্ধ করিতে লাগিল ॥১৩॥

---

(৯) শিরাংসি পাতয়ামাস্যবীরাণাং শতশো রণে। গজান্ কণ্টকসন্নাহান্ বজ্রেণেব শিলোচ্চয়ান্ ॥—রা নি। (১০)...একে বথং পর্য্যবহংস্তরগাঃ সতুরঙ্গমম্—রা নি। (১১) সবলং নিহতং বীরম্—বা ব।

পীড়িতাঃ পুনরন্যোন্যং লুঠন্তো রণমূর্দ্ধনি।
সচাপাঃ সনিষঙ্গাশ্চ জাতরূপপরিষ্কৃতাঃ ॥১৪॥
বিস্রব্ধহতবীরাশ্চ শতশঃ পরিপীড়িতাঃ।
তেন তেনাভ্যধাবন্ত বিসৃজন্তশ্চ ভারত। ॥১৫॥ (যুগ্মকম্)
মত্তো গজঃ পর্য্যবর্ত্তদ্ধয়াংশ্চ হতসাদিনঃ।
সরথা রথিনশ্চাপি বিমৃদ্নন্তঃ সমন্ততঃ ॥১৬॥
স্যন্দনাদপতৎ কশ্চিন্নিহতোঽন্যেন সায়কৈঃ।
হতসারথিরপ্যুচ্চৈঃ পপাত কাষ্ঠবদ্রথঃ ॥১৭॥
যুধ্যমানস্য সংগ্রামে ব্যূঢ়ে রজসি চোত্থিতে।
ধনুঃ কূজিতবিজ্ঞানং তত্রাসীৎ প্রতিযুধ্যতেঃ ॥১৮॥

ভাবতকৌমুদী

পীডিতা ইতি। সনিষঙ্গাঃ সতূণীবাঃ, জাতরূপপরিষ্কৃতাঃ স্বর্ণভূষণভূষিতাঃ। বিস্রব্ধং বিপক্ষা এবামী ইতি বিশ্বাসযুক্তং যথা স্যাত্তথা হতা বিপক্ষীযা বীরা যৈস্তে। তেন তেন মার্গেণ। বিসৃজন্তঃ অস্ত্রাণি ক্ষিপন্তঃ ॥১৪—১৫॥

মত্ত ইতি। মত্তো গজঃ, হতাঃ সাদিন আরোহিণো যেষাং তান্, হয়ানশ্বান্, পরি লক্ষ্যীকৃত্য, অবর্ত্তৎ অধাবৎ। সরথা রথিনশ্চাপি, সমন্ততঃ, বিমৃদ্নন্তো ভূপতিতান্ সৈন্যান্ মর্দ্দয়ন্তঃ, পর্য্যবর্ত্তন্তেতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ ॥১৬॥

স্যন্দনাদিতি। স্যন্দনাৎ রথাৎ। পপাত রথান্তরসংঘট্টাত্তির্য্যগ্‌ভাবেন ॥১৭॥

যুধ্যেতি। ব্যূঢে গাঢ়ে। ধনুষঃ কূজিতেন অব্যক্তশব্দেন বিজ্ঞানমবগতিঃ ॥১৮॥

ভরতনন্দন! আবাব সৈন্যেরা সমরাঙ্গনে লুণ্ঠিত হইয়া পরস্পব পীড়ন করিতে থাকিল। কোন কোন স্থানে স্বর্ণভূষণে ভূষিত এবং ধনু ও তূণধারী বীরগণ বিশ্বস্তভাবে বিপক্ষ বীরগণকে সংহার কবিয়া, আবার অপর বিপক্ষকর্ত্তৃক শত শত ভাবে প্রহৃত হইয়া, অস্ত্রক্ষেপ করিতে থাকিয়া নানাপথে ধাবিত হইতে লাগিল ॥১৪—১৫॥

মত্ত হস্তিগণ আরোহিশূন্য অশ্বগণের প্রতি ধাবিত হইতে থাকিল এবং রথীরা রথের সহিত সকল দিকে ভূতলপতিত সৈন্যদিগকে মর্দ্দন করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিল ॥১৬॥

কেহ অন্যের বাণে নিহত হইয়া রথ হইতে পতিত হইল, কোথাও সারথিশূন্য কোন উচ্চ রথ অন্য রথের ধাক্কায কাঠের ন্যায় কাৎ হইয়া পড়িয়া গেল ॥১৭॥

সমরাঙ্গনে গাঢ় ধূলিজাল উত্থিত হইলে কোন যোদ্ধা ধনুর অব্যক্ত শব্দে প্রতিযোদ্ধাকে বুঝিতে থাকিল ॥১৮॥

গাত্রস্পর্শেন যোধানাং ব্যজ্ঞাস্ত পরিপন্থিনম্।
যুধ্যমানং শবৈঃ রাজন্! শিঞ্জিনীধ্বজিনীরবাৎ ॥১৯॥
অন্যোন্যং বীরসংশব্দো নাশ্রূয়ত ভটৈঃ কৃতঃ।
শব্দায়মানে সংগ্রামে পটহে কর্ণদারিণি ॥২০॥
যুধ্যমানস্য সংগ্রামে কুর্ব্বতঃ পৌরুষং স্বকম্।
নাশ্রৌষং নামগোত্রাণি কীর্ত্তনঞ্চ পরস্পরম্ ॥২১॥
ভীষ্মচাপচ্যুতৈর্বাণৈরার্ত্তানাং যুধ্যতাং মৃধে।
পরস্পরেষাং বীরাণাং মনাংসি সমকম্পয়ন্ ॥২২॥
তস্মিন্নত্যাকুলে যুদ্ধে দারুণে রোমহর্ষণে।
পিতা পুত্রঞ্চ সমরে নাভিজানাতি কশ্চন ॥২৩॥
চক্রে ভগ্নে যুগে ছিন্নে একধুর্য্যে হয়ে হতঃ।
আক্ষিপ্তঃ স্যন্দনাদ্বীরঃ সসারথিরজিহ্মগৈঃ ॥২৪॥

ভারতকৌমুদী

গাত্রেতি। ব্যজ্ঞাস্ত অবুধ্যত। শিঞ্জিন্যা গুণস্য ধ্বজিন্যাং সেনায়াং যো রবস্তস্মাৎ ॥১৯॥
অন্যোন্যমিতি। বীরসংশব্দঃ সিংহনাদাদিঃ। ভটৈর্যোধৈঃ। পটহে ঢক্কায়াম্ ॥২০॥
যুধ্যেতি। নাশ্রৌষম্, পটহশব্দাদেব। কীর্ত্তনং গর্ব্বালাপম্ ॥২১॥
ভীষ্মেতি। মৃধে যুদ্ধে। সমকম্পয়ন্ তে বাণা এব দৃশ্যমানাঃ ॥২২॥
তস্মিন্নিতি। অত্যাকুলে অতিসঙ্কুলে। নাভিজানাতি স্ম রজসাবৃতত্বাৎ ॥২৩॥

কোন কোন যোদ্ধা গাত্রস্পর্শে বিপক্ষদিগকে চিনিতে লাগিল, আবার কেহ কেহ জ্যাশব্দ শুনিয়া বাণযোদ্ধাকে স্থির করিতে থাকিল ॥১৯॥

সমরাঙ্গনে কর্ণবিদারক ঢক্কাশব্দ হইতে থাকিলে, যোদ্ধাদের পরস্পর বীরনাদ শুনা যাইতে লাগিল না ॥২০॥

বীরগণ যুদ্ধে প্রবৃত্ত হইয়া আপন আপন পুরুষকার প্রকাশ করিতে থাকিয়া পরস্পর নাম, গোত্র ও বীরদর্পের কথা বলিতে লাগিলেও ঢাকের শব্দে আমি সে সকল শুনিতে পাই নাই ॥২১॥

যুদ্ধে ভীষ্মের ধনু হইতে নির্গত বাণ সকল যাইযা যোদ্ধৃগণকে পীড়ন করিতে লাগিলে উভয়পক্ষের বীবগণের হৃদয়ই কম্পিত হইতে লাগিল ॥২২॥

অতিসঙ্কুল, দারুণ ও রোমহর্ষণ সেইরূপ যুদ্ধ চলিতে থাকিলে, কোন পিতাই পুত্রকে চিনিতে পারেন নাই ॥২৩॥

---

(২১)···নাশ্রোষীন্নামগোত্রোক্তিম্—বা। (২৩) তস্মিন্ নিরাকুলে···পিতা স্বমৌরসং পুত্রম্—বা ব। (২৪) চক্রং ভগ্নং যুগঞ্চৈব একো ধুর্য্যো হয়ো হতঃ—বা।

এবঞ্চ সমরে সর্ব্বে বীরাশ্চ বিরথীকৃতাঃ।
তেন তেন স্ম দৃশ্যন্তে ধাবমানাঃ সমন্ততঃ ॥২৫॥
গজো হতঃ শিরশ্ছিন্নং মর্ম্ম ভিন্নং হয়ো হতঃ।
অহতঃ কোঽপি নৈবাসীদ্ভীষ্মে নিঘ্নতি শাত্রবান্ ॥২৬॥
শ্বেতঃ কুরূণামকরোৎ ক্ষয়ং তস্মিন্ মহাহবে।
রাজপুত্রান্ রথোদারানবধীচ্ছতসংঘশঃ ॥২৭॥
চিচ্ছেদ রথিনাং বাণৈঃ শিরাংসি ভরতর্ষভ!।
সাঙ্গদা বাহবশ্চৈব ধনূংষি চ সমন্ততঃ ॥২৮॥
রথেশাং রথচক্রাণি তূণীরাণি যুগানি চ।
ছত্রাণি চ মহার্হাণি পতাকাশ্চ বিশাংপতে! ॥২৯॥

ভারতকৌমুদী

চক্র ইতি। যুগে রথস্য দারুবিশেষে, একধুর্য্যে একমাত্রভারবাহিণি হয়ান্তরনাশাৎ, হযে অশ্বে। আক্ষিপ্তঃ পতিতঃ, স্যন্দনাৎ রথাৎ অজিহ্মগৈর্ভীষ্মস্যৈব বাণৈঃ ॥২৪॥

এবমিতি। বিরথীকৃতা ভীষ্মেণৈব। তেন তেন মার্গেণ ॥২৫॥

গজ ইতি। শিরশ্ছিন্নম্ আরোহিণঃ। ভিন্নং বিদীর্ণম্। অহতঃ অনাহতঃ ॥২৬॥

শ্বেত ইতি। শ্বেতঃ পূর্ব্বোক্তবিরাটসেনাপতিঃ। রথোদারান্ রথিশ্রেষ্ঠান্ ॥২৭॥

চিচ্ছেদেতি। চিচ্ছেদ শ্বেতঃ। সাঙ্গদাঃ সকেয়ূরা বাহবশ্ছিন্নাঃ, ধনূংষি চ ছিন্নানি ॥২৮॥

ভীষ্মের বাণে চক্র ভগ্ন, যুগ ছিন্ন এবং অবশিষ্ট একমাত্র অশ্বও নিহত হইলে, রথের আরোহী বীর ও সারথি নিহত হইয়া রথ হইতে পতিত হইতে থাকিল ॥২৪॥

ভীষ্ম যুদ্ধে এইভাবে সকল বীরকেই রথবিহীন করিলে, দেখিলাম—তাঁহারা নানাদিকে ভিন্ন ভিন্ন পথে ছুটাছুটি করিতে লাগিলেন ॥২৫॥

ভীষ্ম শত্রুসংহার করিতে লাগিলে হস্তী নিহত, মস্তক ছিন্ন, হৃদয় বিদীর্ণ এবং অশ্ব বিনষ্ট হইতে থাকিল; এমন কি কেহই অনাহত থাকিল না ॥২৬॥

এই সময়ে সেই মহাযুদ্ধে বিরাটসেনাপতি শ্বেতও কৌরবপক্ষের ক্ষয় করিতে লাগিলেন; তিনি শত শত রথিশ্রেষ্ঠ রাজপুত্রকে বধ করিলেন ॥২৭॥

ভরতশ্রেষ্ঠ! শ্বেত বাণদ্বারা সকল দিকের রথিগণের মস্তক, কেয়ূরের সহিত বাহু এবং ধনু ছেদন করিতে লাগিলেন ॥২৮॥

---

(২৫) বিধুরে ভিন্নচক্রে চ রথে চ বিকলীকৃতে···যোধমানাঃ পরস্পরম্—বা। (২৬) যো হতঃ শিরসা ছিন্নো মর্ম্মভিনিহতো হতঃ—বা। (২৭)···ধ্বয়ং তস্মিন্—বা। (২৯) রথেষান্ —বা নি।

হয়ৌঘাশ্চ রথৌঘাশ্চ নরৌঘাশ্চৈব ভারত!।
বারণাঃ শতশশ্চৈব হতাঃ শ্বেতেন ভারত। ॥৩০॥
বয়ং শ্বেতভয়াদ্ভীতা বিহায় রথসত্তমম্।
অপযাতাস্তথা পশ্চাদ্বিভুং পশ্যাম ধৃষ্ণবঃ ॥৩১॥
শরপাতমতিক্রম্য কুরবঃ কুরুনন্দন!।
ভীষ্মং শান্তনবং যুদ্ধে স্থিতাঃ পশ্যাম সর্ব্বশঃ ॥৩২॥
অদীনো দীনসময়ে ভীষ্মোঽস্মাকং মহাহবে।
একস্তস্থৌ নরব্যাঘ্রো গিরির্মেরুরিবাচলঃ ॥৩৩॥
আদদান ইব প্রাণান্ সবিতা শিশিরাত্যয়ে।
গভস্তিভিরিবাদিত্যস্তস্থৌ শরমরীচিমান্ ॥৩৪॥

ভারতকৌমুদী

রথেশামিতি। রথস্য ঈশাং দারুবিশেষম্, চিচ্ছেদ শ্বেত ইত্যনুবৃত্তিঃ ॥২৯॥
হয়ৌঘা ইতি। বারণা হস্তিনঃ ॥৩০॥
বয়মিতি। বিভুং রাজানং দুর্য্যোধনম্, ধৃষ্ণবঃ প্রগলভা অপি ॥৩১॥
শরেতি। শরপাতং শ্বেতস্য বাণপতনস্থানম্। সর্ব্বশঃ সর্ব্বে ॥৩২॥
অদীন ইতি। অদীনঃ অকাতরঃ, দীনসময়ে শ্বেতবিক্রমাৎ কাতরতাকালে ॥৩৩॥

নরনাথ! তিনি—রথের দণ্ড, চক্র ও যুগ এবং তূণীর, আর মহামূল্য ছত্র ও পতাকা সকল কাটিয়া ফেলিতে থাকিলেন ॥২৯॥

ভরতনন্দন! আর শ্বেত—অশ্ব, রথ ও সৈন্যসমূহ এবং শত শত হস্তী বধ করিলেন ॥৩০॥

এই সময় আমরা স্বভাবতঃ নির্ভয় হইয়াও শ্বেতের ভয়ে ভীত হইয়া উত্তম রথ ত্যাগ করিয়া যুদ্ধের পিছনে যাইয়া রাজা দুর্য্যোধনের সহিত সাক্ষাৎ করিলাম ॥৩১॥

কুরুনন্দন! আমরা কুরুপক্ষীয়েরা সকলেই শ্বেতের বাণপতনের স্থান অতিক্রম করিয়া যাইয়া সমরাঙ্গনে থাকিয়াই দূর হইতে শান্তনুনন্দন ভীষ্মকে দেখিতে লাগিলাম ॥৩২॥

আমাদের সেই কাতরতার সময়েও একমাত্র নরশ্রেষ্ঠ ভীষ্মই কাতর না হইয়া মহাযুদ্ধমধ্যে সুমেরুপর্ব্বতের ন্যায় অচল হইয়া রহিলেন ॥৩৩॥

শীতকাল অতীত হইলে সূর্য্য যেমন জল আকর্ষণ করেন, ভীষ্মও তেমনই বিপক্ষসৈন্যগণের প্রাণ হরণ করিতে থাকিয়া কিরণসমন্বিত সূর্য্যের ন্যায় বাণসমন্বিত হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥৩৪॥

স মুমোচ মহেষ্বাসঃ শরসংঘাননেকশঃ ।
নিঘ্নন্নমিত্রান্ সমরে বজ্রপাণিরিবাসুরান্ ॥৩৫॥
তে বধ্যমানা ভীষ্মেণ প্রজহুস্তং মহাবলম্ ।
স্বযূথাদিব তে যূথান্মুক্তং ভূমিষু দারুণম্ ॥৩৬॥
তমেবমুপলক্ষ্যৈকো হৃষ্টঃ পুষ্টঃ পরন্তপ ! ।
দুর্য্যোধনপ্রিয়ে যুক্তঃ পাণ্ডবান্ পরিশোচয়ন্ ॥৩৭॥
জীবিতং দুস্ত্যজং ত্যক্ত্বা ভয়ঞ্চ সুমহাহবে ।
পাতয়ামাস সৈন্যানি পাণ্ডবানাং বিশাংপতে ! ॥৩৮॥
প্রহরন্তমনীকানি পিতা দেবব্রতস্তব ।
দৃষ্ট্বা সেনাপতিং ভীষ্মস্ত্বরিতঃ শ্বেতমভ্যয়াৎ ॥৩৯॥

ভারতকৌমুদী

আদদান ইতি। গভস্তিভির্বিশিষ্টঃ। শরমরীচিমান্ ভীষ্মঃ ॥৩৪॥

স ইতি। স ভীষ্মঃ। নিঘ্নন্ বিনাশয়ন্, অমিত্রান্ শত্রূন্ ॥৩৫॥

ত ইতি। তে অমিত্রাঃ, ভীষ্মেণ বধ্যমানাঃ সন্তঃ, স্বযূথান্মুক্তং হস্তিনমিব, তে তব যূথাৎ সৈন্যসংঘাৎ, মুক্তং বিশ্লিষ্টং ভূমিষু দারুণং মহাবলং তং ভীষ্মং প্রজহুঃ ॥৩৬॥

তমিতি। তং শ্বেতম্, এবং স্বসৈন্যান্ বিনাশয়ন্তম্। যুক্তঃ অভিনিবিষ্টোঽভূৎ ॥৩৭॥

জীবিতমিতি। ত্যক্ত্বা ত্যাগোদ্যমং কৃত্বা। পাতয়ামাস ভীষ্ম ইতি শেষঃ ॥৩৮॥

প্রহরন্তমিতি। অনীকানি কৌরবসৈন্যানি। সেনাপতিং পাণ্ডবানাম্ ॥৩৯॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন অসুরগণকে বিনাশ করিতে থাকিয়া নানাবিধ বাণসমূহ নিক্ষেপ করিতেন, সেইরূপ মহাধনুর্দ্ধর ভীষ্মও যুদ্ধে শত্রুগণকে সংহার করিতে থাকিয়া নানাবিধ বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন ॥৩৫॥

মহাহস্তী যেমন আপন যূথ হইতে বিচ্ছিন্ন হয়, ভয়ঙ্করমূর্ত্তি ও মহাবল ভীষ্মও তেমন আপনার সৈন্যসমূহ হইতে বিচ্ছিন্ন হইয়া বিপক্ষগণকে বধ করিতে লাগিলেন; তখন তাহারা তাঁহাকে পরিত্যাগ করিয়া পলায়ন করিতে লাগিল ॥৩৬॥

শত্রুতাপন রাজা! শ্বেত এইভাবে আপন সৈন্য সংহার করিতেছেন দেখিয়া একমাত্র ভীষ্মই উৎসাহিত ও প্রফুল্ল হইয়া পাণ্ডবগণকে শোকার্ত্ত করিতে থাকিয়া দুর্য্যোধনের প্রিয়কার্য্যে অভিনিবিষ্ট হইলেন ॥৩৭॥

নরনাথ! ভীষ্ম দুস্ত্যজ জীবন ত্যাগ করিতে উদ্যত হইয়া এবং সেই মহাযুদ্ধে ভয় পরিত্যাগ করিয়া পাণ্ডবসৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥৩৮॥

স ভীষ্মং শরজালেন মহতা সমবাকিরৎ।
শ্বেতঞ্চাপি তথা ভীষ্মঃ শরৌঘৈঃ সমবাকিরৎ ॥৪০॥
তৌ বৃষাবিব নর্দ্দন্তৌ মত্তাবিব মহাদ্বিপৌ।
ব্যাঘ্রাবিব সুসংরব্ধাবন্যোন্যমভিজঘ্নতুঃ ॥৪১॥
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য ততস্তৌ পুরুষর্ষভৌ।
ভীষ্মঃ শ্বেতশ্চ যুযুধে পরস্পরবধৈষিণৌ ॥৪২॥
একাহ্না নির্দ্দহেদ্ভীষ্মঃ পাণ্ডবানামনীকিনীম্।
শরৈঃ পরমসংক্রুদ্ধো যদি শ্বেতো ন শালয়েৎ ॥৪৩॥
পিতামহং ততো দৃষ্ট্বা শ্বেতেন বিমুখীকৃতম্।
প্রহর্ষং পাণ্ডবা জগ্মুঃ পুত্রস্তে বিমনা হ্যভূৎ ॥৪৪॥

ভারতকৌমুদী

স ইতি। স শ্বেতঃ। সমবাকিরৎ সমাবৃণোৎ ॥৪০॥

তাবিতি। নর্দ্দন্তৌ গর্জ্জন্তৌ। সুসংরব্ধৌ অতীবক্রুদ্ধৌ ॥৪১॥

অস্ত্রৈরিতি। ভীষ্মঃ শ্বেতশ্চ অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য যুযুধে; ততস্তৌ পুরুষর্ষভৌ পরস্পরবধৈষিণৌ বভূবতুরিতি সম্বন্ধঃ ॥৪২॥

স্বয়ং সমালোচয়তি সঞ্জয়ঃ। একাহ্নেতি। আর্ষত্বাদদন্তত্বাভাবঃ ॥৪৩॥

ওদিকে বিরাটসেনাপতি শ্বেত আপন সৈন্য সংহার করিতেছেন দেখিয়া আপনার জ্যেষ্ঠতাত দেবব্রত ভীষ্ম সত্বর তাঁহার অভিমুখে গমন করিলেন ॥৩৯॥

তখন শ্বেত বিশাল শরজালে ভীষ্মকে আবৃত করিলেন, ভীষ্মও সেইরূপ বাণসমূহদ্বারা শ্বেতকে আচ্ছন্ন করিলেন ॥৪০॥

সেই সময়ে দুইটা বৃষের ন্যায়, দুইটা মত্ত মহাহস্তীর ন্যায় এবং দুইটা ব্যাঘ্রের ন্যায় তাঁহারা দুই জনে অত্যন্ত ক্রুদ্ধ হইয়া গর্জ্জন করিতে থাকিয়া পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৪১॥

ভীষ্ম ও শ্বেত অস্ত্রদ্বারা অস্ত্র নিবারণ করিয়া যুদ্ধ করিতে লাগিলেন। তাহার পর সেই পুরুষশ্রেষ্ঠেরা পরস্পর বধাভিলাসী হইলেন ॥৪২॥

যদি শ্বেত রক্ষা না করিতেন, তবে অতি ক্রুদ্ধ ভীষ্ম একদিনেই বাণদ্বারা পাণ্ডবসৈন্য সংহার করিয়া ফেলিতেন ॥৪৩॥

তদনন্তর শ্বেত ভীষ্মকে পরাঙ্মুখ করিয়া ফেলিয়াছেন দেখিয়া পাণ্ডবেরা আনন্দ লাভ করিলেন এবং আপনার পুত্র দুর্য্যোধন বিষণ্ণচিত্ত হইলেন ॥৪৪॥

---

(৪৪)···বিমনাঽভবৎ—রা নি।

ততো দুর্য্যোধনঃ ক্রুদ্ধঃ পার্থিবৈঃ পরিবারিতঃ।
সসৈন্যঃ পাণ্ডবানীকমভ্যদ্রবত সংযুগে ॥৪৫॥
দুর্ম্মুখঃ কৃতবর্ম্মা চ কৃপঃ শল্যো বিশাংপতিঃ।
ভীষ্মং জুগুপুরাসাদ্য তব পুত্রেণ নোদিতাঃ ॥৪৬॥
দৃষ্ট্বা তু পার্থিবৈঃ সর্ব্বৈর্দুর্য্যোধনপুরোগমৈঃ।
পাণ্ডবানামনীকানি বধ্যমানানি সংযুগে ॥৪৭॥
শ্বেতো গাঙ্গেয়মুৎসৃজ্য তব পুত্রস্য বাহিনীম্।
নাশয়ামাস বেগেন বায়ুর্বৃক্ষানিবৌজসা ॥৪৮॥ (যুগ্মকম্)
দ্রাবয়িত্বা চমূং রাজন্! বৈরাটিঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
আপতৎ সহসা ভূয়ো যত্র ভীষ্মো ব্যবস্থিতঃ ॥৪৯॥
তৌ তত্রোপগতৌ রাজন্! শরদীপ্তৌ মহাবলৌ।
অযুধ্যেতাং মহাত্মানৌ যথোভৌ বৃত্রবাসবৌ ॥৫০॥

... .

ভাবতকৌমুদী

পিতামহমিতি। তে তব পুত্রো দুর্য্যোধনঃ, বিমনা বিষণ্ণচিত্তঃ ॥৪৪॥
তত ইতি। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। সংযুগে সমরাঙ্গনে ॥৪৫॥
দুর্ম্মুখ ইতি। বিশাংপতিঃ রাজা। জুগুপুঃ ররক্ষুঃ। নোদিতাঃ প্রেরিতা ॥৪৬॥
দৃষ্ট্বেতি। অনীকানি সৈন্যানি। গাঙ্গেয়ং ভীষ্মম্। ওজসা বলেন ॥৪৭—৪৮॥
দ্রাবয়িত্বেতি। বৈরাটির্বিরাটপুত্রঃ শ্বেতঃ, ক্রোধেন মূর্চ্ছিতো হতজ্ঞানঃ ॥৪৯॥

তাহার পর দুর্য্যোধন ক্রুদ্ধ ও রাজগণে পরিবেষ্টিত হইয়া আপন সৈন্য লইয়া যুদ্ধে পাণ্ডবসৈন্যের প্রতি ধাবিত হইলেন ॥৪৫॥

এবং দুর্ম্মুখ, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য ও শল্য রাজা—ইঁহারা দুর্য্যোধনের আদেশে যাইয়া ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন ॥৪৬॥

তখন দুর্য্যোধনপ্রভৃতি রাজারা সকলে যুদ্ধে পাণ্ডবসৈন্য সংহার করিতেছেন দেখিয়া শ্বেত ভীষ্মকে ত্যাগ করিয়া—আপন বলে বায়ু যেমন বৃক্ষ বিনাশ করে, সেইরূপ বেগে দুর্য্যোধনের সৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥৪৭—৪৮॥

রাজা! তদনন্তর বিরাটপুত্র শ্বেত কৌরবসৈন্য দমন করিয়া ক্রোধে হতজ্ঞান হইয়া—যেখানে ভীষ্ম ছিলেন, সেইখানে পুনরায় দ্রুত গমন করিলেন ॥৪৯॥

---

(৪৯) প্রাবয়িত্বা চমূঞ্চৈব—বা ব।

অন্যোন্যস্তু মহারাজ! পরস্পরবধৈষিণৌ।
নিগৃহ্য কার্ম্মুকং শ্বেতো ভীষ্মং বিব্যাধ সপ্তভিঃ ॥৫১॥ (যুগ্মকম্)
পরাক্রমং ততস্তস্য পরাক্রম্য পবাক্রমী।
তরসা বারয়ামাস মত্তো মত্তমিব দ্বিপম্ ॥৫২॥
শ্বেতঃ শান্তনবং ভূয়ঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
বিব্যাধ পঞ্চবিংশত্যা তদদ্ভুতমিবাভবৎ ॥৫৩॥
তং প্রত্যবিধ্যদ্দশভির্ভীষ্মঃ শান্তনবস্তদা।
স বিদ্ধস্তেন বলবান্ নাকম্পত যথাচলঃ ॥৫৪॥
বৈরাটিঃ সমরে ক্রুদ্ধো ভৃশমায়ম্য কার্ম্মুকম্।
আজঘান ততো ভীষ্মং শ্বেতঃ ক্ষত্রিয়নন্দনঃ ॥৫৫॥

ভাবতকৌমুদী

তাবিতি। উপগতৌ মিলিতৌ, শরেণ শরতেজসা দীপ্তৌ উজ্জ্বলৌ। নিগৃহ্য নিপীড্য ধৃত্বা দৃঢ়ং ধৃত্বেত্যর্থঃ। সপ্তভিঃ শরৈরিতি শেষঃ ॥৫০—৫১॥

পরেতি। তস্য শ্বেতস্য, পরাক্রমী ভীষ্মঃ। তরসা বলেন। দ্বিপং হস্তিনম্ ॥৫২॥

শ্বেত ইতি। একদা পঞ্চবিংশত্যা শরৈস্তাডনমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥৫৩॥

তমিতি। স শ্বেতঃ, তেন ভীষ্মেণ। অচলঃ পর্ব্বতঃ ॥৫৪॥

বৈরাটিরিতি। আয়ম্য আকৃষ্য। ক্ষত্রিয়াণাং নন্দনঃ শক্তিপ্রকাশাদানন্দকরঃ ॥৫৫॥

মহাবাজ! শরতেজে উজ্জ্বল, মহাবল ও মহাত্মা ভীষ্ম ও শ্বেত সেই স্থানে মিলিত ও পরস্পরবধাভিলাষী হইযা ইন্দ্র ও বৃত্রাসুরের ন্যায় পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন; তাহাব মধ্যেই শ্বেত দৃঢভাবে ধনু ধারণ করিয়া সাতটা বাণদ্বাবা ভীষ্মকে বিদ্ধ করিলেন ॥৫০—৫১॥

তাহার পর পরাক্রমশালী ভীষ্ম পরাক্রম প্রকাশ করিয়া—মত্ত হস্তী যেমন অপর মত্ত হস্তীকে বলপূর্ব্বক বারণ করে, সেইরূপ শ্বেতের পরাক্রম বারণ করিলেন ॥৫২॥

তৎপরে শ্বেত অবনতপর্ব্ব পঞ্চবিংশতি বাণদ্বারা পুনরায় ভীষ্মকে বিদ্ধ করিলেন; সে ব্যাপারটা যেন অদ্ভুত বলিয়াই বোধ হইল ॥৫৩॥

তখন শান্তনুনন্দন ভীষ্মও দশটা বাণদ্বারা শ্বেতকে প্রতিবিদ্ধ করিলেন; কিন্তু বলবান্ শ্বেত ভীষ্মকর্তৃক প্রতিবিদ্ধ হইয়াও পর্ব্বতের ন্যায় কম্পিত হইলেন না ॥৫৪॥

(৫৩—৫৪) শ্লোকৌ বা ব ন স্তঃ।

সংপ্রহস্য ততঃ শ্বেতঃ সৃক্কিণী পরিসংলিহন্ ।
ধনুশ্চিচ্ছেদ ভীষ্মস্য নবভির্দশধা শরৈঃ ॥৫৬॥
সন্ধায় বিশিখঞ্চৈব শবং লোমপ্রবাহিণম্ ।
উন্মমাথ ততস্তালং ধ্বজশীর্ষং মহাত্মনঃ ॥৫৭॥
কেতুং নিপতিতং দৃষ্ট্বা ভীষ্মস্য তনযাস্তব ।
হতং ভীষ্মমমন্যন্ত শ্বেতস্য বশমাগতম্ ॥৫৮॥
পাণ্ডবা অপি সংহৃষ্টা দধ্মুঃ শঙ্খান্ সমন্ততঃ ।
ভীষ্মস্য পতিতং কেতুং দৃষ্ট্বা তালং মহাত্মনঃ ॥৫৯॥
ততো দুর্য্যোধনঃ ক্রোধাৎ স্বমনীকমনোদয়ৎ ।
যত্তা ভীষ্মং পরীপ্সধ্বং রক্ষমাণাঃ সমন্ততঃ ॥৬০॥

ভাবতকৌমুদী

সমিতি। সৃক্কিণী ওষ্ঠপ্রান্তৌ। দশধা দশখণ্ডপ্রকারৈঃ ॥৫৬॥

সন্ধায়েতি। বিশিখং শিখাবহিতম্, লোমপ্রবাহিণং কঙ্কপত্রান্বিতম্ ॥৫৭॥

কেতুমিতি। কেতুং ধ্বজম্। বশমাগতম্, অতএব হতমমন্যন্ত ॥৫৮॥

পাণ্ডবা ইতি। সমন্তঃ সর্ব্বাভ্য এব দিগ্ভ্যঃ ॥৫৯॥

তত ইতি। অনীকং সৈন্যম্, অনোদযৎ প্রৈরয়ৎ। কিমুক্ত্বা অনোদযদিত্যাহ সার্দ্ধশ্লোকেন। যত্তা যত্নবন্তঃ সন্তো যূযম্, পরীপ্সধ্বং পরিবেষ্টধ্বম্ ॥৬০॥

তদনন্তব বিরাটপুত্র ক্ষত্রিয়ানন্দকারী শ্বেত ক্রুদ্ধ হইয়া ধনুখানাকে অত্যন্ত আকর্ষণ করিয়া যুদ্ধে ভীষ্মকে আঘাত করিলেন ॥৫৫॥

তাহার পর শ্বেত হাস্য করিয়া ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া নয়টা বাণদ্বারা ভীষ্মের ধনুখানাকে দশ খণ্ডে ছেদন কবিলেন ॥৫৬॥

তৎপরে শ্বেত শিখাশূন্য ও কঙ্কপত্রযুক্ত একটা বাণ সন্ধান করিয়া মহাত্মা ভীষ্মের তালধ্বজের উপরিভাগ ছেদন করিযা ফেলিলেন ॥৫৭॥

তখন ভীষ্মের ধ্বজ নিপতিত হইল দেখিয়া এবং তিনি শ্বেতের বশীভূত হইয়াছেন লক্ষ্য করিয়া আপনার পুত্রেরা তাঁহাকে নিহত বলিয়াই মনে করিলেন ॥৫৮॥

ভীষ্মের তালধ্বজটাকে পতিত দেখিযা পাণ্ডবেবাও আনন্দিত হইয়া সকল দিক্ হইতে শঙ্খধ্বনি করিযা উঠিলেন ॥৫৯॥

(৫৬) প্রহস্য চ রণে শ্বেতঃ—বা। (৫৯) পাণ্ডবাশ্চাপি…শঙ্খান্ মুদা যুতাঃ—রা নি। (৬০)…স্বমনীকমচোদযৎ—বা।

মা নঃ প্রপশ্যমানানাং শ্বেতান্মৃত্যুমবাপ্স্যতি।
ভীষ্মঃ শান্তনবঃ শূরস্তথা সত্যং ব্রবীমি বঃ ॥৬১॥
রাজ্ঞস্তু বচনং শ্রুত্বা ত্বরমাণা মহারথাঃ।
বলেন চতুরঙ্গেণ গাঙ্গেয়মন্বপালযন্ ॥৬২॥
বাহ্লিকঃ কৃতবর্ম্মা চ শলঃ শল্যশ্চ ভারত!।
জলসন্ধো বিকর্ণশ্চ চিত্রসেনো বিবিংশতিঃ ॥৬৩॥
ত্বরমাণাস্ত্বরাকালে পরিবার্য্য সমন্ততঃ।
শস্ত্রবৃষ্টিং সুতুমুলাং শ্বেতস্যোপর্য্যপাতযন্ ॥৬৪॥ (যুগ্মকম্)
তান্ ক্রুদ্ধো নিশিতৈর্বাণৈস্ত্বরমাণো মহারথঃ।
অবারয়দমেয়াত্মা দর্শযন্ পাণিলাঘবম্ ॥৬৫॥
সন্নিবার্য্য তু তান্ সর্ব্বান্ কেসরী কুঞ্জরানিব।
মহতা শরবর্ষেণ ভীষ্মস্য ধনুরচ্ছিনৎ ॥৬৬॥

ভারতকৌমুদী

মেতি। নঃ অস্মাকম্, প্রপশ্যমানানাং প্রপশ্যতাম্ ॥৬১॥
রাজ্ঞ ইতি। চত্বারি অঙ্গানি হস্ত্যশ্বরথপদাতিরূপাণি যস্য তেন ॥৬২॥
অথ কে তে মহারথা ইত্যাহ—বাহ্লিক ইতি। পরিবার্য্য বেষ্টয়িত্বা ॥৬৩—৬৪॥
তানিতি। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ শ্বেতঃ, পাণিলাঘবং হস্তশীঘ্রতাম্ ॥৬৫॥

তদনন্তর দুর্য্যোধন ক্রোধে আপন সৈন্য প্রেরণ করিলেন (এবং বলিলেন—) "তোমরা যত্নবান্ হইয়া সকল দিক্ হইতে রক্ষা করিতে থাকিয়া ভীষ্মকে পরিবেষ্টন কর ॥৬০॥

আমি তোমাদিগকে সত্য বলিতেছি—শান্তনুনন্দন মহাবীর ভীষ্ম যেন আমাদের সমক্ষেই শ্বেতের হস্তে মৃত্যুমুখে পতিত না হন" ॥৬১॥

রাজা দুর্য্যোধনের আদেশ শুনিয়া মহারথেরা ত্বরান্বিত হইয়া চতুরঙ্গ সৈন্য লইয়া যাইয়া ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন ॥৬২॥

ভরতনন্দন! বাহ্লিক, কৃতবর্ম্মা, শল, শল্য, জলসন্ধ, বিকর্ণ, চিত্রসেন ও বিবিংশতি—এই মহারথেরা সেই ত্বরার সময়ে সত্বর হইয়া সকল দিকে বেষ্টন করিয়া শ্বেতের উপরে অতিতুমুল অস্ত্রবর্ষণ করিতে লাগিলেন ॥৬৩—৬৪॥

তখন ক্রুদ্ধ, মহারথ এবং অজ্ঞেয়শক্তি শ্বেতও সত্বর হইয়া লঘুহস্ততা দেখাইতে থাকিয়া নিশিত বাণসমূহদ্বারা তাঁহাদিগকে বারণ করিলেন ॥৬৫॥

---

(৬১) তানূচে পশ্যমানাংস্তান্ শ্বেতোঽহন্তমথবাপ্স্যতি...সত্যং ব্রবীমি তে—বা। (৬৬) স নিবার্য্য তু...ধনুরাচ্ছিনৎ—রা নি।

ততোঽন্যদ্ধনুরাদায় ভীষ্মঃ শান্তনবো যুধি।
শ্বেতং বিব্যাধ রাজেন্দ্র! কঙ্কপত্রৈঃ শিতৈঃ শরৈঃ ॥৬৭॥
ততঃ সেনাপতিঃ ক্রুদ্ধো ভীষ্মং বহুভিরায়সৈঃ।
বিব্যাধ সমরে রাজন্! সর্ব্বলোকস্য পশ্যতঃ ॥ ৮॥
ততঃ প্রব্যথিতো রাজা ভীষ্মং দৃষ্ট্বা নিবারিতম্।
প্রবীরং সর্ব্বলোকস্য শ্বেতেন যুধি বৈ তদা ॥৬৯॥
নিষ্ঠানকশ্চ সুমহাংস্তব সৈন্যস্য চাভবৎ।
তং বীরং বাবিতং দৃষ্ট্বা শ্বেতেন শরবিক্ষতম্ ॥৭০॥
হতং শ্বেতেন মন্যন্তে শ্বেতস্য বশমাগতম্।
ততঃ ক্রোধবশং প্রাপ্তঃ পিতা দেবব্রতস্তব ॥৭১॥

ভারতকৌমুদী

সমিতি। কেসরী সিংহঃ, কুঞ্জরান্ হস্তিনঃ। অনিচ্ছৎ শ্বেতঃ ॥৬৬॥
তত ইতি। কঙ্কানাং পক্ষিণাং পত্রাণি পক্ষা যেষু তৈঃ, শিতৈঃ শিলাশাণিতৈঃ ॥৬৭॥
তত ইতি। সেনাপতিঃ শ্বেতঃ। আযসৈর্লৌহময়ৈঃ শরৈঃ ॥৬৮॥
তত ইতি। রাজা দুর্য্যোধনঃ। সর্ব্বলোকস্য মধ্যে প্রবীরং প্রকৃষ্টং বীরম্ ॥৬৯॥
নিষ্ঠেতি। নিষ্ঠানকস্ত্রাসঃ। তং বীরং ভীষ্মম্ ॥৭০॥
হতমিতি। মন্যন্তে স্ম তত্রত্যা লোকাঃ। দেবব্রতো ভীষ্মঃ ॥৭১॥

এবং সিংহ যেমন হস্তিগণকে বারণ করে, সেইরূপ শ্বেত তাঁহাদের সকলকে বারণ করিয়া বিশাল শরবর্ষণদ্বারা ভীষ্মের ধনু ছেদন করিলেন ॥৬৬॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর শান্তনুনন্দন ভীষ্ম অন্য ধনু লইয়া কঙ্কপত্রযুক্ত নিশিত বাণসমূহদ্বারা যুদ্ধে শ্বেতকে বিদ্ধ করিলেন ॥৬৭॥

রাজা! তৎপরে বিরাটসেনাপতি শ্বেতও ক্রুদ্ধ হইয়া বহুতর লৌহময় বাণদ্বারা সমস্ত লোকের সমক্ষে যুদ্ধে ভীষ্মকে বিদ্ধ করিলেন ॥৬৮॥

তদনন্তর শ্বেত যুদ্ধে সমস্ত লোকের মধ্যে প্রধান বীর ভীষ্মকে তখন নিবারণ করিলেন দেখিয়া রাজা দুর্য্যোধন বিশেষ দুঃখিত হইলেন ॥৬৯॥

শ্বেত মহাবীর ভীষ্মকে শরবিক্ষত করিয়া বারণ করিলেন দেখিয়া আপনার সৈন্যগণের গুরুতর ভয় উপস্থিত হইল ॥৭০॥

এবং তত্রত্য লোকেরা মনে করিল যে, ভীষ্ম শ্বেতের বশীভূত হইয়াছেন বলিয়া নিহতই হইয়াছেন। তাহার পর আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম ক্রুদ্ধ হইলেন ॥৭১॥

---

(৬৭)...কঙ্কপত্রৈঃ শিলাশিতৈঃ—বা ব। (৭০).. তং বীরং ত্বরিতং দৃষ্ট্বা—বা ব।

ধ্বজমুন্মথিতং দৃষ্ট্বা তাঞ্চ সেনাং নিবারিতাম্।
শ্বেতং প্রতি মহারাজ। ব্যসৃজৎ সায়কান্ বহূন্ ॥৭২॥
তানাবার্য্য রণে শ্বেতো ভীষ্মস্য রথিনাং বরঃ।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন পুনরেব পিতুস্তব ॥৭৩॥
উৎসৃজ্য কার্ম্মুকং রাজন্! গাঙ্গেয়ঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
অন্যৎ কার্ম্মুকমাদায় বিপুলং বলবত্তরম্ ॥৭৪॥
তত্র সন্ধায় বিপুলান্ ভল্লান্ সপ্ত শিলাশিতান্।
চতুর্ভিশ্চ জঘানাশ্বান্ শ্বেতস্য পৃতনাপতেঃ ॥৭৫॥ (যুগ্মকম্)
ধ্বজং দ্বাভ্যাস্তু চিচ্ছেদ সপ্তমেন চ সারথেঃ।
শিরশ্চিচ্ছেদ ভল্লেন সংক্রুদ্ধোঽলঘুবিক্রমঃ ॥৭৬॥
হতাশ্বসূতাৎ স রথাদবপ্লুত্য মহারথঃ।
অমর্ষবশমাপন্নো ব্যাকুলঃ সমপদ্যত ॥৭৭॥

ভারতকৌমুদী

ধ্বজমিতি। উন্মথিতং ছিন্নম্। ব্যসৃজৎ ভীষ্মঃ ॥৭২॥

তানিতি। তান্ সায়কান্। তব পিতুর্ভীষ্মস্যেতি সম্বন্ধঃ ॥৭৩॥

উৎসৃজ্যেতি। গাঙ্গেয়ো ভীষ্মঃ। বিপুলং বিশালম্, বলবত্তরং সুদৃঢ়ম্। বিপুলান্ বিশালান্। চতুর্ভির্ভল্লৈঃ, অশ্বান্ চতুঃসংখ্যকান্, পৃতনাপতের্বিরাটসেনাপতেঃ ॥৭৪—৭৫॥

ধ্বজমিতি। দ্বাভ্যাং ভল্লাভ্যাম্। অলঘুবিক্রমো মহাপরাক্রমো ভীষ্মঃ ॥৭৬॥

হতেতি। স শ্বেতঃ। ব্যাকুলো ব্যস্তচিত্তঃ, সমপদ্যত অভবৎ ॥৭৭॥

মহারাজ! ধ্বজটাকে নিপতিত এবং সৈন্যগণকে নিবারিত দেখিয়া ভীষ্ম শ্বেতের প্রতি বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৭২॥

রথিশ্রেষ্ঠ শ্বেত যুদ্ধে সেই বাণগুলিকে নিবারণ করিয়া ভল্লদ্বারা পুনরায় আপনার জ্যেষ্ঠতাত ভীষ্মের ধনু ছেদন করিলেন ॥৭৩॥

রাজা! তখন ভীষ্ম ক্রোধে অধীর হইয়া সে ধনুখানাকে ত্যাগ করিয়া, বিশাল ও সুদৃঢ় অন্য একখানা ধনু লইয়া, তাহাতে শিলাশাণিত সাতটা বিশাল ভল্ল সন্ধান করিয়া, তাহার চারিটাদ্বারা বিরাটসেনাপতি শ্বেতের চারিটা অশ্বকে বধ করিলেন ॥৭৪—৭৫॥

এবং মহাবিক্রমশালী ভীষ্ম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দুইটা ভল্লদ্বারা শ্বেতের ধ্বজ, আর একটা ভল্লদ্বারা তাঁহার সারথির মস্তক ছেদন করিলেন ॥৭৬॥

---

(৭৭)...অবপ্লুত্য মহাবলঃ—রা নি।

বিরথং রথিনাং শ্রেষ্ঠং শ্বেতং দৃষ্ট্বা পিতামহঃ।
তাড়য়ামাস নিশিতৈঃ শরসংঘৈঃ সমন্ততঃ ॥৭৮॥
স তাড্যমানঃ সমরে ভীষ্মচাপচ্যুতৈঃ শরৈঃ।
স্বরথে ধনুরুৎসৃজ্য শক্তিং জগ্রাহ কাঞ্চনীম্ ॥৭৯॥
ততঃ শক্তিং রণে শ্বেতো জগ্রাহোগ্রাং মহাভয়াম্।
কালদণ্ডোপমাং ঘোরাং মৃত্যোর্জিহ্বামিব শ্বসন্ ॥৮০॥
অব্রবীচ্চ তদা শ্বেতো ভীষ্মং শান্তনবং রণে।
তিষ্ঠেদানীং সুসংরব্ধঃ পশ্য মাং পুরুষো ভব ॥৮১॥
এবমুক্ত্বা মহেষ্বাসো ভীষ্মং যুধি পরাক্রমী।
ততঃ শক্তিমমেয়াত্মা চিক্ষেপ ভুজগোপমাম্ ॥৮২॥
পাণ্ডবার্থে পরাক্রান্তস্তবানর্থং চিকীর্ষুকঃ।
হাহাকারো মহানাসীৎ পুত্রাণাং তে বিশাংপতে! ॥৮৩॥

ভারতকৌমুদী

বিরথমিতি। পিতামহো ভীষ্মঃ। সমন্ততো দেহস্য সর্ব্বাসু দিক্ষু ॥৭৮॥
স ইতি। স শ্বেতঃ। কাঞ্চনীং স্বর্ণখচিতাম্ ॥৭৯॥
তত ইতি। স্বভাবাদুগ্রাম্, কালদণ্ডোপমাং মহাভয়াম্, মৃত্যোর্জিহ্বামিব ঘোরাম্ ॥৮০॥
অব্রবীদিতি। সুসংরব্ধঃ অতীবক্রুদ্ধঃ শ্বেতঃ। তিষ্ঠ মা পলায়স্বেতি ভাবঃ ॥৮১॥

অশ্ব ও সারথি নিহত হইলে মহারথ শ্বেত রথ হইতে লাফাইয়া পড়িয়া ক্রোধে অধীর ও বিশেষ আকুল হইলেন ॥৭৭॥

তখন রথিশ্রেষ্ঠ শ্বেতকে রথবিহীন দেখিয়া ভীষ্ম নিশিত শরসমূহদ্বারা তাঁহার দেহের সকল দিকে তাড়ন করিলেন ॥৭৮॥

ভীষ্মের ধনু হইতে নির্গত বাণসমূহ আসিয়া তাড়ন করিতে লাগিলে শ্বেত আপন রথে ধনুখানাকে নিক্ষেপ করিয়া একটা স্বর্ণখচিত শক্তি গ্রহণ করিলেন ॥৭৯॥

শ্বেত নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া যুদ্ধে যে শক্তিটা গ্রহণ করিলেন, সেটা স্বভাবতঃ উগ্রমূর্ত্তি, কালদণ্ডের ন্যায় মহাভয়ঙ্কর এবং মৃত্যুর জিহ্বার ন্যায় ভয়ানক ছিল ॥৮০॥

তখন শ্বেত অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধে শান্তনুনন্দন ভীষ্মকে বলিলেন—"এখন থাক, আমাকে দেখ এবং পুরুষ হও" ॥৮১॥

দৃষ্ট্বা শক্তিং মহাঘোরাং মৃত্যোর্দণ্ডসমপ্রভাম্।
শ্বেতস্য করনির্ম্মুক্তাং নির্ম্মুক্তোরগসন্নিভাম্ ॥৮৪॥ (বিশেষকম্)
অপতৎ সহসা রাজন্! মহোল্কেব নভস্তলাৎ।
জ্বলন্তীমন্তরীক্ষে তাং জ্বালাভিরিব সংবৃতাম্ ॥৮৫॥
অসম্ভ্রান্তস্তদা রাজন্! পিতা দেবব্রতস্তব।
অষ্টভির্নবভির্ভীষ্মঃ শক্তিং চিচ্ছেদ পত্রিভিঃ ॥৮৬॥ (যুগ্মকম্)
উৎকৃষ্টহেমবিকৃতা নিকৃতা নিশিতৈঃ শরৈঃ।
উচ্চুক্রুশুস্ততঃ সর্ব্বে তাবকা ভরতর্ষভ! ॥৮৭॥

ভাবতকৌমুদী

এবমিতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ শ্বেতঃ। চিকীর্ষুক: কর্ত্তুমিচ্ছন্। স্বার্থে কঃ। করেণ নির্ম্মুক্তাং নিক্ষিপ্তাম্, নির্ম্মুক্তো নির্ম্মুক্তত্বক্ য উরগঃ সর্পস্তৎসন্নিভাম্ ॥৮২—৮৪॥

অপতদিতি। জ্বালাভিরর্চ্চির্ভিঃ। অসম্ভ্রান্তঃ স্থিরঃ স্থিত এব। অষ্টভিঃ পত্রিভির্বাণৈঃ, নবভিঃ খণ্ডৈঃ, তাং শক্তিং চিচ্ছেদ, অষ্টভিশ্ছেদে নব খণ্ডা এব ভবন্তি ॥৮৫—৮৬॥

উৎকৃষ্টেতি। উৎকৃষ্টেন হেম্না বিকৃতা খচিতা, নিকৃতা নিরাকৃতা। উচ্চুক্রুশুঃ আনন্দেনোচ্চৈঃ কোলাহলং চক্রুঃ, তাবকাস্ত্বৎপক্ষীয়া লোকাঃ ॥৮৭॥

মহাধনুর্দ্ধর, পরাক্রমশালী ও অমেয়শক্তি শ্বেত যুদ্ধে ভীষ্মকে এইরূপ বলিয়া, আপনার (ধৃতরাষ্ট্রের) অনর্থ ঘটাইবার ইচ্ছা করিয়া পাণ্ডবগণের জয়ের জন্য সর্পতুল্য সেই শক্তিটাকে ভীষ্মের প্রতি নিক্ষেপ করিলেন। নরনাথ! তখন মহাভয়ঙ্কর, যমদণ্ডের তুল্য উজ্জ্বল এবং নির্ম্মুক্ত সর্পের সমান দীর্ঘ শ্বেতহস্তনিক্ষিপ্ত সেই শক্তিটা দেখিয়া আপনার পুত্রগণের মধ্যে মহা হাহাকাব উপস্থিত হইল ॥৮২—৮৪॥

রাজা! বিশাল উল্কা যেমন আকাশ হইতে পতিত হয়, সেইরূপ সেই শক্তিটা বেগে ভীষ্মের প্রতি ধাবিত হইল। রাজা! তখন আপনার জ্যেষ্ঠতাত দেবব্রত ভীষ্ম স্থির থাকিয়াই আটটা বাণদ্বারা শিখাবেষ্টিতের ন্যায়ই যেন আকাশে জাজ্বল্যমান সেই শক্তিটাকে নয় খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন ॥৮৫—৮৬॥

ভরতশ্রেষ্ঠ! উত্তমস্বর্ণখচিত সেই শক্তিটা ভীষ্মের নিশিত শরে প্রতিহত হইল বলিয়া আপনার পক্ষের সকল লোকই আনন্দে কোলাহল করিয়া উঠিল ॥৮৭॥

---

(৮৫)…জ্বালাভিরভিসংবৃতাম্—বা ব। (৮৭) উৎকৃষ্টহেমবিকৃতাং নিকৃতাম্—রা নি।

শক্তিং বিনিহতাং দৃষ্ট্বা বৈরাটিঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
কালোপহতচেতাস্তু কর্ত্তব্যং নাভ্যজানত ॥৮৮॥
ক্রোধসংমূর্চ্ছিতো রাজন্! বৈরাটিঃ প্রহসন্নিব।
গদাং জগ্রাহ সংহৃষ্টো ভীষ্মস্য নিধনং প্রতি ॥৮৯॥
ক্রোধেন রক্তনয়নো দণ্ডপাণিরিবান্তকঃ।
ভীষ্মং সমভিদুদ্রাব জলৌঘ ইব পর্ব্বতম্ ॥৯০॥
তস্য বেগমসংবার্য্যং মত্বা ভীষ্মঃ প্রতাপবান্।
প্রহারবিপ্রমোক্ষার্থং সহসা ধরণীং গতঃ ॥৯১॥
শ্বেতঃ ক্রোধসমাবিষ্টো ভ্রাময়িত্বা তু তাং গদাম্।
রথে ভীষ্মস্য চিক্ষেপ যথা দেবো ধনেশ্বরঃ ॥৯২॥
তয়া ভীষ্মনিপাতিন্যা স রথো ভস্মসাৎ কৃতঃ।
সধ্বজঃ সহ সূতেন সাশ্বঃ সহযুগন্ধরঃ ॥৯৩॥

ভারতকৌমুদী

শক্তিমিতি। বৈরাটিঃ শ্বেতঃ। নাভ্যজানত নির্দ্ধারয়িতুং নাশক্নোৎ ॥৮৮॥

ক্রোধেতি। নিধনং প্রতি নিধনেচ্ছয়েত্যর্থঃ ॥৮৯॥

ক্রোধেনেতি। রক্তনয়নঃ শ্বেতঃ। জলস্য ওঘো বেগঃ ॥৯০॥

তস্যেতি। প্রহারবিপ্রমোক্ষার্থং গদাঘাতান্নিস্তারলাভার্থম্, ধরণীং গতো ভুমাবুৎপ্লুত্য পতিতঃ, রথং প্রত্যেব গদানিক্ষেপোপক্রমং দৃষ্ট্বেত্যাশয়ঃ ॥৯১॥

শ্বেত ইতি। ধনেশ্বরঃ কুবেরঃ, তস্যাপি গদাযোধিতয়া প্রসিদ্ধেঃ ॥৯২॥

কিন্তু শ্বেত শক্তিটাকে প্রতিহত দেখিয়া ক্রোধে অধীর ও কালোপহতচিত্ত হইয়া প্রথমে কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥৮৮॥

তাহার পর শ্বেত ক্রোধে অধীর অথচ সংহৃষ্ট হইয়া হাসিতে হাসিতেই যেন ভীষ্মের নিধনের জন্য গদা ধারণ করিলেন ॥৮৯॥

তৎপরে জলের বেগ যেমন পর্ব্বতের প্রতি ধাবিত হয়, সেইরূপ ক্রোধে আরক্তনয়ন শ্বেত দণ্ডধারী যমের ন্যায় ভীষ্মের প্রতি ধাবিত হইলেন ॥৯০॥

শ্বেতের বেগ অনিবার্য্য মনে করিয়া প্রতাপশালী ভীষ্ম শ্বেতের প্রহার হইতে মুক্তি পাইবার জন্য তৎক্ষণাৎ রথ হইতে লাফাইয়া ভূতলে পতিত হইলেন ॥৯১॥

এদিকে ক্রোধাবিষ্ট শ্বেত কুবেরদেবের ন্যায় সেই গদাটাকে ঘূর্ণিত করিয়া ভীষ্মের রথের উপরে নিক্ষেপ করিলেন ॥৯২॥

(৯১)…প্রভাববিপ্রমোক্ষার্থম্—বা ব। (৯২) শ্বেতঃ ক্রোধবশাবিষ্টঃ—বা। (৯৩)…সাশ্ব সযুগবন্ধুরঃ—রা নি।

বিরথং রথিনাং শ্রেষ্ঠং ভীষ্মং দৃষ্ট্বা রথোত্তমাঃ।
অভ্যধাবন্ত সহিতাঃ শল্যপ্রভৃতয়ো রথাঃ ॥৯৪॥
ততোঽন্যং রথমাস্থায় ধনুর্বিস্ফার্য্য দুর্ম্মনাঃ।
শনকৈরভ্যয়াচ্ছ্বেতং গাঙ্গেয়ঃ প্রহসন্নিব ॥৯৫॥
এতস্মিন্নন্তরে ভীষ্মঃ শুশ্রাব বিপুলাং গিরম্।
আকাশাদীরিতাং দিব্যামাত্মনো হিতসম্ভবাম্ ॥৯৬॥
ভীষ্ম! ভীষ্ম! মহাবাহো! শীঘ্রং যত্নং কুরুষ্ব বৈ।
এষ হ্যস্য জয়ে কালো নির্দ্দিষ্টো বিশ্বযোনিনা ॥৯৭॥
এতচ্ছ্রুত্বা তু বচনং দেবদূতেন ভাষিতম্।
সম্প্রহৃষ্টমনা ভূত্বা বধে তস্য মনো দধে ॥৯৮॥

ভারতকৌমুদী

তয়েতি। ভস্মসাৎ কৃতো ভগ্ন ইত্যর্থঃ। যুগন্ধরেণ দারুবিশেষেণ সহেতি সঃ ॥৯৩॥
বিরথমিতি। রথোত্তমা রথিশ্রেষ্ঠাঃ। রথা রথিনঃ ॥৯৪॥
তত ইতি। আস্থায় আরুহ্য। দুর্ম্মনা দুঃখিতচিত্তঃ, রথধ্বংসাৎ ॥৯৫॥
এতস্মিন্নিতি। বিপুলাং মহতীম্। ঈরিতাং দেবদূতেনোক্তাম্ ॥৯৬॥
অথ কাসৌ গীরিত্যাহ—ভীষ্মেতি। যত্নং কুরুষ্ব শ্বেতবধে। বিশ্বযোনিনা ব্রহ্মণা ॥৯৭॥
এতদিতি। সম্প্রহৃষ্টমনাঃ, তদ্বধসম্ভবাৎ। মনো দধে ভীষ্ম ইতি শেষঃ ॥৯৮॥

তখন ভীষ্মনিপাতিনী সেই গদাটা যাইয়া ধ্বজ, সারথি, অশ্ব ও যুগন্ধরকাষ্ঠের সহিত সেই রথখানাকে বিধ্বস্ত করিল ॥৯৩॥

এই সময়ে রথিশ্রেষ্ঠ ভীষ্মকে রথবিহীন দেখিয়া শল্যপ্রভৃতি রথিশ্রেষ্ঠ রথারোহীরা সম্মিলিত হইয়া শ্বেতের দিকে ধাবিত হইলেন ॥৯৪॥

এদিকে রথধ্বংসনিবন্ধন দুঃখিতচিত্ত ভীষ্মও অন্য রথে আরোহণপূর্ব্বক ধনু বিস্ফারিত করিয়া ধীরে ধীরে শ্বেতের দিকে যাইতে লাগিলেন ॥৯৫॥

এই সময়ে ভীষ্ম—আকাশ হইতে উচ্চারিত, নিজের হিতজনক ও মনোহর একটি স্বর্গীয় বাক্য শুনিতে পাইলেন—॥৯৬॥

'ভীষ্ম! ভীষ্ম! মহাবাহু! তুমি সত্বর শ্বেতকে বধ করিবার জন্য চেষ্টা কর। কারণ, বিধাতা এইটাই উহার জয়ের কাল নির্দ্দিষ্ট করিয়াছেন' ॥৯৭॥

ভীষ্ম দেবদূতের এই বাক্য শুনিয়া আনন্দিতচিত্ত হইয়া শ্বেতের বধে মনোনিবেশ করিলেন ॥৯৮॥

---

(৯৬) ..আকাশোদীরিতাম্...হিতসংশ্রয়াম্—বা।

বিরথং রথিনাং শ্রেষ্ঠং শ্বেতং দৃষ্ট্বা পদাতিনম্ ।
সহিতাস্ত্বভ্যবর্ত্তন্ত পরীপ্সন্তো মহারথাঃ ॥৯৯॥
সাত্যকির্ভীমসেনশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ।
কৈকেয়ো ধৃষ্টকেতুশ্চ অভিমন্যুশ্চ বীর্য্যবান্ ॥১০০॥ (যুগ্মকম্)
এতানাপততো দৃষ্ট্বা দ্রোণশল্যকৃপৈঃ সহ ।
অবারযদমেয়াত্মা বারিবেগানিবাচলঃ ॥১০১॥
সন্নিরুদ্ধেষু সর্ব্বেষু পাণ্ডবেষু মহাত্মসু ।
শ্বেতঃ খড়্গমথাকৃষ্য ভীষ্ম ধনুবাচ্ছিনৎ ॥১০২॥
তদপাস্য ধনুশ্ছিন্নং ত্বরমাণঃ পিতামহঃ ।
দেবদূতবচঃ শ্রুত্বা বধে তস্য মনো দধে ॥১০৩॥
ততঃ প্রচরমাণস্তু পিতা দেবব্রতস্তব ।
অন্যৎ কার্ম্মুকমাদায় ত্বরমাণো মহারথঃ ॥১০৪॥

ভাবতকৌমুদী

বিরথমিতি। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ। পার্ষতঃ পৃষতপৌত্রঃ ॥৯৯—১০০॥
এতানিতি। আপতত আগচ্ছতঃ। অমেযাত্মা অজ্ঞেয়শক্তির্ভীষ্মঃ ॥১০১॥
সন্নিরুদ্ধেষ্বিতি। পাণ্ডবেষু পাণ্ডবপক্ষীযেষু সাত্যকিপ্রভৃতিষু ॥১০২॥
তদিতি। অপাস্য পরিত্যজ্য। পিতামহো ভীষ্মঃ ॥১০৩॥

এই সময়ে সাত্যকি, ভীমসেন, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, কৈকেয়, ধৃষ্টকেতু ও বলবান্ অভিমন্যু—এই মহারথেরা রথিশ্রেষ্ঠ শ্বেতকে রথবিহীন ও পাদচারী দেখিয়া তাঁহাকে রক্ষা কবিবার ইচ্ছা করিয়া সম্মিলিত হইয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৯৯—১০০॥

অজ্ঞেয়পরাক্রম ভীষ্ম ইঁহাদিগকে আসিতে দেখিয়া দ্রোণ, শল্য ও কৃপের সহিত মিলিত হইয়া—পর্ব্বত যেমন জলের বেগ নিবারণ করে, সেইরূপ ইঁহাদিগকে নিবাবণ করিলেন ॥১০১॥

পাণ্ডবপক্ষীয মহাত্মারা সকলে নিবারিত হইলে শ্বেত তরবারি আকর্ষণ করিয়া ভীষ্মের ধনু ছেদন করিলেন ॥১০২॥

তখন ভীষ্ম সেই ছিন্ন ধনু ত্যাগ করিযা দেবদূতের বাক্য শুনিয়া সত্বর শ্বেতবধে মনোনিবেশ করিলেন ॥১০৩॥

(৯৯)···সহিতাস্ত ন্যবর্ত্তন্ত পরীক্ষন্তো মহারথাঃ—বা। (১০১) এতানাপাততঃ সর্ব্বান্—বা নি। (১০২) স নিরুদ্ধেষু—রা নি।

ক্ষণেন সজ্যমকরোচ্ছক্রচাপসমপ্রভম্।
পিতা তে ভরতশ্রেষ্ঠ! শ্বেতং দৃষ্ট্বা মহারথৈঃ ॥১০৫॥
বৃতং তং মনুজব্যাঘ্রৈর্ভীমসেনপুরোগমৈঃ।
অভ্যবর্ত্তত গাঙ্গেয়ঃ শ্বেতং সেনাপতিং দ্রুতম্ ॥১০৬॥ (বিশেষকম্)
আপতন্তং ততো ভীষ্মো ভীমসেনং প্রতাপবান্।
আজঘ্নে বিশিখৈঃ ষষ্ট্যা সেনান্যং স মহারথঃ ॥১০৭॥
অভিমন্যুঞ্চ সমরে পিতা দেবব্রতস্তব।
আজঘ্নে ভরতশ্রেষ্ঠস্ত্রিভিঃ সন্নতপর্ব্বভিঃ ॥১০৮॥
সাত্যকিঞ্চ শতেনাজৌ ভরতানাং পিতামহঃ।
ধৃষ্টদ্যুম্নঞ্চ বিংশত্যা কৈকেয়ঞ্চাপি পঞ্চভিঃ ॥১০৯॥
তাংশ্চ সর্ব্বান্ মহেষ্বাসান্ পিতা দেবব্রতস্তব।
বারয়িত্বা শরৈর্ঘোরৈঃ শ্বেতমেবাভিদুদ্রুবে ॥১১০॥

ভাবতকৌমুদী

তত ইতি। প্রচরমাণঃ অভিধাবন্। সজ্যং সগুণম্। বৃতং বেষ্টিতম্ ॥১০৪—১০৬॥
আপতন্তমিতি। ষষ্ট্যা ষষ্টিসংখ্যকৈঃ, সেনান্যম্ অন্যতমসেনাপতিম্ ॥১০৭॥
অভিমন্যুমিতি। ত্রিভির্বিশিখৈরিত্যনুবৃত্তিঃ ॥১০৮॥
সাত্যকিমিতি। আজৌ যুদ্ধে, শতাদিভির্বিশিখৈরাজঘ্ন ইত্যনুবৃত্তিঃ ॥১০৯॥
তানিতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্ ॥১১০॥

তাহার পর আপনাব জ্যেষ্ঠতাত মহাবথ ভীষ্ম সত্বর ইন্দ্রধনুর তুল্য অন্য একখানা ধনু লইয়া ক্ষণকালমধ্যে তাহাতে গুণারোপণ কবিলে এবং ভরতশ্রেষ্ঠ! ভীমসেনপ্রভৃতি নরশ্রেষ্ঠ মহাবথেরা শ্বেতকে পরিবেষ্টন করিতে আসিতেছেন দেখিযা বিরাটসেনাপতি শ্বেতের প্রতি দ্রুত ধাবিত হইলেন ॥১০৪—১০৬॥

তাহার পব অন্যতম সেনাপতি ভীমসেন আসিতে লাগিলেন, প্রতাপশালী মহারথ ভীষ্ম ষষ্টিসংখ্যক বাণদ্বারা তাঁহাকে আঘাত করিলেন ॥১০৭॥

এবং আপনার জ্যেষ্ঠতাত ভরতশ্রেষ্ঠ ভীষ্ম তিনটা অবনতপর্ব্ব বাণদ্বারা যুদ্ধে অভিমন্যুকে প্রহার কবিলেন ॥১০৮॥

তৎপরে ভীষ্ম যুদ্ধে শতসংখ্যক বাণদ্বারা সাত্যকিকে, বিংশতিসংখ্যক বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে এবং পঞ্চসংখ্যক বাণদ্বাবা কৈকেয়কে তাডন করিলেন ॥১০৯॥

---

(১০৬) বৃতং তং তৈর্নরব্যাঘ্রৈঃ—বা।

ততঃ শরং মৃত্যুসমং ভাবসাধনমুত্তমম্ ।
বিকৃষ্য বলবান্ ভীষ্মঃ সমধত্ত দুরাসদম্ ॥১১১॥
ব্রহ্মাস্ত্রেণ সুসংযুক্তং তং শরং লোমবাহিনম্ ।
দদৃশুর্দেবগন্ধর্ব্বাঃ পিশাচোরগরাক্ষসাঃ ॥১১২॥
স তস্য কবচং ভিত্ত্বা হৃদয়ঞ্চামিতৌজসঃ ।
জগাম ধরণীং বাণো মহাশনিরিব জ্বলন্ ॥১১৩॥
অস্তং গচ্ছন্ যথাদিত্যঃ প্রভামাদায় সত্বরঃ ।
এবং জীবিতমাদায় শ্বেতদেহাজ্জগাম সঃ ॥১১৪॥
তং ভীষ্মেণ নরব্যাঘ্রং তথা বিনিহতং যুধি ।
প্রপতন্তমপশ্যাম গিরেঃ শৃঙ্গমিব চ্যুতম্ ॥১১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। ভারসাধনং সকললক্ষ্যভেদসাধকম্। বিকৃষ্য ধনুরাকৃষ্য ॥১১১॥

ব্রহ্মেতি। ব্রহ্মাস্ত্রেণ ব্রহ্মাস্ত্রমন্ত্রেণ। লোমবাহিনং সবলগমনার্থং পুচ্ছদেশে কঙ্কপত্রধারিণম্ ॥১১২॥

স ইতি। তস্য শ্বেতস্য। মহাশনির্মহাবজ্রঃ ॥১১৩॥

অস্তমিতি। সত্বরঃ সন্ গচ্ছতীতি শেষঃ। এবং তথা, জীবিতং জীবনম্ ॥১১৪॥

এইভাবে আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম ভয়ঙ্কর বাণসমূহদ্বারা সেই সকল মহাধনুর্দ্ধরকে বারণ করিয়া শ্বেতের প্রতিই ধাবিত হইলেন ॥১১০॥

তাহার পর মহাবল ভীষ্ম ধনু আকর্ষণ করিয়া মৃত্যুর তুল্য, সকল লক্ষ্যভেদকারী, উত্তম ও দুর্দ্ধর্ষ একটা বাণ শ্বেতের প্রতি সন্ধান করিলেন ॥১১১॥

তখন দেবতা, গন্ধর্ব্ব, পিশাচ, নাগ ও রাক্ষসেরা ব্রহ্মাস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত ও কঙ্কপত্রধারী সেই বাণটাকে দেখিতে লাগিলেন ॥১১২॥

ক্রমে মহাবজ্রের ন্যায় উজ্জ্বল সেই বাণটা যাইয়া অমিততেজা শ্বেতের কবচ ও হৃদয় ভেদ করিয়া ভূমির ভিতরে প্রবেশ করিল ॥১১৩॥

অস্তোন্মুখ সূর্য্য যেমন নিজের কিরণ লইয়া সত্বর অস্তাচলে গমন করেন, সেইরূপ সেই বাণটা শ্বেতের দেহ হইতে তাঁহার জীবন লইয়া গমন করিল ॥১১৪॥

তখন আমরা দেখিলাম—পর্ব্বতচ্যুত শৃঙ্গের ন্যায় যুদ্ধে ভীষ্মনিহত নরশ্রেষ্ঠ শ্বেত ভূতলে পতিত হইলেন ॥১১৫॥

---

(১১১)…সমাধত্ত দুরাসদম্—রা নি। (১১৩)…জ্বলদগ্নিসমৌজসঃ—বা ব। (১১৪)…জগাম হ—রা নি।

অশোচন্ পাণ্ডবাস্তত্র ক্ষত্রিয়াশ্চ মহারথাঃ।
প্রহৃষ্টাস্তু সুতাস্তুভ্যং কুরবশ্চাপি সর্ব্বশঃ ॥১১৬॥
ততো দুঃশাসনো রাজন্! শ্বেতং দৃষ্ট্বা নিপাতিতম্।
বাদিত্রনিনদৈর্ঘোরৈর্নৃত্যতি স্ম সমন্ততঃ ॥১১৭॥
তস্মিন্ হতে মহেষ্বাসে ভীষ্মেণাহবশোভিনা।
প্রাবেপন্ত মহেষ্বাসাঃ শিখণ্ডিপ্রমুখা রথাঃ ॥১১৮॥
ততো ধনঞ্জয়ো রাজন্! বার্ষ্ণেয়শ্চাপি সর্ব্বশঃ।
অবহারং শনৈশ্চক্রুর্নিহতে বাহিনীপতৌ ॥১১৯॥
ততোঽবহারঃ সৈন্যানাং তব তেষাঞ্চ ভারত!।
তাবকানাং পরেষাঞ্চ নর্দ্দতাঞ্চ মুহুর্মুহুঃ ॥১২০॥

ভারতকৌমুদী

তমিতি। প্রপতন্তং ভূতলে লুঠন্তম্ ॥১১৫॥
অশোচন্নিতি। ক্ষত্রিয়া বিরাটাদয়ঃ। তুভ্যং তব সুতা দুর্য্যোধনাদয়ঃ ॥১১৬॥
তত ইতি। সমন্ততঃ স্বস্থানে সর্ব্বাসু দিক্ষু ঘূর্ণন্ ॥১১৭॥
তস্মিন্নিতি। আহবশোভিনা বীরকান্ত্যা যুদ্ধশোভিনা ॥১১৮॥
তত ইতি। বার্ষ্ণেয়ঃ, কৃষ্ণঃ, সর্ব্বশঃ অন্যে সর্ব্বে। অবহারং যুদ্ধবিরামম্ ॥১১৯॥
তত ইতি। অবহারো যুদ্ধবিরামো জাত ইতি শেষঃ। তেষাং পাণ্ডবানাম্। মুহুর্মুহুঃ, নর্দ্দতামুৎসাহেন গর্জ্জতাম্, তাবকানাং পরেষাঞ্চ সেনাপতীনামপ্যবহারো জাতঃ ॥১২০॥

সেই সময়ে পাণ্ডবেরা ও পাণ্ডবপক্ষীয় বিরাটপ্রভৃতি মহারথ ক্ষত্রিয়েরা শ্বেতের জন্য শোক করিতে লাগিলেন; আর আপনার পুত্রেরা ও অন্য সকল কুরুপক্ষীয়েরা আনন্দিত হইলেন ॥১১৬॥

রাজা! তাহার পর দুঃশাসন শ্বেতকে নিপাতিত দেখিয়া ভয়ঙ্কর বাদ্যধ্বনির সহিত সকল দিকে ঘুরিয়া ঘুরিয়া নৃত্য করিতে লাগিলেন ॥১১৭॥

যুদ্ধশোভী ভীষ্ম মহাধনুর্দ্ধর শ্বেতকে বধ করিলে শিখণ্ডিপ্রভৃতি মহাধনুর্দ্ধর রথীরা কম্পিত হইতে থাকিলেন ॥১১৮॥

রাজা! বিরাটসেনাপতি শ্বেত নিহত হইলে অর্জ্জুন, কৃষ্ণ এবং অন্য সকলেই ধীরে ধীরে সে দিনের মত যুদ্ধের অবসান করিলেন ॥১১৯॥

ভরতনন্দন! তাহার পর আপনার পক্ষীয় সৈন্য ও পাণ্ডবপক্ষীয় সৈন্যগণের এবং মুহুর্মুহুঃ সিংহনাদকারী আপনার পক্ষীয় ও পাণ্ডবপক্ষীয় সেনাপতিগণের যুদ্ধনিবৃত্তি হইল ॥১২০॥

---

(১২০)...ততোঽবহারঃ সৈন্যানামুভয়েষাঞ্চ ভারত।...নর্দ্দতাং হর্ষতাং স্বনঃ—বা।

পার্থা বিমনসো ভূত্বা ন্যবর্ত্তন্ত মহারথাঃ।
চিন্তয়ন্তো বধং ঘোরং দ্বৈরথেন পরন্তপাঃ ॥১২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে প্রথমদিবসযুদ্ধে শ্বেতবধে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ।

শ্বেতে সেনাপতৌ তাত! সংগ্রামে নিহতে পরৈঃ।
কিমকুর্ব্বন্ মহেষ্বাসাঃ পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ ॥১॥
সেনাপতিং সমাকর্ণ্য শ্বেতং যুধি নিপাতিতম্।
তদর্থং যততাঞ্চাপি পরেষাং প্রপলায়িনাম্ ॥২॥
মনঃ প্রীণাতি মে বাক্যং জয়ং সঞ্জয়! শৃণ্বতঃ।
প্রত্যবায়ং চিন্তয়তো লজ্জাং প্রাপ্নোতি মে নহি ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পার্থা ইতি। বধং শ্বেতস্য, দ্বৈরথেন দ্বৈরথযুদ্ধেন ॥১২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

শ্বেত ইতি। হে তাত! বৎস। সঞ্জয়!। পরৈর্ভীষ্মাদিভিঃ ॥১॥

সেনেতি। তদর্থং শ্বেতরক্ষার্থম্। প্রপলায়িনাং বৃত্তান্তঞ্চ সমাকর্ণ্যেত্যর্থঃ। মে মনঃ প্রীণাতি প্রীতিমনুভবতি। তথা হে সঞ্জয়! তবেদৃশং বাক্যং স্বকীয়ং জয়ঞ্চ শৃণ্বতঃ, প্রত্যবায়ং

শত্রুতাপন ও মহারথ পাণ্ডবেরা দ্বৈরথযুদ্ধে ভয়ঙ্করভাবে ভীষ্মকর্ত্তৃক শ্বেতের বধ চিন্তা করিতে থাকিয়া বিষণ্ণচিত্ত হইয়া নিবৃত্তি পাইলেন" ॥১২১॥

—:*:—

ধৃতরাষ্ট্র বলিলেন—"বৎস সঞ্জয়! বিরাটসেনাপতি শ্বেত যুদ্ধে ভীষ্মকর্ত্তৃক নিহত হইলে, মহাধনুর্দ্ধর পাণ্ডবগণ ও পাঞ্চালগণ কি করিলেন? ॥১॥

---

(১২১)…ঘোরং কৌরবাণাং পরন্তপ!—বা। (৩)…প্রত্যুপায়ং চিন্তয়ন্তঃ সজ্জনাঃ প্রপ্নবন্তি মে—বা নি।

স হি বীরোঽনুরক্তশ্চ বৃদ্ধঃ কুরুপতিস্তদা।
কৃতং বৈরং সদা তেন পিতুঃ পুত্রেণ ধীমতা ॥৪॥
তস্যোদ্বেগভয়াচ্চাপি সংশ্রিতঃ পাণ্ডবান্ পুরা।
সর্ব্বং বলং পরিত্যজ্য দুর্গং সংশ্রিত্য তিষ্ঠতি ॥৫॥
পাণ্ডবানাং প্রতাপেন দুর্গদেশং প্রবিশ্য চ।
সপত্নশতসংবাধে সত্যেবং সমবস্থিতঃ ॥৬॥
আশ্চর্য্যং বৈ সদা তেষাং পুরা রাজ্ঞাং সুদুর্ম্মতঃ।
ততো যুধিষ্ঠিরে ভক্তঃ কথং সঞ্জয়! সূদিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

পাণ্ডবেষাত্মনঃ পাপাচরণম্, চিন্তয়তোঽপি মে মনঃ, লজ্জাং নহি প্রাপ্নোতি, জয়শ্রবণজনিতানন্দেনাকুলীকৃতত্বাদিতি ভাবঃ ॥২—৩॥

শ্বেতেতিহাসমাহ চতুর্ভি শ্লোকৈঃ। স ইতি। স বীরো বৃদ্ধশ্চ কুরুপতির্ভীষ্মঃ, তদা আদৌ, শ্বেতং প্রতি অনুরক্ত এবাসীৎ। কিন্তু পিতুর্বিরাটস্য ধীমতা পুত্রেণ শ্বেতেন, তেন কুরুপতিনা সহ সদা বৈরং কৃতম্, উত্তরগোগ্রহাৎ পরমিত্যাশয়ঃ ॥৪॥

তস্যেতি। তস্য ভীষ্মস্য, উদ্বেগেন শঙ্কয়া যুক্তং ভয়ম্ উদ্বেগভয়ং তস্মাৎ। মধ্যপদলোপী সমাসঃ। তিষ্ঠতি স্ম শ্বেত ইতি শেষঃ ॥৫॥

পাণ্ডবানামিতি। সপত্নশতসংবাধে বহুশত্রুপীডাসম্ভবেঽপি ॥৬॥

দেখ সঞ্জয়। বিরাটসেনাপতি শ্বেত যুদ্ধে নিপাতিত হইয়াছেন এবং তাঁহার রক্ষার জন্য যত্নবান্ বিপক্ষেরা পলায়ন করিয়াছে—এই বৃত্তান্ত শুনিয়া আমার মন প্রীতিই অনুভব করিতেছে; কিন্তু তোমার বাক্য ও জয়ের বৃত্তান্ত শুনায় পাণ্ডবগণের প্রতি নিজের অন্যায় আচরণ স্মরণ করিয়াও আমার মন লজ্জা পাইতেছে না ॥২—৩॥

বীর ও বৃদ্ধ ভীষ্ম প্রথমে শ্বেতের প্রতি অনুরক্তই ছিলেন; কিন্তু উত্তরগোগ্রহের পর হইতেই বিরাটপুত্র বুদ্ধিমান্ শ্বেত ভীষ্মের সহিত সর্ব্বদাই শত্রুতা করিতেন; (তাহাতেই ভীষ্ম শ্বেতের বিদ্বেষী হইয়াছিলেন) ॥৪॥

সুতরাং শ্বেত ভীষ্মের আশঙ্কায় ও ভয়ে পূর্ব্বেই পাণ্ডবগণের আশ্রয় লইয়াছিলেন এবং নিজের সমস্ত সৈন্য ত্যাগ করিয়া দুর্গ অবলম্বন করিয়া থাকিতেন ॥৫॥

বহু শত্রুর আক্রমণসম্ভাবনা থাকিলেও শ্বেত দুর্গ আশ্রয় করিয়া পাণ্ডবগণের প্রতাপে এযাবৎ সুস্থ ছিলেন ॥৬॥

---

(৪)…কৃতবৈরঃ—বা। (৬)…দুর্গং দেশং নিবেশ্য চ। সপত্নান্ সততং বাধন্নার্য্যবৃত্তিমনুষ্ঠিতঃ—রা নি। (৭) আশ্চর্য্যো বৈ—বা।

প্রক্ষিপ্তঃ সম্মতঃ ক্ষুদ্রঃ পুত্রো মে পুরুষাধমঃ।
ন যুদ্ধং রোচয়েদ্ভীষ্মো ন চাচার্য্যঃ কথঞ্চন ॥৮॥
ন কৃপো ন চ গান্ধারী নাহং সঞ্জয়! রোচয়ে।
ন বাসুদেবো বার্ষ্ণেয়ো ধর্ম্মরাজশ্চ পাণ্ডবঃ ॥৯॥
ন ভীমো নার্জ্জুনশ্চৈব ন যমৌ পুরুষর্ষভৌ।
বার্য্যমাণো ময়া নিত্যং গান্ধার্য্যা বিদুরেণ চ ॥১০॥
জামদগ্ন্যেন রামেণ ব্যাসেন চ মহাত্মনা।
দুর্য্যোধনো যুধ্যমানো নিত্যমেব হি সঞ্জয়! ॥১১॥
কর্ণস্য মতমাস্থায় সৌবলস্য চ পাপকৃৎ।
দুঃশাসনস্য চ তথা পাণ্ডবান্ নান্বচিন্তয়ৎ ॥১২॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

অথ দক্ষিণগোগ্রহপ্রবৃত্তেষু সুশর্ম্মাদিষু কীদৃশ আসীদিত্যাহ—আশ্চর্য্যমিতি। পুরা তেষাং সুশর্ম্মাদীনাং রাজ্ঞাং সম্বন্ধে, আশ্চর্য্যং সাতিশয়মেব, সুদুর্মতিঃ অতীববৈরদূষিতবুদ্ধিরাসীৎ শ্বেতঃ; ততশ্চ দক্ষিণগোগ্রহযুদ্ধে পাণ্ডবৈর্জয়লাভাৎ যুধিষ্ঠিরে ভক্তঃ অভবৎ। হে সঞ্জয়! কথং স্বিদিত ঈদৃশঃ সুদুর্দ্ধর্ষঃ শ্বেতঃ কথং নিপাতিতো ভীষ্মেণ ॥৭॥

ইদানীং দুর্য্যোধনমাক্ষিপতি প্রেতি। প্রক্ষিপ্তঃ অস্থিরমতিঃ সম্মতঃ, কর্ণাদীনাং প্রিয়ঃ, ক্ষুদ্রঃ অল্পবুদ্ধিঃ। আচার্য্যো দ্রোণঃ ॥৮॥

নেতি। বার্ষ্ণেয়ো বৃষ্ণিবংশীয়ঃ ॥৯॥

নেতি। যমৌ নকুলসহদেবৌ। যুধ্যমানো ভবিতুমিচ্ছতীতি শেষঃ। আস্থায় অবলম্ব্য, সৌবলস্য শকুনেঃ। পাণ্ডবান্ পাণ্ডবানাং বীরত্বাদিগুণান্ ॥১০—১২॥

পূর্ব্বে (দক্ষিণগোগ্রহযুদ্ধে) সুশর্ম্মাদি রাজার উপরে শ্বেত অত্যন্ত বিদ্বেষী ছিলেন; পরে যুধিষ্ঠিরের অনুরক্ত হইয়াছিলেন। সঞ্জয়! এ হেন শ্বেতকে ভীষ্ম কি করিয়া নিপাতিত করিলেন! ॥৭॥

আমার পুত্র পুরুষাধম দুর্য্যোধনটা অস্থিরবুদ্ধি, কর্ণপ্রভৃতির প্রিয় এবং অল্পবুদ্ধি। কেন না, সঞ্জয়! ভীষ্ম বা দ্রোণ কোন প্রকারেই যুদ্ধ করা ভাল মনে করেন নাই ॥৮॥

আর কৃপাচার্য্য, গান্ধারী, আমি, বৃষ্ণিবংশীয় কৃষ্ণ এবং ধর্ম্মরাজ যুধিষ্ঠির, আমাদেরও যুদ্ধ করার ইচ্ছা ছিল না ॥৯॥

তা'র পর ভীম, অর্জ্জুন, নকুল এবং সহদেবও যুদ্ধ করিবার ইচ্ছা করেন নাই। বরং, আমি, গান্ধারী, বিদুর, জমদগ্নিনন্দন পরশুরাম ও মহাত্মা বেদব্যাস,

তস্যাহং ব্যসনং ঘোরং মন্যে প্রাপ্তস্তু সঞ্জয়! ।
শ্বেতস্য চ বিনাশেন ভীষ্মস্য বিজয়েন চ ॥১৩॥
সংক্রুদ্ধঃ কৃষ্ণসহিতঃ পার্থঃ কিমকরোদ্‌যুধি ।
অর্জ্জুনাদ্ধি ভয়ং ভূয়স্তন্মে তাত! ন শাম্যতি ॥১৪॥
স হি শূরশ্চ কৌন্তেয়ঃ ক্ষিপ্রকারী ধনঞ্জয়ঃ ।
মন্যে শরৈঃ শরীরাণি শত্রূণাং প্রমথিষ্যতি ॥১৫॥
ঐন্দ্রিমিন্দ্রানুজসমং মহেন্দ্রসদৃশং বলে ।
অমোঘক্রোধসঙ্কল্পং দৃষ্ট্বা বঃ কিমভূন্মনঃ ॥১৬॥
তথৈব বেদবিচ্ছূরো জ্বলনার্কসমদ্যুতিঃ ।
ইন্দ্রাস্ত্রবিদমেয়াত্মা প্রপতন্ সমিতিঞ্জয়ঃ ॥১৭॥

ভাবতকৌমুদী

তস্তেতি। ব্যসনং বিপদম্। প্রাপ্তমুপস্থিতম্ ॥১৩॥

সংক্রুদ্ধ ইতি। পার্থোঽর্জ্জুনঃ। ভূয়ো বহুলম্ ॥১৪॥

স ইতি। ক্ষিপ্রকারী দ্রুতাস্ত্রক্ষেপী। প্রমথিষ্যতি আলোডয়িষ্যতি ॥১৫॥

ঐন্দ্রিমিতি। হে সঞ্জয়! ইন্দ্রানুজঃ কৃষ্ণস্তৎসমম্, বলে মহেন্দ্রসদৃশম্, অমোঘৌ অব্যর্থৌ ক্রোধসঙ্কল্পৌ যস্য তম্, ঐন্দ্রিম্ ইন্দ্রপুত্রমর্জ্জুনং দৃষ্ট্বা, বো যুষ্মাকম্, মনঃ, কিং কীদৃশমভূৎ। বিষাদ-বিকলমেবাভূদিতি ভাবঃ ॥১৬॥

তথেতি। জ্বলনার্কসমদ্যুতিঃ অগ্নিসূর্য্যতুল্যতেজাঃ। প্রপতন্ গচ্ছন্নেব, সমিতিঞ্জয়ো যুদ্ধজেতা ॥১৭॥

আমরা সর্ব্বদাই যুদ্ধ করিতে বারণ করিয়াছি; তথাপি পাপকারী দুর্য্যোধন—কর্ণ, শকুনি ও দুঃশাসনের মতানুবর্ত্তী হইয়া সর্ব্বদা যুদ্ধ করিবারই ইচ্ছা করে; কিন্তু সঞ্জয়! পাণ্ডবগণের বীরত্বপ্রভৃতি গুণ স্মরণ করে না ॥১০—১২॥

অথচ সঞ্জয়! শ্বেতের বিনাশে ও ভীষ্মের জয়ে দুর্য্যোধনের ভয়ঙ্কর বিপদই উপস্থিত হইয়াছে বলিয়া আমি মনে করি ॥১৩॥

কৃষ্ণের সহিত মিলিত অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধে কি করিয়াছিলেন? বৎস! সঞ্জয়! অর্জ্জুন হইতে আমার যে গুরুতর ভয় আছে, তাহা কিছুতেই নিবৃত্তি পায় না ॥১৪॥

কারণ, কুন্তীনন্দন অর্জ্জুন বীর ও ক্ষিপ্রকারী; সুতরাং আমি মনে করি—তিনি বাণদ্বারা শত্রুপক্ষের শরীরগুলিকে মন্থন করিয়া থাকিবেন ॥১৫॥

সঞ্জয়! বুদ্ধিতে কৃষ্ণের তুল্য, বলে ইন্দ্রের সমান এবং অব্যর্থক্রোধ ও অব্যর্থ-সঙ্কল্প অর্জ্জুনকে দেখিয়া তোমাদের মন কিরূপ হইয়াছিল? ॥১৬॥

বজ্রসংস্পর্শরূপাণামস্ত্রাণাঞ্চ প্রযোজকঃ।
স খড়্গাক্ষেপহস্তস্তু ঘোষং চক্রে মহারথঃ ॥১৮॥
স সঞ্জয়! মহাপ্রাজ্ঞো দ্রুপদস্যাত্মজো বলী।
ধৃষ্টদ্যুম্নঃ কিমকরোচ্ছ্বেতে যুধি নিপাতিতে ॥১৯॥
পুরা চৈবাপরাধেন বধেন চ চমূপতেঃ।
মন্যে মনঃ প্রজজ্বাল পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥২০॥
তেষাং ক্রোধং চিন্তয়ংস্তু অহঃসু চ নিশাসু চ।
ন শান্তিমধিগচ্ছামি দুর্য্যোধনকৃতেন হি।
কথঞ্চাভূন্মহাযুদ্ধং সর্ব্বমাচক্ষ্ব সঞ্জয়! ॥২১॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্! স্থিরো ভূত্বা তবাপনয়নো মহান্।
ন চ দুর্য্যোধনে দোষমিমমাধাতুমর্হসি ॥২২॥

ভাবতকৌমুদী

বজ্রেতি। প্রযোজকো নিক্ষেপকঃ। খড়্গাক্ষেপে অসেরাকর্ষণে হস্তো যস্য সঃ ॥১৮॥
স ইতি। কিমকরোৎ, কৌরবাণামাক্রমণমেবাকরোদিত্যাশয়ঃ ॥১৯॥
পুরেতি। অপরাধেন বিষদানাদিনানাত্যাচারেণ। চমূপতেঃ শ্বেতস্য ॥২০॥
তেষামিতি। দুর্য্যোধনস্য কৃতেন কার্য্যেণ। কথং কীদৃশম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

বেদবিৎ, বীর, অগ্নি ও সূর্য্যের তুল্য তেজস্বী, ঐন্দ্রাস্ত্রজ্ঞ ও অজেয়শক্তি অর্জ্জুন যুদ্ধে যাইয়াই জয় করিয়া থাকেন ॥১৭॥

আর মহারথ অর্জ্জুন বজ্রের তুল্য অস্ত্র নিক্ষেপ করেন এবং তরবারি আকর্ষণ করিয়াই সিংহনাদ করিয়া থাকেন ॥১৮॥

সঞ্জয়! যুদ্ধে শ্বেত নিপাতিত হইলে দ্রুপদরাজার পুত্র মহাপ্রাজ্ঞ ও বলবান্ ধৃষ্টদ্যুম্ন কি করিয়াছিলেন? ॥১৯॥

আমি মনে করি—আমাদের পূর্ব্বকৃত অপরাধে ও সেনাপতি শ্বেতের বধে মহাত্মা পাণ্ডবগণের মন ক্রোধে জ্বলিয়া উঠিয়াছিল ॥২০॥

দুর্য্যোধনের ব্যবহারে পাণ্ডবগণের যে ক্রোধ জন্মিয়াছে, তাহা চিন্তা করিয়া আমি দিনে বা রাত্রিতে কোন সময়েই শান্তি পাইতেছি না। সে যাহা হউক, সঞ্জয়! কিরূপ মহাযুদ্ধ হইয়াছিল, তাহার বৃত্তান্ত সকল বল" ॥২১॥

সঞ্জয় বলিলেন—"রাজা! স্থির হইয়া শ্রবণ করুন। আপনারই ত গুরুতর দুর্নীতি; সুতরাং আপনি দুর্য্যোধনের উপরে এ দোষের আরোপ করিতে পারেন না ॥২২॥

গতোদকে সেতুবন্ধো যাদৃক্ তাদৃঙ্মতিস্তব।
সন্দীপ্তে ভবনে যদ্বৎ কূপস্য খননং তথা ॥২৩॥
গতপূর্ব্বাহ্নভূয়িষ্ঠে তস্মিন্নহনি দারুণে।
তাবকানাং পরেষাঞ্চ পুনর্যুদ্ধমবর্ত্তত ॥২৪॥
শ্বেতন্তু নিহতং দৃষ্ট্বা বিরাটস্য চমূপতিম্।
কৃতবর্ম্মণা চ সহিতং দৃষ্ট্বা শল্যমবস্থিতম্ ॥২৫॥
শঙ্খঃ ক্রোধাৎ প্রজজ্বাল হবিষা হব্যবাড়িব।
স বিস্ফার্য্য মহচ্চাপং শক্রচাপোপমং বলী ॥২৬॥
অভ্যধাবজ্জিঘাংসন্ বৈ শল্যং মদ্রাধিপং যুধি।
মহতা রথসংঘেন সমন্তাৎ পরিরক্ষিতঃ ॥২৭॥ (বিশেষকম্)
সৃজন্ বাণময়ং বর্ষং প্রাযাচ্ছল্যরথং প্রতি।
তমাপতন্তং সংপ্রেক্ষ্য মত্তবারণবিক্রমম্ ॥২৮॥
তাবকানাং রথাঃ সপ্ত সমন্তাৎ পর্য্যবারয়ন্।
মদ্ররাজং পরীপ্সন্তো মৃত্যোর্দংষ্ট্রান্তরং গতম্ ॥২৯॥

ভারতকৌমুদী

শৃণ্বিতি। অপনযনঃ অত্যাচারঃ। পুংস্ত্বমার্ষম্। আধাতুমারোপয়িতুম্ ॥২২॥

গতেতি। গতোদকে খাতে। সন্দীপ্তে অগ্নিনা দগ্ধে, তদগ্নিনির্ব্বাপণার্থং খননম্ ॥২৩॥

গতেতি। গতঃ পূর্ব্বাহ্নস্য ভূয়িষ্ঠো বহুলাংশো যস্য তস্মিন্ ॥২৪॥

শ্বেতমিতি। অমীষাং শ্লোকানাং সপ্তচত্বারিংশাধ্যায়গতেদৃশশ্লোকনাঞ্চৈকানুপূর্ব্বীকত্বেঽপি ব্যক্তিভেদবিষয়ত্বান্ন পুনরুক্তিদোষঃ। তৃতীযপাদে অক্ষরাধিক্যমার্ষম্। শঙ্খোঽপি বিরাটপুত্র এব। হব্যবাট্ অগ্নিঃ। জিঘাংসন্ হন্তুমিচ্ছন্। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু ॥২৫—২৭॥

মহারাজ! জল চলিয়া গেলে যেমন খালে সেতুবন্ধনের বুদ্ধি এবং গৃহ দগ্ধ হইয়া গেলে পর যেমন সেই অগ্নিনির্ব্বাপণের জন্য কূপখননের ইচ্ছা, এখন আপনার এ বুদ্ধিও সেইরূপই ॥২৩॥

সে যাহা হউক, সেই ভয়ঙ্কর দিনের পূর্ব্বাহ্নের অধিক অংশ অতীত হইলে আপনার পক্ষীয় ও পাণ্ডবপক্ষীয়গণের পুনরায় যুদ্ধারম্ভ হইল ॥২৪॥

বিরাটরাজার সেনাপতি শ্বেতকে নিহত দেখিয়া এবং শল্যরাজাকে কৃতবর্ম্মার সহিত একরথে অবস্থিত লক্ষ্য করিয়া—ঘৃতদ্বারা অগ্নির ন্যায় শঙ্খ ক্রোধে জ্বলিয়া উঠিলেন এবং বলবান্ শঙ্খ ইন্দ্রধনুর তুল্য বিশাল ধনু বিস্ফারিত করিয়া সকল দিকে বিশাল রথিসমূহে পরিরক্ষিত হইয়া যুদ্ধে মদ্ররাজ শল্যকে বধ করিবার ইচ্ছা করিয়া ধাবিত হইলেন ॥২৫—২৭॥

বৃহদ্বলশ্চ কৌশল্যো জয়ৎসেনশ্চ মাগধঃ।
তথা রুক্মরথো রাজন্! পুত্রঃ শল্যস্য মানিতঃ ॥৩০॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
বৃহৎক্ষত্রস্য দায়াদঃ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ ॥৩১॥ (কলাপকম্)
নানাধাতুবিচিত্রাণি কার্ম্মুকাণি মহাত্মনাম্।
বিস্ফারিতান্যদৃশ্যন্ত তোয়দেম্বিব বিদ্যুতঃ ॥৩২॥
তে তু বাণময়ং বর্ষং শঙ্খমূর্দ্ধ্ন্যপাতয়ন্।
নিদাঘান্তেঽনিলোদ্ধূতা মেঘা ইব নগে জলম্ ॥৩৩॥
ততঃ ক্রুদ্ধো মহেষ্বাসঃ সপ্তভল্লৈঃ সুতেজনৈঃ।
ধনূংষি তেষামাচ্ছিদ্য ননর্দ্দ পৃতনাপতিঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

সৃজন্নিতি। সৃজন্ নিক্ষিপন্। মত্তবারণবিক্রমং মত্তহস্তিতুল্যপরাক্রমম্। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ। কৌশল্যঃ কোশলদেশাধিপতিঃ। মাগধো মগধরাজঃ। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ, কাম্বোজঃ কম্বোজরাজঃ। দায়াদঃ পুত্রঃ, সৈন্ধবঃ সিন্ধুরাজঃ ॥২৮—৩১॥

নানেতি। নানাধাতুবিচিত্রাণি স্বর্ণাদিবহুধাতুখচিতানি। তোয়দেষু মেঘেষু ॥৩২॥

ত ইতি। নিদাঘান্তে গ্রীষ্মাবসানে, অনিলোদ্ধূতা বায়ুচালিতাঃ, নগে পর্ব্বতে ॥৩৩॥

এবং শঙ্খ বাণবর্ষণ করিতে থাকিয়া শল্যের রথের দিকে গমন করিতে লাগিলেন। রাজা! তখন কোশলরাজ বৃহদ্বল, মগধরাজ জয়ৎসেন, সম্মানী শল্যের পুত্র রুক্মরথ, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, কম্বোজরাজ সুদক্ষিণ এবং বৃহৎক্ষত্রের পুত্র সিন্ধুরাজ জয়দ্রথ, আপনার পক্ষের এই সাত জন রথী মত্ত হস্তীর তুল্য বিক্রমশালী শঙ্খকে আসিতে দেখিয়া, মৃত্যুর দন্তের ভিতরে প্রবিষ্টের ন্যায় অবস্থিত মদ্ররাজ শল্যকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া, সকল দিক্ হইতে তাঁহাকে বেষ্টন করিলেন ॥২৮—৩১॥

সেই সময়ে আমরা দেখিলাম—মেঘের উপরে যেমন বিদ্যুৎ প্রকাশ পায়, সেইরূপ সেই মহাত্মাদের হাতে নানাধাতুখচিত ধনু সকল বিস্ফারিত হইয়াছে ॥৩২॥

তাহার পর গ্রীষ্মাবসানে বায়ুচালিত মেঘ সকল যেমন পর্ব্বতের উপরে জল বর্ষণ করে, সেইরূপ সেই সাত জন রথী শঙ্খের মস্তকের উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৩৩॥

---

(৩৩)···মেঘা ইব নভোজলম্—বা।

ততো ভীষ্মো মহাবাহুর্বিনদ্য জলদো যথা।
তালমাত্রং ধনুর্গৃহ্য শঙ্খমভ্যদ্রবদ্রণে ॥৩৫॥
তমুদ্যন্তমুদীক্ষ্যাথ মহেষ্বাসং মহাবলম্।
সন্ত্রস্তা পাণ্ডবী সেনা বাতবেগহতেব নৌঃ ॥৩৬॥
তত্রার্জ্জুনঃ সংত্বরিতঃ শঙ্খস্যাসীৎ পুরঃসরঃ।
ভীষ্মাদ্রক্ষ্যোঽয়মদ্যেতি তত্র যুদ্ধমবর্ত্তত ॥৩৭॥
হাহাকারো মহানাসীদ্ যোধানাং যুধি যুধ্যতাম্।
তেজস্তেজসি সংপৃক্তমিত্যেবং বিস্ময়ং যযুঃ ॥৩৮॥
অথ শল্যো গদাপাণিরবতীর্য্য মহারথাৎ।
শঙ্খস্য চতুরো বাহানবধীদ্ভরতর্ষভ! ॥৩৯॥

ভাবতকৌমুদী

তত ইতি। তেষাং সপ্তানামেব, আচ্ছিদ্য সম্যক্ ছিত্ত্বা, পৃতনাপতিঃ শঙ্খঃ ॥৩৪॥
তত ইতি। তালমাত্রং তালতরুপ্রমাণং বৃহৎ, গৃহ্য গৃহীত্বা ॥৩৫॥
তমিতি। উদ্যন্তং যুদ্ধায়োদ্যতম্, উদীক্ষ্য দৃষ্ট্বা। নৌস্তরিঃ ॥৩৬॥
তত্রেতি। পুরঃসরঃ অগ্রবর্ত্তী। ইতি মনসি বিভাব্যেতি শেষঃ ॥৩৭॥
হাহেতি। যোধানামুভয়পক্ষীয়াণামেব। সংপৃক্তং সম্মিলিতম্ ॥৩৮॥
অথেতি। চতুরঃ চতুঃসংখ্যকান্, বাহান্ অশ্বান্ ॥৩৯॥

তাহার পর মহাধনুর্দ্ধর শঙ্খ ক্রুদ্ধ হইয়া শিলাশাণিত সাতটা ভল্লদ্বারা তাঁহাদের সাত জনেরই সাতখানা ধনু ছেদন করিয়া গর্জ্জন করিতে লাগিলেন ॥৩৪॥

তৎপরে মহাবাহু ভীষ্ম মেঘের ন্যায় গর্জ্জন করিয়া তালবৃক্ষপ্রমাণ বিশাল ধনু ধারণপূর্ব্বক শঙ্খের প্রতি যুদ্ধে ধাবিত হইলেন ॥৩৫॥

তদনন্তর মহাধনুর্দ্ধর ও মহাবল ভীষ্মকে, যুদ্ধে উদ্যত দেখিয়া পাণ্ডবসেনা বায়ুবেগতাড়িতা নৌকার ন্যায় ভীত হইয়া পড়িল ॥৩৬॥

'আজ ভীষ্ম হইতে শঙ্খকে রক্ষা করিতে হইবে' ইহা মনে করিয়া অর্জ্জুন তখন সত্বর যাইয়া শঙ্খের অগ্রবর্ত্তী হইলেন। সেই সময়ে যুদ্ধারম্ভ হইল ॥৩৭॥

এই সময়ে সমরাঙ্গনে যুধ্যমান যোদ্ধৃগণের অত্যন্ত হাহাকার উপস্থিত হইল এবং 'একটা তেজ অপর তেজে মিলিত হইয়াছে' ভাবিয়া তাহারা বিস্ময়াপন্ন হইল ॥৩৮॥

---

(৩৭) ততোঽর্জ্জুনঃ…ততো যুদ্ধম্—রা নি। (৩৯)…বাহানহনৎ—রা নি।

স হতাশ্বাদ্রথাত্তূর্ণং খড়্গমাদায় বিদ্রুতঃ।
বীভৎসোশ্চ রথং প্রাপ্য পুনঃ শান্তিমবিন্দত ॥৪০॥
ততো ভীষ্মরথাত্তূর্ণমুৎপতন্তি পতত্রিণঃ।
যৈরন্তরীক্ষং ভূমিশ্চ সর্ব্বতঃ সমবস্তৃতা ॥৪১॥
পাঞ্চালানথ মৎস্যাংশ্চ কেকয়াংশ্চ প্রভদ্রকান্।
ভীষ্মঃ প্রহরতাং শ্রেষ্ঠঃ পাতযামাস পত্রিভিঃ ॥৪২॥
উৎসৃজ্য সমরে রাজন্! পাণ্ডবং সব্যসাচিনম্।
অভ্যদ্রবত পাঞ্চাল্যং দ্রুপদং সেনয়া বৃতম্ ॥৪৩॥
প্রিয়সম্বন্ধিনং রাজন্। শরাংশ্চ বিকিরন্ বহূন্।
অগ্নিনেব প্রদগ্ধানি বনানি শিশিরাত্যয়ে ॥৪৪॥
শরদগ্ধান্যদৃশ্যন্ত সৈন্যানি দ্রুপদস্য হ।
অত্যতিষ্ঠদ্রণে ভীষ্মো বিধূম ইব পাবকঃ ॥৪৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

স ইতি। স শল্যঃ। বিদ্রুতো গতঃ সন্। বীভৎসোরর্জ্জুনস্য ॥৪০॥

তত ইতি। উৎপতন্তি উড্ডয়ন্তে স্ম, পতত্রিণো বাণাঃ। সমবস্তৃতা ব্যাপ্তা ॥৪১॥

পাঞ্চালানিতি। প্রহরতাং যোদ্ধৃণাম্। পত্রিভির্বাণৈঃ ॥৪২॥

উদিতি। অভ্যদ্রবত অভ্যধাবৎ। প্রিয়সম্বন্ধিনং দ্রৌপদ্যাঃ পিতৃত্বাৎ। বিকিরন্ নিক্ষিপন্। শিশিরাত্যয়ে শীতাপগমে। অত্যতিষ্ঠৎ অতিশয়েন স্থিতঃ ॥৪৩—৪৫॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর শল্য গদা ধারণ করিয়া রথ হইতে নামিয়া যাইয়া শঙ্খের চারিটা অশ্বকেই বধ করিলেন ॥৩৯॥

তখন শঙ্খ তরবারি ধারণ করিয়া হতাশ্ব রথ হইতে সত্বর যাইয়া অর্জ্জুনের রথে উঠিয়া পুনরায় শান্তি লাভ করিলেন ॥৪০॥

তাহার পর ভীষ্মের রথ হইতে সত্বর সত্বর বাণ সকল উড়িতে লাগিল; যে বাণগুলি যাইয়া আকাশ ও পৃথিবীকে সকল দিকে ব্যাপ্ত করিয়াছিল ॥৪১॥

তদনন্তর যোদ্ধৃশ্রেষ্ঠ ভীষ্ম বাণদ্বারা পাঞ্চাল, মৎস্য, কেকয় ও প্রভদ্রকদেশীয় সৈন্যগণকে নিপাত করিতে লাগিলেন ॥৪২॥

রাজা। তখন তিনি যুদ্ধে পাণ্ডুনন্দন অর্জ্জুনকে পরিত্যাগ করিয়া বহুতর বাণ নিক্ষেপ করিতে থাকিয়া সৈন্যে পরিবেষ্টিত প্রিয়সম্বন্ধী পাঞ্চালরাজ

---

(৪০) স হতাশ্বো রথাৎ…ততঃ শান্তিম্—পি বা। (৪৪) প্রিয়ং সম্বন্ধিনং রাজন্! শরানবকিরন্ বহূন্—রা নি;।

মধ্যন্দিনে যথাদিত্যং তপন্তমিব তেজসা।
ন শেকুঃ পাণ্ডবেয়স্য যোধা ভীষ্মং নিরীক্ষিতুম্ ॥৪৬॥
বীক্ষাঞ্চক্রুঃ সমন্তাত্তে পাণ্ডবা ভয়পীড়িতাঃ।
ত্রাতারং নাভ্যপদ্যন্ত গাবঃ শীতার্দ্দিতা ইব ॥৪৭॥
সা তু যৌধিষ্ঠিরী সেনা গাঙ্গেয়শরপীড়িতা।
সিংহেনেব বিনির্ভিন্না শুক্লা গৌরিব গোপতে! ॥৪৮॥
হতে বিপ্রদ্রুতে সৈন্যে নিরুৎসাহে বিমর্দ্দিতে।
হাহাকারো মহানাসীৎ পাণ্ডুসৈন্যেষু ভারত! ॥৪৯॥
ততো ভীষ্মঃ শান্তনবো নিত্যং মণ্ডলকার্ম্মুকঃ।
মুমোচ বাণান্ দীপ্তাগ্রানহীনাশীবিষানিব ॥৫০॥

ভারতকৌমুদী

মধ্যন্দিন ইতি। ইবশব্দঃ সম্ভাবনায়াম্। পাণ্ডবেয়স্য যুধিষ্ঠিরস্য ॥৪৬॥

বীক্ষামিতি। বীক্ষাঞ্চক্রুর্দ্দদৃশুঃ, সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু। ত্রাতারং রক্ষকম্ ॥৪৭॥

সেতি। বিনির্ভিন্না সংঘাদ্বিশ্লেষিতা, শুক্লেত্যনেন তস্যাঃ সেনায়া অপি শুক্লপরিচ্ছদাদিমত্ত্বং সূচিতম্, একেবশব্দঃ সম্ভাবনয়াম্, হে গোপতে! পৃথিবীপতে! ॥৪৮॥

হত ইতি। বিপ্রদ্রুতে পলায়িতে, সৈন্যে পাণ্ডবসেনায়াম্ ॥৪৯॥

দ্রুপদের দিকে ধাবিত হইলেন। রাজা! ক্রমশঃ বসন্তকালে অগ্নিদগ্ধ বনের ন্যায় দ্রুপদের সৈন্যগণকে ভীষ্মের বাণে দগ্ধ হইতে দেখা গেল। পরে ধূমশূন্য অগ্নির ন্যায় ভীষ্ম সমরাঙ্গনে দৃঢ়ভাবে অবস্থান করিতে লাগিলেন ॥৪৩—৪৫॥

ক্রমশঃ পাণ্ডবসৈন্যেরা মধ্যাহ্নকালীন তেজোদীপ্ত সূর্য্যের ন্যায় ভীষ্মের প্রতি দৃষ্টিপাতও করিতে পারিল না ॥৪৬॥

তৎকালে ভয়পীড়িত সেই পাণ্ডবসৈন্যেরা সকল দিকে দৃষ্টিপাত করিতে লাগিল; কিন্তু শীতার্ত্ত গোগণের ন্যায় কাহাকেও রক্ষক পাইল না ॥৪৭॥

রাজা! সিংহ যেমন শুভ্রবর্ণ গোসমূহকে যূথচ্যুত করে, সেইরূপ ভীষ্মের শর সকল যুধিষ্ঠিরের সেই সৈন্যকে পীড়িত করিয়া সংঘচ্যুত করিল ॥৪৮॥

ভরতনন্দন! অনেক সৈন্য নিহত, পলায়িত, নিরুৎসাহ ও বিমর্দ্দিত হইলে, পাণ্ডবসেনার মধ্যে গুরুতর হাহাকার উত্থিত হইল ॥৪৯॥

তাহার পর শান্তনুনন্দন ভীষ্ম সর্ব্বদা ধনুখানাকে মণ্ডলাকার করিয়া তীক্ষ্ণবিষ সর্পের তুল্য উজ্জ্বলমুখ বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥৫০॥

---

(৪৭)…ত্রাতারং নাধ্যগচ্ছন্ত—রা নি। (৪৮) অয়ং শ্লোকঃ পি নাস্তি। (৪৯) হতবিপ্রদ্রুতে—পি।

শরৈরেকায়নীকুর্ব্বন্ দিশঃ সর্ব্বা যতব্রতঃ।
জঘান পাণ্ডবরথানাদিশ্যাদিশ্য ভারত ! ॥৫১॥
ততঃ সন্যেষু ভগ্নেষু মথিতেষু চ সর্ব্বশঃ।
প্রাপ্তে চাস্তং দিনকরে ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৫২॥
ভীষ্মঞ্চ সমুদীর্য্যন্তং দৃষ্ট্বা পার্থা মহাহবে।
অবহারমকুর্ব্বন্ত সৈন্যানাং ভরতর্ষভ ! ॥৫৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে শঙ্খযুদ্ধে প্রথমদিবসাবহারে ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতকৌমুদী

তত ইতি। মণ্ডলং গোলাকারং কার্ম্মুকং যস্য সঃ। আশীবিষান্ তীক্ষ্ণবিষান্ ॥৫০॥

শরৈরিতি। একায়নীকুর্ব্বন্ একমাত্রপথীকুর্ব্বন্। যতব্রতশ্চিরব্রহ্মচর্য্যব্রতো ভীষ্মঃ। আদিশ্য আদিশ্য 'যমালয়ং যাহি' ইত্যেবমাজ্ঞাপ্যাজ্ঞাপ্য ॥৫১॥

তত ইতি। ভগ্নেষু সংঘবিচ্যুতেষু। কিঞ্চন ন প্রাজ্ঞায়ত অন্ধকারাবরণাৎ ॥৫২॥

ভীষ্মমিতি। সমুদীর্য্যন্তং শত্রুবিনাশাযোত্তস্তম্। অবহারং যুদ্ধবিরামম্ ॥৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ন গ্রন্থাগার
১৫৫

—:*:—

শ্বেত ইতি ॥১—৫০॥ একায়নীকুর্ব্বন্ একমার্গাঃ কুর্ব্বন্ ॥৫১—৫৩॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৪৯॥

—:*:—

ভরতনন্দন ! চিরসংযমী ভীষ্ম সমস্ত দিঙ্মণ্ডলকেই নিজবাণের একমাত্র পথ করিয়া আদেশ দিয়া দিয়া পাণ্ডবপক্ষের রথিগণকে বধ করিতে লাগিলেন ॥৫১॥

তৎপরে সমগ্র পাণ্ডবসৈন্য সংঘচ্যুত ও আলোড়িত হইলে এবং সূর্য্য অস্ত গেলে, অন্ধকার উপস্থিত হওয়ায় কিছুই জানা গেল না ॥৫২॥

ভরতশ্রেষ্ঠ ! তখন পাণ্ডবগণ ভীষ্মকে মহাযুদ্ধে স্বপক্ষবিনাশে সমুদ্যত দেখিয়া আপন সৈন্যদিগকে যুদ্ধ হইতে বিরত করিলেন" ॥৫৩॥

—:*:—

(৫২)…মথিতেষু চ ভারত।—পি।